श्री(गीतात्र नीना साधुती

ডঃ মহানামত্রত ত্রহাচারী

বৃহ্ণাত্র ৮ বি, কলেজ রো কলিকাতা-৭০০০৯ শ্রকাশক: গোরস্থানর পাল বইপত্র—৮ বি; কলেজ রো কলিকাতা-৭০০০১

প্রথম প্রকাশ: মহালয়া, ১০৫২

: প্রাপ্তিয়ান :

শ্রীমহানামব্রত কালচার এবং ওয়েলকেয়ার ট্রাষ্ট ১৪বি, শ্রীগুরুদাস রোড, কলিকাতা-৫৪

মহেশ লাইব্রেরী ২/১ শ্বামাচরণ দে **স্ট্রী**ট, কলিকাতা-'৩

মুদ্রাকর:
আর. রায়
স্থাত প্রি**ন্টিং** ওয়ার্কস্

১, ঝামাপুক্র লেন
কলিকাতা-৭০০০১

বাংলার একান্ত আপন

শ্রীমন্ মহাপ্রভু শ্রীকৃষ্ণ চৈতস্ত

যিনি

বাংলার প্রকিল সমাজে প্রেম-ভালবাসা'র, সাহিত্যে ও ধর্মে ন্বজাগরন এনে ছিলেন তাঁরই প্রশেতবর্ষ জন্ম জয়স্তী

উপলক্ষে ভক্তি-অৰ্য্য

দৃটি কথা

নবদ্বীপের প্রভূপাদ নিমাইচাঁদ গোস্বামিজী নিজে আমাকে ডাকিয়া মহাপ্রভুর একটি লীলাগ্রন্থ লিখিবার আদেশ করিয়াছিলেন। মহাপ্রভুর আবির্ভাবের ৫০০ শত বৎসর স্মরণে তার এই আদেশ।

মহাকবি কর্ণপুর বলিয়াছেন—

िछः তारम् अन अन निर्देशमा नारनाधारमा— देवन्त्रशारमन्वस्य विश्व स्थी जीविष्टः कः मर्थः।

শুণের সাগর লাবণ্যের সার গৌরাঞ্চের লীলাবৈদ্যীর লেশমাত্র বর্ণনা করিতে পারে কোন্ পণ্ডিত ? বস্তুতঃ গৌরকথা বলিবার সামর্থ্য কোন পণ্ডিতেরই নাই। একমাত্র নিতাই চল্রের করুণাতেই গৌরকথার ক্ষুণ্ডি হইতে পারে। যিনি আমাকে গ্রন্থ লিখিতে আদেশ করিয়াছেন, সেই নিমাইটাদ গোস্বামীর ধমনীতে নিতাইচল্রের শোণিত প্রবাহিত। তাই আদেশের সঙ্কে কুপা পাইব এই আশায় আদেশ শিরোধার্য্য করিয়াছি।

গ্রন্থটি রচনায় আমি মহাকবি কর্ণপ্রের সংস্কৃত ভাষায় লিখিত 'শ্রীচৈতন্ত-চরিতামৃত্য্ গ্রন্থের উপর অনেক নির্ভর করিয়াছি। কবি কর্ণপূর গৌরপার্যদ শিবানন্দ সেনের আত্মজ। তাহার দান অতীব নির্ভরযোগ্য। কর্ণপূর মহাপ্রভুর জন্মদিন "রবিবার" বলিয়াছেন, যাহা আর কেহ বলেন নাই। তাঁহার অনেক অভিনব দান আছে।

মহাপ্রভুর আবির্ভাব ১৪০৭ শকের ১৯শে ফান্ধণ রবিবার। তিরোভাব ১৪৫৫ শকের ৩১শে আষাঢ়। লীলাকাল ৪৭ বৎসর ৪ মাস। এই অত্যন্ত্র-কালের মধ্যে মহাপ্রভু যে দান করিয়াছেন তাহা বিশ্বে অতুলনীয়।

শীকৃষ্ণচন্দ্ৰ বৃন্দাবন মথুবা ঘাবকায় লীলা করিয়াছেন। গৌরচন্দ্র নবদ্বীপ,
শান্তিপুর ও নীলাচলে লীলা করিয়াছেন। তুই লীলাই রদের সমৃদ্র। কিন্তু
পতিতোঘারণ লীলায় গৌরচন্দ্রের দান অনন্তসাধারণ। লীলাময় গৌরহরি
পতিতকে উদ্ধার করিয়া কোলে তুলিয়া লইয়াছেন। কেবল তাহাই নহে—
ভাবীকালের সকল পতিতের উদ্ধারের উপায় জগংসমক্ষে প্রকট কয়িয়াছেন।
সে দান তুলনাহীন।

আজ জগতের এমন ত্র্দিন যে, আমরা সকলেই পতিত। ব্যাপকভাবে মানবদমাজই আজ পতিত। কাম ক্রোধ ও লোভের বশবর্তী হইয়া ভগ্নৎ পরাশুখ হইয়াছি। ভবে তৃঃখের দাবদাহনে দক্ষীভূত হইতেছি। এই পতিত মানবসমাজের পরম কল্যাণের পথ বিশ্বজ্ঞগতের সমক্ষেউজ্জ্লভাবে স্থাপন করিয়া দিয়াছেন শ্রীগৌরাঙ্গস্ক্রর। তাহার প্রদশিত প্রেমের পথে, ধর্মের পথে চলিলেই মহাত্র্শাগ্রস্থ জগতের শান্তি।

প্রভূ জগদন্ধস্থন্দর বলিয়াছেন-

"জয় নবদ্বীপ ভারত প্রদীপ—"

ভারতীয় সংস্কৃতি আজ ঘোর অন্ধকারে সমাচ্ছন্ন। তাহা সম্জ্ঞল করিতে হ'লে নবদ্বীপ প্রদীপকেই জালাইতে হইবে। করুণামর শ্রীগোরস্কুন্রের প্রেমপূর্ণ বাণী ও মাধুর্য্যপূর্ণ জীবনী এই তমসাচ্ছন্ন সভ্যতার সম্মুখে উজ্জ্ঞল বর্ত্তিকা। এই উজ্জ্ঞল আলোক আজ সকলে মিলিয়া মাধার তুলিয়া মানবসভ্যতাকে সম্জ্ঞল করিতে হইবে।

আজে ৫০০ বংসরের দ্রত্বে দাডাইয়া বিশ্ববাসী নরনারী আশায় উদ্বৃদ্ধ।
রুপাসিস্কু গৌরস্থনর আমাদের সকলের শিরে করুণাশিস্ ঢালিয়া দিন।
শ্রীকর্ণপূরের ভাষায় তাঁহাকে সকলে নমস্কার জানাই।

ষশ্বাক-শ্রীমধ্রিম পরীনাং পীযুষদেকৈ ভালচামীকরজলমরে: শান্তনিঃশেষতাপৈ:। যক্ত শ্রীমৎপদজলরুহান্মাকরন্দ-প্রবাহৈ: সাক্ষাৎ প্রকালিতমিব জগদ্খদানম্যতাং সঃ। ১/২

যার অকের উজ্জ্ব অর্ণদ্রবসদৃশ মাধুধ্যামৃত-দেকদার। সর্বতাপ নিঃশেবে দূর হয়, বার পাদপদ্ম বিগলিত মধুধারায় দৃশুজগতের জড়ত। প্রকালিত হয়, দেই গৌরাকদেবকে আমি নমস্কার করি।

গৌরগণের পদরজঃ ভিথারী দাস-মহানামত্রত

প্রস্থাবনা

আমাদের সমিতির প্রথম গ্রন্থ ইংরাজীতে "Mahaprabhu's message" প্রকাশের পর দিতীয় গ্রন্থ "শ্রীগোরাঙ্গ লীলামাধুরী" প্রকাশিত হলে।। উভর পৃত্তকের লেখক পরম বৈষ্ণব ডঃ মহানামত্রত ব্রহ্মচারী তাঁর ভাগবতী কথার চঙে অত্যন্ত সহজ সরল করে বডদর্শন, বেদ, বেদান্ত ও গোডীয় বৈষ্ণবদর্শনের নিরীখে শ্রীমন্ মহাপ্রভুর জীবন ও বাণীকে ভক্তিরসে জাডিত করেছেন। শ্রীগোরাঙ্গলীলামাধুয়া লেখক নিজে আস্বাদন করেছেন আকণ্ঠ এবং পাঠকগণকে সেই রসের ভাগু প্রদান করেছেন। তাঁরা পরিতৃপ্ত হলে লেখকের শ্রম এবং আমাদের সমিতির প্রয়াস সার্থক হয়। শ্রীগোরাঙ্গের জন্মভূমিকে কেন্দ্র করে দীর্ঘদিন ধরে তাঁর পঞ্চশত আবির্ভাব উদ্যাপনের যেসব কার্যস্কাটী আমরা পালন করছি সদ্গ্রন্থ প্রকাশ ও প্রানো গ্রন্থের প্নম্ন্ত্রণ তার অঙ্গীভৃত। তাই আমাদের পরবর্তী প্রচেষ্টা শ্রীপ্রোধানন্দ সরম্বতীর "চৈতন্যচন্দ্রামৃত্তম্ব এর ইংরাজী, বাংলা অন্ধ্বাদ সহ মৃদ্রণ।

ভাবের রূপরেখা ভাবুকের লেখনীতে প্রকাশিত হয়। ডঃ মহানামত্রত বন্ধারী একাধারে বক্তা, ভাবুক ও লেখক। তাঁর ভাষাশৈলী ভাবমূচ্ছণায় নব নবায়মানরূপে নৃত্য করে। ইহাই তাঁর স্বাভাবিক রীতি। লেখায় বা বলায় তাঁর ভাষার একটা নটন গতি আছে, স্তরাং সেই নৃত্যের লাম্ম প্রকাশের জন্য তাঁর প্রচেষ্টার প্রয়োজন হয়ন!। এইবে স্কছন্দ সাবলীল ভঙ্গি, এতেই শতোয়ারা হয়ে তিনি 'গৌরপ্রেমরসার্গবে' ডুবেছেন।

এত সংক্ষিপ্তাকারে শ্রীগোরলীলাবর্ণনের আর কোন দ্বিতীয় গ্রন্থ দৃষ্টিগোচর হরনা। 'শ্রীচৈতভাচরিতামৃত'কে আকর গ্রন্থরূপে অবলম্বন করে অভান্ত মহাজন গ্রন্থ উপাদানরূপে ব্যবহার করার এক অভিনব দৃষ্টান্ত প্রদর্শিত হয়েছে।

আমাদের সমিতি রসজ্ঞ লেখক ও ভক্ত প্রকাশকের প্রতি অকুষ্ঠ কৃতঞ্জতা প্রকাশ করতে।

> ইতি—শ্রীনিত্যানন্দ দাসা**হ্**দাস শ্রীনিমা**ইচাঁদ গোস্বামী**

> > শ্রীশিবপদ চট্টোপাধ্যায়

নবন্ধীপ ধাম ১, মাঙ্গল্যময় ক্ষণ ১, ভবিশুছুক্তি ৩, নামকরণ ৩, শিশু নিমাই ৪, চোরের ভ্রান্তি ৫, তৈথিক বিপ্রসঙ্গে লীলা ৬, বালক নিমাই ৭, অগ্রন্থ বিশ্বরূপ ১, পাঠবন্ধ-পাঠারস্ত ১০, বিছার্থী নিমাই ১১, নিমাই পণ্ডিত ১২, শ্রীলক্ষীপ্রিয়া ১৩, দিগ্বিজয়ীর দর্পচূর্ণ ১৪, পূর্ব্ব-বঙ্গ বিজয় ১৫, লক্ষীদেবীর তিরোভাব ১৭, শ্রীবিষ্ণুপ্রিয়ার পাণিগ্রহণ ১৮, গয়া বিজয় ২২, দীক্ষা গ্রহণ ২৩, নবদ্বীপে প্রেমভক্তির উদয় ২৪, ভক্তগোষ্ঠি ২৫, নিত্যানন্দ মিলন ২৬, শচী আইর ম্বপ্ল ২৭, এইরিবাসর কীর্ত্তন ২৮, প্রভুর প্রকাশ ৩০, ভোজন লীলা ৩০, সাত-প্রহরিয়া ভাব ৩০, ধোডশোপচারে পূজা ৩১, শ্রীবাস পণ্ডিত প্রতি ৩১, খোলা-বেচাশ্রীধর প্রতি ৩২, শ্রীমুরারী গুপ্তের প্রতি ৩২, আচার্য্যের প্রতি পুনরায় ৩৩, জগাই-মাধাই উদ্ধার ৩৪, চাঁদ কাজী উদ্ধার ৩৫, গৃহত্যাগের পূর্বাভাস ৩৭, মহাকীর্ত্তন পথের নির্দেশ ৩৮. मয়াদের পরামর্শ ৪০, বিরহে ভাবোচ্ছাদ ৪১, অভিনব প্রবোধ বাক্য ৪৪, সন্ন্যাদের রাত্র ৪৫, নদীয়ায় শোকের পাথার ৪৬, কাটোয়ায় সন্মাস ৪৭, ব্ৰজ্যাত্ৰী-শান্তিপুরে ৪৮, পুরীপথে ৫১, কতদূর জগন্নাথ ৫১. বাছদেব সার্বভৌম ৫৪, ভক্তগনের অমুসন্ধান ৫৫, বাস্থদেব ও গোপীনাথ ৫৬, ভট্টাচাষ্য ও আচার্য্য ৫৬, মহাপণ্ডিত ও মহাপ্রভু ৫৭, বেদের মহাবাক্য ও मिकास १४. मार्वाचीयात्र नवकीयन १२. मिक्न एम डिकाबनीना ७०, वास्टाप्य-উক্তার ৬১, রামানন্দ মিলন, ৬২, বৌদ্ধ মুখে ক্বচ্চকথা ৬২, গীতাপাঠী বিপ্র ৬৪, নারায়ন ও ক্লম্ভ ৬৫, গৌডীয় ভক্তনঙ্গে ৬৮, সচল জগন্নাথ ৭২, কুপে গলার বিজয় ৭৩, জগলাথ দুৰ্শন ৭৪, ব্ৰজ্যাতা ও অদ্ধপ্য হইতে প্ৰত্যাবৰ্তন ৭৪, গৌড়দেশে বাচম্পতি গ্ৰহে ৭৫, কুলিয়াপলায়ন ৭৬, অচ্যত-তাত অহৈত গ্ৰহে গৌরহরি ৭৯, শচীর বন্ধন—শাকের মহিমা ৭৯, মুরারির অষ্ট্রোক ৮০, কুর্চ রোগীর প্রতি রূপা ৮১, মাধবেল্রপুরীর তিথি আরাধনা ৮১, কুমার হট্টে—শ্রী-বাস মন্দিরে ৮২, রাঘব ভবনে ৮৩, বরাহনগরে ভাগবতাচার্ঘ্য ৮৩, বনপথে ব্ৰজগমন ৮৪, কাশীধাম-প্ৰয়াগধাম-মধুপুরা ৮৫, শ্রীরাধাকৃত্ত উদ্ধার ৮৬, প্রয়াগে রূপাত্র্যহ ৮৭, কাশীধামে গৌরহরি ৮৭, সনাতন প্রশ্ন ৮৮, সন্মাসী উদ্ধার ৮৯, भक्रत-ভाञ्चित সমালোচন। २०, बक्ष ७७ २১, ख्रुक्तितारात बक्षताम २२, नीमास्रि প্র ত্যাবর্তন ৯৩, গৌড়বাদীর আগমন ৯৩, অহুগৃহীত কুকুর ৯৪, প্রীরূপের ভাবাস্থ্যপ শ্লোক ১৭, শ্রীরূপের শ্লোকে গৌরতত্ব ১৫, প্রত্যন্ন মিশ্রের কথা ১৬,

বন্ধীয় কবির নাটক ৯৭, রঘুনাথ দাদের প্রতি রুপা ৯৭, শিলা ও মালা ১০০, শ্রীহরিদাস নির্যাণ ১০১, শ্রীহরিদাদের মহোৎসব ১০৪, হরিদাস ঠাকুরের কথা ১০৫, জগদানন্দের মান ১০৬, কালিদাসের প্রতি রুপা ১০৮, রঘুনাথ ভট্টের প্রতি রুপা ১১০, গজপতির প্রতি রুপা ১১০, শ্রীহরিলা ১১২, নিতাই চাঁদের প্রতি আবেদন ১১৩, বাপ পুগুরীক ১১৪, প্রেমনিধির শান্ধি ১১৫, দেবদাসীর গান ১১৫, আদিবশ্রানাদ ভাব ১১৬, দিব্যোন্মাদ (দীর্ঘারুতি ধারনে) ১১৮, দিব্যোন্মাদ ভাব (কুত্মাগ্রাকৃতি ধারনে) ১১৮, দিব্যোন্মাদ ভাব (ক্র্মাণ্ডার্কৃতি ধারনে) ১১৯, দিব্যোন্মাদশা—হা হা রুফা তুমি গেলি কতি ১২১, শিক্ষার্থক আস্থাদন ১১২, গ্রের্ক্সন্বের দার্শনিক দৃষ্টিভঙ্গি ১২৭, সাধ্যতত্ত্ব ১৩২, সাধন তত্ত্ব ১৪৭, মাতৃভক্ত শিরোমণি নিমাইচাদ ১৪৯, আচার্যোর তর্জ্জা ১৫০, শ্রীশ্রীকোর রুক্রের স্ব্রুক্তি করিলা ১৫০।

অবতার বাদ

শ্রীমন্ত্রপবদ্ স্বীতার চতুর্থ অধ্যায়ের প্রারম্ভে শ্রীক্ষণ অর্জুনকে বলিলেন, হে অর্জুন, যে সব তত্ত্ব কথা আমি তোমাকে বলিলাম, পূর্বে আমি এই সমস্ত কথা বিবস্থান বা স্থকে বলিয়াছিলাম। বিবস্থান বলিয়াছিলেন তৎপুত্র মহকে। এই কথাগুলি মহু বলিয়াছিলেন নিজপুত্র রাজ্ষি ইক্ষ্ণাকুকে। এই ভাবে রাজ্ষি পরপ্রায় এই সব কথা চলিয়া আসিতেছিল। কালক্রমে লোকে এইগুলি ভূলিয়া গিয়াছিল। তাই নৃতন করিয়া এই সমস্ত কথা আবার তোমাকে বলিলাম।

অজুন বিশ্বিত হইয়া বলিলেন, হে কৃষ্ণ, তোমার জন্ম হইল মাত্র সেই দিন অর্থাৎ মহু ইক্ষ্বাক্দের অনেক পরে। আর তোমার জন্মের কতকাল পূর্বে বিবস্থান-মহু-ইক্ষ্বাক্দের আবির্তাব। তুমি বিবস্থানকে এত সব তত্ত্ব কথা বলিয়া ছিলে, আমি তাহা কি করিয়া বিশ্বাস করিব গু

উত্তরে শ্রীকৃষ্ণ বলিলেন,—হে অন্ধূন, তোমার ও আমার বছবার এই জগতে আসা হইরাছে। তুমি সব ভূলিয়া গিয়াছ, আমার সব মনে আছে। কেবল যে পূর্বে বছবার আসিয়াছি তাহা নয়, মাঝে মাঝে আসিয়া থাকি। যথন ধর্মের মানি হয়, অধর্মের অভ্যুথান হয় তথন আমি আসি। আমি যুগে যুগে অবতীর্ণ হই। প্রয়োজন হইলেই আসি।

প্রয়োজনটি হইল ধর্মের সংস্থান। ইহারই জন্মে যুগে যুগে কালে কালে শ্রীভগবানের মর্তে অবতরণ। গীতায় ভগবান শ্রীকৃষ্ণের এই উক্তিই হইল অবতারবাদের মূল ভিত্তি।

ভগবানের মাত্মররপে অবতার গ্রহণের কওকগুলি যুক্তিগত অস্থবিধা আছে, আছে কতকগুলি অসামঞ্জা। মাত্মর জনমৃত্যুর অধীন, ভগবান জন্মত্যুর অভীত। মাত্মররপে অবতীর্ণ হইলে ভগবানকেও জনমৃত্যুর অধীন হইতে হয়। যুক্তি তর্কের সাহাযো ইহা বুঝা কঠিন। ইহা ছাডা আরো আপাতঃ অসামঞ্জন্ম আছে। মাত্মযের দেহ পরিণামী। এই দেহে বাল্য কৈশোর যৌবন জরা এই সর্ব পরিবর্তন হয়। ভগবানের দেহ অপরিণামী। ভাছাতে বাল্য কৈশোর যৌবন জরা প্রভৃতি বিকার হইতে পারে না। অবচ মাত্মর হইয়া জাসিলে ভগবানকে এই সব বিকারের অধীন হইতেই হয়। এই যুক্তিতে ভগবান মহন্য দেহ ধারণ করিতে পারেন না। অবতার বাদেরঃ বিহুতে ভগবান মহন্য দেহ ধারণ করিতে পারেন না। অবতার বাদেরঃ বিহুতে ভগবান মহন্য দেহ ধারণ করিতে পারেন না। অবতার বাদেরঃ

এই আপজিগুলির উত্তর ভগবান নিজেই দিয়াছেন। বিলয়াছেন অর্জুনকে কিন্তু লক্ষ্য জগতের সকল মাস্থা। "আমি অজ হইলেও জন্মগ্রহণ করি। আমি অব্যয়, আমি অপরিবর্তনীয়। কিন্তু অপরিণামী থাকিয়াও আমি দেহ ধারণ করি। আমার ষোগমায়া শক্তির প্রভাবে এই সমস্ত কার্য হইয়া থাকে।" যোগমায়া কিরপ, ইহার ব্যবস্থা কিরপ, ইহা বুঝাও বুঝানো অতীব কঠিন। একটি লৌকিক দৃষ্টান্ত ছারা বিষয়টি পরিজ্ঞার করার চেষ্টা করা বাইতেছে।

সকালবেলা সূৰ্য পূৰ্বাকাশে উদিত হয়, সন্ধাবেলা পশ্চিমাকাশে অন্তমিত হয়। ইহা সর্বজনদৃষ্ট, সর্বজনসম্মত সত্য। কিন্তু বিজ্ঞানের গুণে বর্তমানে मकरलं जात (य पूर्वत উদয়ও নাই, অন্ত ও নাই। ইহা मकल मময়ে একই স্থানে আছে। সূর্যের উদায়ান্ত নাই, ইহা পরম সত্য-সকল লোকের জানা সত্য। ভগবান জনামৃত্যুর অতীত, ইহা পরম সত্য। তিনি অজ. অপরিণামী ও অব্যয়—ইহা প্রম স্তা। আবার ভগ্বান নরদেহ ধারণ করিয়া আবিভূতি হন, লীলা করেন ও লীলা সংবরণ করেন ইহাও সতা। ভগবানের চিন্ময় দেহের পরিবর্তন নাই যেমনন স্থর্বের কোন পরিবর্তন নাই। কিন্তু সকাল বেলাকার সূর্যকে আমরা বলি, বালার্ক, প্রভাতসূর্য, তরুণতপন। সূর্য কথনো বালক হয় না, তরুণ হয় না, নবোদিত ও হয় না। সকালে আমর। সূর্যের এই রূপ প্রতক্ষ্য করি। সেইরূপ ভগবান কখনো বালক হন না, তরুণ হন না বা জরাগ্রন্তও হন না। তিনি অব্যশ্বাঝা, সর্বভূতের ঈশ্বর। কিন্তু মাতা যশোদার কোলে যখন থাকেন, তখন তাহাকে বলি, বালগোপাল। ষ্থন ব্রজগোপিনীদের সঙ্গে থাকেন, তথন বলি ন্বকিশোর, ন্বকিশোর নটবর। এই রহ্স হনয়ক্ষম না হইলে ভগবানের লীলা আস্বাদন করা যায় না।

পূৰ্বাভাষ

ঘাপর যুগ। পৃথিবী পাপে ভারাক্রান্তা। কংস, জরাসন্ধ প্রমুখ তুর্ত রাজাদের অত্যাচারে জর্জরিতা। এই পাপ ও অত্যাচার হইতে মুক্তি লাভের উপায় কি ? তাই তিনি গাভীরূপ ধারণ করিয়া ক্রন্দন করিতে করিতে স্প্তিকর্তা ব্রহ্মার কাছে উপস্থিত হইলেন। ব্রহ্মা তাহাকে সঙ্গে লইয়া ক্ষীর সমুদ্রের তারে নারায়ণের নিকট উপস্থিত হন। তাহার সঙ্গে মহাদেষ প্রবং অন্যান্ত দেবতাগণও ছিলেন। তাহারা বৈদিক মন্ত্র উচ্চারণ করিয়া নারায়ণের

ভবকরিতে লাগিলেন। তবে তুই হইয়া ভগবান বাণী দিলেন। বলিলেন,
—আমি মথ্রায় বস্থদেব, দেবকী গৃহে আবিভূতি হইব। অস্ত্র বধ করিব।
ধরণীর পাপ দ্র করিব। ত্রহ্মা এই বাণীর মর্ম স্বাইকে শুনাইয়া দিয়া
কহিলেন, যাহার যাহার লীলা দেখিবার সাধ আছে তাহারা মথ্র। মণ্ডলে
গিয়া জন্মগ্রহণ করুন।

ভগবান নিজের বাক্য পালন করিয়াছিলেন। বহুদেব দেবকীর গৃছে আসিয়াছিলেন কংসের কারাগারের মধ্যে। সত্য সত্যই আসিয়াছিলেন তিনি। কংস, জরাসন্ধ, দল্ভবক্র প্রভৃতি অত্যাচারী রাজাদের বধ করিয়াভিলেন। ধর্মসংস্থাপন করিয়াভিলেন।

আবার তিনি আসিয়াছিলেন নদীয়ায় শ্রীকৃষ্ণচৈতভারপে। জগনাপ মিশ্র ও শচীদেবীর গৃহে, খৃষ্টীয় পঞ্চদশ শতাব্দীতে। তথন সনাতন ধর্মের তুদিন। অভা ধর্মের আঘাতে সনাতন ধর্ম বিপর্যন্ত। শাস্ত্রীয় চুলচেরা বিচারের চাপে মানবধ্ম লাঞ্জিত, ভগবদ্ধকি তুর্বল। নৈতিক অধঃপ্তনে বিপদেক ুর্ সমুশীন হইয়াছিল সমাজ জীবন।

একই ঘটনার পুনরাবৃত্তি। পাপভারাক্রান্তা পৃথিবীর বেদনায় বেদনার্ত হইরা সেইবার প্রার্থনা করিয়াছিলেন ব্রহ্মা, এইবার করিলেন অবৈতাচার্য। অবৈতাচায শ্রীহট্ট নিবাসী একজন শাস্ত্রজ্ঞ পণ্ডিত—নৈষ্ঠিক •ব্রাহ্মন। লোকে তাহাকে বলিত সদাশিবের অবতার। তিনি নবদ্বীপ শান্তিপুরে বাস করিতেন কলিহত জীবের দশা মলিন দেখিয়া তিনি আক্ল হইয়া কাঁদিতেন। তাহার আরাধ্য দেবতা ছিলেন শ্রীকৃষ্ণ। কিন্তু তাহাকে তিনি ডাকিতেন মদন গোপাল বলিয়া। তিনি মদন গোপালের পাদপদ্মে গলাজল তুলসী দিয়া অশ্রু বর্ষণ করিতেন। বলিতেন, প্রভু মদন গোপাল তুমি ধরার বুকে নামিয়া আস। আসিয়া আবার সত্যধ্ম, ভক্তিধ্ম সংস্থাপন কর। তিনি তাহার সঙ্গীদের কাছে খুব দৃঢ় ভাবে বলিতেন,—কয়াইব কৃষ্ণ স্ব নয়ন গোচর

তবে দে অদৈত নাম ক্লফের কিংকর।

তাহার ভাকে সত্য সত্যই গোলকের আসন টলিয়াছিল। একদিন তিনি গশার তীরে বসিয়া মদনগোপাল বলিয়া কাঁদিতে ছিলেন। দেখিলেন, একটি তুলসী পত্র ভাসিয়া বাইতেছে গশায়। স্রোতের বিপরীত দিকে ভাসিয়া চলিতেছে পত্রটি। দেখিয়। তিনি বিশ্বিত হইলেন। গশার তীর ধরিয়। ' তুলসী পত্রের অহুগমন করিতে লাগিলেন তিনি।

নদীয়ার গলার ঘাটে তথন অগণিত নরনারী স্নান করিতেছে। তুলসী

প্রাট ভাসিরা আসিরা আনরতা এক উজ্জলকান্তি রমণীর নার্ভিমৃলে ঠেঁকিয়া স্থির হইয়া রহিল। অবৈতাচার্ব ব্ঝিলেন, মদনগোপাল এই ভাগ্যবতী রমণীরগর্ভেই আসিবেন। পরিচয় নিয়া জানিলেন, ইনি জগরাঁথ মিশ্রের সহধ্মিণী শচীদেবী।

শীহট্রের উপেন্দ্র মিশ্রের পুত্র জগন্নাথ মিশ্র। জন্মস্থান শীহট্ট জেলার ঢাকা-দিকিণ অঞ্চলে। নবদ্বীপে বাস করেন। অগাধ পাণ্ডিত্য হৈতু তাহার উপাধি পুরন্দর। তিনি বিবাহ করিয়াছেন নীলাম্বর চক্রবর্তীর কন্তা শচীদেবীর গর্ভে পর পর আটটি কন্তা জন্ম গ্রহণ করে। তাহারা অকালেই কালগ্রাসে পতিত হয়। শচীদেবীর নবম সন্তান স্থলক্ষণ পুত্র। তাহার নাম রাধা হইয়াছিল বিশ্বরূপ। রূপেগুণে, বিছার, ভক্তি যাজনে বিশ্বরূপ একটা অসাধারণ বালক বলিয়া সকলের দৃষ্টি আকর্ষণ করিত। শৈশবেই সর্ব শাল্পে স্থপণ্ডিত। কৈশোরে পদার্পণ করিয়াই সে সংসার ত্যাগ করিয়া সন্তানী হইয়া যায়।

মহাপ্রভু গৌরাক্সক্রর শচী দেবীর দশম গর্ভের সন্তান। একদিন জিগন্ধাথ মিশ্র স্বপ্রে দেখলেন এক জ্যোতিময় তেজ তাহার শরীরের মধ্যে প্রবেশ করিল। এবং তাহার হৃদয় হইতে বহির্গত হইয়া সেই তেজ শচীদেবীর গভে প্রবেশ করিল।

> জগরাথ মিশ্র কহে, যে স্বপ্ন দেখিল জ্যোতির্ময় ধাম মোর হৃদয়ে পশিল। আমার হৃদয় হৈতে গেলা তোমার হৃদয়ে হেন বুঝি জ্বিবিন কোন মহাশয়ে॥

শচী দেবীও এক অভুত স্বপ্ন দেখিয়াছিলেন। কাছাকেও বলেন নাই। আজ স্বামীকে বলিলেন—শচী কহে, মূঞি দেখো আকাশ উপরে

দিব্য মুজি লোক সব যেন শ্বতি করে॥

উভরে প্রতীক্ষার থাকিলেন কোন উন্নতসন্তা মহাপুরুষের ভভ আবির্জাবের জন্ত। কিছু কোথার সেই মহাপুরুষ ? দশ মাস যার, এগার মাস যার, বারমাস গিয়া এখন তের মাস চলিল। শচী দেবীর জনক নীলাম্বর চক্রবর্তী একজন ভাল জ্যোতিষি। গণনার তিনি সিদ্ধৃহত্ত। তিনি গণিরা কহিলেন, এই মাসেই কোন ভভ লগ্নে শচী দেবীর এক সর্ব স্থলকণ পুত্র জনিবে। এই নবদ্বীপ ধামেই জন্ম হইবে তাহার।

শ্রীগৌরাঙ্গ লীলা মাধুরী



कुछ व्यव्हर्ग

मबद्दीश थाम

"ইয়ং মহী ভাগ্যবতী মহীয়সী দিবোপি দিবাদিপি নির্মালেগু গৈঃ। মহান্তি রক্তানি যদা দধাত্যতো দধো নবদ্বীপমতীব চুল্ল ভ্যা॥ ১।২ কবি কর্ণপুর।

এই বস্থমতী ভাগ্যবতী। দেবতা ও স্বৰ্গ হইতেও গরীয়সী। নানা বন্ধ ধারণ করিয়া ধরণীর যে গোরববৃদ্ধি, তদপেক্ষা অধিক মর্য্যাদা ছব্ল ভ নবৰীপ নগরীকে ক্রোড়ে ধারণ করিয়া।

জারতবর্ষ বৈক্ষের আদিনা। তার পূর্ব সীমান্তস্থ একটি প্রদেশ—নাম বক্দেশ। ভারতজননীর কোলে একটি আদরের কন্তার মত তার অবস্থান। নবদ্বীপ বক্সভূমির একটি শ্রেষ্ঠ নগরী। বাজকীয় রাজধানী নয়। সাংস্কৃতিক রাজধানী বটে। ধনে, এশির্ষ্যে, বিভাবতায় নবদ্বীপ একটি সম্জ্জ্জ্ল ধাম। বাজা-পণ্ডিত প্রধান স্থান। যাগ-যজ্ঞ, ব্রত-পূজা, অর্চ্চনা, হিন্দুর দশকর্মাদির অফ্টোনে নগরটি সর্বাদা জীবস্ত। অগণিত পণ্ডিত ও পড়ুয়ার শাস্ত্রপাঠে, বিচারে, চর্চ্চায়, নবদ্বীপ সর্বাদা কলম্থর। এই স্থবিখ্যাত নগরীতে গোলোক হইতে ভূলোকে অবতরণ করিয়াছে মহাপ্রভু শ্রীশ্রীগোরাক্স্কর। নিথিল বিশ্বজীবের যুগান্তব্যাপী তপস্থার একটি অদৃষ্টপূর্ব্ব ফল। একটি অচিন্তিতপূর্ব্ব মহাসম্পাদ। সকল প্রাণীর প্রাণ মনোহর।

योजनार्यञ्च क्रम

ফান্তন মাস। কাব্যামোদীদের বসস্ত ঋতু। ভাব-বিলাসীদের মধুমাস।
শীতের কম্প নাই, নিদাঘের ঘর্ম নাই, বর্ষার মেঘাডম্বর নাই। প্রতেকটি
দিবারাত্র সর্ব্বদার জন্ম মনোরম, উপভোগ্য। সর্ব্বত্ত একটি তৃপ্তিবিধারক
আবহাওয়া। মানুষের মনপ্রাণের গতি অফ্ছন্দ, সাবলীল, বেন উর্দ্ধমুথী।

তিথিটি ছিল পূর্ণিমা। পূর্ব ফাল্কনী নক্ষত্তের যরে নিশাপতির রাত্তি লাস। ফুলের স্থবাস, জ্যোৎস্নার নিখাস, বনে-উপবনে, লভায় পাতায় চাদিমা যেন বিগলিত। গলার উন্মুক্তবক্ষে প্রবাহিত গন্ধবহের শ্লিম্ম করম্পর্শ। নবদ্বীপের নরনারীর মনেপ্রাণে কে জানে কোন অজানা কারণে উদ্বেলিত হব। অপরাহ্ন বেল। হইতেই স্বরধনীর তট জনকোলাহলে অপূর্ব্ব শ্লীমণ্ডিত। কর্ণপুরের কর্ণ-রসায়ন ভাষায়—

অসার্তৃণাং পতিরগ্রতোহভবৎ
তথৈব পক্ষঃসিত এব সোহভবৎ।
তথা তিথীনাং প্রবরা চ পূর্ণিমা
গুণামুবদ্ধী খনু মক্লোদয়ঃ॥ ৩৪।২

বসন্তঋতু, শুকুপক্ষ, তিথিশ্রেষ্ঠ পূর্ণিমা। সর্কবিধ মকলের উদয়ে মহা-মাক্ষল্যের পরিদীমা। শ্রীরুন্দাবন দাস ঠাকুরের অন্তভবে—

> অনস্ত ব্ৰহ্মাণ্ডে যত আছে হুমঞ্চল সেই পূণিমায় আসি মিলিলা সকল।

ঐ দিন ছিল চন্দ্রগ্রহণ। রাহু চন্দ্রকে গ্রাস করিতে আরম্ভ করিল যেন এই কথা বলিতে বলিতে—হে নিশানাথ তুমি, আর কেন বুথা উদিত হইতেছ—ঐ দেখ অপর এক কলঙ্কহীন চন্দ্রমা পৃথিবীতে উদিত হইতেছেন—

অলং ত্বয়া সংপ্রতি শীতদীধিতিঃ

সমৃদ্পতোহভোক্ত ভুবীতি ভাবয়ন্॥ ২।৪০ কর্ণপুর।

গ্রহণকালে হরিনাম কীর্ত্তন। ইহা হিন্দুর চিরস্তনী রীতি। অগণিত লোক দলে দলে থোল-করতালে হরিনাম কীর্ত্তন করিতে করিতে, শুধু গলাতীর নয়, সায়া নম্মীপ মুখরিত করিয়া তুলিল। কতলোক তথন গলায় অবগাহনরত। কত লোকের দৃষ্টি গ্রহণ দর্শনে উর্দ্ধে নিবদ্ধ। কতলোক কটিময় জলে দাঁড়াইয়া শুব-স্তুতি গাঠে নিবিষ্ট। আর সকল কঠে হরিনামের রোল। "হরিবোল হরিবোল সবে এই শুনি। সকল ব্দ্ধাণ্ডে ব্যাপিলেক হরিধবনি॥" সর্ব্বে একটি মনোহারী দুশা।

এই স্থলর সময়, এই মরজগতের অস্থলর মাটিতে আসিলেন এক অনিল্য-স্থলর অমৃতময় পুরুষবর। জনিলেন গৌরাকস্থলর। দরিত্র রাহ্মণ পণ্ডিত জগরাথ মিশ্রের আদিনায়, পতিব্রতা সতী নিরোমণি শচীদেবীর অঙ্কদেশে। উদ্ধে ধান্নময় আকাশ, নিয়ে কীর্ত্তনমূথর বাতাস, মধ্যে অবভীর্ণ হইলেন রুলাবনের রসরাজ, বিশ্বজগতের রাজাধিরাজ। ধারণ করিলেন একটি বুক-জোডা শিশুর সাজ।

হেনই সময়ে সর্ব্ব জগতজীবন অবতীর্ণ হুইলেন শ্রীশচীনন্দন॥

এলেন তিনি মাসুবের মাঝে, মাসুবের সাজে। রূপের ছটায় জগন্ধাথের গৃহাঙ্গন সমজ্জল। হাসির ছটায় তপ্ত মাসুবের চিত্তে শান্তির হিলোল। আনন্দোলাসময় ভূমিকায় প্রেমঘন পুরুষের অবতরণ। উদ্দেশ্য তপ্ত-জীবের প্রাণে শান্তির অমিয়ধারা বর্ষণ মাধ্যমে চিরত্তি সম্পাদন।

চৌদশত সাত শকাব্দের ফান্তন মাসের তেইশে। ১৪৮৬ এটিবের ফেব্রুরারী মাসের আঠারোই। চক্র ছিলেন সিংহ রাশিতে। সিংহলগ্ন তথন পূর্ব উদয়াচলে উদীয়মান। ক্ষণটি পরম শুভদ। বারটি শুক্রবার। কেহ বা শনিবারও বলেন।

ভবিষ্য ছব্তি

শ্চীদেবীর পিত্দেব নীলাম্বর চক্রবর্তী থাতনামা জোতিষী। পৌত্রের জনকালের গ্রহাদির অবস্থান পর্যালোচনা করিলেন। রূপ ও লক্ষণ দেখিয়া, নিশ্মাবিষ্ট চক্রবর্তী বলিলেন—এই জাতক সর্বান্তণের নিধান হইবে। রহস্পতি অপেক্ষা বিভাবান হইবে। গৌড়দেশে ব্রাহ্মণরাজা হইবে এইরূপ কিংবদন্তী আছে। মনে হয় এই শিশুই সেই হবে।

বিপ্রবাজা গোড়ে হইবেক্ হেন আছে। বিপ্র বোলে সেই বা জানিব তাহা পাছে॥

এই শিশু হবে অসাধারণ শক্তিসপেন। বিশ্বের নর-নারীকে করিবেন শান্তিদানে তুই, গুজানন্দদানে পুই, আত্মিন আহার্য্যদানে করিবেন স্থন্দর। ভাই মতামহ শিশুর নামকরণ করিবেন বিশ্বস্তর।

> হেন কোটা গণিলাম আমি ভাগ্যবান। শ্রীবিশন্তর নাম হইব ইহান॥ ইহানে বলিবে লোক নবদ্বীপচন্দ্র। এ বালক জানিহ কেবল পরানদা॥

নামকরণ

বিশ্বস্তর নাম রাখিলেন মাতামহ। দেহের বর্ণ অত্যুক্তর স্বর্ণের মত জেথিয়া পাড়াপড়শীরা ডাকিল গৌর। গৌরাকস্থনর। গৌরের সংক্ষেপ হইল গোরা। গোরা জন্মিবার পূর্বে শচীমা আটটি কস্তা হারাইরাছেন।
এটিও মৃত্যু দেবতা না লইরা ধান এইজন্ম মা ডাব্ধিতেন নিমাই। ধমরাজার
কাছে শিশুকে নিমের মন্ত তিতো করার উদ্দেশ্যে। কেহ বলেন, নিমগাছের
তলায় কম—ভাই নিমাই। চন্ধিশ বছরে গৃহত্যাগের পর গুরু কেশবভারতী
প্রমন্ত নাম শ্রীকৃষ্ণচৈতন্ত।

যত জগতেরে তুমি "কৃষ্ণ" বোলাইয়া।
ধরাইবা "চৈতন্ত" কীর্দ্তন প্রকাশিয়া॥
এঁত্তেক ভোমারি নাম শ্রীকৃষ্ণচৈতন্ত।
দর্মলোকে তোমা হ'তে যাতে হৈল ধন্ত॥

निए नियारे

শিশু স্বজাবে নিমাই কাঁদে। কেছ হাততালি দিয়া "হরিবোল হরিবোল" বিলিলে কান্না থামে। শিশু হুদদ্ভ হইয়া উঠিল। তাকে শাস্ত রাথিবার উপায় ছিল ঐ একটি। "হরিবোল হরিবোল" ধ্বনি। এই হেতু শচীর প্রাকণ স্কাল হরিবোল ধ্বনিতে মুখরিত রহিত।

যথন জামুগতিতে হামাগুড়ি দিত, কটিতে কিন্ধিনী বাজিত। কি যে মনোহর ভিন্নিমায় আন্দিনা ভরিয়া শিশু ছুটাছুটি করিত। আগুন, সাপ যা দেখিত তাই ধরিত। একদিন এক সাপ ধরিয়া ফেলিল। সাপও কুণ্ডলী পাকাইয়া শিশুকে বেডিয়া ধরিল। শিশু সাপ লইয়া শুইয়া পডিল। সাপের উপর শুইয়া হাসিতে লাগিলে। সকলে হায় হায় করিতে লাগিল। কেহ গরুড় গরুড় উচ্চারণ করিল। কেহ কাঁদিয়া ফেলিল। সাপ তথন শিশুকে ছাড়িয়া বনের দিকে চলিয়া গেল। সকলে নিমাইকে কোলে তুলিয়া-"বাবা দীর্ঘজীবী হও" বলিয়া প্রাণভরা আশীর্কাদ করিল।

যথন শিশু নিমাই অঙ্গনে বেডায়, তথন খ্রী-অঙ্গ হইতে রূপ যেন ফাটিয়া প্তে।

> জিনিঞা রবিকর অব্ধ্ন মনোহর নয়নে হেরই না পারি। আয়ত লোচন ঈ্বং বৃদ্ধিম উপমা নাহিক বিচারি॥

্ শ্রীম্থের শোভা দেখিতে চাঁদেরও সাধ লাগে। স্থবলিত মন্তকে চাঁচর

কেশ বেন যশোদা জ্বলাল বালসোপালের বেশ। আছল্মী বাছ, চন্দনে উজ্জাল বক্ষ পরিসর, করাজুলি, পদাজুলি কী মনোহর। যথন নাটিলা যায়, মনে হয় বেন অক হ'তে রক্ত ফাটিয়া পড়িতেছে। দেখিয়া জননীর মনে আসে লাগে। "রক্ত পড়ে হেন দেখি মায়ে আসে পার ॥"

শচী-জগন্ধাথ নির্জ্জনে বসিয়া কানাকানি করে। কোন মহাপুরুষ আসিয়া আমাদের ঘর আলো করিল। এমন রূপবস্ত, গুণবস্তু সন্তান। মনে হয় সংসারের ছঃথ অশান্তির এবার অন্ত ছইবে। মানব সমাজ শান্ত হইবে। সকলে পাবে পরা-শান্তি এই শিশু হইতে।

হাটিতে শিক্ষা হয়েছে নিমাইয়ের, একেশর খবের বাহিরে চলিয়া যায়। কি সকালে কি বিকালে। কি সন্ধ্যায়, কি রাজিতে—কেবলি বাহিরে চলিয়া যায় নিমাই। থেলার সাধীদের ঘরে চোকে, কেতিক করিয়া দ্রব্যাদি চুরি করে। কারো তুধ খায়, কারো ভাত খায়। কারো হাড়ি ভালে। কারে শিশুকে চিমটি কাটিয়া কাল্পায়। যদি ধরা পড়ে, পায়ে ধরিয়া বলে—"এবার ছাড়ো, আর আসিব না।"

চোরের জান্তি

শিশুর গায়ে কত স্থবর্ণের অলকার। লোভে পড়িয়া, ছুই চোর পরামর্শ করিল। যথন কেহ কাছে নাই, তথন শিশুকে লইয়া লরিয়া পড়িল। নিকাই সকলের নয়নের তারা। মূহুর্জে তাকে না পাইয়া পাড়াশুল লোক ছ্লিলাঞ্জ। ব্যন্ত অন্ত হইয়া চারিদিকে ছুটাছুটি, থোঁজাখুলি, নিমাই, নিমাই বলিয়া উচিচঃম্বরে ডাকাডাকি।

শিশুকে কাঁধে লইয়া চোর ছুটিয়াছে। কিন্তু নিজের বাজির শথ চোর আর খুঁজিয়া পায় না। শেষে চোরেরা নিজের ঘর মনে করিয়া শচীর অজনে আসিয়া শিশুকে কাঁধ হইতে নামাইল। চারিদিক তাকাইয়া চোরেরা নিজ ভূল ব্ঝিল। জ্রুত সরিয়ৢ৾ পড়িল। নিমাই ছুটিয়া বাবার কোলে উঠিল। হারানোরতন পাইয়া সকলে মহানন্দে হরিধানি করিল।

বাবা বলিলেন, "বিশ্বন্তর ঘর হইতে আমার পুঁথিখানা আন।" শিশু
নিমাই ছুটিয়া গিয়া পুশুক আনিল। মিশু পুরক্ষর তথন কংশু কংশু শুশু মুশু
নূপুরের ধানি শুনিলেন। শিশুর পায়ে তো নৃপুর নাই। কোণায় নৃশারের
বাত হইল! বাহাণ-বাহাণী পরস্পার চাওয়া-চায়ি করিতে লাগিলেন। জগরাথ

বলিলেন—"ঘরে যে শালগ্রাম রূপী দামোদর আছন তাঁরই এই কাও। তিনিই ঘরের মধ্যে থেলা করেন। আজ তাকে পঞ্চগব্য ছারা দ্বান করাইয়া ভোগঃ দাও ভাল করিয়া।

মিশ্র বোলে শুন বিশ্বরূপের জননী
দ্বত পরমান্ন গিয়া রাধহ' আপনি ॥
দরে বে আছেন দামোদর শালগ্রাম।
পঞ্চাব্যে সকালে করাব তারে স্নান ॥
ব্রিলাম তিঁহো ঘরে ব্লেন আপনি।
অতএব শুনিলাম নৃপুরের ধ্বনি ॥

তৈথিক বিপ্রসঙ্গে লীলা

জগলাথ মিশ্রগৃহে একজন অতিথি আসিরাছেন। অতিথি তীর্থ পর্যাটক বাহ্মণ। তিনি নিত্য স্থপাকে নিজ ইটু বালগোপালকে ভোগ লাগাইয়া প্রসাদ গ্রহণ করেন। রাল্লা করিয়া তিনি ভোগ দিয়াছেন। অমনি দেখা গেল কোথা হইতে নিমাই আসিরা থালা হইতে মৃঠি মৃঠি থাইতে আরম্ভ করিয়াছে। বাহ্মণের আহার নট্ট হইল। মিশ্র মহাশিরের অন্তন্যে বাহ্মণ আবার রাল্লা করিলেন। নিমাইকে কোলে লইয়া জননী অন্তবাডী চলিয়া গেলেন। কিন্দু হার! বেই মাত্র ভোগ দিয়াছেন অমনি পূর্ববিৎ নিমাই থালা হইতে তুলিয়া থাইতেছেন। সকলের বিশেষ অন্তরোধে বাহ্মণ তৃতীয়বার পাক করিলেন। তথন রাত্রি অনেক। নিমাই সহ সকলে নিদ্রিত।

বাহ্মণ চক্ষ্ কৃষ্ণিয়া গোপালকে নিবেদন করিতে বসিলেন। অমনি সম্মুখে নিমাইচাঁদ উপস্থিত। বাহ্মণকে বলিলেন

মোর মস্ত জপি মোরে করহ আহ্বান।
রহিতে না পারি আমি, আসি তোমা স্থান॥
রাহ্মণ চক্ষ্ শ্লীরা দেখিলোন—নিমাই চতুজ্জ।
এক হস্তে নবনীত আর হস্তে খায়।
আরু তুই হস্তে প্রভু মুরলী বাজায়॥

ৰাক্ষণ নিজ আরাধ্য ধন চিনিলেন। গৌরস্থন্দর তাহাকে নিষেধ করিলেন —এদব কথা কাহাকেও জানাইতে।

"এ সব আখ্যান একে কামো না কহিবা॥"

বালক লিমাই

শুভদিনে শুভক্ষণে নিমাইর হাতে খডি হইল। হাতেখডির দিনই বর্ণমালা শিখিয়া ফেলিল।

> কি মাধুরী করি প্রভুক থ গ ঘ বোলে। তাহা শুনিতেই মাত্র সর্বন্দীব ভোলে॥

ত্ই তিন দিনে বানান ফলা শিখিলেন। তারপর নাম লেখা। কলরি পাতার উপর নাম লিখেন—নিরস্তর ক্লফের নাম-মালা লিখেন।

> রাম, কৃষ্ণ, মুরারি, মুকুন্দ, বনমালী। অহনিশি লিখেন পড়েন কুতুহলী।

বেলাধূলাও বাড়িল। অভুত অভুত থেলা করিতে আরম্ভ করিলেন।
যখন যা বায়না ধরিবেন না দিয়া উপায় নাই। আকাশের চাঁদ চাই।
মিটি মিটি তারাগুলা চাই উড়িয়া যাওয়া পাখীটা চাই। যা চাই, না
পাইলেই কালা আরম্ভ। কেবল হরিবোল হরিবোল বলিলেই কালা থামে।

একদিন বালক নিমাই এক অন্তুত বায়না ধরিল। আবদ একাদনী।
জগদীশ পণ্ডিত ও হিরণ্য ভাগবতের বাডীতে ক্লফের জন্ম যে নৈবেছ
তৈয়ারী হইয়াছে, তাহা আনিয়া দেও। তাহা খাইব। আব্দার শুনিয়া
সকলে অবাক।

আজ যে একাদশী তিথি তা বালক কি করিয়া জানিল। ঐ তই পণ্ডিতের নামই বা কি করিয়া জানিতে পারিল। পণ্ডিতছয়ও ঐ কথা ভনিয়া বিস্মায়িত। ভাঁহারা ভহাদের গৃহ হইতে প্রস্তুত করা নৈবেল আনিয়া দিলেন। বালক নিমাই তাহা সাদরে গ্রহণ করিল।

"তুই বিপ্র বোলে "বাপ! খাও উপহার। সকল রুফের সাৎ হুঁইল আমার॥"

গৌরস্থন্দর গঞ্চায় স্থান করেন। শিশুদের সক্ষে জ্বল ফেলাফেলি করেন। দাঁতার কাটিতে দকলের গায়ে তার পায়ের জ্বল ছিটিয়া যায়। কারো গায়ে মুখের ক্লক্চি দিয়া দেয়। বয়স্ক ব্রাহ্মণগণ গিয়া জগন্নাথ মিশ্রের কাছে অভিযোগ করে।

কেহ বলে, "তোমার ছেলের জন্যে গলায় স্থান করিতে পারিনা।" কেহ বলে, "গায়ে জল দিয়া আমার ধ্যান ভালিয়া দেয়।" বলে, কারে ধ্যান কর। কলিযুগে আমিই নারায়ণ।" কেহ বলে, "উত্তরীয় লইয়া যায়।" কেহ বলে, "আমি জলে নামিয়া সন্ধ্যাকরি, জোমার ছেলে পায়ে ধরিয়া টানিয়া নেয়।" কেছ বলে, "আমার ফুলের দাজি লইয়া বায়—পরার ধৃতি লইয়া বার—গীতা পুথি ফেলিয়া দেয়।" ত্রাহ্মণদের কথা শুনিয়া মিশ্রবর জাহাদিশকে সাশ্বনা দিয়া গৃহে ফিরাইয়া দেন—ভাবেন, ছেলেকে যথোচিত শাদন করিবেন।

বালিকারা আদিয়া শচীদেবীর কাছে অভিযোগ করে। আমরা সকলে আন করিতে বিসি—মাঝখানে গিয়া বিদিয়া পড়ে। আমাদের সক্ষে পূজার সক্ষা থাকে। নিমাই বলে "আমাকে পূজা কর—গলা ফুর্গা সব আমার দাসী। শিব আমার ভূত্য। আমাকে পূজা করিলে বর দেব। ধন-ধান্তবান স্বামী হবে। সাতপুত্রের মা হবে। যে আমাকে পূজা করবে না সে বুড়া আমী পাবে। চার সতীনের ঘর হবে। এই সব কথা বলতে বলতে নিকেই দেবতা পূজার চন্দন, মালা পরতে থাকে। নৈবেল্প কাড়িয়া খাইতে আরম্ভ করে।

শচীমাতা বালিকাদের বলেন—আমি আজ নিমাইকে বাধিয়া শাসন কারিব। বাতে ঐ রূপ উপত্রব আর না করে। তাহারা তথন চলিয়া বায়।

এমন সময় বিশপ্তর পাঠশালা হইতে গৃহে ফিরেন। হাতে মোহন পুঁখি, গায়ে লিখন কালির বিন্দু। নিমাই মাকে ডাকিয়া বলে, মাতেল দাও, শান করিতে যাব। জননী তাকাইয়া দেখেন নিমাইর গায়ে কোন শানের লক্ষ্ণ নাই। মিশ্র ঘরে আসিয়া নিমাইর দিকে তাকাইয়া দেখেন—

> "মিশ্র দেখে সর্ব্ধ অক ধুলায় ব্যাপিত। স্নান চিহ্ন না দেখিয়া হইল বিশ্বিত॥"

গৌরস্থলর তেল মাথিতে মাথিতে স্থান করিতে গলায় গেলেন।
জগরাথ ও শচীদেবী ভাবিতে লাগিলেন—

"যে যে কহিলেন কথা সেহো মিথ্যা নছে।
তবে কেন স্থান চিছ কিছু নাহি দেছে।
সেইমত অদে ধূলা, সেই মত বেশ।
সেই পুঁথি, সেই বস্ত্র সেই মত কেশ।
এ বৃন্ধি মন্থ্য নহে—জীবিশ্বস্তর।
মায়া দ্বপে কৃষ্ণ বা জন্মিলা মোর ঘর।"

অঞ্জ বিশ্বরূপ

শী গৌরস্থলর শিশুরূপে কত ক্রীড়া করেন। পিক্রামাতা কাহাকেও ভয় করেন না। কেবল অগ্রন্ধ বিশ্বরূপকে দেখিলে নিমাই চাঁদ অভিনয়্ভাব অবলম্বন করেন। বিশ্বরূপ আজন্ম বিরক্ত, বিষয়ে অনাসক্ত। সকল শাস্ত্রে বিষ্ণু ভক্তি ব্যাথা করেন। তার ব্যাথ্যা খণ্ডন করিতে কাহারও শক্তি নাই। তোট ভাইয়ের ভাব লক্ষণ দেখিয়া মনে মনে ভাবেন—

> "এ বালক কভো নছে প্রকৃত ছাওয়াল। রূপে আচরণে যেন শ্রী বালগোপাল॥"

বিশ্বরূপে মনের কথা কাহাকেও ব্যক্ত করেন না। জীব কৃষ্ণভক্তিহীন পদেখিয়া বিশ্বরূপ একাকী ক্রন্দন করেন। আর অবৈতাচার্য্যের বাড়ী পিয়া তার সজে মিলিত হইয়া জীবের ছঃখে কাঁদেন। বিশ্বরূপ উষাকাল হইতে মধ্যাক পর্যান্ত অবৈতের সভায় কৃষ্ণকথা রসে ভূবিয়া প্রাকেন।

শচীমা রন্ধন শেষ করিয়া নিমাইকে বলেন—দাদাকে ভাকিয়া আন। নিমাই আদে অবৈতের হরি দভায়। মোহন রূপ দেখিয়া সকলে সমাধিস্থ প্রায় হইয়া যান। নিমাই অগ্রন্থকে ভাকিয়া গৃহে সইয়া মান—বলেন—

"ভোজনে আইস ভাই! ডাকয়ে জননী।"

অগ্রজ বসন ধরি চলয়ে আপনি॥

ংগারা চাঁদের রূপ মাধুরী দেখিয়া ভট্টগণ সব্দে অবৈতাচার্য্য মনে মনে চিন্তা করেন—"প্রকৃত মাসুষ কভু এ বালক নয়।"

বিশ্বরূপের বয়স ষোল বৎসর। পিতামাতা বিবাহের উভোগ করিতে লাগিলেন। অবস্থা বিবেচনা করিয়া বিশ্বরূপ সংসার ত্যাগ করিবার সহর করিকেন। একদিন কাহাকেও না বলিয়া সংসার ত্যাগ করিয়া চলিয়া পোলেন।

> "ঈশ্বরের চিত্তবৃত্তি ঈশ্বর সে জানে। বিশ্বরূপ সন্মাস করিলা কথোদিনে॥"

বৈষ্ণবাগ্রগণ্য বিশ্বরূপ শ্রী শঙ্করারণ্য নাম গ্রহণ করিয়া অনস্তের পথে
কিলিয়া গেলেন। পিতামাতা নিদারুশ বেদনাহত হইয়া অনেক আর্জনাদ
করিলেন। বন্ধু-বান্ধব সজ্জনগণ প্রবোধ দিয়া বলিলেন—

"গোটীরে পুরুষ যার করয়ে সয়্যাস। জিকোটি কুলের হয় জী বৈকুঠে বাস॥ অগ্রব্দের বিরহ ব্যথায় গোরাচাঁদও কাতর হইলেন। তাঁহার বাল-চাপল্য তদবধি কমিয়া গেল। সর্ব্বদাই পিতামাতার কাছে থাকেন। বাতে তাঁরা দাদার বিয়োগ হঃখ ভূলিতে পারেন।

> "নিরবধি থাকে পিতা-মাতার সমীপে। হুঃখ পাসরয়ে যেন জননী জনকে॥"

পাঠবন্ধ-পাঠারছ

নিমাইয়ের মেধা ও স্থতীক্ষ বিচার শক্তি দেখিয়া সকলে প্রশংসা করেন। জননী শুনিয়া হর্ষায়িত হন। কিন্তু জগলাথ মিশ্র বিমর্থ হন। তিনি ভাবেন সর্বাশাস্ত্রে পণ্ডিত হইয়া বিশ্বরূপ ব্ঝিল—"সংসার সত্য নহে।" তাই সে অনিত্য সংসার ছাড়িয়া গেল। নিমাইয়েরও এই রূপ হইবে। স্ক্তরাং পড়াশুনা করাইয়া কোন লাভ নাই। মূর্থ হউক, তবু গৃহে থাক্ক। শচীদেবীকেও ইহা বুঝাইয়া দিয়া মিশ্রবর্র নিমাইকে কহিলেন—

মিশ্র বোলে, 'শুন বাপা! আমারি উত্তর॥ আজি হৈতে আর পাঠ নাহিক তোমার।'

জনকের বাক্যে নিমাই পডাশুনা বন্ধ করিয়া দিলেন।

একদিন গৌরস্থন্দর ত্যক্ত উচ্ছিষ্ট ইাড়ির ওপর গিয়া বসিলেন। মা বলিলেন, এত বড ছেলে হয়েছ—ও স্থান যে অপবিত্ত ; ওখানে বসিলে স্থান করিতে হয়—এটুকুও বুঝানা? মায়ের কথায় গৌরহরি উত্তর করিলেন—

> "তোরা মোরে না দিস্ পডিতে। ভদ্রাভন্র মুর্থ বিপ্র জানিব কেমতে ?"

মা বলিলেন—তুই স্থান করে ঘরে আয়। তোর বাবা যদি আসিয়া দেখে তবে অন্থ হবে। নিমাই বলিলেন পড়িতে না দিলে, এখান হইতে ন্ডিব না।

"প্রভূ বোলে, যদি মোরে না দেহ পড়িতে। তবে মৃঞি নাহি যাঙ কহিলুঁ তোমাতে॥"

শচীদেবী স্বামীকে বলিলেন—পুত্রকে পড়িতে দেও না, সে জন্ম তার মনে নিদারণ ব্যথা। অন্যান্ম বন্ধু-বান্ধবেরাও বলিলেন—নিমায়ের পড়া বন্ধ করা ঠিক নয়। মিশ্রবর বিশ্বস্তরকে আবার পড়িতে, স্মাদেশ দিলেন।

তারপর মিশ্র পুরন্দর যথাশক্তি সমারোহ কৃরিয়া পুত্তকে যজ্ঞোপ্রীত.

দিলেন ৷ যজ্জস্ত্র ধারণে বে শোডাটি হইল, তাহা বৃদ্ধাবন দ্বাস ঠাকুর ধ্যান-নেজে দেখিয়া বলিয়াছেন—

> "শোভিল শ্রীঅকে যজ্ঞস্ত্র মনোহর। সুল্লরূপে 'শেষ' বা বেটিলা কলেবর॥"

অপূর্ব্য ব্রহ্মণ্য-তেজ সর্ব্য অকে ফুটিয়া উঠিলঃ পুত্রের অক্টিশাভা দেখিয়া পিতামাতা আনন্দে অধীর হইলেন।

একদিন গৌরহরি জননীকে নিকটে ডাকিয়া বলিলেন—মা একটি কথা আমার তোমাকে শুনিতেই হইবে।

মা বলিলেন, "বাপ যা বলিবি নিশ্চয় শুনিব।" গোরাচাঁদ কহিলেন—"মা, একাদশী দিনে ভোজন করিবে না। জননী বলিলেন—নিশ্চয়ই করিব না।

> "কদাপি মাত ইরিবাসরে ত্বা ন কার্যমেবাদনমিত্যসে পুনঃ। জগদ পশ্চাত্তমূজোদিতং শচী সমাদদে নিভ রিভাগ্যভৃষিতা॥ কর্ণপুর-২।১১০

প্রভু কহিলেন, "মাতঃ আপনি কদাচ হরিবাসরে ভোজন করিবেন না।" ভাগাবতী শচীও পুত্রের কথিত বিষয় স্বীকার করিলেন।

विष्रार्थी निमारे

পিতার আদেশে গৌরহরি গঙ্গাদাস পণ্ডিতের টোলে ভর্ত্তি হইলেন। মিশ্র পণ্ডিতকে বলিলেন—"পুত্র আমি দিছু তোমা স্থানে, পঢ়াইবা শুনাইবা সকল আপনে।" গঙ্গাদাস বলিলেন—"পঢ়াইমু যত শক্তি আছয়ে আমায়।"

তৃইটি বছরের মধ্যে গৌরাঙ্গস্থাকরণ ও অলঙ্কার শাস্ত্রে স্বপণ্ডিত হইলেন। বালকের ধী-শক্তি দেখিয়া সকলে বিশায়াবিষ্ট। "দেখিয়া অভুত বৃদ্ধি গুরু হর্ষিত।"

এই সময় মিশ্রপুরন্দর জগলাথ অর্গারোহণ করেন। গৌরহরির বয়স তথন
দশ বছর। পিতৃশোকে নিমাইটাদ বিভার কাঁদিলেন। পুত্রশোকে-পতিশোকে
বিহ্বলা জননীকে গৌরহরি অনেক অনেক সাভ্যনা বাক্য কহিলেন। বলিলেন,
"মাতঃ, সংসারে সকলই নশ্বর। কাহারও জন্ম শোকাকিভূত হইতে নাই।"
জননীর গলা জড়াইয়া ধরিয়া নিমাইটাদ এই সকল কথা কহিলেন। ভানিয়াঃ
তিনি অনেকটা আশভ ইইলেন।

নিমাই আবার পাঠে মন দিলেন। পিতার অনেক স্থাতি-ও স্থারের প্রস্থাতিল। সেগুলি নিমাই নিজে নিজেই পাঠ করিয়া গভীর ভাবে আয়েছ করিয়া প্রেলিলেন। অত্যল্প কাল মধ্যেই গোরাচাদ ব্যাকরণে, অলহারে, স্থাতিও স্থায়শালে অগাধ ব্যুৎপত্তি লাভকরিলেন।

অত্য**রকাল মধ্যে সমস্ত বিভা**য় পারদশিতা লাভ করিলেন। ইহাতে বোধ হইল—সাগর অভিমুখী নদীর ভায় সমৃদয় বিভা বেন অভ্নংক হইরা তাঁহাতে স্বয়ং গিয়া প্রবেশ করিলেন—

গুরোগুঁহে সম্বলতা মহাধিয়া সমস্থবিখ্যাঃ সক্তার্থতাঃ কৃতাঃ। ক্ষণেন তত্মিন্ বিবিশুক্ষ তাঃ স্বয়ং প্রোনিধৌ নতা ইবোৎস্কা ভূণম্॥ কর্ণপুর ২০১১৬

নিমাই পণ্ডিত

ষোড়শ বংসর বয়:ক্রম কালে বিদ্যার্থী নিমাই, "পণ্ডিত নিমাই নামে সারা দেশময় বিধ্যাত হইয়া গেল। পণ্ডিতদের শান্তের কঠিন বিষয় লইয়া তর্ক-বিতর্ক করা, খণ্ডন-মণ্ডন করা ইহাই ছিল নিমাই পণ্ডিতের যেন শ্বভাবগত ধর্ম। পথে, ঘাটে, গঙ্গার তটে পণ্ডিত কাহাকেও দেখিতে পাইলেই হইল। "এস শান্ত্র বিচার কর" বলিয়া তাহাকে লইয়া বসিতেন। কৃটপ্রশ্ন ভূলিয়া সকলকে পরাস্ত করিয়া ফেলিতেন। তথন নবদ্বীপের পণ্ডিতগণ, সভ্য সজ্জনগণ নিমাই পণ্ডিতকে দেখিলেই ভয় পাইত। ঐ নিমাই আসিতেছে দেখিলেই তাহারা অলি-গলির মধেন্ত্রিয়া পণ্ডিত।

যাহারে যে জিজ্ঞাদেন শ্রীগোরস্থার।
হেন নাই পঢ়ুয়। যে দিবেক উত্তর ॥
আপনি করেন তবে স্ফের স্থাপন।
শেষে আপনার ব্যাখ্যা করেন থণ্ডন ॥
কিবা স্থানে, কি ভোজনে, কিবা প্র্যাইনে।
নাহিক প্রভুর আর চেঙা শাস্ত্র বিনে॥

মহাভাগ্যবান মুকুদ্দ-সঞ্জয়ের গৃহে চণ্ডীমগুপে গৌরছরি টোল খুলিলেন।
চারিদিক হইতে অগণিত চাত্র ছুটিয়া আসিতে লাগিল। পরম আদর-যত্রে

শান্ত্রের গৃঢ়ার্থ উদযাটন করিরা নিমাই পণ্ডিত ছাত্রগণকে বিভারদে ডুবাইয়া দিতেন।

ত্রীলক্ষী প্রিয়া

শী গৌরস্কর শাস্ত চর্চা করিয়া ফিরিতেছেন। পথিমধ্যে অনির্বাচনীয়া বর্ণলতার মত লক্ষীপ্রিয়ার সঙ্গে তার দৃষ্টি বিনিময় হইল। এই হেমলতা বল্পভাবিরে কন্তা। বাং লক্ষী। বনমালী আচার্ব্যের মধ্যস্থতার শচীমাতার ইচ্ছার শুভ বিবাহ সংঘটিত হইল। নব-দশ্পতি দর্শন করিয়া লোকে অপুর্বাজ্ব মন্তব্য করিতে লাগিল—

কেছ বলে "ইন্দ্র শচী, রতি বা মদন।" কোন নারী বোলে "এই লক্ষী-নারায়ণ ॥"

নববধৃ গৃহে আসিতেই গৃহ পদ্ম গন্ধে ভরিয়া গেল। শচী জননী একটু: চিস্তা করিয়া বুঝিলেন—

> আই কহে বুঝিলাম কারণ ইহার এই কলায় অধিষ্ঠান আছে কমলার।

কেবল শচীদেবীর গৃহই যে আনন্দময় হইল তাহা নহে। সমস্ত নবদীপ-ভূমিই প্রম স্থাময় হইয়া উঠিল। কবি কর্ণপুরের ভাষায়—

> গেছে গেছে সমজনি সদা মুর্ত্তিমত্যেব লক্ষীঃ স্থানে স্থানে স্থপম্দরো মুর্ত্তিমানেব ভৃতঃ। নিত্যং নিত্যং নবনবমভূং প্রেম সর্বাস্থ নাথে ব্যৈরং বিলস্তি তদা শ্রীনব্দীপভ্যো॥

> > কবিকর্ণপুর ১১।৮৮

ভক্তনাথ গৌরচক্র নবদীপভ্মিতে স্বেচ্ছাক্রমে বিলাস করিতে থাকিলেতি কালীন লক্ষীদেবী মৃত্তিমতি হইয়া সর্বাদা প্রতি ভবনে বিরাজ করিতে ছিলেন। সেথানে স্বথ সম্বয়ও মৃত্তিমান হইয়াছিল। নিত্য নিত্য নৃতন নৃতন প্রেম-মাধ্র্যাও আবিভ্তি হইতে লাগিল। শচীজননীর গৃহ আনন্দপূর্ব। শান্তড়ী-পুত্রবধ্র সম্বন্ধ কি স্থলর।

বশ ভেল শচীদেবী বধুর চরিতে। পুলকিতা বধু শচী মাতার পিরীতে॥

দিগ্বিজয়ীর দর্পচূর্ণ 🕝

দিখিজয়ী কেশব কাশ্মিরী নবদ্বীপে আসিয়াছেন। বিচারে তাঁছাকে কেহ পরাস্ত করিতে পারে নাই। নবদ্বীপে তিনি জয়ী হইয়া গেলে নবদ্বীপের মর্য্যাদা ক্ষুত্র হইবে। তার সন্মুখে বিচারে বসিতে কাহারও সাহস নাই।

একদিন গশাতটে গৌরস্থানর বসিয়া আছেন ছাত্রগণ সংশ্ব। দিগ্বিজয়ী সেখানে উপনীত হইলেন। প্রাভুর রপলাবণ্য দেখিয়া দিখিল্ফী মুগ্ধ হইয়া চাহিয়া রহিলেন। গৌরহরি বলিলেন "আপনি কিছু গলার মহিমা কীর্ত্তন কালন। বলা মাত্র পণ্ডিত, অনুর্গল শ্লোক বলিতে লাগিলেন। সকলে ভার হইয়া ভানিতে লাগিলেন। সকলেই বুঝিলেন ইনি সরস্থাতী বরপুত্র।

গৌরস্থলর তথন তাহার বর্ণনার মধ্য হইতে একটি শ্লোক উচ্চারণ করিয়া তাহার ব্যাখ্যান শুনিতে চাহিনে। দিখিজয়ী স্তম্ভিত হইয়া জিজ্ঞাসা

ঝডের মত আমি শ্লোক পাঢ়িল তাহা হৈতে এক শ্লোক কৈছে কণ্ঠ কৈল।

গোরহরি বলিলেন, সরস্বতীর কুপায় কেহ দিখিজয়ী হয়, যেমন আপনি হয়েছেন। আর কেহ বা শ্রুতিধর হয়। তিনি বুঝিলেন নিমাই শ্রুতিধর। দিখিজয়ী শ্লোকের ব্যাখ্যান করিলেন। গোরস্কুলর তার মধ্যে পাঁচটি দোষ দেখাইয়া দিলেন। পরাভব হেতু দিখিজয়ীর মুখ মলিন দেখিয়া গোরস্কুলর কহিলেন—

> তুমিও হইলা ভ্রান্ত অনেক প্রচিয়া নিশাও অনেক যায় শুই থাক গিয়া।

দিখিজয়ী গৃহে গিয়া সরস্বতীর মন্ত্র জাপিলেন। মন্ত্রবলে মা সরস্বতী উদিতা হইলেন। পণ্ডিত বলিলেন—তুমি মা দর্বদা আমার জিহ্বায় থাকিবে এই বর দিয়াছ। আজ কেন থাকিলে না। শিশুশান্ত্র ব্যাকরণ পড়ায় নিমাই পণ্ডিতের কাছে পরাস্ত হইলাম কেন ? মা উত্তর দিলেন—তুমি থাঁর সঙ্গে বিচার করিতেছিলে তিনি আমার প্রভু। তাই লজ্জায় সরিয়া গিয়ছিলাম,

আমি থার পাদপদ্মে নিরস্তর দাসী। সন্মুখে হইতে আপনাকে লজ্জা বাসি॥

উষাকালে গৌরহরি গাত্যোখান করিয়া গদাস্থান চলিয়াছেন। এমন সময় দিয়িজয়ী চরণে দণ্ডবং করিলেন। প্রস্কু তৃলিযা আলিঙ্গন করিলেন। প**ণ্ডিত** বলিলেন, 'প্রভূ তুমি সাক্ষাৎ সরস্বতী পতি। শুভক্ষণে নবৰীপ আসিয়া ধন্ত হইলাম; কিছু আদেশ দিয়া আমাকে কৃতার্থ করুন। শ্রীগোরস্থার কহিলেন শুন দিখিজয়ী—

> 'দিখিজিয় করিব' বিভার কার্য্য নহে। ঈশ্বরে ভজিলে, সে বিভায় সত্য কছে॥

এতেক ছাডিয়া বিপ্র! সকল জঞ্জাল। শ্রীকৃষ্ণচরণ গিয়া ভজ্ঞ সকাল॥

त्महेरम विशाद क्ल कानिह निक्षा। इक्कामिला यहि छिख्विख इग्न॥

পূৰ্ব-ৰঙ্গ বিজয়

নিমাই পণ্ডিত অধ্যাপক শিরোমণি সর্ব্ব নবদ্বীপে সর্ব্ব লোক হৈল ধ্বনি।

শুধু নবদীপে নয় সারা বঙ্গে নিমাই পণ্ডিতের কথা ছড়াইয়া গেল। তাহার রচিত ব্যাকরণের টীকা ও স্থায় শান্তের টিশ্পনী সর্ব্বত্ত পঠন-পাঠন হইত। পূর্ববঙ্গেও। সেখানকার পণ্ডিতরাও নিমাই পণ্ডিতকে দর্শনের জন্ম আকুল হইয়াছিল। হঠাৎ একদিন ইচ্ছাময়ের ইচ্ছা জাগিল পূর্ববৃদ্ধ দেখিতে। আগু শিশুবর্গ লইয়া যাত্রা করিলেন।

পূর্ববঙ্গে শ্রীহট্ট জেলায় গোরাচাঁদের পিতৃভূমি। ঐ স্থান নানাপ্রকারে সমৃদ্ধ। তাই শ্রীহট্টের অপর নাম শ্রীভূমি। সেখানে ঢাকা-দক্ষিণ গ্রামে জগন্নথ মিশ্রের পিতৃভূমি। জগন্নাথ মিশ্রের মাতৃদেবী শোভাময়ী তথনও দেহে বিভ্যান আছেন। তাঁহাকে দেখা দিবেন এই ছিল গোরাটাদের মনে সংকর।

নিমাইটাদ মাতৃগতে আদেন ঢাকা-দক্ষিণগ্রামে। পিতামহী স্বপ্নে দেখেন তার পুত্রবধ্ব গতে স্বয়ং নারায়ণ আসিবেন। তিনি গলাতীরে জন্মিবেন। স্বপ্ন দেখিয়া তিনি পুত্র ও পুত্রবধ্কে নবদ্বীপ পাঠাইয়া দেন। বলিয়া দেন পুত্র ক্রিলে আমাকে দেখাইও। গৌরহরি জননীর মথে ঐকঞা ভনিয়াছেন— তাই আভূমির প্রতি আকর্ষণ। সত্যসন্ধ গোরচক্র পিতামহীর শেষ ইচ্ছা পূর্ণ করিরাছিলেন।

পূর্ববদের সর্বত্ত গৌরহরি পরম আদরে ও সম্মানে গৃহীত ইইলেন।
সকলে বলিলেন—আমা সবাকার মহাভাগ্যোদয় বশতঃ এদেশে তোমার শুভ
বিজয় হইল। তুমি বৃহস্পতির অবতার। তুমি ঈশরের অংশ। নতুবা এমন
পাণ্ডিত্য মান্তবে সম্ভব হয় না। আমাদিগকে "বিচ্ছাদান কর। আমাদের
শিশ্য কর।"

বন্দদেশ পদ্মানদী দেখিয়া গৌরস্থনরের প্রাণে পরম আনন্দের উদয় ইইল। পদ্মার পুলিন, পদ্মার তরঙ্গ, পদ্মার স্রোত সবই মনোহারী। জাহ্বীর জলে যে ক্রীডা করিয়াছেন, সেই জলখেলা পদ্মানদীতেও করিলেন।

> সেই ভাগ্য ইবে পাইলেন পদ্মাবতী প্রতিদিন প্রভু জলক্রীডা করে তথি॥

তরক্থতৈঃ শফরীবিলোচনৈঃ
নিতম্বর্গৈঃ পুলিনৈবিদারিভিঃ।
পদ্মাবতী তুল্যগুণা মৃগীদৃশাং
চকার কোতুহল্মস্থা শাশ্বতাম ॥ ৩।৯৩ কর্ণপুর।

গৌরস্থলরের আনন্দবর্দ্ধনের জন্ম পদ্মাবতী মুগলোচন। কামিনীগণের স্থায়—তরঙ্গরুপ কর, সফরীরূপ নেত্র ও পুলিন রূপ প্রশস্ত নিতম বিস্তার ক্রিয়া মধুর বসের সেবা সাধন করিলেন।

পদাদর্শনে গৌরহরির আনন্দ। গৌরছরির দর্শনে পদাবতীর আনন্দ।
দ্র হইতে সনাগত বছ নরনারী গোরাচাঁদের রূপমাধুর্যা দর্শনে বিমোহিত
হইলেন।

এই সময় হইতেই গৌরহরি বৈষ্ণবধর্ম প্রচার করিতে আরম্ভ করেন।
সকলকে বলিতে লাগিলেন—"পবিত্র শাস্ত্রীয় আচারে থাক—আর সর্ব্বছঃখহারী শ্রীহরির নাম কীর্ত্তন কর।" অভাপি পূর্ববঙ্গে অগণিত গৌরগত
প্রাণভক্ত বিভ্যমান। একটিবার যেখানে তাঁহার চরণ-রেছু পতিত হইয়াছে,
সেখানে জার অসীম রূপা শক্তি অভাপি অন্তব্য কর! বায়।

তপন মিশ্র নামক একজন বৈষ্ণব ব্রাহ্মণ স্বপ্নে জানিয়া গোরহরির সাক্ষাতে উপস্থিত হন। তিনি সাধ্য সাধন তত্ত্ব জানিতে আগ্রহ প্রকাশ করেন। গোরস্থানর তাহাকে তুই চারটি কথা বলিয়া কাশী যাইতে আদেশ করেন। বলেন—সেখানে তার দক্ষে দেখা হবে। এই বাক্য সত্য হইয়াছিল। ইহাতে বুঝা যায়, তিনি গৃহত্যাগ করিবেন কাশীধাম যাইবেন তাহা পুর্কেই জানিতেন।

অনেক ধন, ঐশ্বৰ্ধা, মান যশ, খ্যাতিসহ নিমাই চাঁদ নবদ্বীপে প্ৰত্যাবৰ্ত্তন করিলেন।

> হেনমতে প্রভূ বঙ্গদেশ ধন্ত করি। নিজগৃহে আইলেন গৌরাক শ্রীহরি॥ ব্যবহারে অর্থ বিত্ত অনেক লইয়া। সন্ধ্যাকালে গৃহে প্রভূ উত্তরিলাসিয়া॥

नक्यीदनवीत जिद्याकाव

প্রভূগোরস্থলর বন্দদেশে গমন করিলে, প্রিয়তমা লক্ষ্মীদেবী প্রভূর বিরহে অভীব কাতরা হইলেন। সর্বাদা যত্ত্ব করিয়া শচীদেবীর সেবা করেন, কিন্তু নিজে কিছুতেই আহার গ্রহণ করেন না "প্রভূ গিয়াছেন হৈতে নাহিক ভোজন।" একাকিনী শয্যায় বসিয়া সারারাত্তি গোর বিরহে ক্রন্দন করেন। "একেশ্বর সারারাত্তি করেন ক্রন্দন।" স্বামীর বিরহ সহ্থ করিতে না পারিয়া উাহার সন্ধিনে যাইবার ইচ্ছা করিলেন। একদিন চলিয়া গেলেন। কিভাবে গেলেন প্রাক্রন্দাবন দাস ঠাকুরের ভাষায়—

নিঙ্গ প্ৰতিকৃতি দেহ থুই পৃথিবীতে। চলিলেন প্ৰভূপাশে অতি অলক্ষিতে॥

শ্রীলোচন দাসজীর ভাষায়—বিরহ হৈল মুডি সর্পের আকার।" বিরহ
সর্পের দংশনে লক্ষীদেবীর তিরোভাব হইল।

প্রভূপাদপদ্ম লক্ষ্মী ধরিয়া হৃদয়। ধ্যানে গঙ্গাতীরে দেবী করিঙ্গা বিজয়॥

এই সকল কথা হইতে বুঝা যায় লক্ষীদেবীর তিরোভাব, প্রপক্ষের জীব আমাদের মত নহে। একটি কোন বিশেষ রহস্ম ইহার মধ্যে লুকায়িত আছে। প্রভুম্বরং মাকে প্রবোধ দিয়া বলিয়াছেন—

> স্বামীর আগেতে গলা পার যে স্ক্রতি। তার বড় আর কেবা আছে ভাগ্যবতী॥

আমাদের মনে হয়—বৈক্ঠেশ্বরী লক্ষীদেবী ব্রজেজ্রনন্দনকে পতিরূপে পাইবার জন্ত বিশ্ববনে কঠোর তপতা করিয়াছিলেন।

"যশ্বাস্থ্যা শ্রীর্ললিতাসরেৎ তপ:।"

ছাপরের সেই বাস্থা আজ পূর্ণ হইল কিছুদিন **অভিন্ন এক্ষেত্রনন্দন** শ্রীশচীনন্দনকে প্রাণবল্পভারতে লাভ করিয়া।

ত্ৰীৰিফুপ্ৰিয়াৰ পাণিগ্ৰহণ

লক্ষীদেবী স্থামিবিরহে প্রাণত্যাগ করিয়াছেন। নিমাইটাদ গৃহে ফিরিয়া দেখেন শচীজননী বধুশোকে বেদনাহতা। নিজের বেদনা অন্তরে চাপিয়া প্রভু জননীকে প্রবোধ দিলেন। "মা, ছঃখ করিও না। ভবিতব্য কেছ খণ্ডাইতে পারে না। এই বিশ্ব সংসার ঈশরের অধীন। তিনি ছাড়া সংযোগ-বিয়োগের কর্ত্তা আর কেছ নাই। তোমার পুত্রবধ্ যে কে, কেন মাসিল, কেন চলিয়া গেল—সব আমি জানি। তুমি তার জন্ত আর শোক করিও না", বলিতে বলিতে মায়ের অশ্রুধারা নিজেই মুছাইয়া দিলেন।

পুত্রবধৃ ছাডা শচীদেবীর বুকথানা খা খা করে। অত পরিপাটি করিয়া কে নিমাইয়ের দেবা করিবে ? কে এই সংসারকে উজ্জ্বল করিয়া রাখিবে ? মায়ের অন্তরে অন্ত ভয়ও আছে। নিমাই পাছে বিশ্বরপের পথ ধরে। স্তরাং আবার বিবাহ দেওয়া একান্ত কর্ত্তব্য।

নিমাই পণ্ডিত আবার বিছারসে ডুবিয়া গিয়াছেন। ছাত্রগণকে উষাকালেই পডান আরম্ভ করেন। তৃইপ্রহর বেলা পর্যস্ত চলে। গলাম্বান করিয়া, পুজাদি সারিয়া—বিকাল হইতে অর্দ্ধরাত্র পণ্যস্ত শাস্ত্র চর্চো করেন। গৌরস্কল্যের নিকট একটি বছর পাঠ নিলে ছাত্রগণ পরম পণ্ডিত হইয়া যান।

শচীমা সর্বাদা ভাবেন, আমার নিমাইটাদের যোগ্যপাত্তী কোথায় মিলিবে। নবদীপে বিখ্যাত রাজপণ্ডিত আছেন সনাতন মিশ্র। পরম ভাগ্যবস্ত, পরম উদার বিষ্ণৃভক্ত। মহা সদ্বংশজাত। সর্বাদা পরের উপকার করাই তাঁর ব্রত। তাঁর একটি স্কুচরিতা ছহিতা আছে। ছহিতার নাম বিষ্ণুপ্রিয়া।

ঐ কন্তা প্রত্যেক দিন ছই তিনবার গলা ম্নান করে। প্রতিদিন শচীদ্বেবীর সঙ্গে পথে দেখা হয়। অতি নম্রভাব সহিত সে মাকে প্রণাম করে। মাও সানন্দে আশীর্কাদ করেন—

আইও করেন মহাপ্রীতে আশীর্কাদ। "যোগ্য-পতি রুষ্ণ তোমার করুন প্রসাদ॥"

আজ মাতার পুন:পুন: মনে হইতে লাগিল তার কথা। ভাবিলেন—এ কল্যারত্ব আমার গৃহে বধু হইয়া আসিলে আনন্দের সীমা থাকিবে না। নিমাইয়ের ষোগ্যপাত্রী সেই বটে।

> গঙ্গাজলে আই মনে করেন কামনা। ঐ কন্তা আমার পুত্রে হউক ঘটনা॥

শচীদেবী কাশীনাথ পণ্ডিতকে ডাকিয়া ঘটকালিতে নিযুক্ত করিলেন। কাশীনাথ অল্প সময় মধ্যেই কাজ হাসিল করিলেন। রাজপণ্ডিত সনাতন মিশ্রের বাডীতে আনন্দোৎসব আরম্ভ হইয়া গেল। শচীদেবীরও প্রমানন্দ।

সনাতন মিশ্র গণক ডাকিলেন—বলিলেন বিবাহের লগ্ন স্থির করিয়া দেন। গণক বলিলেন—শোন মিশ্র একটি ঘটনা বলি। আমি তোমার বাড়ি আসার পথে নিমাই পণ্ডিতের সঙ্গে দেখা হইল। আমি তাহাকে বলিলাম—কাল তোমার বিবাহের শুভ-অধিবাস। আমার কথা শুনিয়া দে উত্তর করিল—

কহ কোথা কার বিভা—কে বা কন্তা বর।

এই কথা শুনিয়া মনে হইল—এই বিবাহে তার মত নাই। সনাতন মিশ্র ও তাঁহার পত্নী তুঃথের সাগরে তুবিল, এতদুর অগ্রসর হইয়া এখন এই বিবাহ না হইলে কি যে তুঃখ, তাহা বর্ণনীয় নহে। এই অবস্থা প্রভু জানিতে পারিলেন। শেষে একজন বাদ্ধণ পাঠাইয়া দিলেন। তিনি আদিয়া স্বাইকে বলিলেন—ও কথা পণ্ডিতের কোতৃক মাত্র। তখন গণক শুভফল শুভলগ্ন দ্বির করিল।

বৃদ্ধিমন্ত খাঁ নবদ্বীপের শ্রেষ্ঠ ধনী। তিনি বলিলেন, এই বিবাহের সকল ভার তাঁহার উপর। বামনিয়া বিয়া হ'বেনা—রাজকুমারের মত বিবাহ হবে। সত্যসত্যই তাহা হইল। বিবাহে এত জৌলুস হইল যে কেহ কোনদিন এমন কল্পনাপ্ত করে নাই।

শচীমাতার গৃহেও অধিবাসে প্রচুর আনন্দ। অপরাহে সকলে মিলিয়া গৌরস্থলরের বেশ রচনা করিলেন। জীঅঙ্গে চন্দন লেপন করিলেন। ললাটে চন্দন দিলেন অর্ক্চন্দ্রাকৃতি, তার মধ্যে উজ্জ্ল তিলক। মন্তকে অভুত মুকুটা। স্থান্ধি ফুলের মালা। নয়নে কজ্জ্ল। কর্ণমূলে স্থান কুঞ্জা। বাহ্মুলে নবয়ন্ত্র शांत्र। विश्वविद्यान्य मार्क निमार्डे हान मार्कित्नय।

প্রহরেক বেলা থাকিতেই শোভাষাত্রা বাহির হইল। প্রহর থানেক সারা নবদ্বীপ বেড়াইলেন। গোধৃলি বেলায় সনাতন মিশ্রের গৃহে আসিলেন অগণিত শিশ্ত-ভক্ত সহ মহাপ্রভু। রাজপণ্ডিত জামাতা বরণ করিলেন। পাছা আর্ব, আচমন, বন্ধু, অলঙ্কার দ্বারা যথোচিত বরণ করিলেন।

রাজপণ্ডিত কন্তা দান করিতে বদিলেন। সর্বাগ্রে মৃথ-চক্রিকা। আত্মীয় খব্দন আসনে উপবিষ্টা বিষ্ণুপ্রিয়াকে আনিলেন। সাতবার প্রদক্ষিণ করাইলেন গৌরস্থলরকে। বাছভাগু বাজ্ঞিতে লাগিল। চতুর্দিকে স্ত্রী-পৃক্ষের জন্মধ্বনি উঠিল।

প্রভু প্রদক্ষিণ করি সাতবার চৌদিকে ফিরি করজোডে করে নমস্কার। অস্তঃ পট ঘুচাইলা চারিচক্ষে দেখা হৈল দৌহে করে কুম্বম বিহরি।

মহাবাছ-জয়ধ্বনির মধ্যে মুখচন্দ্রিকা হইল। বিফুপ্রীতি কামনা করিয়া স্নাতন স্থিত্র প্রীপদে কলা সমর্পন করিলেন।

সনাতন দ্বিজবরে কন্তা সম্প্রদান করে পদাস্থুকে কৈল সমর্পণে।

তৎপর বেদাচার, লোকাচার, স্ত্রী-আচার সফল কর্ম ষথাষথ হইল। সর্বশেষ হোম কর্ম। তাহাও হইয়া গেল। ভোজনাদি সমাপনাস্তে ব্রীগৌর বিষ্ণুপ্রিয়া বাসর ঘরে গমন করিলেন।

বাসর ঘরে ষাইবার কালে ধিকুপ্রিরা দেবীর বামচরণের অঙ্গুলিতে হোচট্ লাগে। অক্স রক্তপাত হয়। এইজন্ত দেবী অত্যন্ত কাতর হইরাছেন দেখিয়া প্রেমময় প্রভু গৌরহরি নিজ পদাঙ্গুছ ছারা ক্ষতস্থান টিপিয়া ধরেন। ইহাতে দেবীর সমস্ভ তুঃখ তখনই দুরীভৃত হইল।

কিন্তু শুভ বিবাহের রাত্রে ঐরপ তুর্ঘটনা সংঘটিত হওয়ায় বিষ্ণুপ্রিয়া দেবী মনঃক্রেশে স্পন্দনহীন হইয়া পড়েন। শ্রী গৌর স্থন্দর তথন প্রাণ প্রিয়তমাকে অভয় দান করিয়া, আনন্দসাগরে ভাসাইতে ভাসাইতে বাসর ঘরে লইয়া মান। এই বিবাহে সনাতন মিশ্র গোষ্ঠীর কে আনন্দ হইল ভাহা অতুলনীয় ৷ ভবে ভুলনা যদি দিতেই হয়—

লগ্নজিত, জনক, ভীমক, জাম্বস্ত।
পূর্ব তানা ষেহেন হইলা ভাগ্যবস্ত॥
সেই ভাগ্য এবে গোষ্ঠীসহ সনাতন।
পাইলেন পূর্বা বিষ্ণুসেবার কারণ॥

পরদিন অপরাহে গোর বিষ্ণুপ্রিয়া যুগল দোলায় চড়িয়া গৃছে ফিরিলেন। দোলার শোভার বর্ণনা দিয়াছেন কবি কর্ণপুর—

> সম্বপ্তচামীকর গৌর দেছো দোলামূপেতঃ শরদক্রজ্ঞাং। তথ্যাসূরাশেরুপরি প্ররুঢ়ং

শৃক্ষং স্থমেরোঃ স জিগায় সজঃ॥ ৩১৪০ কবি কর্ণপুর।

শ্রীগোরাক স্থন্দরের আশ্চর্য শোভার কথা আর কি বলিব। তাঁছার শ্রীদেহ, দাহোত্তীর্ণ স্থবর্ণ অপেক্ষাও গোর বর্ণ। তিনি শরৎকালীন মেঘতুল্য শুদ্র দোলায় আরোহণ করিয়া যেন তৃগ্ধসাগরের উপরিস্থ স্থমেকর শৃক্তক জয় করিয়াছিলেন।

পথে পথে নবদ্বীপের সহস্র সহস্র নরনারী গৌর-বিষ্ণুপ্রিয়া যুগল দর্শনে আনন্দে অধীর হইয়া পরস্পর বলাবলি করতে লাগিলেন—

কেহো বোলে. "এই হেন বলি হর-গৌরী" কেহো বোলে, "এই ছই—কামদেব-রতি।" কেহো বোলে, "ইন্দ্র-শচী-লয় মোর মতি॥ কেহো বোলে, "হেন বৃঝি রামচন্দ্র-শীতা। এইমত বোলে সর্বা স্কৃতি-বনিতা॥

এই নদীয়া যুগল আজও অপনিত ভক্ত-সাধকের নিত্য ধ্যানের সম্পদ।
রূপশোভা দেখিয়া পথিমধ্যে স্কৃতি বনিতারা থে সকল মস্তব্য করিয়াছেন
তাহারা কেহই হজনের সম্বন্ধের গভীর তলদেশে প্রবেশ করিয়াছেন এমন মনে
হয় না। পাথির বেমন হুইটি ভানা—ভালবাসার তক্রপ হুইটি অবলম্বন—
সন্তোগ আর বিপ্রলম্ভ। মিলন আর বিরহ। যেখানে বিরহ নাই, সেথানে
মিলনান্দের মাধুর্গও নাই।

হর-গোরী, রতি-কাম, কমলা-জ্রীহরি—কাহারও বিরহ রসের আত্মাদন নাই। স্থতরাং মিলনের বিশেষ মাধুর্য্য নাই। রাম-দীতার বিরহ আছে— তাহা আভাবিক নয়। একটি চুর্যটনা—রাবণ কর্ত্ব চুরির ফলে দীতার বিরহ করেকমাস। প্রজারঞ্জনের জন্ম, বনে দেওয়াও এক ছুর্ঘটনা। তার মধ্যেও বিরহের বেদনা দৃষ্ট হয় না। বিরহের আস্বাদনের তীব্রতা শ্রীরাধান্ধফেই পর্যাপ্ত—এই জন্ম তাঁহাদের মিলনও রসপুষ্ট। স্বতরাং গৌর-বিষ্ণুপ্রিয়ার সহিত শ্রীরাধান্ধফেই তুলনীয়। তাঁহাদের তুলনা দেওয়া হয় নাই। শ্রীরাধান্ধফ ও শ্রীরোগার-বিষ্ণুপ্রিয়া—ব্রজের ও নদীয়ার এই তুই য়ুগলে আপাতদৃষ্টিতে পার্থক্য এই—ব্রজের নায়িকা পরকীয়া। নদীয়ার নায়িকা স্বকীয়া। পরকীয়ার উজ্জ্বলতার হেতু তুর্লভতা। এই তুর্লভতা রাধাক্ষফে সর্বদাই আছে। সীতারামাদি কোন স্বকীয়াতে নাই। কিন্তু ক্রেক বৎসর পর বিষ্ণুপ্রিয়া ও গৌরাকে বে তুর্লভতা সৃষ্টি হইয়াছিল—তাহা ব্রজ্মাধুরী অপেক্ষাও গভীর ও নিবিড়।

শ্রীরাধা জানিতেন প্রাণনাথের চন্দ্রবদন দর্শন পাইবেনই—কারণ তিনি বাক্য দিয়াছেন "আসিবেন"। কুরুক্তের দর্শনাদি হইয়াছেও। আর প্রিয়াজী জানেন—জীবনে আর কোনও দিন প্রাণনাথের বদন দর্শন পাইবেন না। শ্রীরাধা জানিতেন, মথুরায়, ছারকায় বেখানেই থাকুন রাজৈখর্য্য স্থপেই জাছেন। শ্রীপ্রিয়াজী জানিতেন—নীলাচলের পথে, দক্ষিণদেশের পথে, বৃন্দাবনের পথে নিঃসম্বল পথকটে চলিতেছেন। যথন নীলাচলে তথনও কলাব জন্ম পাতায় শয়ন করেন—শত চেষ্টা করিয়াও জগদানন্দ একটুও তেল মাথাইতে বা তৃলার শয্যায় শোয়াইতে পারেন নাই। প্রিয়তম এত কঠোরতায় শাকেন এই ভাবনা বিরহ তৃঃখকে তীব্রতর করে। বিরহের দিনগুলি প্রিয়াজী ধে ভাবে কাটাইতেন তাহা বিশ্বজগতে অতুলনীয়।

সন্ম্যাসী হবেন জানিয়াও কেন প্রিয়াজীকে গ্রহণ করিলেন, এ প্রশ্নেন উত্তর ইহাই মনে হয়—বিশ্বজগৎকে একটি হরি বিরহের সর্ক্ষোজ্জল বিগ্রহ দর্শন করাইবেন।

পরমানন্দে শচী-আই বধুকে গৃহে আনিয়া হর্ষসমূদ্রে নিমজ্জিত হইলেন। জয়ধ্বনিময় হৈল সকল-ভূবন কি আনন্দ হৈল সে অকথ্য কথন॥

গয়া বিজয়

নিমাইটাদের অস্তরে ইচ্ছা জাগিল গয়া যাইবেন পিতৃকার্য করিতে। সঙ্গে চলিলেন মেসো চক্রশেশ্বর ও ছাত্রগণ। গৌরস্থলরের বয়স তথন সতেরো। চলিলেন পদরকে গয়াধামে।

সেধানে আছেন গয়াস্থরের শিরে বিষ্ণু পাদপদ্ম। তাহা দর্শন-স্পর্শন মাত্র গৌরস্থানরের প্রেমানন্দের উদেয় হইল। পদ্মনয়নে অশ্রুধারা ঝরিতে লাগিল। লোমহর্বন, কম্পন, অঙ্গের বিবর্ণতা দেখা দিল। এই হইতে প্রেমভক্তি প্রকাশের আরম্ভ হইল।

> সর্বজগতের ভাগ্যে প্রভূ গৌরচক্র। প্রেমভক্তি-প্রকাশের করিলা আরম্ভ॥

দীকা গ্ৰহণ

দৈববোগে ঈশ্বর ইচ্ছার মাধবেন্দ্র পুরী গোসাঞির প্রিয় শিশু ঈশ্বরপুরী সেখানে উপস্থিত। শ্রীগোরহরি ঈশ্বরপুরীকে নমস্কার করিলেন। ঈশ্বরপুরীও তাঁহাকে প্রেমালিক্সন দিলেন। তুজনের নয়নের জ্বলে তুজনের দেহ ভিজিয়া গেল। প্রভু বলিলেন, তোমার চরণ দর্শনে আমার গ্রা যাত্রা সফল।

গৌরস্থনর বলিলেন—গোসাঞি, তুমি আমাকে সংসার সমুদ্র হইতে উদ্ধার কর। এই দেহ আমি তোমাকে সমর্পণ করিলাম। তুমি আমাকে অমৃত রস পান করাও।

> তব পদাস্থ্যমুমিদং প্রভো বছল ভাগ্যভরেণ বিলোকিতম্। বদ যথা হরিভক্তি গুণাস্তবেৎ প্রভবতো ভবতোয়ধিশোচনম্॥ ৪।৫৮ কবি কর্ণপুর।

যে প্রকার হরিভক্তির গুণপ্রভাবে ভব-সমূদ্র পার হইতে পারি আমাকে সেই মত উপদেশ প্রদান করুন।

গৌরহরি ঈশ্বরপুরী স্থানে মন্ত্রদীক্ষা চাহিলেন। পুরী গোসাঞি তাঁহাকে
দশাক্ষর মন্ত্রপ্রদান করিলেন। তখন গোসাঞিকে প্রদক্ষিণ করিয়া গৌরস্থন্দর
কহিলেন —

এই দেহ আমি দিলাম তোমারে হেন শুভদৃষ্টি তুমি করছ আমারে বেন আমি ভাসি রুষ্ণ প্রেমের সাগরে॥

একদিন প্রভূ নিভূতে বসিয়া ইষ্টমন্ত্র ধ্যান করিতে করিতে আকুলভাবে ক্রন্দন করিতে করিতে কহিলেন— আর্ত্তনাদ করি প্রভু ভাকে উচ্চৈম্বরে কোপা গেলা বাপ রুফ চাড়িয়া স্থামারে।

বে প্রভূ ছিলেন পরম গন্তীর। আজ তিনি রুঞ্প্রেমে অস্থির। কা**হাকেও কিছু** না বলিয়া গৌরহরি প্রেমের আবেশে রাত্রিশেষে মথুরা অভিমূথে চলিলেন। তথন হঠাৎ দৈব-বাণী শুনিলেন এখন মথুরায় যাইও না। নবদীপে যাও।

> "এখনে মথ্রা না যাইবা দ্বিজমণি! যাইবার কাল আছে, যাইবা তথনে। নবদ্বীপে নিজ-গৃহে চলহ এখনে॥

আকাশবাণী শুনিয়া গোরস্থলর ফিরিলেন। চক্রশেথর ও শিয়বর্ণের সহিত নবদীপে প্রত্যাবর্ত্তন করিলেন।

নৰ্দীপে প্রেমছক্তির উদয়

গরারা ইত্যেবং **অগৃহম গমভুরিকরুণঃ**প্রভাগেশনঃ। তার্বাধ কৈজেঃ কীর্ত্তন রসৈঃ
প্রকাশং চাবেশং ভূবি বিকিরতি স্মান্থদিবসম॥

৪।৭৬ কবি কর্ণপুর।

সকল জীবের তাপ উপশমনকারী দয়ালপ্রতু গৌরস্থনর পৌষ মাদের শেষে গয়া হইতে গৃহে আগমন করিলেন। মাঘ মাদের প্রথম দিন হইতে নিজ কীর্ত্তনরস দারা প্রকাশ ও আবেশ দিন দিন পৃথিবীতে বিকিরণ করিতে লাগিলেন।

গয়াধাম হইতে ফিরিলেন। আর সেই নবদীপের অধ্যাপক নিমাই পশুত নাই। নাই আর সেই বিভাদৃপ্ত তর্ক-কুশল নিমাই। আছেন কৃষ্ণপ্রেমে গদগদ, কৃষ্ণবিরহে উন্মাদ এক হরিভক্ত শিরোমণি। আর বিজ্ঞা চর্চচা নাই, শাস্ত্রপাঠ নাই। আছে কেবল রোদন আর অঞ্চ বর্ষণ।

অবৈতাচার্য্য, শ্রীবাস পণ্ডিত ইহার। সকলেই পূর্ব্ধ হইতেই বৈষ্ণব মার্গের শ্রেষ্ঠ সাধক। গৌরস্কলরের অপূর্ব্ধ মহিমা দর্শনে ইহারা বিশ্বয়ান্বিত ও অমৃত্ত সাগরে নিমজ্জিত হইলেন। গোরাচাঁদের "হা কৃষ্ণ" বলিয়া বৃক ফাটা আর্ত্তনাদ শুনিয়া সকলে অমৃত্তব করিলেন প্রত্নিভ কৃষ্ণপ্রেম মূর্ত্ত হইয়া ধরার নামিয়া আসিয়াচে।

পণ্ডিত শ্রীবাদের শ্রীঅঙ্গনে আনন্দের হাট বিসিণ। নানা অলোকিক ঘটনা ঘটিতে লাগিল। নিমাই বে সাধারণ মন্থা নহে ইহা সকলে হৃদয়লম করিল। মধুময় হরিনাম, থোল-করতালে নর্ত্তন কীর্ত্তন অবিশ্রাম চলিতে লাগিল। কখনও গৌরহরি ভক্তগণকে উপদেশ দেন কৃষ্ণভল্জনের। কখনও কোথা যাব, কোথা গেলে কৃষ্ণ পাব বলিয়া আর্ত্তমরে কেন্দন করেন। কখনও নাচেন, সোনার দণ্ডের মত হাত হু'টি উর্দ্ধে তুলিয়া। কখনও ধূলায় গড়ান, অশ্রধারে ভাসেন, আর সকলকে ভাসান। এই স্বর্গীয় দৃশ্রের প্রত্যক্ষপ্রতী ম্রারী গুপ্ত, বাম্বদেব ঘোষ প্রাণম্পানী ভাষায় বর্ণনা করিয়া রাখিয়াছেন। তাঁহাদের পদাক্ষ অনুসরণে কবি কর্পর লিখিয়াছেন শ্রীকৃষ্ণচৈতভা চরিতামুত মহাকাব্যে—

ইতি কণোৎকিপ্ত সমস্ত চেষ্টিতঃ প্রতিক্রণঃ সায়তি নির্ভরং মৃছঃ। পদে পদে রোদিতি রোমহর্বনৈঃ বিমুক্তকণ্ঠং করুণাপয়োনিধিঃ॥ ৪।৭৭

করুণার মহাসমূদ্র গোরস্থলর আনন্দ আস্থাদনে সমস্ত চেষ্টা আন্ধিথা। প্রতিক্ষণে রোমাঞ্চের সঙ্গে মৃক্তকণ্ঠে গান করেন। আর প্রতিপদে বারংবার উচ্চরোদন করিতে লাগিলেন।

ভক্তগোন্তি

কে জানে কে খবর দিল। চারিদিক হইতে প্রিয় পার্ষদবর্গ ছুটিয়া আসিতে লাগিলেন। গৌরস্থান্দরের অস্তরের গভীর আকর্ষণেই এই আগমন।

শান্তিপুর হইতে অবৈত আচার্য্য আসিলেন। যিনি গলাজল-তুলসী-দিয়া অনেক কাঁদিয়াছেন মদনগোপালকে অবতরণ করাইতে। পূর্ব্ব প্রান্তীয় চট্টগ্রাম হইতে পুগুরীক বিছানিধি আসিয়াছেন—যাঁকে প্রভু "বাপ; বাপ" বলিয়া আনিয়াছেন। ফুলিয়া হইতে আসিয়াছেন হরিদাস ঠাকুর। মুসলমান হইয়া হরিনাম করে এইজন্ম মুলুকপতি থাঁহাকে বাইশ বাজারে কঠোর বেত্রাঘাত করিয়াছে। তথন বে বলিয়াছে—

খণ্ড খণ্ড হয়ে যদি যায় দেহ প্রাণ। তথাপি বদনে না ছাড়িব হরিনাম॥

হরিদাস অবৈতাচার্য্যের শিশু। সর্ব্বদা নামানন্দে বিভোর থাকেন। প্লাকে বলে নাম-ব্রহ্মের অবতার। ভারতের সকল তীর্থ পর্যাটন করিয়া আসিয়াছেন নিত্যানন্দ।
নিত্যানন্দের জনস্থান, রাচদেশে একচক্রা গ্রামে। বার বছর বয়সে তাঁর
পিতা হাডাই পণ্ডিত পুত্রকে দান করেন এক সন্ত্যাসীর হাতে। সেই সন্ত্যাসীর
সঙ্গে সকল তীর্থ ঘুরিয়াছেন। তারপর বুন্দাবন পৌছিয়া বলরামের ভাবে
বিভাবিত হইয়া—কেবল ভাই কানাইকে খুঁজিয়াছেন। কোথায় প্রাণের ভাই
কানাই বলিয়া পাগলের মত ছুটিয়াছেন। মাকে পেয়েছেন তাকেই জিজ্ঞাসা
করিয়াছেন। শেষে একজন ভক্ত তাঁকে বলিয়া দিয়াছে—"তোমার কানাই
ভাই এখন গোডদেশে—গোরবেশে।" তাই প্রবল বেগে ছুটিয়া আসিয়াছেন
গভীর অন্ত্রাগে। নবদ্বীপে পৌছিয়া নন্দন আচার্য্য নামক একজন নিজ্ঞিন
ভক্তগৃহে লুকাইয়া আছেন।

নিত্যানন্দ মিলন

একদিন প্রভাতকালে শ্রীগোরহরি হরিদাস ও শ্রীবাস পণ্ডিতকে বলিলেন—তোমরা খুঁজিয়া দেখ নবদ্বীপ ভরিয়া, কে আসিয়াছেন। আমি কাল স্বপ্নে দেখিয়াছি—এক দিব্য স্বর্গকান্তি পুরুষ আমাকে বলিয়াছেন—"তোমাতে আমাতে কাল হ'বে পরিচয়।" ইহার আগমনের কথা আমি পুর্কেও তোমাদের বলিয়াছি।

শ্রীবাস ও হরিদাস সারাদিন সকল নবদীপ ঘুরিয়া আসিয়। প্রভু গৌরহরিকে বলিলেন—আগদ্ধক কোন মহাত্মার কোন সন্ধান কোথাও পাইলাম না। প্রভু বলিলেন চল আমার সঙ্গে। জয়কৃষ্ণ বলিয়া সকল ভক্তগণ উল্লাসে প্রভুর সঙ্গে চলিলেন। প্রভু গৌরস্থন্দর বরাবর গিয়া উপস্থিত হইলেন নন্দন আচার্যোর সৃহে। সকলে দেখিলেন "কোটি স্থ্যসম" এক পুরুষ রতন সেখানে বসিয়া আহেন। তাঁর সত্মুখে গৌরস্থন্দর পার্যদর্গণ সহ দণ্ডায়মান হইলেন—নিতাই একদৃষ্টে গৌরস্থন্দরের রূপ দেখিতেছেন—

"রসনায় লেহে ষেন দরশনে পাণ ভূজে যেন আলিঙ্গন নাসিকায় ঘ্রাণ।"

গৌরস্থন্দর শ্রীবাদ পণ্ডিতকে ইন্ধিত করিয়া ভাগবতের একটি শ্লোক পড়িতে নির্দ্দেশ দিলেন। শ্রীবাদ শ্লোক পড়িলেন। শ্লোকে ক্লফের রূপের মাধুর্দ্য ও বেণুর মাধুর্য্যের কথা। শ্লোকখানি পূর্ব্বরাগবতী গোপীগণের কণ্ঠে উচ্চারিত। শ্রীনিত্যানন্দ ও গৌরান্ধ পরস্পরের প্রতি প্যস্পরের পূর্ব্বরাগ—পূর্ব্বরাগের পর এই প্রথম মিলন—তাই শ্লোকথানি ভাবাত্তক্ল। শ্লোক শ্রবণমাত্র নিত্যানন্দ মূদ্ছিত। পরমানন্দে মহামূদ্ছা। গৌরহরি শ্রীবাসকে আবার ঐ শ্লোক পাঠ করিতে বলিলেন। শ্লোক শুনিয়া মূদ্ধা দূর হইল। আনন্দে জন্দন করিতে লাগিলেন। তারপর উন্মাদের মত উচ্চৈম্বরে সিংহনাদ করিলেন। পৃথিবীর উপর গড়াগড়ি ষাইতে লাগিলেন। নয়নের ধারায় সকল দেহ সিক্ত হইয়া গেল। কি অন্ততে ভাববিকার—

বিশ্বস্তর মৃথ চাহি ছাড়ে ঘনশাস।
অন্তরে আনন্দ-ক্ষণে ক্ষণে মহা হাস।
ক্ষণে নৃত্য, ক্ষণে গড়ি, ক্ষণে বাহতাল।
ক্ষণে জোড়েজোড়ে লাফ দেই দেখি ভাল॥

অভুত ক্লফপ্রেমের উন্মাদ দর্শন করিয়া ভক্তগণ আনন্দে কাঁদিতে লাগিলেন। গৌরস্থন্দরের নয়নের ধারা বহিতে লাগিল। তিনি নিত্যানন্দকে আপনার কোলে লইয়া বসিলেন—

বিশ্বন্তর কোলে মাত্র গেলা নিত্যানন্দ সমর্পিয়া প্রাণ তারে হইলা নিষ্পান্দ বার প্রাণ তারে নিত্যানন্দ সমর্পিয়া আছেন প্রভুর কোলে অচেষ্ট হইয়া।

তথন নিত্যানন্দ চৈতন্তের অনেক আলাপ হইল। কেহই কিছু বুঝিতে: পারিল ন!।

> নিত্যানন্দ-চৈতন্তের অনেক আলাপ। সর্ব্বকথা ঠারেঠোরে, নাহিক প্রকাশ॥

শচী আইর স্বপ্র

একদিন নিশিশেষে শচীমাতা এক মধুর স্বপ্ন দেখেন। পরদিন সকালে আন্তে আন্তে নিমাই চাঁদের কাছে বর্ণনা করেন। বাবা নিমাই! শেষ রাত্রে স্বপ্ন দেখিলাম। দেখি কি তুমি আর নিত্যানন্দ ছোট ষেন পাঁচ বছরের শিশু হইয়া আমার আদিনায় মারামারি করিতেছ। মারামারি করিতে করিতে তু'জনে গোলাঞির ঘরে প্রবেশ করিলে। একটু পরেই মন্দির হইতে বাহির হইলে চার জন। তোমরা তু'জন—আর বলরাম ও কৃষ্ণ। চারিজনে কি: ভীবণ হাতাহাতি ও ঝগড়া।

রাম-কৃষ্ণ হ'লনে ভোমাদের হইজনকে বলেন—ভোরা কোথা হ'তে এলি।
এতো চিরদিন আমাদের ঘর-হ্যার। তোরা এখনি বাহির হইয়া বা। এই ঘর
বাড়ী, এই দধি-হ্য়-সন্দেশ সব আমাদের। তোরা এখনি বার হ। তাদের
কথার জবাবে নিত্যানন্দ বলে—তোদের সে কাল বয়ে গেছে। যে কালে
গোয়ালা ছিলি দধি হুধ, নবনী লুট করে চুরি করে খেয়েছিস। গোয়ালার
যুগ চলে গেছে। এখন ব্রাহ্মণের যুগ। এখন এসব ছাড়িয়া দিয়া চলিয়া বাও।
যদি ভালকথায় না যাও—মেরে তাড়াব। নিত্যানন্দের প্রতি তর্জনকর্জন করিয়া বলরাম বলে—দোহাই, কুষ্ণের কোন দ্বো হাত দিওনা—ষদি
দাও বাধিয়া রাখিব। নিতাই বলে, তোর কুষ্ণকে আমি ডরাই না।
"গৌরচন্দ্র বিশ্বস্তর আমার ক্রশ্রর।"

তোমরা চারজন একজনের হাতের দ্রব্য আর একজনে কাড়িয়া থাও। একজনার মুখে আর একজন মুখ দিয়া খাও। নিতাই তথন আমাকে মা বলিয়া ডাকিয়া বলে—'মা অল্ল দাও; বড ক্ষুধা পেয়েছে।'

এরপরই আমার ঘুম ভান্ধিরা গেল। স্বপ্নের কথা শুনিয়া গৌরস্থলর কলিলেন—'মা বড়ই স্থপ্র দেখিয়াছ। এই স্থথের কথা কাহাকেও বলিও না। ভোমার ঘরে যে দেবিত ঠাকুর তাহারা প্রত্যক্ষ। ভোমার স্বপ্নের কথা শুনিয়া আমার বিশ্বাদ দৃঢ় হইল। আমি ষথন ঠাকুরকে ভোগ দেই—তথন প্রায়ই দেখি আধাআধি দ্রব্য থাকে না। আমার মনে হইত তোমার বউ বিষ্ণুপ্রিয়া ঐ দব চুরি করিয়া খায়। লজ্জায় কাহাকেও বলি নাই। আজ দন্দেহ গেল। বুঝিলাম ঠাকুরই প্রত্যক্ষ তাঁরাই খান।

"মুই দেখো বারে বার নৈবেছের সাজে। আধাআধি না থাকে না কহি কারে লাজে॥ তোমার বধ্রে মোর স্টান্দহ আছিল। আজি সে আমার মনে সন্দেহ ঘুচিল॥"

আডালে থাকিয়া বিষ্ণুপ্রিয়া স্বামীর বাক্য শুনিয়া একাকীই মধুর হাসি হাসিলেন।

ত্রীছরিবাসর কীর্ত্তন।

একদিন একাদনী, শ্রীহরিবাসর। শ্রীবাস অঙ্গনে শ্রীগৌরস্থন্দর আনন্দে বিভোর হইয়া নৃত্য আরম্ভ করিলেন! চারিদিক ঘিরিয়া ভক্তবৃন্দ কীর্জন আরম্ভ করিলেন। "গোপাল, গোবিন্দ" এই নাম কীর্ত্তন চলিতে লাগিল। উষা সময় হইতে প্রভূ নৃত্য করিতেছেন। ভক্তগণ তিন দলে কীর্ত্তন করিতে আরম্ভ করিলেন। একদল শ্রীবাস পণ্ডিতের, একদল মধুকণ্ঠ মৃক্নের, আর একদল গোবিন্দ দত্তের। অধৈত, নিত্যান্দ গদাধর প্রমুখগণ—কীর্ত্তনে, নর্ত্তনে আনন্দে বিহ্বল হইলেন।

হঠাৎ প্রভূ গৌরচন্দ্র আর্তম্বরে ক্রন্দন করিতে লাগিলেন। সে ক্রন্দন এমন প্রাণম্পর্শী যে, যে ব্যক্তি শোনে সেই বিহরল হইয়া পডে। তার পর প্রভূ হাসিতে আরম্ভ করিলেন—সে কি অট্ট হাসি তাহাও প্রহর খানেক চলিল।

> বধন কান্দেন প্রভূ প্রহরেক্ষ কান্দে লুটায় ভূমিতে কেশ তাহা নাহি বাদ্ধে বধন হাদয় প্রভূ মহা অট্টহাস সেই হয় প্রহরেক আনন্দ বিলাদ।

প্রভূ নাচিতে নাচিতে ভূমিতে প্রিয়া ধান। ভক্তগণ ধরিয়া তুলিতে চেটা করেন, কিন্তু প্রীদেহ এত ভারী হয় বে দশ বিশ জন তুলিতে পারেন না। আবার কথনো দেহ তুলার মত হালকা হয়। বে কোন একজন প্রভূকে কাঁবে তুলিয়া নাচিতে পারে। কথনো প্রভূকে মুচ্ছিত দেখিয়া ভক্তগণ কানে হরিবোল ধানি করে। তখন শ্রীদেহে মহাকম্প আরম্ভ হয়। কথনও বা দেহ হইতে এত ঘাম বাহির হইতে থাকে মনে হয় "মৃর্জিমতী গলাবেন আইলা শরীরে"

কথনও শ্রীদেহ আগুনের মতন গরম হয়। ভক্তগণ ষত চন্দন দেন, সবই ক্ষণকাল মধ্যে শুকাইয়া ধায়। কথনও নাক দিয়া ভীষণ ভাবে খাস বহিতে থাকে। কথনো বা প্রভু সকলের পা ধরিতে ধান। সকলে চারদিকে ছুটিয়া পালায়। আবার কখনো নিত্যানন্দের পিঠে পিঠ দিয়া বসিয়া মাথায় চরণ তুলিয়া দেন। একারার ধার পায়ে ধরে আবার পরক্ষণে—তার শিরে উঠিয়া বসে। কথনও বলদের মত মুখে বাভাধনি করে। কথনও জিভঙ্গ হইয়া চরণে চরণ যুড়ে। করে কর দিয়া বানী ধরার ছেন্দে নয়ন মনোহারী ভলিতে দাড়াইয়া থাকেন। কুফাবেশে অপরপ নৃত্য করেন। ভক্তগণ আনন্দ সমুদ্রেমগ্র ইয়া দর্শন করিতে থাকেন।

অপরপ রক্ষাবেশ অপরপ নৃত্য আনন্দে নয়ন ভরি দেখে সবভৃত্য।

প্ৰভুৱ প্ৰকাশ

আবার একদিন শ্রীবাস অন্ধনে শেষ রাত্রে প্রভু শালগ্রাম কোলে লইয়া বিষ্ণু খট্টার উঠিয়া বসিলেন। খট্টা মড়মড় করিয়া উঠিল। নিত্যানন্দস্পর্শে খট্টা স্থির হইল। গৌরস্থন্দর তর্জ্জন গর্জ্জন করিয়া বলিতে লাগিলেন—
"কলিযুগে আমি শ্রীকৃষ্ণ।" অনন্তকোট ব্রহ্মাণ্ডের আমি ঈশ্বর। তোরা সকলে আমার দাস। তোদের জন্মে আমি এসেছি। তোরা বা দিবি ভাই খাব।"

ভোজন লীলা

প্রভুর বাণী শুনিয়া ষার ষা সামর্থ্য লইয়া আসিতে লাগিলেনে। দ্পি, চুগ্ধ, নবনীত, সন্দেশ, নারিকেল, কদলী, চিপিটক, চাউল ভাজা— ষত কিছু ভক্তেরা আনিলেন, প্রভু সব খাইলেন। আরো আন, আরো আন বলিতে লাগিলেন। প্রায় তুইশত লোকের আহার্য আহার করিয়া, প্রভু আরো চাহিলেন। প্রভু সকলি গ্রহণ করিলেন। বিশ্বস্তার মুর্জি দেখিয়া ভক্তগণের ত্রাস উপস্থিত হইল।

তথন প্রভুর মৃর্ত্তি মহৈখর্য্যায়। নিত্যানন্দ প্রভু শিরে ছত্র ধরিলেন। আবৈত প্রভু জোডকরে সম্মুখে শুব করিতে লাগিলেন। আর সকল ভক্তেরা যুক্তকরে শির অবনত করিয়া রহিলেন। হঠাৎ প্রভু মৃ্ছিত হইলেন। কতক্ষণে প্রভুর বাহ্যদশা ফিরিয়া আসিল। ভাই বান্ধব বলিয়া সকলের গলা পরিয়া কাঁদিতে লাগিলেন। ঐশ্বর্য প্রকাশ পাইলেই প্রভুর তৎপর মৃর্জ্ঞা হয়। মৃর্চ্ছা ভান্ধিলে দাশ্যভাবে বহু অন্থন্ম বিনয় করেন।

সাত-প্ৰহরিয়া ভাৰ

অপর একদিন শ্রীবাদ অন্ধনে নৃত্য করিতে করিতে প্রভু গৌরহরি বিষ্ণু ধট্টাতে উঠিযা বসিলেন। অন্থান্ত দিন যে খট্টায় বদেন, মনে ২র না জানিয়া বসিয়াছেন। আজ সেরপ নছে। সকল মায়ার আবরণ মুক্ত হইয়া যেন স্বাভাবিক ভাবে খট্টারোহণ করিলেন। এত দীর্ঘ সময় আর কোনদিন থাকেন নাই।

"আমার অভিষেক কর'', আদেশ করিলেন। কলসী-কলসী গঞ্চা জল আসিতে লাগিল। সকলে একত্র-হইয়া অভিষেক ময় পাঠ করিতে লাগিলেন। বেদের "পুরুষ-স্ক্র" উচ্চারিত হইতে লাগিল। সর্বাত্রে নিতাইটাদ প্রভূর

শ্রীমন্তকে জল ঢালিলেন। তারপর সকল ভক্তগণ একে একে ঢালিতে লাগিলেন। মুকুল প্রভৃতি মধুকণ্ঠ গায়কগণ অভিষেক মঙ্গল গান করিতে লাগিলেন। পতিব্রতাগণ উচ্চকণ্ঠে জয় জয়কার দিলেন। দেবতাগণ মানবের বেশে আসিয়া অভিষেকে যোগদান করিলেন। শ্রীবাদের বাড়ীর দাস দাসী-গণও প্রভৃর অভিষেক করিলেন। তুঃখী-নামী এক ভাগ্যবতী মহিলাকে প্রভৃত্ব অভিষেক করিলেন। তুঃখী-নামী এক ভাগ্যবতী মহিলাকে প্রভৃত্বয়ং জল আনিতে বলিলেন। তুঃখী নাম ঘুচাইয়া নাম রাখিলেন "স্বুখী।"

ষোড়খোপছারে পূজা

অভিষেকের পর শ্রীঅক মার্জন করিয়া ভক্তগণ নৃতন বসন পরাইলেন। ফুগন্ধি চন্দন অকে লেপন করিলেন। প্রভু স্বাঃ খট্টার উপবেশন করিলেন। নিতাইটাদ শিরে ছত্র ধরিলেন। কোনও কোনও ভাগ্যধান ভক্ত চামর চুলাইতে লাগিলেন।

পূজার সজ্জা সকল আসিল। পাত্তমর্থ, আচমনী গন্ধপূষ্প, ধূপ-দীপ, নৈবেছা বন্ধ, ষজ্ঞসূত্র, নানা প্রকার অলক্ষারাদি। যোডশ উপচারে গৌরহরির পূজা হইল। শ্রীচরণে তুলসী মঞ্জরী অর্পণ করিয়া ভক্তগণ পূজা সমাপন করিলেন। তার পর স্তব পাঠ। দশুবৎ প্রণামাদি। দকলের চক্ষে প্রেমের নদী।

শ্রীমুখে বলিলেন "কিছু দাও, খাই।" যে যত পারিলেন উত্তম উত্তম দ্রব্য শ্রীহত্তে দিলেন। করুণাময় সকল গ্রহণ করিলেন। মনে হইল সহস্র লোকের খাত খাইলেন। জয় জয় শ্রীশচীনন্দনের জয়। সহস্র কঠে জয়ধ্বনি উঠিল। তারপর প্রভু এক একজন বিশেষ বিশেষ ভক্তকে ডাকিলেন। ডাকিলেন অস্তারের গোপন কথা প্রকাশ করিতে।

গ্রীবাস পশুত প্রতি।

আবে, আবে শ্রীবাস, তোর মনে পডে—দেবানন্দ প্তিতের ভাগবত শুনিতে গিয়াছিলি। বিহবল হইয়া পড়িয়াছিলি ভূমিতলে। অজ্ঞ গুরু-শিশু কেহই তোর ভাবাবেশ ব্ঝিতে না পারিয়া বাহির করিয়া দিল। দেবানন্দ কোন বাধা দিল না। তথন আমি তোর হঃথে বৈক্ঠ হইতে তোর হাদয়ে অবতরণ করিয়াছিলাম। তোরে প্রেমে কাঁদাইয়া নয়ননীরে ভাসাইয়া ছিলাম। মনে পড়ে?

পৰাদাস পণ্ডিত প্ৰতি কহিলেন—"ইয়া রে তোর মনে জাগে—রাজভয়ে

রাত্রিকালে পলায়ন করিতেছিলি। খেয়াঘাটে পৌছিয়া কোন নৌকা বা নাবিক না দেখিয়া হতাশায় কাঁদিতেছিলি। তথন আমি খেয়ারী সাজিয়া নৌকা লইয়া তোকে সামান্ত গলাপার করিয়া দিয়াছিলাম।" কথা শুনিয়া গলাদাস আনন্দ সাগরে ভাসিতে লাগিলেন।

আদেশ দিলেন গৌরস্থনর। শ্রীধরকে আন গিয়ে।'' অর্দ্ধপথ হইতে তার কণ্ঠ শুনিতে পাইবে। উচৈঃস্বরে নাম গাহিতেছে। ভক্তগণ গিয়া শ্রীধরকে কোলে তুলিয়া লইয়া আসিলেন।

ৰোলা-ৰেচা জীধন প্ৰতি

প্রভূ বলিলেন "শ্রীধর এস এস। তোমার সঙ্গে অনেক রঙ্গ করিয়াছি। খোড়, খোলা, মোচা কেনাবেচা লইয়া। জোর করিয়া তোমাব হাত হইতে কাড়িয়া নিয়াছি। আজ তোমাকে বর দিব। কি চাও শ্রীধর বল। অষ্ট-সিদ্ধি চাও তো তাও দিব।" শ্রীধর উত্তর দিলেন—

> ''যে ব্রাহ্মণ কাঢ়িলেন মোর খোলা পাত। সেই ব্রাহ্মণ হোক মোর জন্মে জন্মে নাথ॥''

প্রভূ বলিলেন ''শ্রীধর আমার দিকে তাকাও।'' শ্রীধর চাহিয়া দেখিলেন— মহা জ্যোতির্মায় মোহন ম্রলীধারী শ্রামস্থানর। প্রভূ কহিলেন—''শ্রীধর তুমি আমার জন্ম-জন্মান্তরের দাস—তাই এই মহা-প্রকাশ দেখিতে পাইলে।''

শ্রীঅহৈত আচার্য্যকে প্রভূ বলিলেন—"মাগ নিজ-কার্য়"। আচার্যা বলিলেন "যে মাগিস্থা তাহা পাইস্থা" প্রতিজ্ঞা করিয়াছিলাম, গোলোকধাম হইতে তোমাকে নামাইয়া মর্ত্তালোকে আনিবই। "করাইমুক্কণ্ড দর্ব্ব নয়ন গোচর" প্রতিজ্ঞা বাক্য পূণ হহয়াছে। আর-চাহিবার কিছু নাই।

ত্রী মুরারি শুরের প্রতি

প্রভুকহিলেন "মুরারি আমার রূপ দেখ। মুরারি নয়ন তুলিয়া তাকাইর। দেখিলেন—নবহুর্কাদলশ্রাম স্বয়ং রঘুনাথ। প্রভুকহিলেন—"আমি সেই রাঘবেন্দ্র, তুমি হন্তুমান।" যে তোমার অভিমত বর চাহিয়া লও।" মুরারি উত্তর দিলেন—

প্রভূ, আর নাহি চাই। ছেন কর প্রভূ যেন তোর গুণ গাই॥ কর্ষণামর গৌরহরি তথন হরিদাদের প্রতি দৃষ্টিপাত করিয়। কছিলেন

"হরিদাদ যথন পাপিষ্ঠর। তোমার গায়ে কঠোর বেত্রাঘাত করিতেছিল—
তথন আমি বৈক্ঠ হইতে স্থদর্শন পাঠাইরাছিলাম—কিন্তু স্থনর্শন শক্তিহীন
হইয়া গিয়াছিল কেন জান ? মার খাইবার সময় তুমি পাপিষ্ঠদের মলল
কামনা করিতেছিলে। তুমি যার মলল চাও স্থদর্শনের সাধ্য নাই তার
ক্ষতি করে। তোমার গায়ে যতগুলি দাগ পডিয়াছে—সবই দেখ আমার
অলে। দাগগুলি আমার ভূষণ-হইয়া আছে। হরিদান তোমার তঃথ সঞ্
করিতে না পারিয়া আমি শীদ্র আসিয়াছি।"

''শীদ্র আইলু তোর হঃখ না পারি সহিতে॥''

প্রভুর মধুময় কথা ভনিয়া হরিদাস ধ্লায় লুটাইয়া গডাগডি দিতে লাগিলেন।

আচার্য্যের প্রতি পুনরায়

শ্রীঅহৈতাচার্য্যের দিকে দৃষ্টিপাত করিয়া কহিলেন—"তুমি আমাকে আনিতে অপার পরিশ্রম করিয়াছ। তুমি গীতা পডাও, ভক্তিমার্গের ব্যাখা কর। একশ্লোকে ভক্তিষোগ না পাইয়া উপবাস করিয়াছিলে। তোমার উপবাসে আমার উপবাস। তাই স্বপ্নে তোমাকে বলিয়া দেই শ্লোকের শুদ্ধপাঠ।" "সর্বতঃ পানিপাদস্তং" পাঠনহে। সর্বতঃ স্থলে সর্বত্ত পাঠ হবে। মনে পডে ? তথন আমার এ আবিভবি হয় নাই।" প্রাণগৌরের মধুর কথা আচার্য্য কহিলেন—

আর কি বলিব মুক্তি এই মোর মহন্ব বে, মোর নাথ তুক্তি।"

শীবাস বলিলেন, প্রভূ ভক্তবর মৃক্ল কি অপরাধ করিল। তাকে কেন ডাকেন না? প্রভূ বলিলেন মৃক্ল ভক্তিস্থানে অপরাধী। তাকে ডাকিব না। বেখানে বেখানে ধায় সেই মত কথা কয়। অছৈতস্থানে গিয়া বলে ভক্তি বড়। আবার অক্সন্থানে গিয়া বলে—ভক্তি হইতে জ্ঞান বড়। এই অপরাধে মৃক্ল-ক্লপা পাবে না। বাহির হইতে প্রভূর কথাঁ ভনিয়া, মৃক্ল জানিতে চাহিলেন কোনও দিন পাবো তো?" প্রভূ কহিলেন 'কোটি জন্ম পরে।'' 'ভনিয়া মৃক্ল আনলে ''পাইব, পাইব'' বলিয়া মহানৃত্য আরম্ভ করিলেন।

তথন রঙ্গিয়া গৌরাক কহিলেন—"মুকুলকে ডাক।" আমার কাছে ভোমার কোন অপরাধ নাই। কোট জন্ম পরে পাবে, আমার এই বাক্য অব্যর্থ জানিয়া তুমি নাচিলে। ইহাতে তিলার্দ্ধের মধ্যে কোট জন্ম কাটিয়া গিয়াছে। মুকুল তুমি আমার গায়ক, চিরকাল সক্ষেথাক।

প্রভু তামুল চাহিলেন। ভক্তগণ আদরে দিলেন। প্রভু নিজ অধরামৃত সবাইকে বাটিয়া দিলেন। যাহা অবশেষ ছিল নারায়ণীকে দিলেন। প্রভু বলিরো কান্দ।" নারায়ণী "কুফ কুফ" বলিয়া কান্দিতে আরম্ভ করিল। প্রেমাশ্রু বহিতে লাগিল।

''নবদ্বীপ ধামে এমন মধুময় প্ৰকাশ হইল ধত ভট্টাচাৰ্য্য একজনাও না জানিল''

জগাই-মাথাই উদ্ধার

একদিন ভাবময় গৌরাঙ্গস্থানর আদেশ দিলেন নিতাই আর হরিদাসকে।

ছরে ঘরে নাম বিলাও। অকাতরে যারে তারে নাম দেও। শুধু বল—কুফাকে
ভজনা কর। কুফাকে জীবনের সার কর। নবদ্বীপে গৌরময় হৃজনে রও

হইলেন আজ্ঞা পালনে। কঙশত লোক যোগ দিল। সারা দেশ ভরিয়া
নগর কীর্তনের বোল উঠিল।

জগন্নাথ আর মাধব। তইভাই বাহ্মণ সস্তান। লেখাপড়া জানে। নগর কোতোয়ালের কাজ করে। তইটি বড দোষ। মত্তপানে পূর্ণাসজি আর ছরিনাম কীর্জনে মহা-বিরক্তি। হবিদাস ও নিত্যানন্দ চলিয়াছেন ভজনানন্দে ক্ষনাম কীর্ত্তন করিতে করিতে। তই ভাই নিষেধ করিল। তাঁহারা কর্ণপাত করিলেন না। আরও নিকট হহনা তাহাদের কানের কাছে "ক্ষডেজ, ফ্রুফ কহ" কছিতে লাগিলেন। জগাই কুদ্ধ হইয়া একটি ভাঙ্গা কলসীর কাঁদা নিতাইর প্রতি ছুডিয়া মারিলেন। কপাল কাটিয়া গেল। দর দর রক্তধারা বহিল। এক বিন্তু কুপিত না হইয়া দয়াল নিতাইটাদ বলিলেন—"মেরেছিস আবার মার—তবু হরিনাম কর"। নিতাই গৌরের অসীম কক্ষণার প্রাবনে জগাই মাধাইয়ের মহা পরিবর্ত্তন ঘটিল। তারা অনুতাপে ধ্লায় লুটাইয়া কাঁদিল।

ত্বই ভাই ত্বই ভাইকে বুকে তুলিয়া নিলেন। প্রভু বলিলেন— তো সভার পাপ যত মৃ্ঞি নিল সব। সাক্ষাতে দেধহ ভাই এই অমুক্তব ॥

ত্বজনার শরীরে পাতক নাই আর ইহা বুঝাইতে হৈলা কালিয়া আকার॥

এত বড ছই পাষণ্ডের অচিস্তানীয় পরিবর্তনে নদীয়াবাদী নিতাই গৌরের
ভ হরিনাম কীর্তনের মহা মহিমা উপ্লেট্টিকরিল।

চাঁদ কাজী উদ্ধার

শার্ত্ত পণ্ডিতের দল গৌরস্থলবের মহাবিরোদী ছিল। তাঁহারা নগরের শাসক চাঁদ কাজীর কাছে নালিশ করিল। তাহারা বলিল—এই অস্তুত ভজন পারা হিন্দু ধর্ম বিরোধী। টেচামেচি করিয়া ভগবানকে ভাকিলে তিনি ফুল্ম হইবেন ও মহামারী পাঠাইবেন। দেশের অকলাণ হইবে।

চাঁদ কাজী খোল ভাঙ্গিয়া দিল ও নগরে কীর্ত্তন নিষেধ করিয়া দিল। জ্রীগোরস্থানর কীর্ত্তনের প্রতি নিষেধাজ্ঞা শুনিয়া ক্ষুক্ত হুইলেন। তিনি নগরের অগণিত নর-নারী লইয়া কীর্ত্তন শোভাষাত্র। বাহির করিলেন। আধুনিক ভাষা ব্যবহার করিলে বলা যায়, গৌরহরি সরকারী আইন অমান্ত করিলেন। কারণ এই আইন চিল মানবতা বিরোধী। মানব-সমাজের কল্যাণ বিখাতক।

শ্রীগৌরস্থন্দর সকল ভক্তগণ সমভিব্যাহারে বিরাট নগর কীর্জন বাহির করিলেন। প্রত্যেকের হাতে এক একটি মশাল। প্রভূ প্রভ্যেককে এক একটি দেউটি লইয়া আসিতে নির্দ্ধেশ দিয়াছেন। বৃন্দাবন দাস ঠাকুর এ শোভাষাজ্ঞার অপূর্ব্ব বর্ণনা দিয়াছেন।

> সভেই নাচেন প্রভূ বেঢ়িয়া গায়েন। আনন্দে পূর্ণিত প্রভূ-সংহতি ষায়েন॥

চলিলেন মহাপ্রভু,নাচিতে নাচিতে। লক্ষ কোটি লোক ধায় প্রভুরে দেখিতে॥

চতুৰ্দ্দিগে কোটি কোটি মহাদীপ জ্বলে। কোটি কোটি লোক চতুৰ্দ্দিকে ''হরি'' বোলে'॥

এত বড় নগর কীর্ত্তন কেই কোনদিন দেখে নাই। উদ্ধৃত লোক কাজীর পুষ্পবন ভাগিতে লাগিল। প্রভু স্বাইকে উচ্ছ্যুল হইতে নিষেধ করিলেন। প্রভু কাজীর ত্যারে বসিলেন। তব্য কোক পাঠাইয়া কাজীকে ডাকাইলেন। কাজী আসিয়া মাথা নোয়াইয়া দাঁড়াইলেন। প্রভু বলিলেন, "আমি তোমার বাড়ীতে অভ্যাগত, তুমি লুকাইয়া আছ কেন ?" কাজী বলিলেন "আমি ভানিয়াছি তুমি ক্রুদ্ধ হইয়া আসিয়াছ। তোমাকে শান্ত করার জন্ত লুকাইয়া ছিলাম। এখন শন্তি হইয়াছ তাই আসিলাম। তোমার মত অতিথি পাওয়া আমার মহাভাগ্য। গ্রাম্য-সম্বন্ধে নীলাম্বর চক্রবর্তী আমার 'চাচা।' ডিনি তোমার 'নানা'। সেই সম্বন্ধে তুমি আমার ভাগিনা হও।

ভাগিনার ক্রোধ মামা অবশ্য সহয়। মাতৃলের অপরাধ ভাগিনা না লয়॥

প্রত্ব কহিলেন, মামা, তুমি কাজী। হিন্দুধর্মের বিরোধিতা করার অধিকার তোমার আছে। এখন তো আমরা বিরাট নগর কীর্ত্তন লইয়া তোমার বাজীতে আসিয়াছি। এখন "এবে যে না কর মানা, বুরিতে না পারি॥"

কাজী বলিলেন, গৌরহরি ইহার কারণ বলি, শোন। আমি যেদিন হিন্দুর ঘরে গিয়া কীর্ত্তন মানা করিলাম ও খোল ভাঙ্গিলাম—দেই দিন রাজে এক মহা ভয়য়র সিংহ—সিংছের মত মুখ, মায়ুষের মত দেহ—আমার শ্যার উপর লাফ দিয়া উঠিয়া, আমার বুকে নথ দিয়া বলে—"ফাঁড়িমু তোমার বুক্ মুদঙ্গ বদলে।" এইরূপ যদি আবার কর, সবংশে তোমাদের মারিব ও সকল বিরোধী ধ্বংস করিব।" "এই দেখ আমার বুকে এখনও নখের চিহ্ন আছে।" কাজী বুক দেখাইল। দেখিয়া সকলে বিশ্বয়ায়িত হইল।

প্রভু বলিলেন—''মামা তোমার কাছে একটি দান চাই। নদীয়ায় যেন কীর্ত্তন বন্ধ না কর।

> প্রভূ কছে এক দান মাগিয়ে তোমায়। সংকীর্ত্তন বাদ যৈছে,না হয় নদীয়ায়॥"

কাজী উত্তর করিলেন—"জামার বংশে যে জন্মিবে সেও কীর্ত্তনে বাধা দিবে না। যদি দেয় তাহলে তালাক দিব—অর্থাৎ বর্জন করিব। কাজী বলিলেন-হিন্দুর ঈশ্বর নারায়ণ। আমার মনে হয় তুমি সেই নারায়ণ। "সেই তুমি হও যেন লয় মোর মন।" পাষ্ণীরা তোমার বিরুদ্ধে আমাকে অনেক বলিয়াছে।"

> তারা বলে হিন্দুর ধর্ম ভাসাইল নিমাই যে কীর্ত্তন প্রবর্ত্তাইল কাঁহো শুনি নাই; উচ্চ করি গায় গীত দেয় করতালি

মৃদক করতাল শব্দে কর্ণে লাগে তালি।
ক্ষেত্রের কীর্ত্তন করে যত রাড়বাড
এই পাপে নবদ্বীপ হইবে উদ্ধাড়।
হিন্দু শান্ত্রে ঈশ্ব-নাম মহা মন্ত্র জানি
সর্বলোকে শুনিলে মন্ত্রের বীর্যা হয় হানি।

তারা আমাকে বলিল—তোমাকে ডাকিয়া কীর্ত্তন বন্ধ করিয়া দিতে আদেশ করিতে। কিন্তু আমার ঐকান্তিক বিশাস, তুমি সাক্ষাং নারায়ণ। তোমাকে কিছু বলিব না। কীর্ত্তন বন্ধ করিব না। কাহাকেও বন্ধ করিতে দিব না।

প্রভু গৌরস্থনর বলিলেন—তোমার মুখে রুঞ্চনাম শুনিলাম। তোমার পাপক্ষর হইরা গেল। তুমি পরম পবিত্র হইরাচ। প্রভু কথা বলিবার সময় কাজীর দেহ স্পর্শ করিয়া কথা বলিলেন। প্রভুর স্পর্শমাত্র কাজী রুপাধনে ধনী হইল। স্পর্শমণির স্পর্শে লোহা সোনা হইল। কাজীর চক্ষে জল পড়িতে লাগিল!

এত শুনি কাজীর চুই চক্ষে পডে পানি। প্রভুর চরণ ছুঁই কহে প্রিয় বাণী॥ তোমার প্রসাদে মোর ঘুচিল কুমতি। এই রূপা কব যে তোমাতে রহু ভক্তি॥

গৃহত্যাগের পূর্ব্বাভাস

একদিন প্রভু গৃহে বসিয়া বিষয় মনে "গোপী" "গোপী" বলিতেছেন। দৈবে এক পড্রা আসিয়া বলিল—নিমাই তুমি গোপী গোপী বল কেন, ক্লফ নাম কর। এই কথা শুনিয়া প্রভু ক্লফ নামে দোষোদগার করিতে লাগিলেন ও পড়ুয়াকে ঠেকা লইমা মারিতে উভাত হইলেন।

পড়ুয়া ভয়ে পালাইয়া গেল। গিয়া সকল পড়ুয়াদের ঐ কথা বলিল। শুনিয়া তারা কেপিয়া গেল।

> "ভনি ক্রোধ কৈল সব পঢ়ুয়ার গণ। সবে মেলি করে তবে প্রভুর নিন্দন॥ সব দেশ ভ্রষ্ট কৈল একলা নিমাই।

পুন: यनि ঐছে করে মারিব তাহারে॥"

আবস্থা দেখিয়া গোরছরি ভাবিলেন। সংসার ত্যাগ করিয়া সন্মাসী হইব। সন্মাসী না হইলে ঐ সকল পড়ুয়াদের মন্তক নীচু হইবে না। যেমন ভাবনা তেমনি সংকল্প। স্থির করিলেন সন্মাসী হইবেন। নিত্যানন্দকে মনের কথা ব্যক্ত করিলেন—নিমাক্ত হেঁয়ালী ভাষায়।

"করিল পিপ্পলী খণ্ড-কফ নিবারিতে উলটিয়া আরো কফ বাঢ়িল দেহেতে॥"

ভক্তগণ প্রভুর এই কথার অর্থ ব্ঝিতে পারিলেন না। তবু তাঁদের কেমন যেন একটা ভীতির উদয় হইল।

> "নিজ্যানন্দ ব্ঝিলেন প্রভুর অন্তর। জানিলেন—প্রভু শীঘ্র ছাডিবেন ঘর॥"

महाकीर्जन भर्धन निट्रम

মহাপ্রভু কাজীর আইন অমান্ত করিয়া যে বিরাট শোভাষাত্রা করিয়া চাঁদ কাজীর বাজীতে গিয়াছিলেন ও যে পথ দিয়া নিজগৃহে ফিরিয়াছিলেন তাহার নিখুঁত বর্ণনা শ্রীচৈতন্যভাগবতে তো আছেই, উদ্ধবদাস পদকর্ত্তার একটি পদেও আছে।

প্রভূ গৌরস্থনর নিজের বাড়ীর গন্ধার ঘাট হইতে কীর্ত্তন শোভাষাত্র। আরম্ভ করিলেন—তারপর মাধাইর ঘাট, বারকোনা ঘাট, নগরিয়া ঘাট—এই চারিঘাট অতিক্রম করিয়া গন্ধার নগর দিয়া সিমূলিয়া পৌছিলেন।

"গন্ধাতীরে তীরে পথ আছে নদীয়ায়। আগে সেই পথে নাচি যায় গোঁররায়॥ আপনার ঘাটে বছ নৃত্য করি!
তবে মাধাইর ঘাট গেলা গোঁরহরি॥
বারকোনা—ঘাটে নগরিয়া—ঘাটে গিয়া
গন্ধার নগর দিয়া গেলা সিমূলিয়া॥"

শ্রীচৈতন্য ভাগবত, মধ্যথগু। ২৩শ অধ্যায়।
নবধীপের শেষ প্রান্তের নগর সিম্লিয়া। প্রভু সেখানে গিয়া কাজীর বাডীর
পথ ধরিলেন।

"নদীয়ার একাস্ত নগর সিম্লিয়া। নাচিতে নাচিতে প্রভূ উন্তরিলা গিয়া॥ •••

কাজীর বাড়ীর পথ ধরিলা ঠাকুর। বাত কোলাহল কাজী ভনয়ে প্রচুর॥"

শ্রীচৈতন্যভাগবত, মধ্যখণ্ড। ২৩শ অধ্যায়।

কাজীর বাডী গিয়া তার সঙ্গে কথোপকথন করিয়া তাহাকে ভক্তিধনে ধনী করিয়া প্রভ্—নিজ গৃহ অভিমূথে ফিরিলেন—গঙ্গার তীর পথ না ধরিয়া নগরের পথ ধরিয়া ফিরিলেন। কোন কোন পাডা অতিক্রম করিলেন তাহারও বর্ণনা আছে।

প্রথমে শহ্মবণিক নগরে প্রবেশ করিলেন। তারপর আসিলেন তন্ত্রবায়ের নগরে। এই ত্ই পল্লী ঘুরিয়া প্রভু আসিলেন খোলাবেচা শ্রীধরের বাড়ী। সেখানে লোহপাত্রে জল খাইয়া, গাদিগাছা—পারডাঙ্গা দিয়া, নিজ গৃহে ফিরিলেন।

এই যাতায়াতের পথের বর্ণনা উদ্ধবদাস পদকর্ত্তা মধুর ভাষায় পরপর দিকনির্ণয় করিয়া লিখিয়াছেন। শ্রীচৈতনাভাগবতে শ্রীবৃন্দাবনদাসের বর্ণনা ও উদ্ধবদাসের বর্ণনা মিলিয়া যায়।

"যে দিনেতে গৌরহরি কাজীরে দলন করি
নবদীপ করিলা ভ্রমণ।
চারিঘাট উওরিয়া গঙ্গানগর গ্রাম দিয়া
পরে জলাশয় স্থশোভন ॥
জলাশয় ঐশাভোতে চাঁদ কাজী করে স্থিতে
সিম্লিয়া নামে সেই স্থান।
কাজীরে দলন করি ভক্ত সনে গৌরহরি
দথিন দিশা করিলা গমন ॥
সংকীর্ত্তনে মত্ত হই শৃথ্য তন্ত পল্লী তুই
মহানন্দে করিলা ভ্রমণ।
শ্রীধরের গৃহ হৈঞা গাদিগাছা মাজিদা দিয়া
পশ্চিম দিশা পার-আঙ্গা স্থান॥
তাহার উত্তর দিয়া রাজপণ্ডিতের গৃহ হইয়া
ভক্তগণে মহাস্থী করি।

বায়ুকোণে কিছু দ্বে গলার দক্ষিণ তীরে

নিজ গৃহহ গেলা গৌরহরি ॥
উত্তরেতে নিজ ঘাটে তার পুর্বের মাধাইর ঘাট

নিকটেতে জ্রীবাস অঙ্গন ।
তাহার ঐশিস্তে কোণে বারকোনা ঘাট নামে

যাহা হয় শুক্লাম্বর আশ্রম ॥
তার উত্তরে কিছু দ্বে নগরিয়া ঘাট বরে

তার উত্তরে গলানগর গ্রাম ।

এ উদ্ধব মন্দমতি শোধিতে অক্ষমমতি

নগর শ্রমণ বিরচিল গান ॥

শ্রীচৈতন্যভাগবতের ও উদ্ধবদাসজীর বর্ণনায় তৎকালীন নবদ্বীপের একটি স্থন্দর মানচিত্রফূটিয়া উঠিয়াছে। মহাপ্রভুর জন্মস্থান ও ঐ সব পাডা-পদ্ধী গঙ্গাগতে ভূবিয়া বাওয়ায় ঐ মানচিত্র এখন ধ্যানের বস্তু হইয়া আছে।

প্রদক্ষতঃ বলিতেছি একটি বিশিষ্ট বৈষ্ণব সম্প্রদায়ের অভিমত এই যে মহাপ্রর জন্মস্থান গলাগর্ভে যায় নাই। তাহা মায়াপুর নামক স্থানে অবস্থিত। চাদ কাজীর বাজী যে গলাগর্ভে লুগু হয় নাই ইহা সকলেই মানেন। বাঁহারা মহাপ্রত্ব জন্মস্থান হৈতে কাজীর বাজী যাইকার ও আদিবার পথ ছটি দেখাইয়া দিতে হইবে। যদি না দেখাইতে পারেন তাহা হইলে তাঁহাদের দাবী অমাত্মক ব্ঝিতে হইবে। মহাপ্রত্ব জন্মস্থান কোনটি যদি ঠিক করা নাও যায়, তাহা হইলেও যেটি ঠিক নয় সেটি চক্ষমান ব্যক্তি গ্রহণ করিবে কিরপে গ মায়াপুর, এই নামটি প্রতিতক্তমঙ্গল—এই তিনটি মহাগ্রহের কোথাও দৃষ্ট হয় না। কাজীদলন কাহিনী প্রীচৈতক্তভাগবতে মধ্যথও জয়োবিংশ অধ্যায়ে ও প্রীচৈতক্তচেরিতাম্ত আনিলীলায় সপ্তদশ পরিচ্ছেদে বর্ণিত আছে। কোথাও "মায়াপুর" নামটি দেখিতে পাই না।

जन्माद्या भवाम्भा

একদিন প্রস্থারহরি নিতাানন্দের হাত ধরিয়া নিভূতে বসিলেন। শোন শ্রীপাদ আমি তোমাকে অন্তরের কথা বলি। আমি আদ্রিলাম জগত তারিতে। এখন দেখি বিপরীত হইতেছে। ওরা যথন আমাকে মারিতে ইচ্ছা করিয়াছে, তথন ওদের বন্ধন কোটিগুণ বাডিয়া গেল।

> আমাকে মারিতে যবে করিলেক মনে। তথনেই পড়ি গেল অনেক বন্ধনে॥

আমি যদি শিখা, স্ত্র সব মৃত্তন করিয়া সন্ত্রাসী হইয়া, যে মারিতে চাহিয়াছে
—তার ত্রারে গিয়া ভিক্ক হই, তবে সে আমাকে দেখিয়া চরণে ধরিবে।
নিতাই তুমি যদি জগত জীবের উদ্ধার চাও তাহা হইলে এই কার্য্যে আমাকে
নিষেধ করিও না।

প্রভুর কথা শুনিয়া নিতাই চাঁদ উত্তর করিলেন—
নিত্যানন্দ বোলে প্রভু! তুমি ইচ্ছাময়
তোমার যে ইচ্ছা সেই আমার নিশ্চয়॥

নিতাই চাঁদের বাক্যে প্রভু সম্ভুষ্ট হইলেন। পুনঃ পুনঃ তাহাকে আলিকন করিলেন। নিতাই উত্তর দিলেন বটে, কিন্তু নিতাইয়ের অন্তরে একটি ভাবনাই বেদনাত্মক।

> স্থির হই নিত্যানন্দ গণে মনে মনে। "প্রভু গেলে—আই প্রাণ ধরিব কেমনে॥

বিরুহে ভাবোচ্ছাস

প্রাণের গৌরাক্সন্দর দয়াদী হবেন। এখনও হন নাই, হবেন, এই ভাবী বিরহের নিদারুণ বেদনায় ভক্তগণ যৎপরোনান্তি ব্যাকৃল হইয়া পড়িলেন। সকল প্রিয়জনেরা ভ্বিলেন ভাবী বিরহের হৃ:খ সম্দ্রে। প্রাণপ্রিয় মৃকৃন্দ কাঁদিয়া কহিলেন—প্রভু আমাদের ছাড়িয়া যাবেন তো যাবেনই, কে আপনাকে ঠেকাবে। কিন্তু এখন ওকথা মৃথে আনিবেন না। আমাদের নবদীপ ভরিয়া এই আনন্দ আরও চলুক—উত্তরোত্তর বাড়িতে থাকৃক। এখনি সাক্ষ করিবেন না।

প্রাণধন গদাধরের মাথায় যেন বজ্ঞাঘাত হইল—হাদয়ের গোরাচাঁদ সন্মাদী হবেন, এই কথা শুনিয়া ভর্পনার হুরে গৌরহরিকে কহিলেন, শিথা-সূত্র ত্যাগ করিয়া সন্মাদী হইলে কি হইবে? ক্ষুপ্রাপ্তি হইবে? এ জগতে গৃহস্থ বৈষ্ণব নাই?

শিখা-স্ত্ৰে মূড়াইলে যদি ক্বফ্ট পাই ? গৃহস্থ তোমার মতে বৈফ্বব কি নাই॥

ইহা তোমার আজগুবি মত! বেদাদি শান্ত্রের এই মত নছে। সন্ন্যাসী হইবা কিন্তু তার আগে মাতৃবধের পাপে ডুবিবা।

"প্রথমে তো জননী বধের ভাগী হবে।"

প্রভূ চাঁচর কেশ মুগুন করিয়া সন্ত্রাসী হবেন শুনিয়া অনেকেই মুর্চ্ছিত হইয়া পড়িলেন। সন্ত্রাসী হইয়া একা একা কেমনে পথ চলিবেন। ক্ষুধায় তৃষ্ণায় অন্ধ জল কে মুখে দিবে ভাবিয়া ভক্তগণ অন্ধ জল ত্যাগ করিলেন।

এইমত ভক্তগণ ভাবে নিরস্তরে। অন্ন পান কারো নাহি রোচয়ে শরীরে॥

নিভূতে প্রাণের দেবতাকে পাইয়া দেবী বিষ্ণুপ্রিয়া কহিলেন—শুনিলাম তুমি গৃহত্যাগ করিয়া সন্মাসী হইবে। আমার মাধায় হাত দিয়া বল—
যদি একথা হয় আমি এক্ষনি তোমার সন্মুখে প্রাণ বিসর্জন করিব।

শুন শুন প্রাণনাথ মোর শিরে দেহ হাত সঞ্চাস করিবে নাকি তুমি লোকম্থে শুনি ইহা বিদারিয়া যায় হিয়া আগুনেতে প্রবেশিব আমি ॥

ফুলের মত কোমল তোমার চরণ। আমার কঠোর হাতে দেবা করিতে ভয় লাগে। এ চরণে কন্টকাকীর্ণ বনপথে কি করিয়া চলিবে ?

> শিরীষ কৃষ্ম যেন কোমল চরণ তেন পরশিতে মনে লাগে ভয়। ভূমেতে দাঁড়াও যবে প্রাণ মোর লও তবে হেলিয়া পড়এ পাছে সর্বত্ত॥

বলিতে বলিতে দেবী নিস্তন হইয়া গেলেন। নয়নের তপ্ত আঞা বুক বাছিয়া আঝোরে ঝারিতে লাগিল। মূথ বন্ধ করিধা বুকে হাত দিয়া প্রভু গৌরহরি কেবল শুনিলেন।

পুত্র বংসলা স্নেহের খনি শচীদেবী নিমাইটাদকে নিজে কোলে টানিয়া গদ্গদ কণ্ঠে কহিলেন—বাপকে আমায় ছেড়ে যাসনে। এই পোড়া পরাণ বেঁচে আছে-শুধু তোমার মুখখানা দেখিয়া।

না বাইয় না বাইয় বাপ! আমারে ছাড়িয়া। শাপ জীউ আছে তোর শ্রীমুখ দেখিয়া॥

তোর দাদা বিশক্ষপ আমার বৃকে শেল দিয়া ছাড়িয়া চলিয়া গেল। তোর পিতা অকালে চলিয়া গেলেন সকলকে শোকসাগরে ভাসাইয়া। আমি এই সকল নিদারুণ হৃঃথ ভূলিয়া আছি শুধু তোমার মুথখানির দিকে তাকাইয়া। তুই গেলে এই প্রাণ আর দেহে বইবে না। তোর পদ্মের মত চক্ষু হৃটি, তোর চাঁদপানা বদনখানি. তোর মত্ত হাতির মত গমনভঙ্গি, তোর কান জুড়ান বচন, তোর ঘর আলোকরা অঙ্কের বরণ, এসব না দেখিয়া আমার প্রাণ-পাখী এ দেহ খাঁচাটি ছাডিয়া চলিয়া যাবে।

> অমিয়া বরিখে যেন স্থন্দর বচন কেমনে বঞ্চিব না দেখি গজেন্দ্র গমন॥

ঘরে পূর্ণিমার চাঁদের মত বধুমাতা। তার চোথে অবিরল অঞ্চলল দেখিয়া কেমনে দেহে প্রাণ রাখিব। কোন ভাষা দিয়া আমি তার সদাতপ্ত প্রাণে শাস্তি দিব। তোর বিরহে লক্ষীপ্রিয়া দেহত্যাগ করিল আমার সামনে। বিষ্ণুপ্রিয়াকে কোলে পাইয়া আমি তাব দৃঃখ ভূলিয়াছি। এখন তোর বিরহে বধু আমার অনাথিনী হবে—ব্যর্থ জীবন লইয়া সে কী করিবে ? কি বলিয়া তাকে প্রবোধ দিব!

নিমাই তুই আর ক'দিন থাক। তোর সম্মুখে আমরা হ'জনে প্রাণ বিসজ্জন দেই। তারপর যেথা খুসী চলে যা। বলিতে বলিতে শচীদেখী বিবর্ণ হইয়া গেলেন। দিনে দিনে দেহ অস্থিচর্মসার হইয়া গেল। শোকাকুলা জননী ও ঘরণী আহার নিদ্রা ত্যাগ করিয়া কেবল গুমরিয়া কাঁদিতে লাগিলেন।

শচীমাতা আবার বলিলেন—নিমাই তুই না জগতের লোককে ধর্মশিক্ষা দিতে এসেছিস। মাকে প্রাণে মারিয়া জগতকে কি ধর্ম শিখাইবি ১

> তুমি ধর্মময় যদি জননী ছাড়িবা কেমতে জগতে তুমি ধর্ম বুঝাইবা॥

শোন নিমাই আমার পরামর্শ—নবদ্বীপে থাক—তোর প্রাণের দোসর নিতাই আছে—তোর অভিন্ন প্রাণ গদাই আছে। আর কতশত প্রাণের জন আছে। এদের লইয়া গৃহে থাকিয়া কীর্ত্তনানন্দে ডুবিয়া থাক।

এই বলিয়া মা নিমাইর গলা ধরিয়া হা-ছতাশ করিতে লাগিলেন। মায়ের তপ্ত অশ্রুধারায় নিমাইর সোনার দেহ ভিজিয়া গেল।

অভিনৰ প্ৰবোধ বাক্য

প্রভূ গৌরহরি সন্ন্যাস লইবেন—এই সংবাদ চাপা রাখা পেল না।
শচীমাতা শুনিলেন। বিষ্ণুপ্রিয়া দেবী শুনিলেন। ভক্তবৃন্দ শুনিলেন। চতুর
চূড়ামণি তাহাদিগকে প্রবোধ দিয়া আখন্ত করিলেন। ভক্তদের বলিলেন—
তোমাদের সঙ্গে আমার সম্বন্ধ জন্ম জন্মের। প্রত্যেক জন্মেই তোমরা আমার
সঙ্গে আছ। এই মত আরও তুই অবতার আছে। তাহাতেও তোমরা
আমার সঙ্গে এই মত রঙ্গে কীর্ত্তনানন্দে মাতিয়া রহিবে।

জননীকে বলিলেন—মা তুমি আমার আজিকার মাতা নও। এক সময় তুমি ছিলে পৃশ্লি। তথন তোমার পুত্র হইয়াছিলাম। তারপর তুমি অদিতি, আমি বামন। তুমি দেবছুতি মাতা, আমি পুত্র কপিল। তারপর তুমি কৌশল্যা, আমি রাম, তারপর তুমি দেবকী, আমি দেবকীপুত্র। আরও তুই জন্মে এইরূপে সংকীর্ত্তনারন্তে আমি তোমার পুত্র হইব। তোমার আমার কথনও ছাডাছাডি হইতে পারে না।

প্রভূ সকলকে বলিলেন—

তোমরাই ভাব আমি সন্ন্যাস করিয়া।
চলিলাঙ আমি তোমা সভারে ছাড়িয়া॥
সর্ব্বথা তোমরা ইহা না ভাবিহু মনে।
তোমা সভা আমি না ছাডিব কোন ক্ষণে॥

প্রভু সন্থাদী হইবেন এই সংবাদে জননী ও ঘরণী বজাহতের মত নির্বাক হইয়াছিলেন। প্রভুর মধুর কথাবার্তায় তাহার! সকলে বৃঝিলেন ধে মায়ের অবাধ্য হইয়া পত্নীর প্রাণে ব্যাথা দিয়া তিনি কোন কার্য্য করিবেন না। সকলেই আশ্বন্ধ হইলেন।

তথন হইতে নিমাইর অন্তর্মপ হইল। মাকে ওগৃহিণীকে ভুলাইবার জন্ম গৃহকার্য্যে একান্ত ভাবে মনোনিবেশ করিলেন। ছাত্রগণকে পড়াইতে আরম্ভ করিলেন। নিত্য সন্ধ্যাবন্দনা, গৃহদেবতার অর্চ্চনা নিপুণভাবে করিতে লাগিলেন। এমন কি গৃহের আয় ব্যয়্ম সংক্রোন্ত ব্যাপারেও মনোনিবেশ করিলেন। সংসারের কার্যে এত অভিনিবেশ দেখিয়া শচীমাতা ও বিষ্প্রিয়া গৃহাই গেলেন যে তাঁহাদের প্রাণধন কথনও সংসার ছাডিবে। বেলে-আ।

সন্ত্যাদের রাজ

বেদিন গৌরস্থনর গৃহত্যাগ করিয়া পলায়ন করিবেন, সেইদিন রাজের প্রথম ভাগে তিনি দেবী বিষ্ণুপ্রিয়াকে আন্তরিক ভাবে আদর-সোহাগ করিবেন।

> "যুঞা উরু-উপর, চিবুকে দক্ষিণ কর, পুছে কিছু মধুর অক্ষর॥

নিজে তাহাকে পুষ্পালার দাজাইলেন। তার হাতে নিজে দাজিলেন।
মধুমাথা কথা। মধুমর ব্যবহার ছারা তাঁহার মন জয় করিয়া আত্মদাৎ
করিলেন। বলিলেন—

"আমি তোমা ছাড়িয়া সন্মাস করিব গিঞা একথা বা কে কহিল তোক্তে।

ইছা বলি 'গৌরহরি' আশ্লেষ-চূদন করি
নানা রস কৌতুক বিহারে।
অনস্থ বিনোদ প্রেমা, লীলা লাবণ্যের সীমা
বিষ্ণুপ্রিয়া তৃষিল প্রকারে॥"

সেদিন প্রাণের ঠাকুর গৌরাঙ্গস্থনর দাম্পত্য প্রেমের একটি নিখুঁত লীল. অভিনয় করিলেন। স্বামী সোহাগে আত্মহারা দেবী আনন্দ সাগরে ডুবিয়া গাঢ় নিদ্রায় নিমগ্না হইলেন।

চতুর চ্ডামণি গৌরাক্স্কর শেষরাত্তে শব্যাত্যাগ করিয়া উঠিলেন। ধীরে অতি ধীরে, অতি সন্তর্পণে নীরবে উঠিলেন। নিদ্রিতা বিষ্ণুপ্রিয়ার প্রেমমাখা বদন পানে একটিবার মধুর দৃষ্টিপাত করিলেন। উদ্দেশ্যে গৃহদেবতাকে প্রণাম করিলেন। জনস্ক্রি আদরের নদীয়াকে প্রণাম করিয়া চিরতরে বিদায় লইলেন।

জ্রুতগতিতে চলিলেন কাটোয়া অভিমুখে। ঐ দিন ১৪৩১ শকের ২৯ মাঘ বুধবার। প্রভুর জন্ম ১৪০৭ শকের ফাল্কনে। স্থতরাং গৃহত্যাগের সময় প্রভুর বয়স ঠিক ২৪ বছর। পরদিন সকালে ৩০শে মাঘ উত্তরায়ণ সংক্রান্তি। প্রভূ নিত্যানন্দকে পূর্কেই বলিয়াছেন—

> "এই সংক্রমণ উত্তরায়ণ দিবসে। নিশ্চয় চলিব আমি করিতে সন্মাসে॥"

সত্য সংকল্প প্রভূ যাহা বলিয়াছেন তাহাই করিলেন। পথে প্রথম বাধা দিল ভাগীরথী। প্রভূ সাষ্টাঙ্গ প্রণত হইয়া ভাগীরথীর জল শিরে লইয়া ঝাঁপাইয়া পড়িলেন। মাঘ মাসের প্রবল শীতের মধ্যে সাঁতার কাটিয়া ধরমোত। গঙ্গা পার হইলেন।

কৃষ্ণপ্রেমের আকুল টানে, জ্বীব জগতের কল্যাণের ঐকান্তিক বাসনায় গৌরস্থলরের এই মহাত্যাগ মানব ইতিহাসে অতুলনীয়।

নদীয়ায় শোকের পাথার

পরদিন আন্ধা মুহুর্ত্ত হইতে নদীয়ায় হাহাকার ধ্বনি উঠিল। সকলে শোকের পাথারে ভুবিল। নিমাইচাঁদ গৃহ ছাডিয়াছে, একথা যে শুনিল সেই বুকে করাঘাত করিয়া ভূমিতে লুটাইয়া পডিল। নবদ্বাপের প্রতিটি নর-নারী নিমাইকে গভীরভাবে ভালবাসিত। যারা বাহতঃ বিরোধিতা করিত, তারাও অন্তরে তাঁকে ভালবাসিত। ভালবাসার ধনকে কেহ ভাল না বাসিয়া থাকিতে পারে না।

বিরোধীরা বিরোধ করিত তার মতের সঙ্গে, পথের সঙ্গে। কিন্তু এই প্রাণহারী ব্যক্তি পুরুষটি ছিল সকলের পরম আদরের ধন। অত সৌন্দহা, অত মাধুহা, অমন স্নেহ-প্রবণতা, অমন অমায়িকতা আকর্ষণ করিত প্রত্যেকটি পুরুষ নারীকে। গৃহত্যাগের পরই বোঝা গেল শচী-ত্লালের প্রতি নদীয়ার প্রত্যেকটি মান্থ্রের প্রতি প্রবাহ কত নির্মাল, কত বেগবতী কত উজ্লোসময়। অগণিত লোক ছুটিয়া আসিল শচীমাতার শৃত্য আদিনায়। সেধানে কী

শচীমাতা কাঁদেন—আর্ত্তনাদ করিয়া। তাঁর নিম্-নিম্ ডাকে সকলের বুকের পাঁজর ভালিয়া যায়। বিষ্ণুপ্রিয়া কাঁদেন শুমরিয়া। তাঁয় ত্'চোথের ধারা ছুটে তীব্র বেগে ম্থ-বুক ভিজাইয়া। শাডীর অঞ্চল সিক্ত করিয়া, আজিনার ধূলি কর্দমাক্ত করিয়া। বেদনার এ মূর্ব্ত বিগ্রহটি যে একটিবার চাহিয়া দেখিল, সে ভূমিতে পড়িয়া হা গৌর, হা গৌর বলিয়া নিশ্মম ভাবে পড়াগডি করিতে লাগিল। এই বিরহ ব্যাথার জুড়ি নাই।

বৃন্দাবনের কৃষ্ণহারা নরনারী জানিত প্রাণকৃষ্ণ মণুরায় জাছে। স্থথে রাজঐশ্বর্যে আছে। বাক্য দিয়াছেন আবার আসিবেন। নদীয়ার প্রিয়জনেরা জানে না তাদের প্রাণ সর্বন্ধ কোথায় গেল। কবে আসিবে। আর আসিবে কি না? সকলেই জানে সন্ন্যাসীর থাকার নির্দিষ্ট স্থান থাকে না। সন্ধ্যাসী তৃঃথে কটে কঠোরতায় থাকে। আর গৃহে ফেরে না। নারীমূখ দেখে না সহধর্মিনীরও না। তাই নদীয়াবাসীর বেদনা অপরিসীম। বৃন্দাবনের সক্ষেই যথন তুলনা চলে না তথন বিশ্বে অতুলনীয়ই বল। যায়। তাদের প্রবোধ দেবার কথা দ্রে থাকুক—তাদের অবস্থা বর্ণনা করিতে গেলেও ভাষা মৃক হইয়া যায়। লেখনী ভক্ক হইয়া থাকে।

হরি বিরহে এই বেদনাই জীবের সাধনা। নিমাইয়ের সন্যাসে সাধনার একটি নৃতন ত্যার ধোলা হইল। এই নিগৃঢ় পথে রসিক ভক্ত লীল। গছনে প্রবেশ করিবে যুগ যুগ ধরিয়া।

কাটোরায় সর্যাস

গঙ্গার নিদয়া খাট আজও সেই নিদারুণ দিনের সাক্ষ্য দিতেছে। গঙ্গা সাঁতরাইয়া সিক্ত বসনে নগ্ন চরণে তীর বেগে নদীয়ার প্রাণ প্রবেশ করিলেন কাটোয়ায় কেশব ভারতীর কৃটিয় প্রাঙ্গণে—গৌরহরির প্রবল গভিবেগ শ্বির হইল।

"ভারতী গোঁসাই আমাকে সন্নাস দেন" বলিয়া গোরা শশী প্রণত হইলেন ভারতী মহারাজের পাদপদ্মে। ভারতী বিশ্বয়ে হতবাক্। বৃদ্ধা জননী—
যুবতী ভার্যা গৃহে। বয়স মাত্র চবিবশ। এই যুবক কে, কি করিয়া, কোন
প্রাণে—কোন শাস্ত্র বলে সন্নাস দিবেন ভারতী মহারাজ।

সকল দিকে বাধা! শান্ত বাধা দেয়। সমাজ বাধা দেয়। বিচার-বৃদ্ধি বাধা দেয়। প্রাণের সহজ প্রেম প্রীতি বাধা দেয়। কিন্তু এই বাধা ঠেলিয়া ফেলিতেই হইল। সেই মহতী ইচ্ছাকে কৃথিবে কে?

অগণিত নরনারীর পাষাণ গলা কায়ার রোলের মধ্যে ভারতী যন্ত্রচালিতের
মত বাধ্য হইলেন প্রাণধন গৌরস্থলরকে সয়্যাসের বেশ দিতে। প্রভ্
কহিলেন, গুরুদেব, আমি স্বপ্নে একটি মন্ত্র পাইরাছি। দেখুন ভো এইটিই
আমাকে দিবেন কিনা। ভারতী গৌর মৃথ হইতে আগে মন্ত্র শ্রুতিগোচর
করিলেন। তাহাই আবার নিমাইর শ্রুতিমূলে উচ্চারণ করিলেন। যাঁর
ইচ্ছার নিথিল বিশ্ব চলিতেছে—তার ইচ্ছাতেই বাজীকরের করের পুজ্লের
মত্ত—ভারতী গোঁসাই যাহা করণীয় সকল করিলেন।

নদীয়া নাগর গৌরস্করের প্রাণ মনোছারী কেল-বেশ, বসন ভূষণ সকলই

অন্তহিত হইল। রহিল মৃত্তিত মন্তক। কটিতে ডোর কৌপীন। করে দণ্ড। কমপুলু। জ্বলন্ত পাবক শিখার মত একটি স্থান্ত, স্কি। সকলে প্রত্যক্ষ করিল মৃত্তি বহ্মণা তেজ। গায়ত্রীর বরেণ্য ভর্গঃ প্রকটিত। ছিলেন শুধু নদীয়ার ধন, হলেন বিশ্বজীবের আরাধ্য দেবতা "শ্রীকৃষ্ঠিতেন্য মহাপ্রভূ।"

আজ গৌরস্কলরকে সকলে দর্শন করিতেছেন কিরপ—কবি কর্ণপুরের ভাষায়—

ততোহন্যেত্যঃ শ্রীমান্ ধৃত করকদণ্ডঃ সদক্ষণং বহন্ বাসোদন্দং বহল তড়িদচিচঃ প্রতিক্কৃতিঃ। অকস্মানেকশ্মিন্ পথি গুক্দশিখো গৈরিক ময়ো— ব্যদ্ধি স্বর্ণান্তিপ্রবর ইব তৈর্গোরশশভূৎ॥ ১১।৬৫

আজ গৌরাঙ্গ চন্দ্রকে সকলে দর্শন করিতেছে—একটি গৈরিকময় সোনার পর্বত তুল্য। বিহাৎমালার মত উজ্জ্বলাঙ্গ গৌরহরির শ্রীকরে দণ্ড কমশুলু। স্থদীর্ঘ শিখা বিশিষ্ট অঞ্চণ বর্ণ—বহিব্বাস ও উত্তরীয়ধারী।

ত্রজযাত্রী—শান্তিপুরে

সন্ত্যাস গ্রহণের পরই আবার গোরাচাঁদের প্রাণে জাগিয়া উঠিল কৃষ্ণ বিরহজালা। কোথায় কৃষ্ণ। কোথায় যাব। কোথায় গেলে কৃষ্ণ পাব এই বলিয়া কাঁদিতে কাঁদিতে প্রভূ ছুটিলেন ব্রজের পথে। ব্রজ কোথায়, কোন দিকে কোন জ্ঞান নাই। কৃষ্ণ বিরহে জ্ঞান হারা। তিন দিন রাচ্দেশে ঘুরিলেন। জনাহারে অনিদ্রায় ব্রজনাথের অন্তেষণে যাহাকে নিকটে পান তাহাকেই জিজ্ঞাসা করেন "বৃন্দাবন কতদ্রে"। বিরহিনী রাধার ভাবাবিষ্ট গৌরহুরি কেবল কৃষ্ণকে অন্তুসন্ধান করিতেছেন। হঠাৎ দেখিলেন সন্মুখে শ্রীনিত্যানন্দ। প্রভূ অতি সহজভাবে জিজ্ঞাসা করিলেন—শ্রীপাদ কোথায় যাবে ? নিত্যানন্দ বিলিলেন "তোমার সঙ্গে শ্রীবৃন্দাবন যাব"। পরম আনন্দে প্রভূ জিজ্ঞাসা করিলেন—"বৃন্দাবন আর কতদ্র আছে।" "এই ত বৃন্দাবনে এসেছি, সন্মুখে দেখ যমুনা" নিতাইচাঁদ কহিলেন।

"অহে। যম্নার তীরে আসিয়াছি, আমার মহাভাগ্য" এই কথা বলিয়।
গৌরস্থলর আনন্দাপুত হইয়া যম্না মনে করিয়া গলায় ঝাঁপ দিয়া পড়িলেন।
সাঁতার খেলিতে খেলিতে যম্নার স্থব পাঠ করিতে লাগিলেন—

চিদানন্দভানোঃ দদা নন্দস্নোঃ পরপ্রেমপাতী দ্রবক্ষগাত্তী।

অঘানাং লবিত্রী জগৎক্ষেমধাত্রী পবিত্রী ক্রিয়ালো বপুমিত্রপুত্রী॥

কতক্ষণ পরে প্রভুর দৃষ্টি পরিল তীরের দিকে। দেখেন অভৈতাচার্য্য দাঁডাইরা আছেন। বিশায়ান্তি হইয়া জিজ্ঞাসা করিলেন—

> তুমিত অধৈত গোঁসাঞি হেখা কেন আইলা। আমি বৃন্দাবনে তুমি কেমতে জানিলা॥

আচার্য্য নিত্যানন্দের চাতুরালী বুঝিলেন। বলিলেন—আমার পরম ভাগ্য তুমি শান্তিপুর আদিয়াছ। মনঃক্ষুহইয়া গৌরহরি বলিলেন—"দে কি! নিত্যানন্দ আমাকে বঞ্চনা করিয়াছে। গলা দেখাইয়া যমুনা কহিয়াছে!"

আচার্য বলিলেন, "শ্রীপাদ নিত্যানন্দ মিথ্যা বলিবেন কেন। যেখানে তুমি বিজমান সেই স্থানই তো বৃন্দাবন। আর গঙ্গার পশ্চিম তীরে স্থান করিলে যম্নাতেই স্থান করা হয়।" আচার্য্যের অন্থনয়ে গৌরহরি জল হইতে উঠিলেন। আচার্য্য কর্তৃক আনীত শুক্ষ কৌপীন ও বহির্বাস পরিধান করিলেন। তাঁর সঙ্গে নৌকায় উঠিয়া শান্তমনে শান্তিপুরে পদার্পণ করিলেন।

অবৈতোচার্য্য পরম উল্লাসে নৃত্য করিতে লাগিলেন। গান ধরিলেন—

কি কহব রে সথি আজুক আনন্দ ওর।

চিরদিনে মাধব মন্দিরে মোর।

আচার্য্যানী সীতাদেবী রন্ধন করিলেন। আচার্য্য ভোগ লাগাইলেন। কত শত শত দ্রব্য যে রন্ধন করিয়াছেন—কত আদর ভক্তিভরে সীতাদেবী যে ভোগ প্রস্তুত করিয়াছেন তাং৷ ভাষায় বর্ণনা করা যায় না। ছই প্রভু লইয়া, আচার্য্য গৃহে গেলেন। প্রসাদ দর্শনে প্রভুর অন্তর আনন্দে ভরিয়া গেল। শুকুষণকে এমন ভোগ দিয়াছেন এইজভা আনন্দ।

প্রভু কহিলেন এত উপকরণ সন্ন্যাসীর ভক্ষ্য নহে। আচার্য্য কহিলেন, সন্ন্যাসের জারিজ্বি ছাড। "ভোজন করহ ছাড় বচন চাতুরী।" আচার্য্য ও সীতাদেবীর অসীম আগ্রহে প্রভু প্রসাদ গ্রহণ করিলেন।

নদীয়া জীবন গোরাক্ষ্মনর শান্তিপুরে অবৈতগৃহে শুভ-বিজয় করিয়াছেন এই সংবাদ সর্বত্ত ছড়াইয়া গেল। নদীয়ার বিরহ-কাতর ভক্তগণ ছুটিয়া আসিয়াছেন। কবি কর্ণপুর বলিয়াছেন—"মনে হইল ধেন সমগ্র নবন্ধীপ নগরীটাই আসিয়াছে।

"কিমন্যন্বক্তব্যং গভমিব নবন্বীপমভবং।" ১১।৬৪

শোকাতুরা শচী জননী আসিয়াছেন। আচার্য্যরত্ম সঙ্গে দোলায় আনিয়াছেন।
শচী আগে পড়িলা প্রভু দণ্ডবৎ হৈয়া
কান্দিতে লাগিলা শচী কোলে উঠাইয়া॥

অঙ্গ মোছে মৃথ চুম্বে করে নিরীক্ষণ। দেখিতে না পায় অঞ্চ ভরিল নয়ন॥

মা বলিলেন—"নিমাই, বিশ্বরূপের মত নিষ্ঠুরত। করিদ না। সন্ন্যাসী হইরা আবার দেখা দিল না। তুই তেমন করিলে আমার মৃতু। হবে।"

গৌরস্থন্দর কহিলেন—"মা, এই দেহ তোমারই। তোমারি শরীর এতে মোর কিছু নাই। তুমি ধাহা কহ তাহাই করিব। যে আদেশ কর তাহাই পালন করিব।" এই কথা বলিয়া পুনঃপুনঃ নমস্কার করিতে লাগিলেন। নিমাইর উক্তিতে মা তুই হইয়া পুনঃপুনঃ কোলে করিতে লাগিলেন।

পৌরস্থন্দর দশ দিন অদৈত গৃহে ছিলেন। প্রথম দিন সীতাদেবী পাক করিয়াছিলেন; পরে প্রত্যেকদিন শচীমাতাই আদরে শত শত দ্রব্য রামা করিয়া নিমাইকে ভোজন করাইতেন।

নিমাই কীর্ত্তন করিতে করিতে ধ্লায় পডিয়া ধায়। অঙ্গে কত ব্যথা।
লাগে দেখিয়া শচীমাতা নারায়ণের চরণে প্রার্থনা করিলেন—

যে কালে নিমাই পড়ে ধরণী উপরে। ব্যথা যেন নাহি লাগে নিমাই শরীরে॥

সকল ভক্তের একান্ত অন্তরোধ দত্তেও ধর্মপ্রাণা জগজ্জননী শচীদেবী সন্মাসী পুরকে আবার গৃহে ফিরিতে আদেশ দিতে পারিলেন না। শুধু একটি নির্দেশ দিলেন—"ত্মি বৃন্দাবনে যাইও না। বজ দ্ব বৃন্দাবন। প্রীধামে থাক, নবদ্বীপ হইতে অনেক কাছে। তোমার খবর বার্তা সহজে পাব।"

গৌরস্থনর দিন দশেক শান্তিপুর থাকিলেন। ভক্তসকে বছ আনন্দলীলা করিলেন। তারপর সকলকে আবার তৃঃখ দাগরে ভাদাইয়া চলিলেন, মাতৃ-আজ্ঞা শিরে ধারণ করিয়া, পুরীধাম অভিমুখে।

ভক্তগণ কতদূর পর্যান্ত প্রভূব সঙ্গে সঙ্গে চলিলেন। তারপর প্রভূ সকলকে প্রবোধ দিয়া মধুর কথা বলিলেন—

"চিত্তে কেছো কোনো কিছু না ভাবিহ ব্যাথা। তোমা সভা আমি নাহি ছাড়িব সর্বথা॥ কৃষ্ণ নাম লহ সভে বসি গিয়া ঘরে। আমি আসিব দিন-কথেক ভিতরে ॥

শ্রভু দক্ষিণ মুখে চলিলেন। ভক্তগণ ভূমিতে আছাত পডিয়া আর্ত্তনাদ করিয়া ক্রন্দন করিতে লাগিলেন। ক্রফচক্র মথুরায় গেলে গোপীগণ ষেমন শোক সমুদ্রে ভূবিয়াছিলেন—গৌরভক্তগণেরও আজ সেই দশা হইল। শ্রীবৃন্দাবন দাসজী বলিয়াছেন—

"দৈবে দে-ই প্রভু, ভক্তগণো দে-ই দব। উপমাও দে-ই সে, দে-ই দে অন্তুত্তব॥"

পুরী পথে

জগন্নাথই কৃষ্ণ। কৃষ্ণই জগন্নাথ। কৃষ্ণ বিরহী গৌরাকস্থন্দর জগন্নাথের বদন দেখিয়া বিরহজালা মিটাইবেন, এই আশায় প্রবল আকুলতা লইয়া ছুটিয়াছেন পুরীর পথে।

প্রভুর সঙ্গে চলিয়াছেন—ছয়জন পার্ষদ। নিত্যানন্দ, গদাধর, মুক্নুন, গোবিন্দ, জগদানন্দ ও ব্রহ্মানন্দ। প্রথমে প্রভু আটিদারা গ্রামে পৌছিলেন। দেখানে অনন্ত পণ্ডিত নামক এক সাধু গৃছে প্রভু থাকিলেন। সারারাত ক্লম্বকথা প্রসঙ্গে কাটাইলেন।

জাহ্বীর কুলে কুলে চলিতে চলিতে প্রভু আসিলেন ছত্রভোগ। এইখানে গলা শতম্থী হইরাছেন। অম্লিক ঘাটে শিবলিক আছেন। এখানে শিব গলা দর্শন করিয়া নিজেই জলময় হইয়া গিয়াছিলেন। প্রভু অম্লিক ঘাটে গিয়া গলাদর্শন করতঃ বহু নৃত্য করিলেন। শেষে মৃচ্ছিত হইয়া পডিলেন। নিত্যানন্দ কোলে করিয়া বলিলেন—

> পৃথিবীতে বহে এক শতমুখী ধার। প্রভুর নয়নে বহে শতমুখী আর॥

কভদুর জগন্নাথ

আবিষ্ট হইলা প্রভু করি আচমন্ "কতদুর জগগ্রাথ ?" বোলে ঘন ঘন॥

প্রভু কেবল কাঁদেন "কতদ্র জগরাণ" বলিয়া। জীর্ন্দাবনদাস ঠাকুর বলেন---

আপনেই জগন্নাথ ভাবেন আপনে। আপনে করিয়া আর্ত্তি লওয়ায়েন জনে॥

দক্ষিণ দেশের অধিকারী রামচন্দ্র খান। প্রভুর পাদপদ্মে দণ্ডবং করিলেন। ভাবাবিষ্ট প্রভু "জয় জয় জগয়াথ" বলিয়া কাঁদিতে লাগিলেন। কতক্ষণে স্থির হইয়া প্রভু রামচন্দ্র খানকে বলিলেন—আমি কি প্রকারে সকাল সকাল নীলাচল বাইতে পারি, তুমি তার ব্যবস্থা কর। খান বলিলেন, যদিও সময় খুব বিষম, তথাপি তোমার আজ্ঞা পালন করিব।

রামচন্দ্র খান প্রভুর জন্ম নৌকা আনিলেন। প্রভুনৌকারোহণ করিয়া প্রিয়জন সহ ছত্রভোগ হইতে যাত্রা করিলেন। শ্রীমূক্ল নৌকায় কীর্ত্তন আরম্ভ করিলেন। নৌকার মাঝিরা বলিল—"কীর্ত্তন করলে ডাকাতরা টের পাবে।" প্রভু বলিলেন "স্থদর্শন চক্র রক্ষক থাকিতে ভক্তের কোন ভয় নাই।"

প্রাণ ঘাটে গিয়া নৌকা থামিল। সেখান হইতে উডিছা দেশ আরম্ভ। উডিছা দেশে পৌছিয়াছি বলিয়া প্রভুর আনন্দ। ঐ স্থানে গঙ্গাঘাটে প্রভু স্নান করিলেন। যুধিষ্কির স্থাপিত মহেশকে প্রণাম করিলেন। প্রভু ভক্তগণকে বসাইয়া নিজেই একাকী গেলেন গ্রামে ভিক্ষা করিতে। অপর্য্যাপ্ত দ্রব্য ভিক্ষা করিয়া আনিলেন। জগদানন্দ রায়া করিয়া ভোগ লাগাইলেন। সারা রাত্র ভরিয়া কীর্ত্তন চলিল।

উষাকালে প্রভু পুনরায় যাত্রা করিলেন। পথে এক দানী (কর আদায়-কারী) দান (কর) চাইয়া সবাইকে আটক করিল। "আমি একা, আমার কেহ সাথী নাই আমাকে ছাড।" প্রভুর এই কথা শুনিয়া দানী প্রভুকে ছাডিয়া দিয়া ভক্তগণকে ধরিল। প্রভু ওদিকে গিয়া একাকী বসিয়া কাঁদিতে লাগিলেন। প্রভুর নয়নের জলধারা দেখিয়া দানী ভাবিল—

"এ পুরুষ কছু নর নছে

মান্তবের নয়নে কি এত ধারা বহে।"

দকলে মিশিয়। পরিচয় দিলেন—''ইনি শ্রীকৃষ্ণচৈতন্ত মহাপ্রভু, আমরা দকলে তাঁর ভৃত্য। দকলের প্রেম দেখিয়া দানী-মুগ্ধ হইয়া দবাইকে ছাডিয়া দিল। প্রভু গৌরহরি দানীর প্রতি শুভ দৃষ্টিপাত করিলেন। অসীম করুণা ঢালিয়া দিলেন।

তারপর প্রভূ গণসহ জলেখর শিব দর্শন করিলেন। বাঁশদহ গ্রামে আসি-লেন, দেখানে বছ শাভের বাস। তারা প্রভূকে নিজ মঠে ডাকিয়া নিয়া গেল। তাহার। প্রভূকে বলিল "আজ আনন্দ ভোগ কর।" শাক্তেরা মদিরাকে আনন্দ বলে। প্রভূ তাথা জানিতেন না। তিনি শাক্তদের সঙ্গে কিছুক্ষণ নৃত্যগীত করিলেন। নানাবিধ রসের কথা তাহাদের সঙ্গে বলিলেন। চলিতে চলিতে প্রভূ গৌরহরি আসিলেন রেম্না। সেথানে গোপীনাথ দর্শন করিয়া প্রভূ ভূলুঞ্ভি প্রণাম করিলেন। প্রণাম করা মাত্র দর্শকগণের সাক্ষাতে ভগবান গোপীনাথের খ্রীমন্তক হইতে পৃষ্পারচিত চূডা বিচলিত হইয়া খ্রীগৌরচন্দ্রের মন্তকে গিয়া পতিত হইল।

প্রভোঃ শীর্ষে শীর্ষাদপি ভগবত শুস্য চলিতা। প্রস্থানাং চূডান্যপতদখিলে পশ্যতিজনে।

১১।৭৮ কবি কর্ণপুর।

ভক্তবর্গ সঙ্গে প্রভু সেথানে বিস্তর নৃত্যগীত করিলেন। সেখানে প্রভু থাকিলেনে "মহাপ্রসাদ ক্ষীর লোভে"।

শ্রীকশ্বর পুরীর নিকট পূর্ব্বে প্রভু শ্রীমাধবেন্দ্রপুরী গোদাঞির কাহিনী শুনিয়াছেন—তার জন্মে বে গোপীনাথ ক্ষীর চুরি করিয়াছিলেন তাহা প্রভু নিজ শ্রীম্থে ভক্তগণের নিকট বর্ণনা করিলেন। পুরী গোদাঞির দিন্ধি প্রাপ্তিকালে বে শ্লোকটি উচ্চারণ করিয়াছিলেন॥ "অয়ি দীন দয়ার্দ্রনাথ হে" দেই শ্লোক উচ্চাবণ করিয়। প্রভু গৌরস্থন্দর প্রেমে বিবশ হইয়া মুর্চ্ছিত হইলেন। নিতাই চাঁদ কোলে তুলিয়া শান্ত করিলেন। রেম্না হইতে প্রভু যাজপুর আদিলেন। দেখানে বছ দেবালয়। একাকী নিভূতে প্রভু সকল দেবালয় দর্শন করিয়া একদিন পর ফিরিলেন। যাজপুর ধন্য করিয়া প্রভুক্তক নগরে আদিলেন।

কটকে প্রভু পরমানন্দে সাক্ষী গোপাল দর্শন করেলেন! নিতাই চাঁদের ম্থে ভক্তগণসহ মহাপ্রভু সাক্ষীগোপালের গীলা কাহিনী প্রবণ করিলেন। যথন সাক্ষীগোপালের আগে প্রভু দাঁডাইলেন তথন "ভক্তগণ দেখে যেন দোঁহে এক মুর্ভি।" নিত্যা নন্দ প্রভু ঐ দৃষ্ঠ দেখিয়া ভক্তগণ দক্ষে "ঠারাঠারি" করিতে লাগিলেন ও মধুর মধুর হাসিতে লাগিলেন। কটকে মহানদীতে স্নান করিয়া ভ্বনেশ্বর পৌছিলেন। বিন্দুমরোবরে স্নান করিলেন। শিব সকল তীর্থের জল বিন্দু বিন্দু আনিয়া বিন্দু সরোবর স্পষ্ট করিয়াছেন। ওথানকার একায় ক্ষেত্রও শিবের পরম প্রিয়।

নিজ প্রিয় শঙ্করের বৈভব দেখিয়া প্রভু ভক্তগণ সং প্রমানন্দ লাভ

করিলেন। শিবের আগে "শিবরাম গোবিন্দ" বলিয়া বছ নৃত্যুগীত করিলেন। সেই রাত্ত প্রভূ সেখানে বাস করিলেন।

এই প্রকারে প্রভু ক্রমশঃ কমলপুর আসিলেন। সেখানে ভার্গী-নদীর জলে স্থান করিলেন। স্থানকালে প্রভু নিত্যানন্দের হাতে দণ্ডখানি রাখিলেন। তৎপর কপোতেশ্বর দর্শন করিতে গেলেন। দণ্ড হাতে পাইয়া নিত্যানন্দ প্রভুর দণ্ডের সঙ্গে কথা বলিতে লাগিলেন।

ওরে দণ্ড আমি বারে বহিষে হৃদরে। সে তোমারে বহিবেক এ-ত যুক্ত নহে॥

এই কথা বলিয়া দশুখানি তিন খণ্ড করিয়া ফেলিলেন। প্রভু আঠার নালায় পৌছিয়া যখন দণ্ড চাহিলেন তখন নিতাই চাঁদ বলিলেন তিনি দণ্ড ভাঙ্গিয়াছেন, প্রভু জিক্সাসা করিলেন।

"কি লাগি ভাবিলা দণ্ড কহ দেখি শুনি" উত্তরে নিত্যানন্দ বলিলেন।

"ভাঙ্গিয়াছি বাঁশ খান

না পার ক্ষমিতে কর ষে শান্তি বিধান"

প্রভু বলিলেন "ষাহে সর্ব দেবের অধিষ্ঠান, সে তোমার মতে হইল বাশখান"

"সবে দণ্ড মাত্র ছিল মোর সঙ্গ তাহো আব্দো ক্বফের ইচ্ছায় হ'ল ভঙ্গ। এতেক আমার সঙ্গে কারো সঙ্গ নাই, তোমরা আগে চলো কিংবা আমি আগে যাই॥"

মুক্দ বলিলেন প্রভৃ তৃমি আগে চল। আমরা পিছে আসি, প্রভৃ তথন আরো জত গতিতে চলিলেন। প্রভৃ দেখিলেন জগলাথের মন্দিরের চূড়ার অগ্রভাগে এক বালগোপাল তাঁহাকে দেখিয়া হাসিতেছেন। অতি বেগে ছুটিয়া আসিয়া একেবারে জগলাথ দেবের মন্দিরে প্রবেশ করিলেন। প্রাণের ঠাকুরকে আলিজন করিতে উন্থত হইলেন। অমনি ভাবাবিষ্ট হইয়া মন্দির মধ্যে পড়িয়া গেলেন। প্র সময় পণ্ডিত বাস্কদেব সার্বভৌম আসিয়াচেন জগলাথদেব দর্শন করিতে।

বাস্থদেব সার্বভৌম

তৎকালীন ভারতবর্ষে একজন অন্ধিতীয় পণ্ডিত বাস্থদেব সার্বভৌম। স্থায়-শান্ত্রের বেদাস্ত শান্ত্রের তিনি একজন প্রতিভাশালী অধ্যাপক। বাস্থদেবের জন্মখান নবদীপে। নবদীপে তাঁহার টোল ছিল। কতশত ছাত্র তাঁহার কাছে ভারশান্ত্র অধ্যায়ন করিয়া পণ্ডিত হইয়া গিয়াছেন। শ্রীগোরাঙ্গ স্থানরের আবির্ভাবের কয়েক বছর পূর্বেই তিনি নবদ্বীপ ছাডিয়া আসিয়াছেন। আসিয়াছেন উডিফার রাজা প্রতাপ রুদ্রের আহ্বানে, তিনি রাজধানী পুরীতে দার-পণ্ডিত। তাঁর বাসস্থান শ্রীমন্দির হইতে অনতিদ্রে বাল্থণ্ডে মার্কণ্ডের সর্বোবরের তীরে।

প্রত্যেক দিন সকালে আহিক ক্বত্য সমাপান্তে শ্রীমন্দিরে আসেন জগ্রাই দর্শন করিতে। আজও আসিয়াছেন। আসিয়া দেখেন এক অভ্তপূর্ব্ব ব্যাপার। একজন পরম স্থলর যুবক সম্যাসী মুচ্ছিত অবস্থায় শ্রীমন্দিরে পড়িয়ার ইয়াছেন। তাঁহার দেহে অপূর্ব্ব জ্যোতিঃ। অঙ্গে সান্ত্বিক বিকার। পাণ্ডাগণ তাঁহাকে ঘিরিয়া আছে। প্রতিহারিগণ প্রহার করিতে উন্থত। পণ্ডিভ তাহাদিগকে নিবেধ করিলেন।

এমন সময় মন্দিরের ভোগের সময় হইল। মন্দির এখন বন্ধ হইয়া বাবে।
পণ্ডিত সার্বভৌম তখন প্রভূর অচেতন দেহ শিশ্বদের দ্বারা বহন করাইয়া নির্দ্ধ
গৃহে লইয়া গেলেন। ভাল করিয়া পরীক্ষা করিয়া দেখিলেন বাস প্রবাস নাই,
উদরে কোন স্পন্দন নাই। পণ্ডিত ব্ঝিলেন ইহা স্থদীপ্ত সান্ধিক ভাব।
নিত্যসিদ্ধ ভক্ত ছাড়া মামুষে ইহা সম্ভব নহে।

"এই শক্তি মন্তব্যের কোন কালে নয়॥"

ভক্তগণের অনুসন্ধান

লীলাময় প্রভু আগে আগে ছুটিয়া আসিয়াছেন। পশ্চাদ্বর্ত্তী ভক্তগণ তাঁহার সঙ্গে দৌড়িয়া পারিলেন না। হঠাৎ প্রভু কোন দিক হইতে কোন দিকে গেলেন তাহা ঠিক করিয়া উঠিতে পারিলেন না। শ্রী মন্দিরের সিংহদারে পোঁছাইরা তাহারা লোকম্থে শুনিলেন এক স্থাসী জগন্ধাথ মন্দিরে প্রবেশ করিয়া মৃদ্ধিত হইয়া পড়িয়া ছিল। পণ্ডিত সার্বভৌম তাঁহাকে লইয়া নিজ গুহে গিয়াছেন।

কে সার্বভৌম, কোথায় তাঁহার গৃহ, তাহা কেহই জানে না। এমন সময়
গোপীনাথ আচার্য্য সেথানে উপস্থিত। তাঁহার বাডীও নবছীপে। নবছীপবাসী
মৃকুল তাঁহাকে খুব ভালো করিয়া চেনেন। তিনি গোপীনাথকে কহিলেন
আমরা প্রভুর সলে আসিয়াছি। প্রভু আগে ছুটিয়া আসিয়াছেন। শুনিলাম
পণ্ডিত সার্বভৌম তাঁহাকে নিজ গৃহে লইয়া গিয়াছেন।

গোপীনাথ বলিলেন, সার্বভোম আমার নিকট আত্মীয়। তাঁহার বাসস্থান আমি জানি। চল সকলে বাই। সার্বভোম গৃহে গিয়া সকলে প্রভুকে পাইলেন। কিন্তু তিনি তথনও মুদ্ছিত, সকলে মিলিয়া সংকীর্ত্তন আরম্ভ করিলেন। তৃতীয় প্রহরে চেতনা আসিল।

সার্বভোম মন্দির হইতে বিস্তর প্রসাদ আনাইলেন, ও প্রভুর সহিত সকলকে তৃথ্যি সহিত মধ্যাহ্ন ভোজন করাইলেন। আহারাস্তে বাহ্নদেৰ প্রভুকে 'নমো নারায়ণায়' বলিয়া প্রণাম করিলেন। প্রভু, "কুষ্ণে মতিরন্ত্র" বলিয়া আন্দীর্বাদ করিলেন, ইছাতে সার্বভোম বুঝিলেন, প্রভূ বৈষ্ণব সন্মাসী।

বাস্থদেব ও গোপীনাথ

বাহদেব ভট্টাচার্য্য ও গোপীনাথ আচার্য্য, তৃজনের সম্বন্ধ শ্রালক, ভগ্নীপতি। তৃইজনে কথোকপথন চলিল। বাহদেবের আগ্রহে গোপীনাথ প্রভুর স্কল পরিচয় দিলেন। পূর্বাশ্রম নবদ্বীপ, পিতা মিশ্র পুরন্দর জগন্নাথ। নীলাম্বর চক্রবর্তী ইহার মাতামহ, বাডীর নাম বিশ্বস্তর। সন্যাস নাম "রুফ্টেতভাত"। সন্যাসের গুরু কেশব ভারতী। নীলাম্বর চক্রবর্তী সার্বভৌমের পিতা বিশারদের সহাধ্যায়ী,। নবদ্বীপের পরিচয়ে বাহ্দেব স্থা হইলেন, তবে বলিলেন, এই বৌবন বয়সে সন্মাস নিয়াছেন। রক্ষা করা খুব কঠিন হবে। আমার ইচ্ছা ইহাকে সর্বদা বেদান্ত শ্রবণ করাই, বেদান্ত শ্রবনে বৈরাগ্য দৃঢ় হইবে। আর ভারতী সম্প্রদার থুব উত্তম নয়। তোমাদের মত হইলে আবার যোগ পট্ট দিয়া সংস্কার করাইয়া সরস্বতী প্রভৃতি উত্তম সম্প্রদার প্রবেশ করাইয়া দেব।

ভট্টাচার্য্য ও আচার্য্য

সার্বভৌমের কথায় আচার্য্য গোপীনাথ ও মৃকুন্দ ত্ত্বনেই ব্যথিত ইইলেন। গোপীনাথ আচার্য্য বলিলেন, ভট্টাচার্য্য-তুমি কাহাকে বেদান্ত পডাইতে চাও? ইনি তো স্বয়ং ভগবান। ভগবদ্ভার সকল লক্ষণ—ইহাতে বিভমান। ভট্টাচার্য্য উত্তর দিবার পূর্বেই তাঁহার শিয়গণ বলিয়া উঠিলেন "ঈশ্বর কহ কোন প্রমাণে।" আচার্য্য উত্তরে দিলেন, বিজ্ঞান যে লক্ষণে ঈশ্বর স্থাপন করেন, আমিও সেই লক্ষণে কহি।

শিষ্মগণ—একমাত্র অন্ধান, প্রমাণ হারাই ঈশ্বর স্থাপনীয়। ক্ষিত্যাদিকং সকর্তৃকং কার্য্যত্ব হথা ঘটঃ।

আচার্য্য — অনুমান প্রমাণ দারা ঈশ্বর স্থাপনীয় নয়, একমাত্র রূপা চাডা কেছ তাঁহাকে জানিতে পারে না। ভট্টাচার্য্য, তুমিঅ দ্বিতীয় পণ্ডিত। কিন্তু তোমার প্রতি ঈশ্বরের রূপা নাই। তাই তাঁহাকে সম্মুখে দর্শন করিয়াও চিনিতে পার না।

ভট্টাচার্য্য—আমাদের প্রতি ঈশ্বরের রূপা নাই, ইহা সত্য, কিন্তু তোমার প্রতি ষে রূপা হইয়াছে, তাহাও তো প্রমাণ করিতে হইবে।

আচার্য্য দৃড়ভাবে উত্তর করিলেন—ভট্টাচার্য্য, তোমার সমুখে এই বিনি বসিয়া আছেন ইনি স্বয়ং ঈশ্বর। আমি জানিয়াছি, তুমি জান নাই। ইহাতেই বুঝা গেল আমার প্রতি রূপা হইয়াছে। তোমার প্রতি হয় নাই।

ভট্টাচার্য্য — শ্রীকৃষ্ণ চৈতন্ত একজন মহাস্ত, ইহা মানিতে পারি। কিন্তু অবতার হইতে পারে না। কারণ কলিযুগে বিষ্ণুর অবতার নাই।

আচার্য্য — তুমি শাস্ত্রজ্ঞ হইয়া এ কি কহ ? কলিযুগে অবতারের ষণ্ণেষ্ট প্রমাণ ভাগবতে, মহাভারতে আছে। তোমার উপর রুপা নাই তাই প্রমাণ দেখিরাও মান না। যে মানে না, তাহাকে প্রমাণ দেখাইয়াও লাভ নাই।

প্রভূবলিলেন, গোপীনাথ, পণ্ডিত দার্বভৌম আমার অভিভাবক স্থানীয়। আমার প্রতি স্থেহ আছে, অন্থাহ আছে। কিনে আমার সন্থাদ ধ্য-রক্ষা পায় তাহা চিস্তা করেন। বেদান্ত পডাইতে চাহেন। তোমরা ইহাতে দোষ-, দৃষ্টি করিও না।

মহাপণ্ডিত ও মহাপ্রভু

পণ্ডিত মহাপ্রভুকে বলিলেন "বেদাস্থ শ্রবণ সন্মাদীর ধর্ম।" মহাপ্রভু বলিলেন আমার যাহা করণীয় আপনি বলুন। পণ্ডিত সাতদিন ধরিয়া বেদাস্ত স্ত্রের অর্থ ও শঙ্করাচার্য্য মত অমুযায়ী ব্যাখ্যা শ্রবণ করাইলেন। প্রভু শুধু শুনিলেন, কোন একটি বাক্য উচ্চারণ করিলেন না।

অন্তম দিনে পণ্ডিত বলিলেন—আমি যাহা বলিতেছি, তুমি তাহা বুঝিতে পারিতেছ তো? না বুঝিলে তাহাও বলিতে হয়। মহাপ্রভু কহিলেন—আমি মুর্থ, শাস্ত্রাধ্যথন নাই। আপনি যথন স্থাপ্তলি উচ্চারণ করেন, তথন তাহা পরিস্কার। বেশ বুঝিতে পারি। যথন ভাষ্য পড়েন তথন স্ত্রের মুখ্যঅর্থ ঢাকিয়া কাল্পনিক অর্থ করিতে থাকেন।

ব্যাদের স্থত্তের অর্থ স্থর্য্যের কিরণ। স্বকল্পিত ভাগ্যমেঘ করে আচ্ছার্দন॥

বেদ বলেন। ব্রহ্ম বৃহদ্বন্ত। তিঁনি ঈশ্বর। তিঁনি সর্বপ্রকার ঐশ্বর্য্যে পূর্ণ। আপনি কল্পনা করিয়া তাঁহাকে নিরাকার বলেন।

শ্রুতি বেখানে বেখানে বলিয়াছেন ব্রেক্ষের হন্তপদ নাই—"অপাণিপাদঃ", তথন তাহার অর্থ বৃঝিতে হইবে-অপ্রাক্ত হন্তপদ আছে। বেদে বাক্য আছে
—ব্রহ্ম হইতে জগৎ সৃষ্টি হইয়াছে, ব্রহ্মেতেই জগতের লয়—ব্রহ্ম ধারাই জগৎ সঞ্জীবীত। ব্রহ্ম অপাদান কারক, অধিকরণ কারক ও করণ কারক। এই তিন কারকত্ব বেখানে আছে, তিনি নির্বিশেষ হইবেন কি প্রকারে? আপনি ব্রহ্মাকে নিরাকার ও নিঃশক্তিক বলেন-ইহা বেদ-বিশ্বন্ধ কথা।

ব্রশ্বই শ্রীকৃষ্ণ। তাঁর তিনটি প্রধান শক্তি। অন্তরঙ্গা চিৎশক্তি, জীব তটস্থাশক্তি আর বহিরজা শক্তি জগং। এই তিন শক্তিতে যিনি সর্বাদা শক্তিমান তাঁহাকে নিঃশক্তিক বলেন কোন যুক্তিতে ?

দশর মায়াধীশ। জীব মায়াবশ। জীব ও দশরে বে আপনি অভিদ্ন কহেন, ইহা শাস্ত্র বাক্য নহে। আপনার কল্পনা মাত্র। দশর সাকারও নহেন নিরাকারও নহেন। তিনি চিদাকার। আপনি বে তাঁহার বিগ্রহ মানেন না। ইহা পাষণ্ডের লক্ষণ। স্ত্রকার বেদব্যাস সর্ব্বিত্র পরিণামবাদ স্থাপন করিয়াছেন। আপনার ভাশ্যকার শহরাচার্য্য মনগড়া বিবর্ত্তবাদ-স্থাপন করিয়া জগৎ মিধ্যা বলিয়াছেন। জগৎ-ব্রহ্মের বহিরকা শক্তি। জগৎ মিধ্যা নহে। ব্রহ্ম জগৎ রূপে পরিণত হইয়াও নিবিক্রার।

বেদের মহাবাক্য ও সিদ্ধান্ত

বেদের মহাবাক্য "প্রণব"। "প্রণব" ঈশ্বরের মূর্ত্তি। আচার্য্য শঙ্কর তাহা না মানিয় প্রাদেশিক বাক্য "তত্ত্বমদি"কে মহাবাক্য বলেন। ইহাও কাল্পনিক। শঙ্করাচার্য্যের দোষ নাই। তিনি ঐরপ কাল্পনিক ব্যাখ্যা করিতে আদিষ্ট হইয়াছিলেন।

বেদের শ্বরূপ সিদ্ধান্ত কহিতেছি, শুরুন। বেদে তিনটি বস্তুর কথা আছে।
সম্বন্ধ, অভিধেয় ও প্রয়োজন। ভগবান কৃষ্ণ, সম্বন্ধ। তাঁহার প্রতি শুদ্ধাভিকি
অভিধেয়। তাঁহার মাধুর্ঘ আস্বাদন করিতে সর্বাধিক প্রয়োজন যে বস্তুর, তাহা
হইতেছে প্রেম। ইহা ছাড়া আর যত কথা সবই কর্মনা মাত্র।

প্রভুর বেদান্ত ব্যাধ্যা শুনিয়া দার্কভৌম শুরু। প্রভু আবার বলিলেন—
ধর্ম, অর্থ, কাম ও মোক্ষ্ এই চারিটিই পুরুষার্থ নয়। জীবের পুরুষার্থ প্রেম।
ইহা পঞ্চম পুরুষার্থ। এই কথা বলিয়া প্রভু ভাগবতের "আত্মারামশ্চ মৃনয়ঃ",
এই শ্লোক উপস্থাপন করিলেন।

ভট্টাচার্য্য শ্লোকের অর্থ শুনিতে ইচ্ছা প্রকাশ করিলেন, প্রভু বলিলেন, আগে আপনি ব্যাখ্যা করুন। তারপর আমি করিব। ভট্টাচার্য্য শ্লোকটির নয় প্রকার অর্থ করিলেন।

প্রভূ বলিলেন—পণ্ডিত, আপনি বৃহস্পতি তুল্য। আপনার ব্যাখ্যা সব বৃদ্ধিবলে করিয়াছেন। শান্তের যাহা হার্দ্ধা, তাহা স্পর্শ করেন নাই। প্রভূ তথন শ্লোকের আঠার প্রকার অর্থ করিলেন, পণ্ডিতের নয়টি ব্যাখ্যার একটিও স্পর্শ না করিয়া।

চমৎকার শাস্ত্র ব্যাখ্যা শুনিয়া বাস্থদেব পণ্ডিত বিশ্বয়োবিষ্ট। ভাবিলেন ইনি স্বয়ং রুষ্ণ। আমি গর্কবিশে অপরাধ করিয়াছি। এই ভাবিয়া তিনি শ্রীগৌরহরির শ্রীচরণে শরণাগত হইলেন।

প্রভূ তাহাকে নিজ বড়ভূজ মূর্ত্তি দর্শন করাইয়া আত্মসাৎ করিলেন।

সার্বভৌমের নবজীবন

দার্বভৌম পণ্ডিত প্রভূর পাদপন্মে দণ্ডবৎ করিলেন। পরে নতজায় হইয়া
একশত আটটি শ্লোক উচ্চারণ করিয়া অভিনব একটি শ্বব করিলেন। বলিলেন
প্রভূ তুমি যে বিশ্বজগৎ উদ্ধার করিবে ইহা বড় কথা নয়। আমাকে যে উদ্ধার
করিলে ইহা সর্ব্বাপেক্ষা আশ্চর্য্য কথা। তুমি শৃগালকে সিংহ করিয়াছ।
কাককে গরুড় করিয়াছ, তর্কশাস্ত্র আমাকে গোহপিও করিয়াছিল, তুমি
করুণার প্রচণ্ড প্রতাপে লোহকে স্বর্ণ করিয়াছ।

একদিন সকালে প্রভু জগন্নাথের শব্যা উত্থান দর্শন করিলেন। পূজারী প্রভুর হাতে মালা ও প্রসাদান্ত দিলেন। উহা লইয়া প্রভু সার্ব্বভৌমের বাড়ী আসিলেন। ভট্টাচার্য্য চেতন পাইয়া ক্লফ ক্লফ বলিয়া উঠিলেন। ক্লফ নাম ওনিয়া প্রভুর আনন্দ হইল। প্রসাদান্ত তথন প্রভুটাচার্য্যের হাতে দিলেন, তথন তিনি সন্ধ্যাবন্দনা করেন নাই। তবু প্রসাদান্ত হাতে পাইয়াই ভক্কণ করিলেন। ইহাতে প্রভু উদ্ধেও নৃত্য করিতে করিতে বলিলেন—আজ তোমার

মন রুঞ্চ প্রাপ্তি ষোগ্য হইল। মহাপ্রসাদ গ্রহণে বুঝিলাম তোমার মায়া-বন্ধন কাটিয়াছে।

সার্বভৌম হৈলা প্রভুর ভক্ত একতান।
মহাপ্রভূ বিনে সেব্য নাই জানে আন॥
শ্রীকৃষ্টেতেন্য শচীস্থত গুণধাম।
এই ধ্যান, এই জপ এই লয় নাম॥

দক্ষিণ দেশ উদ্ধার লীলা

অপ্তাদশাহানি স তত্ত্ব নীদ্ধা বিলোক্য তং দেবমতীবহুৰ্বাৎ। প্ৰচক্ৰমে চংক্ৰমনায় নাথো বিমোহয়ন কাংশ্চন বিপ্ৰয়োগৈঃ॥ ১২।৯৪ কৰ্ণপুৱ।

নীলাচলধামে শ্রীগৌরচন্দ্র আঠার দিন যাপন করিয়া অতীব হর্ষ সহকারে জগন্নাথদেবকে দর্শন করিয়া, নিজ ভক্তগণকে বিমোহন পূর্বকে তীর্থ ভ্রমণে চলিলেন। কবি কর্ণপুরের এই উক্তি হইতে জানা যায় প্রভু নীলাচলে মাত্র আঠার দিন ছিলেন। কিন্তু এই দিনের সংখ্যা কবিরাজ গোস্বামীর উক্তিতে সমর্থিত হয় না।

কবিরাজ বলেন—"মাঘ শুক্লপক্ষে প্রভু করিলা সন্থাস। ফাস্কুনে কৈল নীলাচলে বাস। ফাস্কুনের শেষে দোলষাত্রা সে দেখিল। চৈত্রে বহি কৈল সার্ব্বভৌম বিমোচন। বৈশাথে প্রথমে দক্ষিণে বাইতে হৈল মন।" এই হিসাবে গোটা চৈত্রমাস ও ফাস্কুনের অর্দ্ধেকটা ও বৈশাথের অর্দ্ধেকটা ধরিলে প্রভুর অন্ততঃ তুই মাস নীলাচল বাস স্থির হয়।

প্রভূবলিলেন—সন্ন্যাস করি বিশ্বরূপ গিয়াছে দক্ষিণে, অবশ্য চলিব আমি তার অন্বেষণে। কবিরাজ গোস্বামী বলেন—"দক্ষিণ দেশ উদ্ধারিতে করেন এই ছল।" প্রভূর ইচ্ছা যাবেন একাকী। ভক্তগণের একান্ত অন্থ্রোধে ক্রফাদাস নামক এক ব্রাহ্মণকে দক্ষে লইলেন। তার কার্য্য জলপাত্র ও বহিব্বাস বহিবেন।

বিদায় কালে সার্ব্বভৌম বলিলেন—গোদাবরী তীরে বিভানগরে রায় রামানন্দ সঙ্গে মিলিত হইবেন। তাহাকে সম্ভাবণ করিলে তার মহিমা জানিতে পারিবেন। পৃথিবীতে রসিক ভক্ত নাহি তার সম। তোমার সঙ্গের ধোগ্য তিঁহ একজন॥

তাহার বাক্য অঙ্গীকার করিয়া প্রভু চলিলেন। সকলের কাছে আশীর্কাদ চাহিলেন ধেন আবার আসিয়া তাহাদের সঙ্গে মিলিত হইতে পারেন। বিচ্ছেদ ব্যাকৃল ভক্তগণ বিদায় হইলেন। প্রভু চলেন—"প্রেমাবেশে ধার করি নাম সংকীর্ত্তন।"

"কৃষ্ণ কৃষ্ণ কৃষ

ষাকে পথে দেখেন তাকেই বলেন "হরি হরি বল।" প্রভুর মুখে নাম শুনিয়া লোকে প্রেমোন্সভ হয়। তারপর নিজ্ঞামে গিয়া, "ষারে দেখে তারে বলে শহ কৃষ্ণ নাম। এইমত বৈষ্ণব কৈল সব নিজ্ঞাম।"

সারা দেশ বৈষ্ণব করিতে করিতে প্রভু সেতুবন্ধ পর্য্যন্ত চলিলেন। কৃষ্ণ-নামামুত বস্থায় প্রভু দক্ষিণ দেশ ভাসাইতে ভাসাইতে চলিলেন।

নবদ্বীপে যেই শক্তি না কৈল প্ৰকাশে। সে শক্তি প্ৰকাশি নিস্তাৱিল দক্ষিণ দেশে॥ চলিতে চলিতে প্ৰভু কুৰ্মস্থানে আগিলেন।

বাস্থদেব-উদ্ধার

প্রভু গৌরস্থন্দর কুর্মাক্ষেত্রে আসিয়া শ্রীকুর্ম বিগ্রাহ দর্শন করিলেন। ঐথানে এক বৈদিক বাহ্মণ গুড়ে ভিক্ষা লইয়া প্রভু চলিয়া গেলেন।

প্রভূ কুর্মকেত্রে আসিয়াছেন শুনিয়া ঐ দেশী একজন ব্রাহ্মণ বছকটে পৃথ চলিতে চলিতে কুর্মকেত্রে আসিয়া উপস্থিত হইলেন। প্রভূ চলিয়া গিয়াছেন শুনিয়া তিনি ভূমিতে পডিয়া আর্ত্তনাদ করিতে লাগিলেন।

বান্ধণ কুষ্ঠ রোগগ্রন্থ। সর্কান্ধে গলিত কুষ্ঠ। নাম বাস্থদেব। তার দেহ হইতে কুষ্ঠের কীট মাটিতে পড়িয়া গেলে, তিনি আবার তাহা উঠাইয়া ফ্রাম্থানে রাথিয়া দেন। প্রভূ চলিয়া গেছেন, শুনিয়া অশেষ প্রকার বিলাপ করিতে লাগিলেন। কিন্তু কি আশ্চর্য—সেইক্ষণে প্রভূ দেখানে উপস্থিত হইয়া ভাহাকে আলিক্সন দিলেন ও সকল ব্যাধির হুঃখ চিরভরে দূর করিয়াদিলেন।

সেই ক্ষণে আসি প্রভূ তারে আলিকিলা প্রভূ স্পর্শে তুঃখ-সঙ্গে কুঠ দূরে গেল। আনন্দ সহিতে অক স্থন্দর হইল।

তাহাকে স্থলর করিয়া দিয়া প্রভু গৌরহরি কহিলেন—ক্ষণনাম উপদেশ দিয়া জগৎ-জীবের কল্যাণ কর। শ্রীকৃষ্ণ নিশ্চয় তোমাকে অঙ্গীকার করিবেন। এই বলিয়া অন্তর্জান করিলেন।

রামানন্দ মিলন

তারপর প্রভু জীয়ড় নুসিংহক্ষেত্র হইয়া গোদাবরী তীরে উপনীত হইলেন। গোদাবরী দেখিয়া প্রভুর যম্নাম্মরণ হইল। তীর বন দেখিরা বৃন্দাবন ক্ষুত্তি হইল। নদীতটে আসিয়া প্রভুমৃত্ মধুর নাম-কীর্ত্তন করিতে লাগিলেন।

অনেক বাছ-ভাগু সহ সেই সময় রামানন্দ রায় স্থান করিতে আসিলেন। অপূর্ব্ব সন্থাসী গোদাবরী তটে দেখিয়া রায় রামানন্দ নিকটবর্তী হইলেন। প্রভু জিজ্ঞাসা করিলেন, "তুমি রায় রামানন্দ ?" রায় কহিলেন "তেহো কহে সেই হঙ দাস শুদ্র মন্দ।"

প্রভু তথন তাছাকে প্রগাঢ় আলিপন করিলেন। ফলে তৃজনেই অচেতন হুইলেন। অতি স্বাভাবিক ভাবেই তৃজনে ভূমিতে পডিয়া গেলেন। উভয়ের অস্পে স্তম্ভ, স্বোদ, অঞা, কপ্প, পুলক, বিবর্ণতা সাত্ত্বিক ভাবের উদয় হুইল। উভয়েই গদগদ কঠে কৃষ্ণ-কৃষ্ণ উচ্চারণ করিতে লাগিলেন!

দোহার মূথেতে শুনি গদ্গদ রুষ্ণবর্ণ

দেখিয়া ব্রাহ্মণগণের হৈল চমংকার॥

রামানন্দ রায় সঙ্গে স্নান করিতে অনেক বৈদিক ব্রাহ্মণ আসিয়াছেন। তাহার। মনে মনে বিচার করিতে লাগিলেন।

এই সন্থাসীর অব্দের তেজ ব্রহ্মজ্যোতি তুল্য। ইহার মত লোক শৃদ্র স্পর্শ করিয়া আলিঙ্গন করিলেন। আরও আশ্চর্যা, আলিঙ্গন করিয়া ক্রন্ধন করিতেছেন। চক্ষেধারা বহিতেছে। আবার রাম রায় রাজা তুল্য লোক। মহাপণ্ডিত, মহাগন্তীর। তিনি একজন সন্থাসীর স্পর্শে এই মত অন্থির হইলেন কেন?

্বিজ্ঞাতীয় লোকের এই জাতীয় আলোচনা শুনিয়া চুইজনেই ভাব সংবরণ

ক্রিলেন। প্রভূ বলিলেন, "তোমার সঙ্গে মিলিত হইবার জন্য আমাকে সার্বভৌম বলিয়া দিয়াছেন। এইজন্মেই আমি এখানে আসিয়াছি। ভাল হইল, সহজেই সাক্ষাৎ মিলিল।"

রায় কহিলেন, "সার্ব্বভৌম আমাকে ভৃত্যতুল্য ভালবাসেন। পরোক্ষেও আমার কল্যাণ চিস্তা করেন। তাঁহার রূপায় তোমার তুর্লভদর্শন লাভ করিলাম। তুমি আমাকে নিস্তার করিতেই এখানে আসিয়াছ। এই রাজসেবী, বিষয়ী, শুদ্রাধমকে দর্শন করাও তোমার শাস্ত্রীয় নীতি নয়। আজ্ব তুমি অপার-কর্মণা করিয়া আমাকে স্পর্শ-আলিঙ্গন দিলে। তোমার রূপাশক্তি তোমাকে নিন্দ্য কর্ম করাইল।"

"শাস্ত্রে বলে মোহাস্তের এই স্বভাব। নিজের কোন কার্য্য না থাকিলেও কুপা করিবার জন্ম অন্তর্জ্ঞ গমন করেন। আমার সঙ্গী ব্রাহ্মণ পণ্ডিভেরা তোমার দর্শনে আনন্দে বিগলিত হইয়াছেন।" প্রভু বলিলেন—"তা নয় রামানন্দ, তুমি ভাগবতোত্তম—তোমার দর্শনে সকলের মন দ্রবীভৃত হইয়াছে। আমি যে মায়াবাদী সন্থানী-আমিহ তোমার স্পর্যে কুঞ্চপ্রেমে ভাসি।"

রায় কহিলেন, "যদি রূপা করিয়া আসিয়াছ—দিন দশেক থাকিতে ছইবে। নতুবা আমার মন শোধন ছইবে না।"

প্রভুগৌরহরি রায় রামানন্দের নিকট দশদিন অবস্থান করিয়াছিলেন।
তাহার নিকট "সাধ্যের নির্ণয়" শুনিতে চাহিয়াছিলেন। প্রভুর অশেষ
কুপা শক্তিতে রামানন্দের মুখ হইতে তাহা অতি স্থন্দর ভাবে প্রকাশিত
হইয়াছিল।

মহাপ্রভূর হার্দ্য যে সাধন-ভজন তার দার্শনিক ভিত্তি, রামানন্দ-সংবাদে প্রকটিত। কৃষ্ণদাস কবিরাজ গোস্বামীকৃত শ্রীশ্রীচৈতন্ম চরিতামূতে, মধ্যলীলার অষ্টম পরিছেদে ইহা বণিত আছে।

বিভানগর হইতে লীলা রসময় শ্রীগোরস্থার গৌতমী-গঙ্গা; মল্লিকাৰ্জ্ন, অহোবল নুসিংহ, সিদ্ধবট, স্থানক্ষেত্র, ত্রিমল্ল, বৃদ্ধকাশী, বৌদ্ধান, ত্রিপানী, ত্রিমল, বিষ্ণুকাশী, ত্রিকালহন্তী, বৃদ্ধকোল, শিয়ালী, ভৈরবী, কাবেরী তীর হইয়া শ্রীরক্ষমে প্রবেশ করিলেন।

সিদ্ধবটে একজন রামভক্ত ধূহে বাস করিলেন। পরে স্কলক্ষেত্র ও জিমল ভুরিয়া ষধন আবার সিদ্ধবটে গেলেন, তথন দেখিলেন রামভক্ত বিপ্র কৃষ্ণভক্ত ক্ইয়া গিয়াছেন। ইহার কারণ কি প্রভু জিজ্ঞাসা করিলে বিপ্র বলিলেন— তোমা দেখি কৃষ্ণনাম একবার আইল। সেই হইতে কৃষ্ণ নাম জিহ্বাতে পশিল॥

বৌদ্ধ মুখে কৃষ্ণ কথা

বৃদ্ধকাশীর নিকটবর্ত্তী এক গ্রামে বহু বৌদ্ধের বাস। তাহারা প্রভুর সহিত শাস্ত্র লইয়া তর্ক করিল। প্রভু তাহাদের মত খণ্ডন করিয়া বৈষ্ণৰ মত স্থাপন করিলেন। বৌদ্ধেরা ক্রুদ্ধ হইয়া এক কুমন্ত্রণা করিল।

এক থালা অপবিত্র অন্ধ প্রভুর নিকট মহাপ্রসাদ বলিয়া আনিল। এমন সময় একটি প্রকাণ্ড পক্ষী ঠোঁটে করিয়া থালা লইয়া গেল। অপবিত্র অন্ধ বৌদ্ধদের গায়ে ছড়াইয়া পড়িল। থালা খানা পাখীর ঠোঁট হইতে পড়িয়া গিয়া বৌদ্ধ আচার্য্যের মাথায় পড়িল। তাঁহার মাথা কাটিয়া গেল। তিনি মুর্চ্ছিত হইলেন। সকলে তখন প্রভুপদে ক্ষমা চাহিলেন। প্রভুবলিলেন—গুরুর কর্ণে রুফ্টনাম দেও। তাহাতে তিনি চৈত্য লাভ করিবেন। তখন রুফ্টনাম সকল বৌদ্ধদের মনে ও মুখে লাগিয়া গেল। আর সেনাম ছাড়িতে পারিল না।

শ্রীরঙ্গমে বেকটভট্ট গৃহে প্রভু অতিথি হইলেন। তার গৃহে প্রভু ক্লফকথা রসে চারিমাস থাকিয়া চাতুর্মাশু ব্রত করিলেন। প্রভুর সারিধ্যে আসিয়া লক্ষ লক্ষ লোক বৈষ্ণব হইয়া গেল।

গীতাপাঠী বিপ্ৰ

রঙ্গন্ধে এক গীতাভক্ত রাশ্বণ নিতা গীতা পাঠ করেন উচ্চৈশ্বরে। পাঠকালে বছ অশুদ্ধ উচ্চারণ হয়। শুনিয়া লোকে উপহাস করে। অশুদ্ধ পাঠ করিতে নিষেধ করে। কিন্তু গীতা পাঠকালে রাশ্বণের অশ্রদ, কম্প, পুলক হয়। প্রভু গৌরহরি তাহার গীতা পাঠ শুনিয়া জিজ্ঞাসা করেন—আপনি অশুদ্ধ উচ্চারণ-করেন, অর্থ বোধ হয় না, কিন্তু এত আনন্দ কিসে হয়? বিপ্র বলিলেন, "প্রভু আমি মূর্থ। গুরুর আজ্ঞায় গীতা পড়ি। যখন পাঠ করি তখন দেখি—অর্জ্ক্নের রখে শ্রীক্রফ্ক অশ্বর্জ্জু ধরিয়া দাঁড়াইয়া আছেন। আর উপদেশ দিতেছেন। এই দৃশ্ব যত দেখি, তত স্থুখ হয়। পাঠ শেষ হইলে আর দেখি না।" প্রভু বলিলেন, "গীতাপাঠে আপনার অধিকার আছে। গীতার স্বার অর্থ আপনি জানেন।"

প্রভূ কহে গীতা পাঠে তোমারি অধিকার। তুমি সে জানহ এই গীতার অর্থ সার।।

নারায়ণ ও কৃষ্ণ

বেজটে ভটু শ্রী সম্প্রদায়ী। ভাহাদের লক্ষী-নারায়ণ উপাসনা। প্রভূ উপহাস করিয়া বলিলেন—"তোমার লক্ষী সতী পতিব্রতা হইয়া নারায়ণ ছাড়িয়া কৃষ্ণপতি কামনা করেন কেনে ?" ভটু বলিলেন, "নারায়ণ ও শ্রীকৃষ্ণ একেই বিস্তু। শ্রীকৃষ্ণে মাধুর্য্যের আধিকা।"

আবার প্রভূ বলিলেন—লক্ষী রাসে যাইতে পারিলেন না কেন ? ভট্ট উত্তর দিতে পারিলেন না।

প্রভূ বলিলেন—লক্ষ্মী গোপীর আহুগত্যে ভজন করেন নাই। নারায়ণ শ্রীক্ষেত্রের বিলাস মূর্ত্তি। সেই মূর্ত্তি গোপীদের মন হবণ করিতে পারে না।

শীরকম হইতে প্রভূ আসিলেন ঋষভ পর্বতে। সেখানে প্রথানন্দ পুরীর সাব্দে মিলিত হইলেন। পুথী গোসাঞিকে প্রভূ নীলাচলে আসিয়া তাঁছার সহিত বাস করিতে আদেশ করিলেন। তথা হইতে প্রভূ শীশৈল দক্ষিণ মধ্রা হইরা কামকোঞ্জী আসিলেন। সেইখানে এক বিপ্র সারাদিন উপবাসী থাকেন। তাঁহার হুঃখ, পাপিষ্ঠ রাবণ—লক্ষী স্বরূপিনী সীতাদেবীকে চুরি করিল। এই হুঃখে তিনি উপবাস করেন।

প্রভুবলিলেন, "শুন বিপ্রা, রাবণ সীতাকে স্পর্মণ্ড করে নাই। রাবণ আসিতেছে দেখিয়া সীতা অন্তর্জান করিলেন। তৎস্থলে রহিল এক মায়া সীতা। রাবণ সেই মায়াসীতাকে লইয়া গিয়াছে।" প্রভুর বাকো তাঁহার মনে শান্তি আসিল। রামচন্দ্র যথন সীতার অগ্নিপরীক্ষা করেন, তথন মায়া সীতা অগ্নিতে অন্তর্জান করেন। সত্যসীতা আসিয়া শ্রীরামের অগ্রে উপনীতা হইলেন। এই অপূর্ব কাহিনী শুনিয়া ব্রাহ্মণ আনন্দে পাক করিলেন। প্রভব্বে প্রসাদ পাওইয়া নিজে গ্রহণ করিলেন।

প্রভূ তারপর তামপর্ণী, ত্রিপতি হইয়া তীলকাঞ্চী, জিয়ডতলা, গজেন্দ্র-মোক্ষণ-তীর্থ; পানাগডতীর্থ; চামতাপুর, মলয়পর্বত; ক্ঞাকুমারী, আমলীতলা দর্শন করিয়া মলার দেশে আদিলেন। সেধানকার ভট্টমারী স্ত্রীধন দেখাইয়া ক্ষণ্ণদাসকে ভূলাইয়া ছিল। প্রভূ তাহাদের নিকট হইতে ক্ষণদাসকে ক্ষিরাইয়া আনিলেন।

সেখান হইতে পয়স্থিনী তাঁরে আসিয়া প্রভু কেশব দর্শনে প্রেমাবিষ্ট হইলেন। সেই স্থানে প্রভু ব্রহ্মসংহিতা গ্রন্থ পাইলেন। তাহা লিখাইয়া লইলেন। এই গ্রন্থ বৈষ্ণব শাস্ত্রের সার। তারপর মংস্থাতীর্থ দর্শন করিয়া প্রভু তুঙ্গভন্তায় আসিলেন। সেখানে তত্ত্বাদীরা বাস করিতেন। প্রভুক্তে মায়াবাদী মনে করিয়া খুব একটা অভ্যর্থনা করিলেন না। পরে তাঁহারা প্রভুকে মহাবৈষ্ণব জানিয়া, প্রণাম বন্দনা করিলেন।

প্রভূ তাঁহাদের সঙ্গে "সাধ্য-সাধনা তত্ত্ব" আলোচনা করিয়া তাঁহাদের মতবাদ খণ্ডন করিলেন। তাঁহারা মৃক্তি ও কর্মকে শ্রেষ্ঠস্থান দেন। প্রভূ প্রথমকে সর্ব্বোচ্চ স্থানে রাখিলেন। প্রভূ বলিলেন, "তোমাদের সম্প্রদারের একটি মাত্র গুণ আছে—কি না প্রীভগবানের শ্রীবিগ্রহ সত্য মান।"

তারপর প্রভু ফক্কতীর্থ, ব্রিভক্প, পঞ্জারা তীর্থ, শৃপারিক তীর্থ, দেখিয়া লক্ষী ক্ষীর ভগবতী, লাকা-গণেশ; চোরা পার্বাতী দর্শন করিলেন। সেই স্থান হইতে পাঙ্পুর আসিয়া ভীমা নদীতে স্নান করিলেন। সেখানে বিঠ্ঠল রাজ দর্শন করিয়া নৃত্য-গীত করিলেন প্রচুর। সেখানে মাধবেন্দ্পুরীর শিল্প শ্রীরক্ষপুরীর সঙ্গে প্রভুর সাক্ষাং হইল। তিনি বলিলেন, "একবার নবদীপ গিয়া জগরাথ মিশ্রের গৃহে অতিথি হইয়াছিলাম। তাঁহার পদ্ধীর রালা মোচাঘন্টের স্বাদ্ধ আজ্ঞ মনে পড়ে। তাঁহার একপুর সন্ত্রাসী ইইয়াছিলেন। এই তীর্থে সিদ্ধিলাভ করিয়াছেন।" প্রভু বলিলেন—"নবদীপের মিশ্রুরণী আমার গর্ভ-ধারিণী। তাঁহার জ্যেষ্ঠ পুত্র আমারই অগ্রজ। সেই সন্যাসী ইইয়াছিলেন।"

সেখান হইতে প্রভু ক্ষবেরা তীরে আসিয়া ক্ষকর্ণামৃত পাঠ শুনিয়া এই গ্রন্থ লিখাইয়া লইলেন। তারপর প্রভু তাপী নদীতে স্নান করিয়া মাহিয়তি।পুর হইয়া নর্মদায় তীরে তীরে ধয়তীর্থ ও ঝয়য়ক গিরি দর্শন করিলেন। সপ্ততাল বৃক্ষ দেখিয়া প্রভু আলিঙ্গন করিলেন। অমনি সপ্ততাল জ্ঞানিল প্রভু গোরই শ্রীরামচন্দ্রের অবতার। প্রভু পশ্পা সরোবরে স্নান করিয়া পঞ্চবটী; নাসিক দর্শন করিলেন। সকলে ব্রহ্মগিরি আসিলেন। সপ্ত গোদাবরী দর্শন করিয়া পুনরায় বিভানগরে উপনীত হইলেন। রামানক্ষ রায়কে নীলাচল আসতে আদেশ করিয়া প্রভু আলালনাথে আসিলেন। ক্ষ্মদাসকে পুরী পাঠাইয়া থবর দিলেন।

জগদানন, দামোদর পণ্ডিত, মৃকুন্দ সকলে ছুটিয়া আসিল। প্রভু সার্ক-

ভৌম গৃহে সেই দিন ভিক্ষা করিলেন। ভক্তগণ সঙ্গে তীর্থের কাহিনী বর্ণনা করিতে লাগিলেন। তারপর হইতে প্রভুরাজপুরোহিত কাশী মিশ্রের ঘরে অবস্থান করিলেন।

যথন মহাপ্রভু নীলাচলে আদেন, তথন রাজা প্রতাপক্ষল্র কটকে ছিলেন। যথন পুরীতে ফিরিয়া আদেন তথন প্রভু দক্ষিণে চলিয়া গিয়াছিলেন। রাজা সার্বভৌমকে বলিলেন—"এমন রত্ন পাইয়া ছার্শ্ডিলেন কেন ?" সার্বভৌম বলিলেন—"তিনি স্বতন্ত্র ঈশর। তবে আবার আসিবেন বলিয়া গিয়াছিলেন।" প্রতাপ কল্র প্রভুকে দর্শনের জন্ম প্রবল আগ্রহ জানাইলেন। প্রভু ফিরিয়া আসিলে, সার্বভৌম তাঁহার কাছে প্রতাপক্ষল্রের দর্শন বাহা জানাইলেন। প্রভু কঠোরভাবে অ্যীকার করিলেন। বলিলেন—"সন্ন্যাসীর রাজদর্শন নিষেধ। এইরূপ অ্যুকোধ আমাকে আবার করিলে আমি শ্রীক্ষেক্ত ছাডিয়া চলিয়া ষাইব।" পণ্ডিত সার্বভৌম রাজাকে এই কথা জানাইলে, তিনি অতি বেদনার্ত্ত হইলেন। অতি তঃখে বলিলেন, "প্রতাপক্ষল্রকে বাদ দিয়া জগৎ উদ্ধার করিতে কি তিনি আবির্ভু কি হইয়াছেন ? প্রভু প্রতিজ্ঞা করিয়াছেন—রাজ-দর্শন করিবেন না। আমারও প্রতিজ্ঞা প্রভু বিনে প্রাণ ত্যাগ করিব।"

রাজা যথন প্রভু-দর্শনের জন্ম অত্যক্ত ব্যাক্ল, তথন ভক্তাণ প্রভুর নিকট ধাজা করিয়া তাঁহার প্রসাদী একথানি বহিবাদ লইয়া রাজাকে দিলেন। রাজা প্রদাদীবন্দ্র পাইয়া সাক্ষাৎ প্রভু-জ্ঞানে তাহা বক্ষে চাপিশা ধরিলেন। কিছা দর্শন উৎকণ্ঠা কমিল না, আরও বাডিল। তারপর বহু অন্থন্ধে প্রভু প্রতাপক্ষেরে পুত্রের সহিত মিলিত ১ইতে স্বীকৃত হইলেন। রাজপুত্র প্রভু সামিধ্যে আসিলেন। তাহার কিশোর বয়স, শ্যামল বর্ণ দেখিয়া প্রভুর কৃষ্ণে ভূরি হইল ও পুনঃপুনঃ ভাহাকে আলিজন করিলেন।

প্রভুর স্পর্শে রাজপুত্রের দেহে স্বান্থিক বিকার দেখা দিল। প্রতাপক্ষদ্র সেই পুত্রকে আলিঙ্গন করিয়া সেন মহাপ্রভুর সাক্ষাৎ স্পর্শ পাইলেন এইরূপ অফুভব করিলেন। কিন্তু দর্শনোৎকণ্ঠা কমিল না। অনস্তর বৃদ্ধিত হইতে লাগিল। রথধাত্রার দিন লথে ধখন জগন্নাথ, স্বভুলা ও বলভদ্র আরোহণ করিয়াছেন তখন প্রতাপক্ষদ্র ঝাড়ু লইয়া পথ মার্জ্জন করিতে লাগিলেন। রাজা স্বহুত্তে তুচ্ছ সেবা করিতেছেন দেখিয়া প্রভুর কুপার উদয় হইল।

রথ বখন চলিতে লাগিল তখন রথাপ্রে প্রভূ উদ্ভ নৃত্য করিতে

লাগিলেন। বলগণ্ডি নামক স্থানে ধখন রথ থামিল, তখন প্রভু ক্লান্ত হইয়া পার্যবর্ত্তী উপবনে গিয়া বিশ্লাম করিতে লাগিলেন। মৃত্যান বাতাস বহিয়া প্রভুর শ্রীঅক্টের ঘর্ম অপনোদন করিতে লাগিল।

প্রেমের আবেশে প্রভু পড়িয়া আছেন। তথন প্রতাপক্ষদ্র রাজবেশ ছাডিয়া বক্ষৈবের বেশে একাকী তপোবনে প্রবেশ করিলেন। প্রভু নয়ন মৃদিত করিয়া ভূমিতে শয়নে আছেন। প্রতাপক্ষদ্র অতি ধীরে সম্বর্গণে শ্রীচরণ সংবাহন করিতে লাগিলেন।

পাদসংবাহন করিতে করিওে রাজা ভাগবতের গোপী-গাঁতার শ্লোক আর্ত্তি করিতে লাগিলেনে। যথন "তব কথামৃতং তপ্তজীবনং" এই শ্লোক পড়িলেনে, তথন প্রভু "ভুরিদা-ভুরিদা" বলিয়া প্রেমাবেশে প্রতাপক্তকে আলিঙ্গন করিলেনে। তিনি প্রভুর কুপার প্লাবনে ভাসিয়া গেলেনে।

গোড়ীয় ভক্তসঙ্গে

শীশ্রীগোরস্থন্দর ১৪৩১ শকে মাঘ মাসে সন্মাস গ্রহণ করেন। পুরীধামে কিছুদিন অবস্থানের পরই দক্ষিণ দেশে যাত্রা করেন। ফিরিয়া আসিতে লাগে প্রায় তুই বৎসর। স্থতরাং ১৪৩২ ও ১৪৩৩ শকে পুরীর রথবাত্রা দর্শন করেন নাই। প্রভুর বিরহ কাতর গোডদেশী ভক্তগণ প্রতি বৎসরই গোরাচাদের বদনচন্দ্র দর্শনের লোভে পুরীধাম আসিতেন। উক্ত তুই বৎসর ভিন্ন আর কোন বৎসরই বাদ যাথ নাই এইরূপ মনে হয়। নদীয়ার, শান্তিপুরের, ক্লীন-গ্রামের শ্রীপণ্ডের সকল স্থানের ভক্তগণ সংখ্যায় প্রায় তুইশত, স্থার্ম প্রতি বৎসর পদব্রজে আসিতেন। পথের সকল প্রকার দায়িত্ব বহন করিতেন শিবানন্দ সেন।

বে বে পথ দিয়া গৌরস্থলর গৌড়দেশ হইতে পুরীধামে গিয়াছেন সেইসব পথ গাঁধিয়া সেই সেই স্থানের মধুময় লীলাকথা আরণ করিতে করিতে তাঁহারা আসিতেন। প্রাণ-গৌরের প্রতি তাঁহাদের অন্তরাগ যে কত স্থগভীর তাহা ভাবিয়া বিশ্বিত হইতে হয়। তাঁহারা শুধু হাতে আসিতেন না। গৌরচন্তেরে প্রিয় দ্রব্যাদি বহন করিয়া আনিতেন।

দেবী দময়ন্তীর প্রান্তত "ঝালী" হাড়ি ভরিয়া মাথায় বহন করিয়া আনিতেন রাঘব পণ্ডিত। এক বংসর এক মাস চাউল বহন করিয়া আনিয়াছিলেন নিতাই চাঁদ স্বয়ং। শ্রীধর ঠাকুর থোড, মোচা, পাতা লইয়া আসিতেন। কি অপরিসীম প্রেমের আবেগে তাঁহারা আসিতেন তাহা অক্সধাবন করিতেও আমরা অক্ষম।

ষিনি যে জব্য আনিতেন, তাহা সেবক গোবিদ্দের হাতে সকলে দিতেন। দিয়া বলিতেন, "ইহা যেন অবশ্য ভক্ষণ করেন গোসাঞি"। "অমুক ভক্ত এই জব্য আনিয়াছেন" গোবিন্দ প্রভুকে জানার। প্রভু বলেন, "ধরি রাখ"। এইরূপে জ্ব্যাদি রাখিতে রাখিতে ঘরের কোণ ভরিয়া যায়।" প্রত্যেকেই গোবিন্দকে জিজ্ঞাসা করেন, আমার দেওয়া স্তব্য প্রভুকে খাওয়াইছোতো?" গোবিন্দ নানা কথা বলিয়া তাহাদের ফাঁকি দেন।

একদিন গোবিন্দ প্রভুকে বলিলেন—"তোমার জন্ত ভক্তের। এতন্ত্রব্য আনিয়াছেন, তুমি থাও না। তাঁহারা বারবার আমাকে জিজ্ঞাসা করে। আমি আর কতদিন তাঁহাদের বঞ্চনা করিতে পারি। "কত বঞ্চনা করিব, কিমতে আমার নিস্তার।" প্রভু বলিলেন, "হৃঃখ কর কেন; কে কি দিয়াছে আন।" এই কথা বলিয়া প্রভু ভোজন করিতে বসিলেন। গোবিন্দ যে যে প্রব্য দিয়াছে তার নাম উচ্চারণ করিয়া প্রভুর সম্মুখে ধরেন। প্রভু আনন্দে তাহা গ্রহণ করেন। তার মধ্যে এমন দ্রব্যও আছে-যাহা ছুই-তিন মাসের বাসি। থিসাদ হইয়াছে। তবু প্রভু প্রমানন্দে সব ভোজন করেন। একশত লোকের ভক্ষা প্রভু খাইয়া ফেলিলেন।

শতজনের ভক্ষ্য প্রভু দণ্ডে কৈ খাইল আর কিছু আছে বলি গোবিনোপুছিল।

গোবিন্দ বলিলেন, "ভাধু রাঘবের ঝালি আছে।" প্রভু বলিলেন, "আজ খাক আর একদিন পাব।" রাঘবের ঝালির মধ্যে এমন সব দ্রব্য আছে যাহা বংসর ষাইলেও নষ্ট হইবে না। তাহাতে আছে নানা অপূর্ব ভক্ষ্য দ্রব্য। প্রভুষ যোগ্য ভোগ। "বংসরেক মহাপ্রভু করিবেন উপভোগ।"

কবিরাজ গোস্বামী বলিরাছেন—"নানা ভক্ষ্য দ্রব্য সহস্র প্রকার।"
সহস্র প্রকার দ্রব্যের কয়েকটির নাম করিতেছি। আম-কাস্থন্দী, আদাকাস্থন্দী, ঝাল-কাস্থন্দী, লেব্-আদা, আদ্রকোলি, আমসী, আদ্রপণ্ড, তৈলাম্র
আমতা, কোলিশুটী, কোলিছুর্ল, কোলিখণ্ড, শতপ্রকার আচার, শুক্তা পাতা,
অমৃত কপ্র, শালি কাচুটি ধানের আতপ চিড়া, স্থতে ভাজা চিড়া, হড়ুম,
স্থত ভাজা শালি ধান্মের থৈ, ফুট কলাই চুর্ল ইত্যাদি। প্রভু সব আদরে
গ্রহণ করেন।

ভাবপ্রাহী মহাঞ্জড় ক্ষেত্ত মাজ লয় স্বক্তা পাতা কাসন্দিতে মহাস্থপ পার 🏽

গৌরহরি তাহার গোডীয় ছক্তদের লইয়া কত শত মধুর লীলা করেন। গুণ্ডিচা মার্জন, নেত্রোৎসব দর্শন, পাগুববিজয় দর্শন, স্নানধাত্রা দর্শন, রথাগ্রে নৃত্য-গীত, ইন্দ্রহুপ্নে ক্রীডা, নরেন্দ্র সরোবরে ক্রীড়া প্রভৃতি।

ত্ই চারিটি মধুর লীলার কিঞ্চিৎ দিগ্দর্শন করিতেছি। রথ আরোহণ করিয়া জগনাথ গুণ্ডিচা মন্দিরে গিয়া নয় দিন থাকেন। বৎসরে এইখানে এই একবার বান। সালা বৎসর ব্যবহার না হওয়ায় ঐ মন্দির ধূলি মলিন হইয়া থাকে। মহাপ্রভু পার্ষদগণসহ ঐ মন্দির ধূইয়া মুছিয়া পরিজার করেন।

ঐ কার্য্য ভৃত্যজাতীয় লোকের কাজ। কিন্তু প্রভ্রের পূর্ব্বদিন কাশীমিশ্র পড়িছাপত্ত ও সার্বভোম পণ্ডিতকে ডাকিয়া তাহাদের কাছে গুণ্ডিচা-মন্দির মার্জন ভিক্ষা মাগিয়া লইতেন। সেব্যধন সেবামাগে ইহা কত মধুর।

> তিনজনার কাছে প্রভূ হাসিয়া কহিল। গুণ্ডিচা মন্দির মার্জন সেবা মাগি নিল॥

পড়িছাপত্ত প্রভুর নিকট শতশত সম্মার্জ্জনী ও শত শত ঘট আনিয়া দেন।
প্রভু প্রত্যেক ভক্তের হাতে হাতে উহা বিতরণ করেন। সকলের অঙ্গে নিজ
হাতে চন্দন দিয়া গুণ্ডিচা মার্জ্জনে সদলে ধাতা করেন।

প্রভুর মনের ভাব—কৃষ্ণ কৃষ্ণক্ষেত্রে আছেন। কাল বৃদ্ধাবন কৃষ্ণে আদিবেন। প্রভু গুণ্ডিচাকে ব্রজকৃষ্ণ ভাবেন। রথের সমারোছে সেই স্থানটাকে কৃষ্ণক্ষে মনে করেন। ভক্তগণ লইয়া, প্রভু রাধাভাবে কৃষ্ণ দাজাইতে বলেন। অন্তরঙ্গ ভক্তগণ প্রভুর এই ভাব ব্বিতে পারেন। গুণ্ডিচা মন্দিরের ভিতর-বাহির, ছোট-বড় মন্দির, জগমোহন, ভোগমণ্ডপ চত্তর, দেয়াল ভিত্তি, সর্বশেষে সিংহাসন-অপ্র্ভাবে প্রভু মার্জ্কন করেন। তখন প্রভুর ধ্লিমাখা দেছের এক অপরপ শোভা হয়। মুখে নাম-হাতে কাজ । ইহা প্রভুর শিক্ষা—

প্রেমোলাসে পৃহশোধে লয় রুফ নাম। ভক্তগণ "রুফ" কছে, করে নিজ কাম॥

কেছ বা নিজ • অশ্রুজনে মার্জন করেন। কেছ বা মন্দিরে জল ঢালিতে ঢালিতে চল করিয়া প্রভুর শ্রীচরণে জল দেন। প্রভুকে আড়াল করিয়া তাহা পান করেন, অন্তকে বিলাইয়া দেন। সে এক অপূর্ব্ব লীলা। কবিরাজ গোস্বামী বলেন—মন্দির মার্জন্ত ও প্রকালন করিয়া ভক্ত চিত্তের স্থার শীতল, উজ্জ্বল ও প্রীক্তফের উপবেশনের যোগ্য করেন।

তারপর প্রভূ উচ্চ কীর্দ্ধন করিতে করিতে ইন্দ্রতায় সরোবরে গিয়া জলক্রীড়া করেন। তারপর তীরে উঠিয়া আইটোটা উচ্চানে গিয়া পঞ্চশত লোক লইয়া ভোজন করেন। অন্তরঙ্গণ লইয়া প্রভূ একটু উচ্ পিগুার উপরে বসেন। সকলে আনন্ধর্মনি করেন। প্রভূর সাথে বসিয়া সার্ম্বডোম বলেম—

মহাপ্রভূ বিনে কেহ নাহি দয়াময়।
কাকেরে গরুড করে ঐচে কোন হয়॥
তার্কিক-শৃগাল সঙ্গে ভেউ ভেউ করি
সেই মুখে এবে সদা কহি ক্লফ হরি।

তারপর নেত্রোৎসব। পক্ষকাল পরে জগন্নাথ দর্শন। লোকের ভিড়। আগে যান কাশীখর "লোক নিবারিয়া" পাছে গোবিন্দ জলকরক লইয়া। প্রভুর অগ্রে পুরীভারতী, তুই পার্শ্বে স্বরূপ, অহৈত।

> তৃষ্ণার্ত্ত প্রভুর নেত্র জ্রমর যুগল। গাঢাসক্তে। পিয়ে কুম্ণের বদন কমল॥

রথাগ্রে নর্জনকীর্ত্তনে এক অপূর্ব্ব আনন্দ। রথাগ্রে গৌডবাসী-ভব্তগণকে প্রভু চারি সম্প্রদায়ে ভাগ করেন—স্বরূপ, জীবাস, মৃকৃন্দ ও গোবিন্দ ঘোষ। এই চারিজন চারিদলে মূলগায়ক। প্রত্যেক দলে ছুইজন মৃদঙ্গবাদক ও কীর্ত্তনিয়া ছয়জন। চারি সম্প্রদায় জগনাথের অগ্রে। ছুই পাথে ছুই সম্প্রদায়, পশ্চাতে এক সম্প্রদায়। ক্লীনগ্রামের দল, শান্তিপূরের আচার্য্যের দল, জীবণ্ডের দল। সাত সম্প্রদায়, চৌদ্দ-মাদল।

প্রত্যেকে দেখেন প্রভূ-তার সম্প্রদায়েই নৃত্য করিতেচেন। কথনও একই সময়ে সাতদলে প্রভূ নৃত্য করেন।

আর এক শক্তি প্রভূ করিলা প্রকাশ। একবারে সাত ঠাঞি করেন বিলাস॥

জগন্নাথ নিজে আনলে কীর্ত্তন শোনেন, রথ থামাইয়। রথ চলে না।
প্রভু রথের পিছনে গিয়া শ্রীমন্তক দিয়া রথ ঠেলিয়া দেন। প্রভু গৌরহরি
জগন্নাথ দর্শন করিয়া কাঁদেন। জগন্নাথও প্রভুকে দর্শন করিয়া প্রেমের
সাগরে ভুবিয়া বান।

মৃহদৃষ্টা তত্তাননশশিনমত্যক্ত মধ্রং গলন্ধেতাভোভিঃ স্বতন্তমভিষিক্তামরচয়ং। ক্রগন্নাথোহপ্যেনং নিমিয়র হিতৈরক্ষিক্মলৈ

বিলোক্য প্রেমাকো নিরবধি নিমগ্নো>ভবদিব। ১১।৮৬ কবি কর্ণপুর।
গৌরচন্দ্র জগরাথদেবের মধুর ম্থচন্দ্র দর্শন করিয়া নয়নজলে নিজ তত্ত্ব
জভিষিক্ত করিতে লাগিলেন। জগরাথদেবও ষেন গৌরচন্দ্রকে জনিমেষ
লোচনে অবলোকন করিয়া প্রেমাস্থিতে নিমগ্ন ইইলেন।

শ্রীকৃষ্ণকে লইয়া শ্রীকৃন্দাবন চলিয়াছেন এই ভাবনায় শ্রীরাধাভাবে গোরহরি শ্বরূপকে গান গাইতে আদেশ করেন। স্বরূপও ললিতা স্থীর ভাবাবিষ্ট হইয়া গান করেন—

সোই সোইত পরাণনাথ পাইলুঁ

যাহা লাগি মদন দহনে ঝুরি গেলুঁ।
রথস্থ শ্রামস্থলর ও পথস্থ গৌরস্থলরে অপূর্ব্ব ঠেলাঠেলি চলিতে থাকে—
গৌর যদি আগে না যায় শ্রাম হয় স্থির
গৌর আগে যায় শ্রাম চলে ধীরে ধীরে
এইমত গৌর শ্রাম করে ঠেলাঠেলি
সরথ শ্রামেরে রথে গৌর মহাবলী।

গৌড়ীয় ভক্তগণ সঙ্গে এই সকল মধুর লীলা গৌরস্থলর প্রতিবংসর করিয়া থাকেন। মর্মা ভক্তগণ বলেন-অভাপি করেন।

সচল জগন্নাথ

নীলাচলে গৌরস্থলর কীর্দ্তনানন্দে বিহার করিতেছেন। দিনরাজ বৃত্যশীতে ও আনন্দের আবেশ। সকলেই প্রভূকে দেখিয়া বলেন-এই'ত সচল কগরাথ। বখন তিনি যে পথ দিয়া চলিয়া যান চারিদিকের লোক উচ্চৈঃখরে 'হরি বোল' 'হরি বোল' বলে। হাটিলে যেখানে প্রভূর চরণ যুগল পড়ে, সেখানের ধূলি লোক লুট করিয়া লইয়া যায়।

প্রকৃत নয়নে সদা আনন্দের ধারা, বদনে হরে রুঞ্চ, হরে রুঞ্চ, নাম উচ্চারণ, গতি মন্ত সিংহের মত, কণ্ঠ হইতে দোহল্যমান মালায় বিশাল বক্ষ আবৃত। রূপ দেবিরাই পুরুষ নারী চরণে আত্মসমর্পণ করে।

চক্রাবতী রাত্রিতে যথন দক্ষিণা বাতাস বহিত তখন প্রভূ ভ**ক্তগণ সংস্**

আসিয়া সম্দ্র উপকৃলে বসিতেন। চল্লের জ্যোৎনায় সমৃদ্র তরকের শোভা দেখিয়া প্রভু হাস্থময় দৃষ্টিতে তাকাইয়া থাকিতেন। কোনও কোনও দিন সারারাত্রি সমৃদ্রতীরে অতিবাহিত করিতেন। মাঝে মাঝে কীর্ত্তন চলিত।

প্রভু কীর্ত্তন হইলেই ভাণ্ডব নৃত্য করিতেন। রোমহর্ষ, অঞ্চ, কম্পা, হৃছার, গর্জন—অষ্টসাত্ত্বিক ভাব সর্বাদা শ্রীঅঙ্গে থেলা করিত। প্রাণপ্রিয় গদাধর সর্বাদাই সঙ্গে সঙ্গে থাকিতেন। প্রভুর সম্মুখে বসিয়া গদাধর ভাগবং পাঠ করিতেন। শুনিতে শুনিতে প্রভু প্রেমরসে মহামত্ত হইতেন।

বেভাগ্য থাপরে যম্না নদী পাইয়াছে, বেভাগ্য ভাগীরথী পাইয়াছে, আজ্ব নীল সিদ্ধু সেই মহা সোভাগ্য লাভ কবিল। তাঁহার ভীবে নারে গৌরচন্দ্র বিহার করিতে লাগিলেন।

কুপে গঙ্গার বিজয়

নীলাচলে পরমানন্দ পুরী গোদাঞির মঠ। মঠে দশ্রতি তিনি জলের জন্ম একটি কুপ খনন করিয়াছেন। কুপে জল উঠিয়াছে, অখান্ম, অপের। হঠাৎ প্রভূ গোদাঞির মঠে আসিলেন। জিজ্ঞাদা করিলেন, "কুপের জল কেমন হইল ?" প্রভূ গোদাঞি বলিলেন, "ঘোলা কাদার মত;" প্রভূ তখন কুপের নিকট আসিয়া হুই হাত তুলিয়া বলিলেন—"মহাপ্রভূ জগন্নাথ আমায় এই বর দাও, যেন গোদাঞির কুপে গলা প্রবেশ করে। পাতালে যে ভোগবতী গলা আছে তাহাকে আদেশ কর—এই কুপে প্রবেশ করিতে।"

এই কথা বলিয়া প্রভু বাসায় চলিয়া গেলেন। প্রদিন স্কালবেলা প্রভাতে উঠিয়া সবে দেখেন অভুত।

পরম নির্মাল জলে পরিপূর্ণ কুপ ॥

অপূর্ব্ব দৃষ্ঠ দেখিয়া পূরী গোসাঞির আনন্দ ধরে না। তিনি আনন্দের আতিশয়ে অচেতন হইয়া পডিলেন। কৃপ প্রদক্ষিণ করিয়া ভক্তগণ বলিতে লাগিলেন—"কৃপে শ্বয়ং গঙ্গাদেবী বিজ্ঞা্ব করিয়াছেন।" প্রভূ নিজে আসিয়া দর্শন করিলেন। বাছ তুলিয়া বলিলেন—

এই কুপের জলে স্নান বা ভক্ষণ করিলে তার গঙ্গাস্পানের ফল ছইবে।
"সত্য সত্য হবে তার গঙ্গাস্পান ফল।
কুক্ষে ভক্তি হবে তার পরম নির্মাণ।"

জগন্তাথ দৰ্শন

শ্রীগৌর স্থলর নিত্য জগরাথ দর্শন করেন। ঘণ্টার পর ঘণ্টা অপলক নেত্রে তাকাইয়া থাকেন। তুই নয়নে অবিরল ধারা বহিতে থাকে। বক্ষ বাহিরা বহিবাস ভিজে। মাটিতে পডিয়া জল গড়াইতে থাকে।

> গরুড় ভভের পাশে আছে এক নিয় খাল সেই খাল পূর্ণ হইল নয়নের জলে।

এত অশ্রুণারা কেহ কোন দিন দেখা দূরের কথা কল্পনাও করিতে পারেন নাই। গরুড় স্বস্তের পার্শ্বে দাঁডাইরা দেখেন। গরুড় স্কক্তরাজ। তার আমুগত্যে দেখেন—জ্বন্তকে পিছনে ফেলিয়া দেখেন না। ভক্ত মর্যাদা রক্ষা করিয়া দেখেন। গরুড় স্বস্তের পার্শ্বে দাঁড়াইলে আর একটি ব্যাপার হয়। সিংহাসনে যে জগন্নাথ বলভদ্র স্বভ্রদা আছেন—এই তিনজনকে দেখা যায় না। শুধু জগন্নাথের বদনখানিই দেখা যায়। প্রভু গৌরহরি ভাহাই দেখিতে চান।

প্রভু রাধাভাবে বিভাবিত হইয়া জগয়াপরপী মদনমোহনকে দর্শন করেন। আশে পাশে অন্ত কেছ থাকিলে মহাভাবময়ীর ভাবে ক্ষতা আদে। প্রভুর ভাব তিনি রাধা—শ্রীরন্দাবনে শ্রামকে দেখিতেছেন। স্বভুরা পার্বে থাকিলে সে ভাব থাকে না। স্বভুরা ব্রক্তের জ্বন নহেন—তার সঙ্গে সম্বদ্ধ থাকিলে সে ভাব থাকে না। স্বভুরা ব্রক্তের জ্বন নহেন—তার সঙ্গে সম্বদ্ধ থারকা ক্ষেক্তেরে। স্বভুরা মাঝে মাঝে চক্ষে পড়ে—তথন মনে করেন কৃষ্ণক্তিরে আছি—অন্তরে সাধ জাগে এ স্থান ছাড়িয়া ব্রক্তে বাবেন। রথষাত্রার সময় এই ভাব প্রবল হয়। গুণ্ডিচা ধেন বৃন্দাবন—তাডাতাড়ি সেখানে রথ টানিয়া নিতে চাহেন।

স্থ-মাধুর্য্য অর্থাৎ কৃষ্ণ মাধুর্য্য আস্বাদন করিতে গৌরের আবির্ভাব। সেই আস্বাদন লালসা পূর্ণভাবেই মিটাইতেন জগন্নাথের বদন দেখিয়া। এইজন্তই নীলাচলে আসা।

ব্ৰুয়াত্ৰা ও অৰ্কপথ হুইতে প্ৰত্যাবৰ্ত্তৰ

লীলারকী শ্রীগোরাক্সক্ষর শ্রীবৃন্দাবন যাইতে ইচ্ছা করিলেন। বলিলেন, "গোড়দেশ হইয়া যাইব। জাহ্নবী ও জননী দর্শন করিয়া যাইব।" সয়্যাস গ্রহণের পর পঞ্চম বর্ষে বিজয়। দশমী দিনে ব্রজ্বাত্রা করিলেন। সক্ষে চলিলেন পুরীগোঁসাই, অ্রপ-দামোদর, রামানক্ষ, অপদানক্ষ, মৃক্ত্ব্য, বক্তেশ্বর পণ্ডিত, গোপীনাথ ও আরো অনেকে। প্রভু চিত্রোৎপলা নদীতে

ক্ষান করিলেন। সেধান হইতে কেহ কেহ বিদায় নিলেন। যাজপুর হইতে অনেকে বিদায় নিলেন। রামানন্দ রায় ভক্তক পর্যন্ত আসিয়াছিলেন।

প্রভ্র সক্ষে গদাধর পণ্ডিত চলিয়াছেন। ক্ষেত্র সন্ধ্যাস ও গোপীনাথের সেবা ত্যাগ করিয়া গদাধর বান, ইহা প্রভূর ইচ্ছা নয়। গদাধর অতি সহজভাবে বলিলেন "ক্ষেত্র সন্ধ্যাস মোর ঘাউক রসাতল" কোটি গোপীনাথ সেবা ত্বংপদর্শন।" প্রভূ বলিলেন, "তুটি ধর্ম ত্যাগ করিয়া আমার সক্ষে গেলে সে ধর্মত্যাগজনিত পাপ আমাতে বতিবে।" গদাধর বলিলেন, "তোমার সক্ষে যাইব না।" আমি শচিমাকে দেখিতে গৌড় দেশে যাব।" প্রভূ নীরব রহিলেন। কটক পর্যান্ত গিয়া প্রভূ কঠোর ভাবে গদাধরকে পুরীতে ফিরাইয়া দিলেন।

ঐ সময় পথঘাট রাজনৈতিক বিপদ সঙ্কুল ছিল। একজন বিশিষ্ট ম্নলমানের সহায়তায় প্রভু পিছলদা হইতে নৌকা করিয়া মঞ্জের নদী পার হইয়া বলোপসাগরে পড়িয়া, গজার মোহনা ধরিয়া পানিহাটীতে পৌছাইয়া গেলেন।

পানিহাটী রাঘব পণ্ডিতের গৃহে একদিন থাকিলেন। কুমারহট্টে শ্রীনিবাসের গৃহে উঠিলেন। শিবানন্দ, বাস্থদেব, মাধব দাস প্রমুখ ভক্তগৃহে একত্র কয়েকদিন রহিলেন।

গৌড়দেশে বাচস্পতিগৃহে

তারপর প্রভু—বিজ্ঞাবাচম্পতি পণ্ডিতের গৃহে আসিলেন। বাচম্পতি পণ্ডিত. সার্ব্বভৌমের ল্রাতা। প্রভু আচম্বিতে আসিয়া তাহার গৃহে উপস্থিত হইলেন। বাচম্পতি সগোষ্ঠী চরণে দণ্ডবৎ করিলেন। প্রভু বলিলেন—আমি মধ্রা যাইব। ক্ষেকদিন গলাম্বান করিবার ইচ্ছা। ক্ষেকদিন তোমার গৃহে গোপনে থাকিয়া গলাম্বান করিব। আমার আগমন তুমি গোপনে রাখিবা।

স্ব্রের উদয় কে গোপন করিবে! চারিদিকে রটিয়া গেল— বাচস্পতি গৃহে আইলা সন্ন্যাসী চূড়ামণি নবন্ধীপ আদি সর্ব্ব ত্বীপে হইল ধ্বনি।

লক্ষ লক্ষ লোক ছুটিয়া আসিতে লাগিল। খেয়াখাটে এক অস্তুত দৃষ্ট ছইল। সহস্ৰ সহস্ৰ লোক এক নৌকায় চড়িল। মধ্য গলায় নৌকা গলায় পড়িয়া গেল। যাহার। খেয়া না পাইল তাহারা সাঁতরাইয়া গলাপার হইল। কেহ কেছ কলাগাছের ভেলা তৈরী করিয়া তাহাতে পার হইল। কেছ কেছ কলাগাছ ধরিয়া সাঁতরাইল। কেছ বাঘট বুকের নীচে দিয়া সাঁভরাইয়া গঙ্গা পাড়ি দিল।

লক্ষ লক্ষ লোক বাচম্পতি গৃহে আসিয়া তাহাকে বলিল আমাদের প্রভুকে দর্শন করাও। লক্ষ লক্ষ লোকের ম্থে হরি ধ্বনি শুনিয়া প্রভু গৌরস্থন্দর নিজেই আনন্দে বাহির হইয়া আসিলেন। বিরাট জনতার প্রতি শুভ দৃষ্টিপাত করিয়া কহিলেন—"ক্লেঞ্চ মতি হোক।

বোলকৃষ্ণ ভব্দকৃষ্ণ গাও কৃষ্ণ নাম কৃষ্ণ হউক স্বাকার জীবন ধন প্রাণ।"

কুলিয়া পলায়ন

প্রভুর দর্শনার্থী লোকের সংকট ক্রমেই বাড়িতে লাগিল, কেবলই নৃতন লোক আসে। যাহারা আসে তাহারা আর ফিরিয়া যায় না। বাচস্পতি গৃহ প্রাহ্মন ভরিয়া বিরাট জনতা। হঠাৎ প্রভু কাহাকেও কিছু না বলিয়া কুলিয়া চলিয়া গেলেন।

> নানা রঙ্গ জানে প্রভু গৌরাঙ্গ স্থন্দর লুকাইয়া গেলা প্রভু কুলিয়া নগর।

বাচম্পতি নিজেও জানিলেন না, গভীর রাত্রিতে প্রভূ কোথায় গিয়াছেন।
তিনি জনতার সম্মুখে দাঁড়াইরা বলিলেন "প্রভূ আমার গৃহে নাই। কোথায়
যেন চলিয়া গিয়াছেন।" জনতা তাঁহার বাক্য বিশ্বাস করিল না। প্রথমে
অমুরোধ, উপরোধ—তারপর কঠোর গালাগালি করিতে লাগিল।

কেছ বোলে বিপ্রকিছু কপটহাদয়। পর উপকারে তত নছেন সদয়॥

একে প্রভুর বিরহে বাচম্পতি কাতর তত্পরি জনতার তীব্র ভৎসনা।
তিনি হংখে অভিভূত হইয়া পড়িলেন। তথন এক ব্রাক্ষণ আসিয়া বাচম্পতির
কানে কানে কহিলেন—প্রভূ কুলিয়া নগরে চলিয়া গিয়াছেন। তথন বাচম্পতি
জনতার সমূখে আসিয়া বলিলেন আপনারা আমাকে জ্বকারণ গালাগালি
করিতেছেন। প্রভূ কুলিয়া নগরে চলিয়া গিয়াছেন। অক্কশে মধ্যে কুলিয়ার
কি জবস্থা হইল—

ক্ষনেকে কুলিয়া গ্রাম নগর প্রান্তর। পরিপূর্ণ হইল স্থান নাহি অবসর। অনস্ত অবুদি লোক লয় হরিধ্বনি বহির না হয় গুল্গে আদে ন্যাসিমণি—

বাচম্পতি একা একা ঘ্রিয়া বেডাইতেছে জনসম্দ্রের মধ্যে। এমন সময় করুনাময় তাহাকে ডাকিয়া নিজ নিকটে আনাইলেন। বাচম্পতি আসিয়া দশুবৎ শ্রীচরণে পতিত হইলেন। তারপর কাতর কণ্ঠে কহিলেন—প্রভূ তুমি শৃতস্ত্র ঈশ্বর, ইচ্ছাময়ী আপনি ইচ্ছাতে বিচরণ কর। সর্বকার্য্যে তোমার আপন ইচ্ছায়। বিরাট জনতা আমাকে গালাগালি করে—নলে আমি তোমাকে ঘরে লুকাইয়া রাখিয়াছি। তুমি তিলার্দ্ধের জন্ম বাহির হও।

> তুমি প্রভু তিলার্দ্ধেক বাহির হইলে। তবে মোরে 'ব্রাহ্মণ' বলিয়া লোকে বলে॥

তার প্রথন। শুনামাত্র গৌরাঙ্গ স্থন্দর বাহিরে আসিলেন। দর্শনে সকল লোকঃআনন্দ সাগরে ভাসিতে লাগিল।

> ক্লিয়াগ্রামেতে চৈতভোর পুরকাশ ইহার শ্রুবনে চিন্তে সর্ব্র কার্য্য পাশ॥

ু কুলিয়ার পণ্ডিত দেবানন্দ প্রভুর শ্রীচরণ সান্নিধ্যে উপনীত ২ন। প্রভু ভাঁহার সকল অপরাধ ক্ষমা করেন।

> পূর্ব্বে তান যতকিছু ছিল অপরাধ। সকল ক্ষমিয়া প্রভূ করিল। প্রসাদ॥

ক্লিয়ার বাচম্পতি গৃহে কয়েকদিন রহিলেন। চারিদিকের লোকের জানাজানি হইয়া গেল। অগনিত জনসমাগমে ক্লিয়ায় প্রভ্র থাকা দায় হইল। প্রভু লোকভয়ে লুকাইয়া অতি কটে রামকেলী পৌছাইলেন। রামকেলী হইতে কানাইনাটশালা পর্যন্ত গিয়া অনেক স্থানে নৃত্যু গীতাদি করিয়া নীলাচল যাব বলিয়া ফিরিয়া আদিলেন। কেন ফিরিলেন এই সম্বন্ধে তুইটি প্রাণম্পর্শী কাহিনী যুক্ত। প্রভু যখন আনন্দে নৃত্যুগীত করিতে করিতে রামকেলির দিকে অগ্রসর ইহতেছেন তখন একজন গুপ্তাচর নবাব হোসেন শাহকে খবর দিয়াছেন বছলোক সহ একজন বিরাট প্রদ্বে রাজধানীর অভিমুখে আদিতেছেন, শুনিয়া হোসেন শাহ রাজপ্রসাদের উপরে উঠিয়া দর্শন করিলেন। নামিয়া আদিয়া নগররক্ষক কেশব ছিত্রির কাছে জানিতে চাহিলেন, ঘটনাটি

কি ? ছত্রী মহাশয় বলিলেন, একটা গাছতলায় ফকীর হৈ চৈ করিয়া বেডায়, চেলা চাম্থা দকে অনেক জুটিয়াছে। আপনার কাছে তুলিবার মত ঘটনা নহে। আপমার কি মনে হয় ?'নবাব বলিলেন—

> ''যিনি দানে লক্ষলোক যার পিছে ধায় সেই তো গোসাঁই ইথে নাহিক সংশয়।

এই গোসাঁই রাজধানীর মধ্য দিয়া চলিয়া বাইবেন, কোথাও কোন অশান্তি না হয় এই মর্মে ঢোল সহরৎ ও পরোয়ানা দিয়া দেন।" ছত্রী মহাশয় তাহা করিলেন কিন্তু গোপনে প্রভূর কাছে খবর দিলেন রাজধানীর দিকে না যাওয়াই যুক্তিযুক্ত।

প্রভারতিল আছেন। রাত্রিকালে দবীরথাস ও সাকর মল্পিক আসিয়া
— প্রীক্রীপ্রভুর শ্রীচরনে পতিত ইইলেন। তাহাদের সমর্পিত জীবনকে প্রভু
আত্মসাৎ করিয়া সনাতন ও রূপ নব নামকরণ করিলেন। এই তুইজন
হোসেন শাহর মন্ত্রী। সনাতন বলিলেন "প্রভু গৌডরাজ তোমাকে ভক্তি
করেন। তথাপি এত লোকজন লইয়া রাজ্যমধ্যে প্রবেশ নাকরাই ভাল।"
আর এক কথা, বুন্দাবনে চলিয়াছেন।

যার সঙ্গে চলিয়াছে লোক লক্ষকোটি বুন্দাবনে যাবার এতো নহে পরিপাটী।

পরদিন সকালে প্রভু রামকেলি ছাডিয়া কানাইনাটশালা গেলে সেখানে কিছুক্ষণ নৃত্যগীতাদি করিলেন। হঠাৎ বলিলেন "নীলাচল ফিরিয়া হাইব। বৃদ্ধাবন যথন যাব একাকী যাব না, সঙ্গে একজন মাত্র লাইব। এই বলিয়া প্রভু ফিরিলেন। ফিরিবার পথে সাতদিন শান্তিপুরে ছিলেন। জাহুবী ও জননী দর্শন করিয়া ছিলেন। নীলাচল ফিরিয়া প্রভু বলিলেন, "গদাধরকে ব্যাথা দিয়া গিয়াছি এইজন্য যাওয়া হইল না।"

আর একটি অলোকিক কাহিনী নৃসিংহানন্দ নামক একজন পরম ভক্ত ভানিলেন প্রভু পদব্রজে নীলাচল যাবেন। প্রভুর পথকট্ট ভাবিয়া তিনি অতীব বৈদনার্ভ হইয়া মানসে রাজা তৈরী করিতে থাকেন। খুব ফুন্দর মনের মত পথঘাট করেন। রাজার পার্শ্বে সরোবর করেন, ছায়াতক রোপন করেন। কানাই নাটশালা পর্যন্ত মানসে পথ রচনা করিয়া তিনি আর অগ্রসর হইতে পারিলেন না। ধ্যানে মন বসিল না। তিনি ভবিষ্যন্তক্তি করিলেম প্রভু

বুন্দাবন যাইতে পারিবেন না। কানাই নাটশালা হইতে ফিরিয়া আসিবেন। ঠিক তাহাই ঘটিল।

অচ্যুত্ত-ভাত অধৈত গৃহে গৌরহরি

শ্রীগোরাকস্থলর কানাইনাটশালা হইতে ফিরিলেন। নীলাচল ধাব বলিয়া ফিরিলেন কিন্তু গঙ্গাতীর ধরিয়া চলিতে চলিতে শান্তিপুর অছৈত মন্দিরে উপস্থিত হইলেন। প্রভূ পে^১ছিলাব অল্পদিন পূবে একটা ঘটনা ঘটিয়াছে অছৈত গুহে।

একজন সন্ধ্যাসী একদিন অদৈ তাচার্য্য কাচে জিজ্ঞাসা করিলেন কেশবভারতী চৈতন্তাদেশের কি হয় ? আচার্য্য কহিলেন "কেশব ভারতী চৈতন্তার
গুরু" এই কথা বলার সঙ্গে সাচার্য্যের পুত্র অচ্যুতানন্দ সেখানে উপস্থিত
হইয়া পিতাকে বলিলেন-বাবা একী কথা বলিলেন। চৈতন্তাদেশের গুরু একথা
আগনি কি করিষা জিহুরায় উচ্চারণ করিলেন।

যাহা হৈতে হয় আদি জ্ঞানের প্রচার।
তান গুরু কিমতে বোলহ আছে আর॥
এই কথা পুত্র মুখে শুনিয়া আচার্য্য পুত্রকে বক্ষে ধরিয়া কহিলেন—

তুমি সে জনক বাপ মুই সে তনয়

শিখাইতে পুত্ররূপে হইলা উদয়॥

তথন অচ্যুতানন্দের বরদ পাঁচ বৎসর মাতা। সন্ন্যাসীও ''যোগ্য যোগ্য মহাযোগ্য অহৈত নন্দন" বলিতে বলিতে চলিয়া গেলেন।

আচার্য্য বসিয়া পুত্রেব কথা ভাবিতেছেন—মনে করিতেছেন "চৈতভোর পাবদ জন্মিলা মোর মরে"—ঠিক সেই সময় সপার্যদ গৌরাকস্থলর উপস্থিত হুইলেন। 'অচ্যতকে কোলে লইয়া গৌরহবি প্রেমজ্বলে তার সর্বান্ধ ভিজাইয়া দিলেন।

শচীর রক্ষন—শাকের মহিমা

সীতানাথ শচীদেবীকে সংবাদ দিলেন। গন্ধাদাস পণ্ডিত জননীকে লইয়া শান্তিপুর আসিলেন, জননীকে দর্শন করিয়া গৌরচন্দ্র দণ্ডবৎ করিয়া বলিলেন—

> ভূমি যদি শুভ দৃষ্টি কর জীব প্রতি তবে দে জীবের হয় রুঞ্চ রতি মতি॥

জ্বীরবদন দেখিরা শচী তাই পরমানশে জড় হইয়া গেলেন। কিছুক্ষণ পদ্ধঃ
দ্বির হইয়া মা চলিলেন রন্ধন কার্যে। মা জানেন নিমাই শাক খুব ভালবাদে।
তাই বিংশতি প্রকার শাক রান্না করিলেন। অন্তান্ত বছ দ্রব্য ত আছেই।
ভোজন করিতে বসিয়া প্রভু মধুর হাসিতে হাঁসিতে বলিতে লাগিলেন—

প্রভু বলে এই যে অচ্যুত নামে শাক।
ইহার ভোজনে হয় ক্ষেণ্ড অন্থরাগ ॥
পটোল বাস্তক কাল শাকের ভোজনে
জন্মে জন্মে বিহরয় বৈষ্ণবের সনে
সালিঞ্চ হিলঞ্চা শাক ভক্ষণ করিলে
আরোগ্য থাকয়ে তার ক্ষণ্ডক্তি মিলে।

এই মত শাকের মহিমা বলিতে বলিতে প্রভু পরমানন্দে ভোজন করিলেন।

মুরারির অষ্ট শ্লোক

বিশ্রামান্তে প্রভু গৌরস্কর ম্রারি গুপ্তকে বলিলেন, তুমি শ্রীরামচল্লের মহিমা বর্ণনা করিয়াছ একটি অইকে। তাহা শুনাও। ম্রারি পডিতে লাগিলেন।

অত্থে ধহুদ্ধিবধরঃ কনকোজ্জলাকো, জ্যেষ্ঠাহুসেধনরতো বরভূষনাচ্যঃ শেষাধ্যধামবরলক্ষণনাম যথ্য রামং জগত্রয়গুরং সততং ভজামি॥

লোক শুনিয়া প্রভু ব্যাখ্যা করিতে আদেশ করিলেন মুরারি বলিতে লাগিলেন—

তুর্বাদল্ভামল কোদণ্ড দীক্ষাণ্ডক।
ভক্তগণ প্রতি বাঞ্চাতীত করতক ॥
হাস্তম্থে রত্তময় রাজসিংহাসনে।
বসিয়া আছেন শ্রীজানকীদেবী বামে॥
অগ্রে মহাধ্যুদ্ধর অফুজ লক্ষ্ণ।
কনকের প্রায় জ্যোতি কনক ভূষণ॥
সর্ব্ব মহাগুরু হেন শ্রীরঘুনন্দন।
জন্ম জন্ম ভজোঁ মুক্তি তাঁহার চরণ॥

এই ভাবে মুরারি আটটি লোক পাঠ ও তাহার মধুময় ব্যাখ্যা করিলেন। তখন

পরম তৃষ্ট হইয়া এতিগারহরি ম্রারির মন্তকে এপাদ পদ্ম দিলেন। দিয়া বলিলেন—

> ত্তন গুপ্ত এই তুমি আমার প্রসাদে। জন্ম জন্ম রামদাস হও নির্বিরোধে॥

কুষ্ঠ রোগীর প্রতি কুপা

একজন কুঠ রোগী আসিলেন প্রভুর সম্মুখে। দণ্ডবং পডিয়া অর্ত্তনাদ করিতে লাগিলেন। কুঠ রোগের জালায় জলিয়া মরিতেছি। প্রভুরকাকর।

প্রভূবললেন, "তুমি বৈষ্ণবনিন্দক এইজন্য তোমার এই শান্তি।" রোগী বলিল, "প্রভূ সত্যসত্যই বৈষ্ণব নিন্দা করিয়াছি তথন আমার উপায় কি বলুন।"

প্রভু বলিলেন, "আমি কিছু করিতে পারিব না। তোমার অপরাধ শ্রীবাস পণ্ডিতের স্থানে।"

তাঁব ঠাই তুমি করিয়াছ অপরাধ। নিস্কৃতি তোমার তিঁহো করিলে প্রদাদ॥ রোগী তথন ছুটিয়া গেলেন শ্রীবাসপণ্ডিতের কাছে। তার পাদপদ্ম ধরিয়া কাঁদিয়া ক্ষমা ভিক্ষা করিলেন।

মুক্ত হৈল খণ্ডিল সকল অপরাধ।

মাধবেজ্র পুরীর তিথি আরাধনা

অবৈতাচার্য্যের গুরু মাধবেদ্রপুরী। তার আরাধনা তিথি উপস্থিত হইল।
আচার্য্যের আনন্দ আর ধরে না। প্রভুর সন্নিধানে এই উৎসব আর কথনও
উদ্যাপনের ভাগ্য পান নাই। মাধবেদ্রপুরী গৌরস্থনারের পরম গুরু।
গৌডীয় সম্প্রদায়ের আদিমূল শ্রীমাধবেদ্র। তাহার আরাধনা তিথিতে আচার্য্য ধে সমারোহ করিলেন তাহা দর্শন করিয়া স্বয়ং প্রভুও বিশ্বয়ানিত হইলেন।

অতি অমান্নধী দেখি উৎসব সম্ভার।

চিত্তে যেন প্রভূ হইলেন চমৎকার॥

প্রভূ বলিলেন, আচার্য্য শিবের অবতার। নতুবা এত সম্পদ কোথায় পাইলেন। এ সম্পত্তি সকলে সম্ভবে মহাদেবে। "মাধবেন্দ্র আরাধনাতিথিতে আইর রন্ধন।" মহাপ্রভূ সানন্দে ভোক্তন করিতে বসিলেন— প্রভূ বোলে মাধবেক্স আরাধনা তিথি।
ভক্তি হয় গোবিন্দে ভোজন কৈলে ইথি॥
আহারাস্তে প্রভূ সকল বৈষ্ণবগণকে জনে জনে শ্রীহস্তে মালা চন্দন দিলেন।
শ্রীহস্তের প্রসাদ পাইয়া বৈষ্ণবগণ উচ্চৈস্বরে হরিধ্বনি দিলেন।
অধৈতের বে আনন্দ অন্ত নাহি তার।

অবৈতের বে আনন্দ অন্ত নাহি তার। আপনে বৈকুঠপুর নাথ গৃহে যার॥

কুমার হটে—জীবাস মন্দিরে

অবৈত ভবন হইতে প্রভু আসিলেন কুমারহট্টে শ্রীবাস মন্দিরে। শ্রীবাস ছিলেন রুঞ্ধ্যাননন্দে। আচস্বিতে সম্মুখে পাইলেন ধ্যানের ধন। সংবাদ পাইয়া সব ভক্তগণ আসিলেন। আচার্য্য পুরন্দর, শিবানন্দ সেন, বাস্থদেব দত্ত মারো কতজন আসিলেন, বাস্থদেব প্রভুর শ্রীচরণ ধরিয়া উচ্চৈম্বরে কাঁদিতে লাগিলেন।

আপনে শ্রীরে চন্দ্র বলে বার বার।

এ শরীর বাস্ত্রেব দত্তের আমার।

এই কথা শুনিয়া বৈষ্ণবৃগণ প্রেমানন্দে জয়ধ্বনি দিলেন।

একদিন প্রভূ গৌরচন্দ্র শ্রীবাসকে বলিলেন, শ্রীবাস তুমি তে। কোণাও যাওনা। কেমন করিয়া সংসার চালাও। তোমার পরিবারও ছোট নর। সকলে নির্বাহ কি করিয়া হয়। শ্রীবাস বলিলেন যার অদৃষ্টে যা থাকে তাহাই হবে। প্রভূ বলিলেন—তাহইলে তুমি সন্নাসী হও।

শ্রীবাস বলিলেন—তাও পারিবনা। প্রভু কহিলেন সন্নাদীও হইবা না।
ভিক্ষা করিতেও কারো ত্যারে যাইবা না। পরিবারের পোষন কি করিয়া করিবা
কিছুই বুঝিতে পারি না। তখন পণ্ডিত শ্রীবাদ হাতে তিনটা তালি দিয়া
বলিলেন "এক ছই তিন এই কলিলুঁ ভানিয়া।"

প্রভু জানতে চাইলেন—এক ছই তিনের অর্থ কি? শ্রীবাদ কহিলেন—
একদিন ছইদিন তিনদিন উপবাদ দিব তারপর গিয়া গলায় ভূবিয়া মরিব।

শ্রীবাদের এই উক্তি শুনিয়া গৌরস্কলর হুকার করিয়া উঠিলেন—কি বলিলি
—তোর অল্লের ত্থে উপাস হবে !

यमि কদাচিৎ বা লক্ষীও ভিক্ষা করে তথাপিহ দারিদ্র নহিব তোর ঘরে ॥

ৰে যে জ্বনে চিন্তে মোরে অনক্ত হইয়া। তার ভক্ষ্য দেই মুঞি মাথায় বহিয়া॥

প্রভুর বাণী শুনিয়া সকল ভক্তগণ আনন্দ ধ্বনি করিলেন। শ্রীবাস মন্দিরে কিছুদিন বাস করিয়া প্রভু পানিহাটী রাঘব পশুতের মন্দিরে গমন করিলেন।

রাঘব ভবনে

করণামর গোর স্থক্ষর রাঘব ভবনে আসিয়া উপস্থিত। অপ্রত্যাশিত-ভাবে আরাধ্যজনকে পাইয়া রাঘবেব চিতে অপরিসীম আনন্দের উদয় হইল। সংবাদ পাইয়া গদাধর দাস, পরমেশ্বর দাস, পুরন্দর পণ্ডিত, রঘুনাথ বৈছা সকল প্রিয়ক্ষনেরা ছুটিয়া আসিলেন। যে আনন্দের উদয় হইল তাহা বর্ণনা করা যায় না।

একদিন প্রভু রাঘবকে নিভ্তে ডাকিয়া নিতাইটাদের তত্তটি নিজ শ্রীমুখে প্রকাশ করিলেন।

> "রাথব তোমারে আমি নিজ গোপ্য কই আমার দ্বিতীয় নাই নিত্যানন্দ বই। এই নিত্যানন্দ ষেই করায়েণ আমারে। দে-ই করি এই আমি বলিল তোমারে॥"

বরাহনগরে ভাগবভাচার্য্য

রাঘব ভবন হইতে গৌরচক্র আদিলেন বরাহনগরে। মহাভাগ্যবস্থ এক ব্রাহ্মণ গৃহে অবস্থান করিলেন। সেই ব্রাহ্মণ ভাগবতের পণ্ডিত। প্রভূ গৃহে পাইয়া তাঁহাকে ভাগবত শুনাইতে আরম্ভ করিলেন। তাহার ভক্তিরসময় পাঠ শুনিয়া প্রভূ আনন্দে আবিষ্ট হইলেন। "বোলবোল" বলিয়া প্রভূ আরপ্ত শুনিতে ইচ্ছা প্রকাশ করিলেন। পণ্ডিতও উল্লাসে গাঠ করিতে লাগিলেন।

প্রভ্রান পাইয়া নৃত্য করিতে লাগিলেন। ভক্তির মহিমাত্মক শ্লোক ভনিয়া গোরহরি পুনঃপুনঃ আছাড় খাইয়া ভূমিতে পডিতে লাগিলেন। এই প্রকার রাজি তিনপ্রহর পর্যন্ত চলিল। বাহ্জানে লাভ করিয়া প্রভু বলিলেন, এমত ভাগবত ব্যাধা আমি কাহারো মূথে ভনি নাই।

> এতেক তোমার নাম ভাগবতাচর্য্য। ইহা বই আর কোন না করিহ কার্য্য॥

এই প্রকার গলা তীর তীরে ভক্ত গৃহে গৃহে বিহার করিয়া গৌরাঙ্গ স্থনর নীলাচলে চলিয়া আদিলেন।

বনপথে ব্ৰহ্মগৰন

বৃন্দাবন যাইবার জন্ম প্রভুর অন্তরে প্রবল উৎকণ্ঠা। সংকল্প করিলেন এবার ব্রজে একাই যাবেন। ভক্তগনের একান্ত অন্থরোধে বলভদ্র ভট্টাচার্য্যকে সংগে লইলেন। তিনি জলপাত্র ও বহির্বাস বহিবেন ও ভিন্দা করিয়া সেবার ব্যবহা করিবেন। প্রভুর ভয় একবার ব্রজের পথে চলিলে নিভাইচাঁদ চন্ত্রতা করিয়া ফিরাইয়া আনিয়াছিলেন। তাই শেষ রাত্রে কাহাকেও না জানাইয়া প্রভু বলভদ্রসহ ব্রজ্মাত্রা করিলেন। পথ ছাড়িয়া উপপথে চলিলেন, কটক ডাহিনে রাথিয়া বনে প্রবেশ করিলেন।

নির্জ্জন বনে রকিয়া গৌরাক্ছরি চলিয়াছেন 'রুফ রুফ' গাহিতে গাহিতে। হাজী, বাঘ, পথ ছাড়িয়া সরিয়া দাঁড়াইল। একটি হু'টি নয়, পালে পালে বাঘ, পালে পালে শ্কর, গণ্ডার—তাদের মধ্য দিয়া মহা আবেশে প্রভূ চলিতেছেন। এমনি প্রভূব প্রতাপ সকলে পাশ কাটিয়া পথ ছাড়িয়া দিতেছে। ইহার দ্রষ্টা একজন বলভন্ত ভট্টাচার্য্য।

একটা বাদ শুইয়া আছে। প্রভু গৌরস্থন্দরের শ্রীচরণ লাগিল বাঘের গায়ে। প্রভু বলিয়া উঠিলেন রুঞ্চ রুঞ্চ। তৎক্ষনাৎ বাঘ উঠিয়া রুঞ্চ, রুঞ্চ বলিয়া নাচিতে লাগিল। সর্বজীব নাথ প্রভু আমার নদীতে স্নান করিতেছেন। একদল মন্ত হাতী সেধানে জলপান করিতে আসিল। 'রুঞ্চ কহ' বলিয়া প্রভু জল ছিটাইয়া দিলেন। সেই জলবিন্দুর এক কণাও বার গায়ে লাগিল সেই রুঞ্চ রুঞ্চ বলিয়া নাচিতে লাগিল। কেহ ভূমিতে প্রভিয়া গেল কেহ চীৎকার করিল।

উচ্চৈশ্বরে কীর্ত্তন করিতে করিতে প্রভু চলিয়াছেন। তাহা ময়ুরের কণ্ঠ ধ্বনি মনে করিয়া মৃগীগণ ছুটিয়া আসিতেছে। তথন পাঁচ সাতটা বাঘ জাসিল। বাঘ আর হরিণ গারে গায়ে প্রভুর সঙ্গে চলিতেছেন।

শচীত্রলালের শ্রীমৃথে কৃষ্ণ কৃষ্ণ মধুর উচ্চারণ শুনিয়া বাঘ আর হাতী নাচিতে লাগিল কাঁদিতে লাগিল একত হইয়া। শ্বভাব বৈরতা ভূলিয়া গেল। ময়ুরগুলি প্রভূর সঙ্গে সঙ্গে কৃষ্ণ বলিয়া নাচিতে নাচিতে চলিতেছে। মোহনিয়া গৌরস্থনার হ্রিবোল হ্রিবোল বিশিয়া উচ্চ শ্বনি দিয়াছেন তখন শ্বনির মাধুর্ব্যে বৃক্ষ লতাগুলি সঞ্জীবিত হইরা উঠিল। ঝারিখণ্ডের ছাবর অক্ষম
সকলেই প্রেমে উন্নত্ত হইরা সেল। এই বে অপরূপ দৃশ্ভ ইহা অর্ণীর দৃশ্ভ,
গোলকের দৃষ্ট বাহাই বলা বার কোনটাভেই বলা হবে না—কারণ কোন অর্গে
বা গোলকে বৈকৃঠে এই দৃশ্ভ নাই। একমাত্র ঝাড়িখণ্ডের পথেই এই অপরূপ
দৃশ্ভ একদিন প্রকট ইইরাছিল। সেদিন রাধাজাব মণ্ডিত তন্ধু ব্রহ্মবন কৃষ্ণ কৃষ্ণ বলিরা ঝাডিখণ্ডের বনপথ দিয়া ব্রক্তের পথে নাচিয়া চলিয়াছেন। সম্প্রে বিশ্ব
প্রকৃতি তাঁহার সক্তে সক্তে নাচিয়া চলিতেছে। এই দৃশ্ভ বে দেখিল নেই ধন্ত
ইইল। তাহাদের চরণবেন্ধ্র স্পর্লে ধরণীর ধূলা ধন্ত ইইল।

প্রভূ নির্মারের উষ্ণ জলে তিনবার স্নান করেন। ভট্টাচার্য্যের পাককরা আর আহার করেন, ফল মূল শাক-পাতা। সন্ধ্যার আগুনের তাপে শ্রীদের উষ্ণ করেন। শুদ্ধ কাঠের অভাব নাই। মাঝে মাঝে বলেন "অহো বনপথে ব্রহ্ম বাওয়ার কি অপরিসীম আনন্দ— তৃঃখের লেশমাত্র নাই।" বলেন, "দলাভনের মূখে রুষ্ণ আমাকে শিক্ষা দিয়াছেন—তাই এই বনপথে এত আনক্ষে চলা।"

কথনও বলভদ্রকে আলিকন করিয়া বলেন—তোমার প্রসাদে এত আনন্দ পাইলাম. বলভদ্র দৈন্তে জডসড হইয়া বলেন—"প্রস্থু আপনি এ অথম কাককে গক্ষড করিয়াছেন। মোর হাতে ভিক্ষা নিয়া ক্বতার্থ করিয়াছেন প্রস্থৃ—আপনি শুত্রদ্ধ ক্ষাপনি শ্বয়ং ভগবান।"

কাশীধাম-প্রয়াগধাম-মধুপুরী

এইভাবে বনপথে চলিতে চলিতে প্রভু কালীধামে পৌছিলেন। মনিকণিকার ঘাটে তপন মিশ্রের সাবে দেখা হইল, তারপর বৈদ্য চন্দ্র শেখরের
সক্ষে। চন্দ্রশেধরের গৃহে থাকেন আর তপ্নমিশ্রের গৃহে ভিক্ষা। কালী হইতে
প্ররাগে আসিয়া ত্রিবেনীতে স্থান করিলেন। মাধ্য দর্শন করিলেন। প্রেমের
আবেগে ষম্নায় ঝাপাইয়া পডিলেন, প্রয়াগে তিনদিন বাস করিয়া মধ্রায়
আসিলেন।

কৃষ্ণ জনস্থানে কেশব দেখিয়া প্রনত হইলেন। প্রভূব প্রেমাবেশ দেখিয়া সকল লোকের চিত্তে চমৎকার লাগিল। এক ব্রাহ্মণ আলিয়া প্রভূকে দর্শন করিয়া আবেশে নৃত্য করিতে লাগিল। প্রভূ ব্রাহ্মণকে গোপনে ভাকিয়া জিজ্ঞাসা করিলেন "ভূমি এই প্রেমধন কোথায় পাইয়াছ?" ব্রাহ্মণ নিজেকে মাধবেক্ত পুরী গোসাইর শিক্ত বলিয়া পরিচয় দিলেন। শুনিয়াই প্রভু তার চরণে প্রনাম করিলেন। একদিন তার গুহে ডিক্ষা গ্রহণ করিলেন।

মধুপুরীর লক্ষ লক্ষ লোক প্রভুকে দর্শন করিতে আসিলেন। প্রভু যম্নার চিকিশ ঘাটে স্থান করিলেন। স্বয়্জু বিশ্রাম দীর্ঘ বিষ্ণু, ভূতেশ্বর, গোকর্ন প্রভৃতি তীর্ঘ্যান দর্শন করিলেন। সেই ব্রাহ্মনকে সঙ্গে লাইয়া প্রভু মধুবন, তালবন, কুমুদবন, বহুলাবন প্রভৃতি ছাদশ দর্শন করিলেন।

পথে গাভীর দল দেখিয়া প্রভু প্রেমানন্দে দণ্ডায়মান হন। গাভীগণ আসিয়া প্রভুর অঙ্গলেত্ন করিতে থাকে। প্রভু গাভীদের অঙ্গ কণ্ডয়মন করেন। তাঁহারা প্রভুর সঙ্গে সঙ্গেটয়া চলে। রাখাল বছকট করিয়া ধেয়ুর দল গৃহে শিবিয়া লয়।

প্রভু উচৈত্বরে কৃষ্ণ কৃষ্ণ গান করেন কণ্ঠধনে শুনিয়া মৃগীর পাল আসে।
মৃগমৃগী মিলিয়া ত্ইজনে প্রভুর অঙ্গ লেহন করে। কোকিল; ল্রমর প্রভুকে
দেখিয়া পঞ্চমন্তরে গান করে। ময়ুর ময়ুরী সঙ্গে পেখম তুলিয়া নৃত্য করে।
ময়ুরের কণ্ঠ দেখিয়া প্রভুর কৃষ্ণ স্কৃতি হয়। প্রেমাবেশে ধূলায় পড়িয়া বান।
বৃন্দাবনের স্থাবর জন্ম প্রভুর সঙ্গে মিলিয়া কৃষ্ণ নামধ্বনি করে। প্রভু প্রত্যেকটি
বৃন্দাতা জড়াইয়া ধরিয়া আলিন্সন করেন। শুক, শারী প্রভুর হাতের উপর
উডিয়া পড়ে। শুক কৃষ্ণ গুন পায়, শারী রাধাগুন গায়। শুনিয়া প্রভু প্রেমে
গদগদ হইয়া পড়েন। ব্রজে আসিয়া প্রভু রাত্রিদিন প্রেমের আবেশে থাকে।
স্নানাহার করেন কেবল দেহের অত্যাস বশতঃ। বৃন্দাবনে আসিয়া কপট
বৃন্দাবনবিহারী গৌরহরি ষে মহা আনন্দে তুবিলেন, ভাসিলেন, ভাসাইলেন
তাহা ভাষায় বর্ণনা করিবার সামর্থ্য সহস্র বদন অনন্তের ও নাই!>

শ্ৰীরাধাকুও উদ্ধার

শ্রীবৃন্দাবনে অরিট গ্রামে আসিয়া প্রভুগৌরস্কনর জনে জনের কাছে জিজ্ঞাসা করিলেন—"শ্রীরাধা কুণ্ড কোথায় অবস্থিত।" কেহ কোন উত্তর দিতে পারিল না, নিকটে তুই ধান্ত ক্ষেত্র। তাহাতে অল্প অল্প জল। প্রভু সেই জলে আন করিলেন। সেধানে বিসিয়া রাধাকুণ্ডের খ্যামকুণ্ডের স্তব পাঠ করিতে লাগিলেন। ওধানকার মৃত্তিকা তুলিয়া প্রভু তিলক করিলেন। কিছু মৃত্তিকা বহিষামে বাঁধিয়া লইলেন সকলেই জানিলেন এই স্থানেই শ্রীরাধাশ্রাম কুণ্ডবয় বিশ্বাজিত প্রভু বয়ং এবং পরে রূপ সনাতন প্রমুখ পার্ষদ্বাণ বুন্দাবনের বছ

লুপ্ত তীর্থ উদ্ধার করিলেন। শ্রীবৃন্দাবন ∻তত্ত্ব, বৃন্দাবনীয় রসের ভব্দন এবং বিশিষ্ট লীলাস্থলী সকলই শ্রীমন্মহাপ্রভুর করুণায় প্রকটীভূত হইরাছেন।

প্রয়াগে রূপানুগ্রহ

বৃশাবনে থাকাকালে দিনের পর দিন লোকসংঘট্ট বাভিতে লাগিল।
বলজন্ত প্রভুকে বলিলেন "চলুন প্রভু এখন ব্রজ ছাড়িয়া প্রয়াগের দিকে যাই।"
এখন রওয়ানা হইলে প্রয়াগে মকরন্নান পাইব। পদযাত্রীর পথ ধরিয়া যাইব।
প্রভু রাজী হইলেন। বলিলেন তুমি ব্রজ দর্শন করাইয়া ঋণী করিয়াছ।
এখন যাহা কহিবে তাহাই শুনিব। প্রয়াগ যাইবার পথে প্রভু তুইজন তৃদ্ধ
পাঠানকে কৃষ্ণভক্ত করিলেন। তাহাদের লোকে "পাঠান বৈষ্ণব" বলিত
ভাহারা সর্বত্ত মহাপ্রভুর কীর্ত্তি ঘোষনা করিয়া বেড়াইতেন।

পশ্চিমদেশ প্রেমে ভাসাইয়া প্রভু প্রয়াগে আসিলেন। ত্রিবেণীতে মকরম্বান করিয়া প্রভু দশদিন থাকিলেন। এই সময়ে সংসার বন্ধন ছিন্ন করিয়া রাজমন্ত্রিত্ব পদ ত্যাগ করিয়া প্রীরূপ কনিষ্ঠ বল্পভকে দবে লইয়া প্রয়াগধানে উপস্থিত হইলেন। প্রভু তাহাদের আত্মসাং করিলেন। ভক্তিতত্ত্বের উপদেশ দিয়া প্রীরূপকে শক্তি সঞ্চার করিলেন। প্রভুর উদ্দেশ্য বৃন্দাবনীয় রসকেলিবার্ত্ত। লুপ্ত হইয়া গিয়াছে। তাহাকে আবার পুনরায় সঞ্জীবিত করিয়া স্বষ্ঠভাবে ভক্ত ক্রদের সংস্থাপিত করা। এই সকল কার্য্যের জন্ম প্রভু প্রীরূপ ও শ্রীসান্তিনকে শক্তি করিয়া ছিলেন। শ্রীরূপকে শক্তি সঞ্চার করিয়া বলিলেন— "বৃদ্ধাবনে গিয়া গ্রন্থ রচনা কর ও লুপ্ততীর্থ উদ্ধার কর।"

কাশীধানে গ্যোরহরি

প্রাপ ধাম ছইতে পতিতপাবন গ্রীগোরহরি কাশীধামে আসিলেন।
ছক্সশেধরের গৃহে বাস করিলেন। একদিন সকালে প্রভু চক্সশেধরকে কহিলেন
—"তোমার বারে একজন বৈষ্ণব আছে তাহাকে লইয়া আইস।" চক্সশেধর
কাহাকেও দেখিল না। প্রভু বলিলেন—"ত্যারে কেছই কি নাই।" চক্সশেধর
বলিলেন "একজন দরবেশ আছেন।" প্রভু বলিলেন—"তিনিই বৈষ্ণব
তাঁহাকেই চাই।"

প্রভূ ডাকিয়াছেন গুনিয়া দনাতন আনন্দে গৃহে প্রবেশ করিয়া দণ্ডবং করিলেন। প্রভূ উঠিয়া তাহাকে বৃকে চাপিয়া ধরিলেন। প্রভূর স্পর্শে সনাতন প্রেমাবিট হইলেন। প্রভু তাঁহার নিজপার্থে বসাইলেন। পিঠে হাত ব্লাইতে লাগিলেন। সনাতন পরমদৈক্তে বলিতে লাগিলেন "প্রভু আমাকে স্পর্শ করিওে না।" প্রভু বলিলেন—"তোমাকে স্পর্শ করিতেটি নিজেকে পবিত্র করিতে। কৃষ্ণ পরম কুপামর। মহারোরব হইতে তোমাকে উদ্ধার করিয়াছেন।" সনাতন বলিলেন, আমি কৃষ্ণ চিনি না, তুমিই কুপা করিয়া আমার উদ্ধার বিধান করিয়াছ।

সনাত্র প্রাপ্ত

"কে আমি কেন আমায় জারে তাপ্তরে"

প্রভুর আদেশে সনাতন 'ভন্ত' বেশ ধারণ করিলেন। প্রভুর পাদপদ্ম পার্বে বিসিয়া সনাতন প্রশ্ন করিলেন—তিনটি। (১) আমি কে? (২) জ্রিভাশ আলায় জর্জারিত হইতেছি কেন? (৩) কিসে হিত হইবে অর্থাৎ ছঃখ নাশ হইবে? প্রভু সনাতনের প্রশ্নের উত্তর দিলেন—জীবের স্বরূপ ক্লফের দাস। ক্লফের তিনটি শক্তির মধ্যে তটস্থা শক্তি জীবের স্বরূপ। তাহার কার্য্য ক্লফ সেবা, ক্লফের স্থবিধান।

ক্ষের সংক জীবের অভেদও আছে ভেদও আছে। রুক অনস্ত অসীর, পূর্ণ। জীব কৃত্র সমীম, কনা। রুফ পূর্ণানন্দঘন—জীব চিৎকন। প্রথম প্রায়েউত্তর হইল।

ষিতীয় প্রশ্নের উত্তরে বলিয়াছেন, কৃষ্ণকে ভূলিয়া আছে বলিরাই—
জীবের যত তৃঃথ। তৃঃধের এই একটি মাত্র কারণ সাধু কৃপায়, শান্ত্র কৃপায়, ও
গুরু কৃপায় যেইমাত্র জীব কৃষ্ণউন্মুখী হয় তথনই তাহার তৃঃথ দূর হইতে থাকে।
যাহাতে আমরা কৃষ্ণকে না ভূলি এই জন্ম সর্বাদা তিনি নিজেকে জানান।
জীবের হৃদয়ে অন্তর্যামীরূপে থাকিয়া জানান। শান্তরূপে নিজেই ব্যক্ত ছইয়া
জীবের স্বরূপ কি, ক্মনিয় কি তাহা জানান—আবার গুরুরূপে প্রকট ছইয়া কৃষ্ণ
প্রান্তির উপায় কি তাহা জানান। শান্তরূপায় গুরুরূপায় যেইমাত্র জীব কৃষ্ণের
প্রতি উন্মুখী হয় অমনি তার তৃঃখ ঘুচিতে থাকে।

এইভাবে সহজ কথায়, অৱ কথার তিন প্রশ্নের উত্তর দিয়া প্রস্থ বিভার করিয়া বলিতে লাগিলেন—বেদশান্ত্রে তিনটি তত্ত্বের কথা কহিয়াছেন—স্বৰ্জ, অভিধেয় ও প্রয়োজন। সকল শান্ত্রে রুফই সম্বন্ধ। ভজ্জি অভিধেয় তাকে পাইবার উপায়। জীবের চরম প্রয়োজন প্রেম। প্রেমই পঞ্চয় পূরুবার্ক, এই

কৃষ্ণ ভক্তি-তত্ব, প্রেম তত্ব লইয়া প্রভু স্থবিস্থারে আলোচনা করিলেন। সনাতন গোলামীকে শিক্ষাদিয়া বিশেষভাবে শক্তি সঞ্চার করিয়া দিলেন। তারপর "আত্মারাম" শ্লোকের বহুপ্রকার অর্থ-সনাতন শুনিতে চাহিলে-প্রভু অন্তুত পাত্তিতা প্রকাশ করিয়া এক শ্লোকের একষ্টি (৬১) প্রকার অর্থ করিলেন। সনাতনকে প্রীর্দ্দাবনে পাঠাইয়া দিলেন। গ্রহরচনা করিতে ও লুগুতীর্থ উদ্ধার করিতে।

সন্ম্যাসী উদ্ধার

"বারাণসী হৈল দ্বিতীয় নদীয়া নগর"

কাশীধান জ্ঞান—প্রধান স্থান। শহর পদ্বী সন্থ্যাসীর প্রধান কেন্ত্র কাশী।
তথন বত সন্থ্যাসী ছিলেন সকলের প্রধান ছিলেন প্রকাশানন্দ সরস্থতী। প্রভূ
বথন কাশীতে আছেন তথন কেহ কেহ আসিয়া সরস্বতীর কাছে প্রভূর রূপ, গুণ
মহিমার কথা বলিলে তিনি উপহাস করিয়া কহিতেন—"ভ্রনিয়াছি গৌড়দেশের
একজন ভাবুক সন্থ্যাসী আসিয়াছেন—কেশব ভারতীর শিশু। চৈতশু তার
নাম, কতগুলি ভাবুক লইয়া গ্রামে গ্রামে নাচে। এমন মোহিনী বিছা জানে
যে দেখে সেই তাকে ঈশ্বর বলে। শুনিয়াছি পুরীর পণ্ডিত বাস্কদেব সার্বভৌমও
এই মহাইক্রজালীর ফাঁদে পভিয়াছে। লোকটি নামে মাত্র সন্থ্যাসী আসলে
ভণ্ড প্রতারক। কাশীধামে তার ভাবকালী বিকাবে না।

এই সকল কথায় প্রভু হাসেন। বলেন যদি কাশীতে না বিকায় বিনামুল্যে দিয়া যাব। একজন ব্রাহ্মণ আসিয়া একদিন প্রভুৱ শ্রীচরণে নিবেদন করিলেন—ভিনি সন্মাসীদের তাহার বাড়ীতে নিমন্ত্রণ করিয়াছেন—প্রভুও যদি রূপা করিয়া আসেন ভাহা হইলে তিনি রুতার্থ হন। প্রভু রাজী হইলেন।

প্রকৃ নিষন্ত্রণ গ্রহণ করিয়া ঐ ব্রাশ্বণের বাড়ীতে গেলেন। সন্ত্রাসীপণ বিসিয়া আছেন। তিনি তাঁহাদের নমস্কার করিয়া পা,ধোরার জায়খায় গিয়া পা ধুইয়া সেইখানেই বসিয়া পড়িলেন। বসিয়া শ্রীদেহে ঐপর্য্য বিকাশ করিলেন। শ্রীতম্ব হইতে কোটি স্বর্ধ্যের তেজ বহির্গত হইতে লাগিল। শ্রকাশানন্দ বলিলেন শ্রীপাদ ঐ অপবিত্র স্থাতে কেন বসিয়াছ এখানে কাছে এস। প্রভৃ বলিলেন আমি হীন সম্প্রদায় ভুক্ত এই জন্ত এখানে বসিয়াছি। শ্রকাশানন্দ তখন নিজে হাত ধরিয়া প্রভৃকে মধ্যস্থলে বসাইলেন।

বসাইয়া বিনয়ের সহিত জিজ্ঞাসা করিলেন "তোমার নাম এক কটেচতত ।"

তুমি কেশব ভারতীর শিশ্ব। তুমি আমাদের সম্প্রদায়ী সন্থ্যাসী। আমাদের সংগে মিলামিশা না করিয়া তুমি নাচ, গান কর্ত্তিন এসব কর কেন? তোমার অকলোতি: দেখিলে মনে হয় তুমি সাক্ষাৎ নারায়ণ কিছু বেদান্ত পড় না কেন? শ্রীগোরাল স্থলর মধুর হাসিয়া উত্তর দিলেন। তিনি বলিলেন—শুরুদেব আমাকে মুর্থ জানিয়া বলিলেন তোমার বেদান্ত শাস্ত্র অধিকার নাই। তুমি কৃষ্ণ নাম জপ কর। এই যুগে হরেনামৈর কেবলম্। গুরুর আদেশে আমি নাচি কাঁদি। উহা আমি আপন ইচ্ছায় করি না। নামের শক্তিতে করায়। আমি পাগল হইয়াছি মনে করিয়া গুরুদেবকে স্থাইলাম তিনি বলিলেন তোমার পঞ্চম পুরুষার্থপ্রেম লাভ হইয়াছে। আমি গুরুবাক্য বিশ্বাস করিয়া সর্বদা কৃষ্ণনাম গাই। কৃষ্ণ নামে যে আনন্দ সিন্ধুর আস্বাদন ব্রন্ধানন্দ তাহার কাছে একটা জোনাকী পোকার মন্ত।

শঙ্কর-ভাষ্মের সমালোচনা

শ্ব উপনিষদের মুখ্যার্থ ছাড়িয়া।
আচার্য্য কল্পনা করে আগ্রহ করিয়া।
আচার্য্য কল্পিত অর্থ পণ্ডিত যে শুনে।
মুখে হয় হয় করে হৃদয়ে না মানে।

সর্বেশ্বর হরির মধুময় কথা শুনিয়া সন্নাসীর চিত্ত গলিয়া গেল। তাহারা বলিলে তুমি যাহা বলিয়াছ সবই শাস্ত্রসম্মত— ১ কথা। ক্লফ প্রেম সর্বশ্রেষ্ঠ সম্পান। কিন্তু তুমি সন্ন্যাসী হইয়া বেদান্ত শ্রবন কর না কেন ? প্রভু বলিলেন বেদান্ত স্থে ঈশ্বর বচন ইহাতে সন্দেহ নাই কিন্তু তোমাদেব আচার্য্য শহ্বর অসহ্যাখ্যা করিয়াছেন শাস্ত্রের মুখ্যার্থ বাদ দিয়া গোনার্থ কর্মনা করিয়াছেন। ক্রম বৃহত্বন্ত, নিরাকা নহেন তিনি চিদাকার তিনি ও তাহার লীলা পার্থদগণ সবই চিদানন্দময় যারা তাকে নিরাকার বলেন তারা ভ্রান্ত। ভগবানের চিন্ময় গ্রীদেহকে প্রাকৃত বলিয়া মনে করিলে মহা অপরাধ হয়।

শান্তের প্রত্যেক শব্দের অর্থ হইবে ম্থ্য বৃত্তিতে। আচার্য্য শঙ্কর শ্রুতির
অর্থ করিয়াছেন গৌন বৃত্তিতে। শব্দ শ্রবন করিয়া সহজে যে অর্থ বোধহয়
ভাহা ম্থ্যবৃত্তি। প্রকৃত সহজ অর্থ পরিত্যাগ করিয়া লক্ষনা হারা কষ্টে ষে
অর্থের বোধহর তাহা গৌণবৃত্তি। আচার্য্য শহর বেদান্তের অর্থ ম্থ্যবৃত্তিতে
না করিয়া গৌণবৃত্তিতে করিয়াছেন। উহা শুনিলে সর্বনাশ হয়।

GHIOY

ব্রন্ধ নিরাকার নহে, চিদাকার। তাহার সকল শক্তি বিভৃতি সবই চিদাকার। বারা নিরাকার বলেন তাহারা চিদ্বিভৃতি আচ্ছাদন করিয়া তাঁহাকে নিরাকার বলেন। ভগবান রুঞ্ই ব্রন্ধ। তাঁহার স্থান পরিকর ধাম সবই চিন্ময়। প্রকৃত সত্তের বিকার নহে।

শীকৃষ্ণ শীদেহ চিন্মর বিকার রহিত—অপ্রাক্তত। বেদান্তের সকল স্বেরের ভাগ্য ম্থ্যার্থে ইইবে এবং পরিনামবাদ স্থীকার করিতে হইবে। কারণ ব্যাসের হার্দ্দ পরিনামবাদ। শঙ্কর তাহা আবরণ করিয়া বিবর্ত্তবাদে ব্যাখ্যা করিয়াছেন। তাদের যুক্তি পরিনামবাদ স্থীকারে ব্রহ্ম পরিনামী, বিকারী নয়। এই যুক্তি বিচার সত্য নহে। ব্রহ্ম অধিকারী থাকিয়াই স্ঠাই করেন। চিন্তামিণি রত্ম হইতে রত্মের প্রকাশ হয়। কিন্তু মূল চিন্তামণি অধিকারী থাকে প্রাকৃত বস্তুতেই যখন এই স্থাবিচন্তা শক্তি আছে তখন ব্রহ্ম থাকিবে না কেন ? ব্রহ্ম বিকারী না হইয়াই স্ট্যাদি কার্যের কর্ত্তা হন।

দেহে আত্মবৃদ্ধি হইল বিবর্ত্ত। ভগবানের স্থাই কার্যে কোথাও বিবর্ত্ত নাই। সবই পরিণাম। ত্রহ্ম পরিনামী হইয়াও অধিকারী। এই কথাটি শঙ্করাচার্য্য বৃঝিতে পারেন নাই—অথবা বৃঝিয়াও ভগবৎ ইচ্ছার ঐ রূপ কার্য্য করিয়াছেন।

চিৎকন জীবকে ব্রহ্মের সহিত অভিন্ন মনে করিলে শাস্ত্রের ভূল ব্যাখ্যা হয়। সর্ব্বশাস্ত্র জীব শক্তিকে ব্রহ্মেরই উটস্থা শক্তি বলিয়াছেন। অংশকে পূর্ণের সহিত অভিন্ন মনে করিলে সে ব্যাখ্যা অশেষ দোষপূর্ণ ইইবে।

কুষ্ণেতে অন্ত্রাগই প্রেম। এই প্রেমই পঞ্চম পুরুষার্থ। প্রেমধারাই জিক্তাকের মাধ্যা রস আশাদিত হয়। অন্ত কোন উপায়ে নছে। প্রেমে কৃষ্ণ ভক্তের বশ হন। প্রেম হইতেই কৃষ্ণ স্থ্য লাভ হয়। নাম কীর্ত্তনে সেই প্রেমের উদর হয়। প্রভুর ব্যাখ্যা শুনিয়া সন্মাসীদের মন ফিরিয়া গেল—
ভারা সানন্দে কৃষ্ণ নাম গ্রহণ করিলেন।

সব কাশীবাসী করে নাম সংকীর্ত্তন। প্রেমোলাসে কান্দে গায় করায় নর্ত্তন॥ সন্ম্যাসী পণ্ডিত করে ভাগবৎ বিচার। বারাণসী দেশ প্রস্কু করিলা নিস্তার॥

এইমত দিন-পঞ্চ থাকিয়া কাশীবাসীদের উদ্ধার করিলেন। একদিন রাত্তে উঠিয়া একাকী প্রভু নীলাচল অভিমুখে চালিলেন। তপন মিশ্র, রাঘুনাখ, মহারাষ্ট্রী বাহ্মণ, চন্দ্রশেধর ও পরমানক্ষ—এই পাঁচজন ক্রত দৌ ঢাইয়া প্রভূকে ধরিলেন। সকলেই প্রভূর সংগে নীলাচল ঘাইতে চাহেন। প্রভূ কাহাকেও সংগে নিলেন না। সনাতন পোস্বামীকে প্রীর্ক্ষাবন পাঠাইয়া দিলেন। রাধাক্ষণ লীলাতত্ব প্রচার করিবেন, গ্রন্থ লিখিয়া আরও দৃশু তীর্থ উদ্ধারণ করিয়া ব্রজের সর্বত্ত বিচরণ করিবেন—এই ছুইকার্থ্যে পাঠাইলেন। আরও এক কথা বলিয়া দিলেন—

কাঁথা করন্বিয়া-----মোর কান্সাল ভক্তপণ। বুন্দাবনে আইলে তার করিও পালন।

স্থবুদ্ধি রায়ের ত্রজবাস

একসময় স্থবৃদ্ধি রাষ গৌড় রাজ্যের অধিকারী ছিলেন। সৈয়দ হোসেন শা তার চাকুরী করিত। রায় হোসেনসাকে একটা দীঘী খনন করিবার দায়িছ দিয়াছিলেন। ছোসেন শা সেই কার্য্যে অনেক ফাঁকী দিয়াছিলেন। অসং আচরনের জন্ম স্থবৃদ্ধিরায় তাহাকে একটা চাবুকের আঘাত করিয়াছিলেন।

হোসেন শা পরে ভাগ্যবশে গৌডের রাজা হইলেন। তিনি স্ববৃদ্ধি রারকে খুব মর্যাদা দিতেন। হোসেন শার স্ত্রী স্বামীর পৃষ্ঠে চাবুকের দাগ দেখিয়া কুদ্ধ হইয়া বলিলেন স্ববৃদ্ধি রায়ের শিরছেদ কর অথবা জাতি নাশ কর নতুবা আমি প্রাণত্যাগ করিব। হোসেন শা অগত্যা করোয়ার পানি মুখে দিয়া তার জাতি নাশ করিয়া দিল।

রায় কাশীতে গিয়া পশুতদের কাছে প্রায়শ্চিত্ত বিধান চাইলেন।
পশুতিরো বলিলেন—তথ্য মৃত খাইয়া প্রাণত্যাগ কর। গৌরহুন্দর বখন
কাশীধামে আসিলেন তখন স্ব্দ্রিয়ায় তাঁর শ্রীচরণ সমীপে উপস্থিত হইয়া সকল
নিবেদন করিলেন। প্রভূ বলিলেন কেন তথ্য মৃত খাইয়া প্রাণত্যাগ করিবে?
আমি যাহা বলি তাহাই কর।

প্ৰভূ কহে ইইা হৈতে বাহ ধূলাবন নিরন্তন কর কৃষ্ণ নাম সংকীর্ত্তন। এক নামাভাসে তোমার পাপদোষ বাবে আর নাম হইতে কৃষ্ণ চরণ পাইবে। স্থবৃদ্ধি রায় প্রভূর আজ্ঞা শিরোধার্য করিয়া শ্রীকৃলাবন চলিলেন।

নীলাজি প্রভ্যাবর্ডন

শীশীগোরস্থলর বলভদ্রকে সংগে লইয়া বনপথে নীলাচল বাজা করিলেন। আঠারনলা পৌছিয়া প্রভু বলভদ্রকে পাঠাইলেন ভক্তদের সংবাদ দিতে। আনন্দে বিহবল হইয়া ভক্তপণ নরেন্দ্র সর্বোবর পর্বাস্ত আসিয়া প্রভুর সংগে মিলিত হইলেন। ভক্তবৃন্দ সংগে লইয়া প্রেমাবিষ্ট হইয়া প্রভু জগলাধ দর্শন করিলেন। তৎপর কাশীমিশ্রের বাসায় আগমন করিলেন।

গোড়বাসীর আগমন

প্রত্ব গৌরস্থনর দক্ষিণদেশ বিজয় করিয়া ক্ষিরিয়াছেন এই সংবাদ শ্বরূপ দামোদর কালাক্ষ্ণ দাস মাধ্যমে গৌড়দেশ পাঠাইলেন। গৌড়দেশ বাসী ছইশত ভক্ত প্রভুর দর্শনাশায় নীলাচল যাত্রা করিলেন। কুলীন গ্রামের শিবানন্দ সেন স্বাইকে দেখাশুনা করিয়া লইয়া চলিলেন। রাজায় রাজায় যুদ্ধে পথঘাট নিরাপদ নয়। মাঝে মাঝেই শুখঘাটি, সেখানে অনেক বিড়ন্থনা ছিল। এই সকল পথের ব্যাপার সমাধানের দায়িত্ব শিবানন্দ স্বেচ্ছায় সানন্দে গ্রহণ করিতেন।

ভক্তদের সংগে একটি কুকুর ছিল। কুকুর প্রসাদ ছাড়া খাইত না। একদিন ভ্রুঘাটীতে শিবানন্দের অনেক দেরী হয়। কুকুরকে প্রসাদ দিতে ভূত্য ভূলিয়া যায়। সেইদিন কুকুর কোথায় চলিয়া যায়। অনেক অন্নস্কানে তাকে পাওয়া যায়না। ভক্তন্ত সকলের তঃখ হয়।

স্নানধান্ত্রার পর জগন্নাথদেবের দর্শন কয়েকদিন বন্ধ থাকে। তখন গৌরস্থন্দর আলালনাথ দর্শনে যান। গৌড়দেশ হইতে ভক্তগণ আসিয়াছেন এই সংবাদ পাইয়া প্রভূ সন্থর নীলাচলে আসেন। ভক্তগণ আঠারনালা হইতে কীর্ত্তনানন্দ করিয়া পথ চলিতে চলিতে আসেন। প্রতাপক্ষদ্র মহারাজ নিজ প্রাসাদের হাঁদ হইতে দর্শন করেন। সংগে সার্ব্বভৌম। গোপীনাথ স্বাইকেচিনাইয়া দেন।

প্রভূ গৌরহরি স্বরূপ দামোদর ও গোবিন্দদাসকে দিয়া মালা পাঠাইয়া দেন ভক্তগণকে সম্বর্জনা করিতে। স্বরূপ দামোদর ও গোবিন্দ তুইজনেই অবৈতাচার্ব্যকে মালা দিয়া সম্বর্জনা জানান। প্রতাপক্ষত্র জানিতে চাহেন এই যে স্বর্থ্যের মত জ্যোতির্ময় পুরুষবর যাকে তৃজনে মালা পরাইল ইনি কে ? গোপীনাথ বলিলেন এই অবৈতাচার্য্য। ইনি গৌর জানা ঠাকুর। পদাজল তুলসী দিয়া ইনি কাঁদিয়া ভাকিয়া গৌরকে আবতরণ করাইয়াছেন। ইনি শান্তিপুরেশ্বর আচার্য্যবর্ষ্য। স্বরং মহাপ্রভুও ইহাকে মান্ত করেন। ইনি সকলের শিরোমণি। প্রতাপক্তর বলিলেন—মান্তবের দেহে এত তেজ জীবনে কথনও দেখি নাই। ইহাকে দর্শন করিয়া ধন্ত হইলাম। গোপীনাথ একে একে জীবাস, গদাধর, শিবানন্দ, মুরারি, বক্তেশ্বর স্বাইকে পরিচয় করাইয়া দিলেন। নর্ত্তন, কীর্ত্তন হরিধনি শুনিয়া রাজা কহিলেন—

ঐছে নৃত্য ঐছে কীর্ত্তন ঐছে হরিধ্বনি
কভু নাহি দেখি ঐছে কভু নাহি শুনি।
গোপীনাথ বলিলেন—মহারাজ তোমার বাক্য স্থসত্য।
চৈতন্তের সৃষ্টি এই নাম সংকীর্ত্তন।

ভক্তগণ সকলে কাশীমিশ্র ভবনে প্রবেশ করিয়। দীর্ঘ বিরহের পর মহাপ্রভুর দর্শন স্পর্শহ আপ্যায়ন আলিঙ্গন লাভে ক্বতক্বতার্থ হইলেন। উড়িয়্বাবাদী ভক্তদের সংগে গৌডদেশবাদী ভক্তগণের ও পরম মিলনানন্দ হইল।

অনুগৃহীত কুকুর

শিবানন্দ সেন শ্রীশ্রীপ্রভূব সংগে মিলিত হইলেন। প্রভূ আলিঙ্গন করিয়া পার্বে বসাইলেন। সেন দেখিলেন সেই ক্ক্রটি প্রভূব পার্বে বিদিয়া আছে। ভূত্য প্রসাদ দিতে ভূল করায় যে ক্ক্রটি কোথায় অন্তর্জান করিয়াছিল—সেই ক্ক্রটি। প্রভূ তার সম্মুখে নারিকেল শস্ত ফেলিয়া দেন আর কৃষ্ণ কৃষ্ণ বলেন। ক্ক্র প্রভূব প্রসাদী নারিকেল শস্ত খান আর কৃষ্ণ বলেন। তার উচ্চারণ স্পষ্ট ক্ক্রের ভাগ্য দেখিয়া সকলে মুগ্ধ। শিবানন্দ ক্ক্রকে দণ্ডবৎ করিয়া ক্ষমা ভিক্ষা চাইলেন। তারপর হইতে ক্ক্রটিকে আর কেহ দেখিতে পাইল না। সে সিদ্ধ দেহ পাইয়া বৈকৃষ্ঠে চলিয়া গিয়াছে।

ত্রীরূপের ভাবাসুরূপ শ্লোক

শ্রীশ্রীপ্রত্ যথন জগন্নাথের রথাতো অগনিত ভক্তসঙ্গে মধুর নর্ত্তন কীর্ত্তন করেন তথন শ্রীমুথের দিকে ভাকাইয়া একটি শ্লোক পড়েন। শ্লোকটি প্রকৃত রসের প্রায় অশ্লীশ পর্যায়। শ্লোকটির অর্থ এইরপ—

বিবাহের পর পদ্মী পতিকে বলিতেছেন—তোমার সংগে মিলনে ত্বৰ

হুইতেছে না। বিবাহের পূর্বে রেবানদীর তীরে বেতসীকুঞ্জের আড়ালে মিলনে যে অথ হুইত সে অথ আজ আর নাই।

প্রভূকেন এইরূপ একটি শ্লোক পড়েন তাহা কেহই বৃন্ধিতে পারে না। এক বংসর রথের সময় শ্রীরূপ আসিয়াছেন। তিনি শ্লোক শুনিয়া প্রভূর ভাবানুরূপ আর একটি শ্লোক লিন্ধিলেন—

> প্রিয়: সোহয়ং রুফঃ সহচরি ক্রুকেজ মিলিত-ভথাহং সা রাধা তদিদম্ভরোঃ সঙ্গমস্থম্। তথাপ্যস্তঃ খেলনাধ্রম্বলী পঞ্মজ্যে, মনো মে কলিন্দী পুলিন বিপিনায় স্পৃহস্তি।

শ্লোক পডিয়া প্রভু আনন্দে অধীর হইলেন। শ্রীরূপে পিঠে চাপড় দিয়া বলিলেন "আমার অন্তর তুই জানিলি কেমন? শ্লোকের সংক্ষেপার্থ কৃষ্ণদাস কবিরাজ বলিয়াছেন—

> এই শ্লোকের সংক্ষেপার্থ গুন ভক্তগণ জগরাথ দেখি বৈছে প্রভুর ভাবন। শ্রীরাধিকা ক্রুক্তেরে রুফের দর্শন বছপি পায়েন তবু ভাবেন প্রছন রাজবেশ সাতী মোড়া মহন্তু গহন কাঁছা গোপবেশ কাঁহা নির্জ্জন বৃদ্দাবন সেই ভাব সেই রুফ সেই বৃন্দাবন যবে পাই তবে হয় বাস্থিত পুরণ।

শ্রীরূপের শ্লোকে গৌরভছ

শীরণ গোষামী নাটক লিখিতেছেন। প্রভুর নির্দ্ধেশ একথানি গ্রন্থকে ছইখানি করিয়া লিখিতেছেন। বিদগ্ধমাধব ও ললিতমাধব। রসিক ভক্তগণ সঙ্গে ব্যার পৌরস্কলর উপবিষ্ট। রায় রামানন্দ বিদগ্ধ মাধবের প্রারম্ভে ইউদেব বন্দনায় কি লিখিয়াছ? শীশ্রীপ্রভু নিকটে বসিয়া শীরূপ শ্লোক পাঠ করিতে ইতন্ততঃ করিতেছেন। কারণ শ্লোক প্রভুর তন্ত মহিমা বনিত আছে। প্রভু তাহা বুঝেন নাই। তিনি বলিলেন "রূপ সংহাচ কর কেন? বৈষ্ণব দমান্দে গ্রন্থ ভানানো মহাভাগ্যের কথা।" তথাপি শীরূপ চূপ করিয়া থাকিলে ব্যারপ দামোদর লেখা হাতে নিয়া পাঠ করিলেন—

অনপিতচরীং চিরাৎ করুণরাবতীর্ণ করো সমর্পরিতৃমূরতোজ্জনরসাং স্বভক্তিপ্রিরম্। হরিঃ পুরটস্থলরফাতি কদম্ব সন্দীপিতঃ সদা হাদরকন্দরে ক্ষুরতু বঃ শচীনন্দনঃ॥

শ্লোক শুনিয়া সকল ভক্ত আনলে অধীর। স্ট্র চ্ডামনি গোরস্কর মন্তব্য করিলেন—"অতি শ্বতি হইয়া গিয়াছে।"

প্রভূ সকল ভক্তদের বলিলেন—"তোমরা সকলে রূপকে আশীর্কাদ কর বেন রসতত্ব বর্ণনা করিতে পারে। ভক্তগণ বলিলেন—"তুমি নিজেই ইহাকে অশেষ রূপা করিয়াচ। আমাদের আর কিছু করিতে হইবে না।"

প্রত্যুদ্ধ মিশ্রের কথা

প্রত্যন্ন মিশ্র নামক একজন রুফভক্ত শ্রীশ্রীগোরহরির নিকট রুফ কথা ভানিতে চাহিলেন। প্রভূ বলিলেন—আমি রুফকথা জানি না। রামানন্দ রায় জানেন। তাহার কাছে যাও। প্রভূর বাক্য অফুসারে প্রত্যন্ন রায়ের গৃহে গেলেন। রায় গৃহে ছিলেন। তাহার সেবক বলিল—"রায় এখন কার্য্যে ব্যস্ত আছেন। তিনি তুইটি দেবকস্থাকে নৃত্যাদি শিক্ষা দেন। তাহার। লীলাভিনয় করিয়া জগন্নাথদেবকে ভনাইবেন।

কিশোরী স্থানরী মেয়েদের নাচ শিক্ষা দেন শুনিয়া প্রত্যন্ন মিশ্রের মনে অশ্রন্ধা হইল। তিনি তথন ফিরিয়া গিয়া প্রভুকে বলিয়লন—"রাম রায়ের কার্য্যাদি শুনিয়া আমার শ্রন্ধা হইল না তাই চলিয়া আসিয়াছি। প্রভু বলিলেন তুমি আবার যাও। রামানদকে তুমি চিনিতে পার নাই। রামানদ্দ নির্বিকার জিতেজ্রিয় পুরুষ। ঐরপ দ্বিতীয় ব্যক্তি আর কেহ নাই। তাহার দেহ অপ্রাক্তও। শ্রীমন্তাগবতের রাসলীলা আস্বাদন করিতে করিতে তিনিকামবিকার শৃত্য হইয়াছেন। তুমি আমার নাম লইয়া আবার তাহার কাছে যাও।

প্রছায় মিশ্র নিজের ভূল ব্ঝিয়া আবার গেলেন। রামরায় প্রাণ ভরিয়া কৃষ্ণলীলা তত্ত্বমাধুর্ঘ্য কীর্ত্তন করিলেন বেলা তৃতীয় প্রহর পর্যান্ত। বক্তা শ্রোতা কৃষ্ণনেই প্রেমাবেশে বাছম্মতি শৃত্য হইয়া রহিলেন। প্রত্যয় মিশ্র "কৃতার্থ ছইলাম" বলিয়া বিদায় লইলেন।

বলীয় কবির নাটক

বন্ধদেশীয় এক বিপ্র শ্রীশ্রীপ্রভুর চরিজের একথানি নাটক লিখিন্থা আনিয়াছেন। অনেক ভক্ত তাহা শ্রবণ করিয়া আনন্দলাভ করিয়াছেন। সকলের ইচ্ছা প্রভু শোনেন। প্রভু বলিলেন—আগে স্বরূপ দামোদরকে শোনাও। সে যদি কহে শ্রবনযোগ্য তাহা হইলে আমি শুনিব।

খরপের নিকট প্রথম নান্দীলোক পাঠ করিলেন। শ্লোকটি স্থানর। তার তাৎপর্য এই যে—সম্প্রতি নীলাচলে শ্রীক্ষগরাথ, শ্রীগোরস্থার দারা আছাতা প্রাপ্ত হইয়াছেন। অর্থাৎ জগরাথ দেহ, গৌরহরি আছা। তিনি এখন ছাজান জীবকে জ্ঞান দান করিতেছেন। তিনি সকলের মঙ্গলবিধান কর্মন।

শ্লোকের অর্থ শুনিয়া দকলেই প্রশংসা করিলেন। কিন্তু শ্বরূপ দামাদের বিমনা হইলেন। তিনি কহিলেন—"শ্লোকের ব্যাখ্যান কর।" কবি বলিলেন—"স্থল্ব শরীর জগলাথ আর চৈতন্ত গোসাই শরীরী। জড় জপংকে চেতন করাইতে ক্ষ্ণ চৈতন্ত রূপে আবিভ্ত। তিনি মঙ্গল বিধান করুন।" স্বরূপ গোসাই বলিলেন, তোমার শ্লোক দোব্যুক্ত হইয়াছে। ছইজন ঈশরের একজনেও তোমার বিখাস নাই। জগলাথ পূর্ণানন্দ চিৎস্বরূপ। তাহাকে জড়দেহের সহিত তুলনা করিয়াছ। আর পূর্ণ বড়ৈখর্য শ্রীচৈতন্ত স্বয়ং ভগবান। তাহাকে তুমি চিৎকন জীবাত্মার সহিত তুলনা করিয়াছ। ছই ঈশরের কাছেই তোমার অপরাধ।

আরও এক অপরাধ করিয়াছ। ঈশ্বরের নাহি কভু দেহ-দেহী-ভেদ—এই সিদ্ধান্তের বিরোধিতা হইয়াছে তোমার শ্লোকে। একজনকে দেহ ও অপর একজনকে দেহী বলায়।

আবার খ্লোকের শদর্থও করা যায়।

٩

জগন্নাথ ক্ষেত্র আত্মা স্থরপ। তিনি দাকবন্ধ রূপে বিরাজমান, তাঁহারই সহিত অভিন্নরপে। তাঁহার সহিত আত্মতার, একরপ হইরা কৃষ্ণ এক তত্ত্ব রূপ হইরা লোক নিস্তারের জন্ম ব্রহ্মরূপে আবিভূত হইরাছেন। জগন্নাথ দাকবন্ধ স্থাবর স্থরপ আর গৌরচন্দ্র জন্মরূপে কৈল অবভার। এই অর্থে শ্লোক নির্দোষ হয়।

রঘুনাথ দাসের প্রতি রুপা

সপ্তক্রামের বড জমিদার গোবর্ধন দাদের ছেলে রখুনাথ। গৌরক্ষদেরের

আবির্ভাব বার্ত্তা, নাম গুণ গান গুনিয়া রঘুনাথ শান্তিপুরে প্রভুর পাদপদ্মে গিয়া পৌছান। প্রভু গৌরহরি তাহাকে বাড়ী ফিরিয়া যাইতে বলেন। একটু বেশ কঠোর ভাষাতে বলেন—

> "মর্কট বৈরাগ্য না করিহ লোক দেখাইয়া যথাযোগ্য বিষয় ভূঞ্জ অনাসক্ত হইয়া।"

রঘুনাথ গৃহে ফিরিয়া যান। পিতামাত। তাহাকে সংসারবদ্ধ করিবার জন্ত বিবাহ বন্ধনে আবদ্ধ করেন। রঘুনাথ সংসারে মন দিলেন। তাহা শুধু ৰাহিরে। অন্তর তীত্র বৈরাগ্যময়। একদিন রাত্রে উঠিয়া একাকী পলায়ন করিলেন। পিতা সন্ধান করিয়া পথ হইতে ধরিয়া গৃহে আনেন এবং সর্কদা পাহারায় রাখিলেন।

দ্যাল নিতাইচাঁদ পানিহাটীতে আসিয়াছেন শুনিয়া রঘুনাথ সেথানে ছুটিয়া আসিলেন। রঘুনাথ ইতিপূর্কে নিতাইচাঁদকে দর্শন করেন নাই। আজ প্রথম দেখিলেন। গলাতটে এক বৃক্ষমূলে এক পিণ্ডার উপর বসিয়া আছেন। অক্ষেমধ্যাহ্ব হুয়োর জ্যোতিঃ। চারিদিকে ভক্তর্বদ ঘিরিয়া বসিয়া আছেন। প্রভ্র প্রভাব দেখিয়া রখুনাথ বিষয়াম্বিত হইলেন। দূর হইতে দণ্ডবৎ করিলেন। পরম কোতুকা দ্যাল ঠাকুর নিতাইচাঁদ রখুনাথকে টানিয়া নিজের নিকটে নিয়া মাশায় শ্রীচরণ দিলেন। মধুর ভাষায় বলিলেন—"চোরা দেখা দিস্না কেন শু আজ ভক্তদের চিডা দ্বি খাওয়াই দে।"

নিতাইচাঁদের আদরে আবদারে রঘুনাথ মুশ্ধ হইলেন। বেমন আদেশ করিলেন তেমনই পালন করিলেন। খুব ঘটা করিয়া চিড। দিধি মহোৎসৰ দিলেন। নিতাইচাঁদ ধ্যানে গোরাচাঁদকে আনিয়া ঐ মহোৎসবে খাওয়াইয়া দিলেন।

নিত্যানন্দপ্রভূ গৌরস্থন্দরকে ধানে আনিয়া ভোজন করাইয়া অবশেষে প্রসাদ রঘুনাথকে দিয়া বলিলেন—"শ্রীচৈতন্য প্রভূ ভোজন করিয়াছেন, তাঁহার অধরামৃত পাইলে তোমার বন্ধন খণ্ডন হইবে।"

রঘুনাথ শ্রীনিতাচাঁদের চরণে প্রার্থনা করিলেন, "শ্রীগৌরের চরণ কিরপে পাইব, উপায় কহিয়া দেন। যতবার গৃহ ছাডিয়া পলাইলাম পিতামাতা ধরিয়া আনিয়া বান্ধিয়া রাখিল। তোমার রূপাছাড়া চৈতন্তচাঁদ পাইবার অপর কোন উপায় দেখি না।"

बच्नात्थत मच्डरक औष्ट्रव धतिया निजाइगा किशिन-"(आमात नकन

বন্ধন ছুটিয়া গিয়াছে। প্রাণের গৌরহরি তোমাকে অন্তরন্ধ ভূত্য বলিয়া গ্রহণ করিবেন। স্বরূপের হাতে সমর্পণ করিবেন। ইহা অচিরেই ঘটিবে।''

বাডীর চণ্ডীমণ্ডপে রঘুনাথ শথনে আছেন। চারিদিকে কডা পাহারা। শেষরাত্রে যথন স্বাই নিজিত তথন পরিবারের পুরোহিত ঠাকুর ষছনাথ আচার্য্যের সঙ্গে গৃহে ছাডিয়া পলায়ণ করিলেন। পরে পুরোহিতকে বাড়ী পাঠাইযা একাই চলিলেন। পথ ছাডিয়া উপপথে চলিলেন। একদিনে পনের কোশ পথ অতিক্রম করিলেন। পরদিন পূর্ব্ব মৃথ ছাডিয়া দক্ষিণম্থে চলিলেন। 'ছত্রভোগ' পার হইয়া বরাবর পুরীধাম অভিম্থে চলিলেন। বারদিনে নালাচলে পৌছিলেন। পথে তিনদিন মাত্র কিছু আহার করিয়াছেন। ''চৈতক্ত চরণ প্রান্তে মন তাই ক্ষুণা নাহি বাধে''।

করুণানিলয় শ্রীগোরাঙ্গ হালর শ্বরুণাদি ভক্তগঞ্চে বসিয়া আছেন। সেই সময় রঘুনাথ শ্রাসিয়া দণ্ডবং করিলেন। প্রভু স্নেইভর। কঠে কহিলেন 'আইস' রঘুনাথ শ্রীচরণে পতিত ইইলেন। গৌরছরি তাহাকে কক্ষে ধরিলেন। সকল ভক্তগণ সঙ্গে মিলন হইল। স্বরুপকে লক্ষ্য করিয়া গৌরহরি বলিলেন—"এই রঘুনাথ আমি স্পিন্ধ তোমারে।" আমার তিনজন বঘুনাথ আছে। ইহার পরিচয় হইল স্বরপের রঘুনাথ। তুমি ইহাকে "পুত্র ভৃত্যুরূপে গ্রহণ কর।"

গোবিন্দ দাস প্রভ্র অবশেষ পাত্র রঘুনাথকে দিল। এইমত পাঁচদিন চলিল। তারপর রঘুনাথ দশদণ্ড রাত্রের পর জগনাথে পুষ্পাঞ্চলি দিয়া সিংহ্ছারে থাড়। হইয়া থাকেন। ধে ষাহা দিতেন তাং।ই নিতেন।

'রাত্রে সিংহ্বারে খাড। ২ঞ। মাগি খায়'' শুনিয়া প্রভু বলিলেন "ভাল হইল, বৈরাগার ধন্ম আচরিনা।"

> ''বৈরাগী ক্রিবে দদা সম সংকীর্ত্তন মাগিয়া যাচিয়া করে জীবন ধারণ।''

রঘুনাথ শ্রীশ্রীগোর চরণে জিজ্ঞাদা করিলেন, আমার রু গ্র কি ? "সাধ্য দাবন কহ"— গ্রভু বলিলেন—"ম্বরূপ দব ভোমায় বলিবে। আমি ক্রেকটি স্থাত্র কথা ভোমাকে বলি—

"গ্রাম্য কথা না শুনিবে; গ্রাম্য কথা না কছিবে ভাল না খাইবে আর ভাল না পরিবে। অমানী মানদ রুষ্ণ নাম সদা লবে ব্রজে রাধারুষ্ণ সেবা মানসে করিবে॥" রখুনাথের সংবাদ পাইয়া তাছার পিতা এক ব্রাহ্মনের হাতে চারিশত টাকা দিয়া পাঠাইলেন। বঘুনাথ তাছা গ্রহণ করিলেন না। সিংহদার ছাড়িয়া ছত্তে মাগিয়া খাইতে আরম্ভ করিলেন। শুনিয়া প্রভূ বলিলেন—

"ভাল হইল ছাড়িল সিংহদার সিংহ দারে ভিক্ষা বৃত্তি বেশ্যার আচার।"

কিছুদিন পর রঘুনাথ ছত্তে ভিক্ষাও ত্যাগ করিলেন। প্রারির যে প্রসাদার বিক্রয় না হয় তাহা তাহায়া কেলিয়া দেয়। নর্দমা দিয়া চলিয়া বায়। সভাগকে গাভীগুলিও তাহা ধায় না। রঘুনাথ তাহা তুলিয়া ধূইয়া ষে অনকটি আন্ত পান তাহাই ধান। একদিন স্বরূপ রঘুনাথের হাত হইতে ঐ প্রসাদ কিছু যাজ্ঞা করিয়া নিলেন—বলিলেন আমাদের ভাগ না দিয়া এমন অমৃত ধাও। প্রভু মৌরছরি শুনিয়া একদিন একগ্রাস কাডিয়া নিয়া ধাইলেন বলিলেন "থাসা বস্তু ধাও আমারে না দেও কেনে।" অতুলনীয় রঘুনাথের বৈরাগ্য দেখিয়া প্রভুর আনন্দের সীমা নাই।

শিলা ও মালা

শহরানন্দ সরস্বতী যথন শ্রীর্ন্দাবন হইতে পুরীধাম আসেন তথন তিনি সংগে করিয়া একখানি গোবর্দ্ধন শিলা ও একটি গুঞামাল। লইয়া আসেন। ঐ তুইটি বস্তু তিনি ব্রজরস-মগ্ন শ্রীগোরহরিকে অর্পন করেন। লীলাম্মরণকালে প্রভুগুঞামালাটিকে গলায় ধারণ করেন। আর গোবর্দ্ধন শিলাটিকে কখনও বুকে কখনো চক্ষের উপর কখনও শিরে ধারণ করেন। শিলা সর্ব্ধদাই গোরাচাঁদের নম্মজলে সিক্ত থাকে। শিলাকে ক্লম্ভ কলেবর মনে করেন। তিন বৎসর ধরিয়া গৌরহরি এই শিলা ও মালার সেবা আদর করিয়াছেন। রঘুনাথের বৈরোগ্যে ও ভজনে পরম তুই হইয়া শ্রীশ্রীপ্রভু ঐ পরম বস্তুদ্ধ রঘুনাথকে দান করিলেন।

শিলা মালা দিবার সময় শ্রীমুখে বলিলেন, "এই শিলার সাত্তিক সেবার তুমি কৃষ্ণ প্রেমধন লাভ করিবে।" সাত্তিক সেবায় কি লাগিবে তাহাও বলিয়া দিলেন—"এক কৃষ্ণা জল ও আটটি তুলদী মঞ্জরী।" রঘুনাথ শিলা সেবানিলেন। শিলাকে তিনি সাক্ষাং ব্রজেক্সনন্দন রূপে দর্শন করেন। ইহা প্রভুর "শ্বছন্ত দত্ত" এই কথা ভাবিতেই রঘুনাথ নয়ন ধারায় ভাসিয়া বায়।

শিলা মালা পাইয়। রঘুনাথ তাহার তাংপধ্য ইহাই বুঝিলেন যে শিলা দিয়া প্রভূ তাহাকে গোবর্জনে ও মালা দিয়া শ্রীরাধারাণীর শ্রীচরণে সমর্পণ করিলেন।

কি রূপ জজন করেন ? সাড়ে সাত প্রহর শারণে থাকেন। চারিদণ্ড মাজ আহার নিস্তায় কাটান। জক্ষন শুধু প্রান রক্ষার্থ। আজন্ম জিহ্বায় রুদের স্পর্শ দেন নাই। ছেড়া কাথা ছাড়া পরিধান করেন নাই। রঘুনাথ যে নিয়ম করিতেন তাহা ছিল পাষাণের রেখার মত অপরিবর্ত্তনীয়।

শ্রী হরিদাস নির্য্যাণ

শী ছরিদাস ঠাকুর গৌরভক্ত শিরোমণি। নিত্য তিনি তিনলক্ষ নাম জপ করেন। ভক্ত সমাজে নাম ব্রহ্মের অবতার বলিয়াখ্যাত। সিদ্ধ বকুল নামে একটি স্থানে কৃটিরে বাস করেন। আর কোথাও যান না। দূর হইতে একবাদ্ধ মন্দিরের চ্ডা দর্শন করেন। "ত্নাদপি স্থনীচেন" মন্ত্রের মূর্তি। দৈক্ত বিনয়ের থনি।

প্রাণ গৌরস্থলর নিত্য সমুক্ত স্নানে যান। যাইবার কালে **একটি**বার হরিদাদের কাছে আদেন। এক উদ্দেশ্য—তাকে দেখা দিবেন। **স্পান্ন এক** উদ্দেশ্য তাহার মৃথে প্রেমভরে উচ্চারিত শ্রীনাম শুনিবেন। প্রভুর ভূত্য গোবিন্দ দাস প্রভুর ভূক্তাবশেষ প্রতিদিন তাহাকে দিয়া আদেন।

একদিন গোবিন্দ মহাপ্রসাদ লইয়া হরিদাসের কৃটিরে গিয়াছেন। গিয়া দেখেন হরিদাস ঠাকুর শুইয়া শুইয়া শুতি মৃত্ মৃত্ শুবে নাম উচ্চারণ করিতেছেন। গোবিন্দ বলিলেন হরিদাস, "উঠিয়া আসিয়া প্রসাদ গ্রহণ কর।" হরিদাস বলিলেন, "আজ লজ্ঞন করিব অর্থাৎ কিছু খাইব না। জপের সংখ্যা পূর্ণ করিতে পারি না—পূর্ণ না করিয়া কি করিয়া খাইব। আবার মহাপ্রসাদ আনিয়া লইবার জন্ত ডাকিতেছ—কি করিয়া তাহা উপেক্ষা করা যায়"—ইহা বলিয়া এক রঞ্চ প্রসাদ হাতে তুলিয়া নিজ মুখে কেলিয়া দিলেন।

এই দৃশ্য দেখিয়া গোবিল গৃহে গিয়া মহাপ্রভুর কাছে সব কথা জানাইরা দিলেন। পরদিন প্রভাতে ভক্তবংসল হরি হরিদাসের কৃটিরে আমিলেন। আসিয়া জিজ্ঞাসা করিলেন পরম জেহের সহিত-"হরিদাস, স্বস্থ আছ়? জ্ঞান্ত উত্তর করিলেন—" প্রভু আমার শরীর ক্ষম্ব, মন বৃদ্ধি অক্ষা।" প্রভু আবার শুধাইলেন—"হরিদাস, তোমার কি ব্যাধি হইয়াছে ?" "আমার সংখ্যা কীর্ত্তন পূর্ণ হয় না"—এই কথা বলিয়া ভক্তবর উত্তর করিলেন। প্রভু আবার বলিলেন "হরিদাস তুমি রুদ্ধ হইয়াছ। এখন জপসংখ্যা অল্প করিয়া কর। আর এক কথা—যারা যারা সাধন রাজ্যে কেবল প্রবর্ত্তক তারা নিয়মিত সংখ্যা জলিয়া জপ করে। তুমি এখন সিদ্ধ হইয়াছ। মুখে জপ না করিলেও তোমার মানসে অজপা জপ চলিতে থাকে। তোমার এখন সংখ্যা পূর্ণ করিবার দিকে আগ্রহ রাখিবার আর কোনও প্রয়োজন নাই।"

"জগতে নামের মহিমা প্রচার করিতে তুমি জগতে আসিয়াছ। তোমা দ্বাবা সেই কার্য্য যথেও হইয়াছে। এখন জপ সংখ্যা কম করিয়া দেও।"

প্রভাৱ কথা শুনিয়া ঠাকুর হরিদাস তথন এই প্রসঙ্গ বাদ দিয়া অন্ত কথা তুলিলেন। বাললেন—"প্রভু আমাব মনে সর্বাদাই জাগে তুমি নীঘ্র এই লীলা সংবরণ করিবা। সেই লীলা কভু আমাকে দেখাইবা না। তুমি নাই, হরিদাস পৃথিবীতে আছে, ইহা যেন কথনও সংঘটিত না হয়। তোমার লীলা সংবরণের আগে প্রভু তুমি আমাকে পৃথিবী হইতে সরাইয়া দিবা।"

একটু সময় নীরব থাকিয়া হরিদাস আবার বলিলেন—"প্রভু মনে একট। সাধ আছে। মৃত্যুকালে আপনার রাঙ্গা চরণ ছইখানি বক্ষে চাপিয়া রাখিব। চঙ্কু খুলিয়া আপনার শ্রীবদনপদ্ম দেখিতেই থাকিব। মূথে আপনার মধুমধ নামটি উচ্চারণ করিব। এই ভাবে এই দেহ ইইতে প্রাণ বাহির হইয়া ষাইবে —এই মনে আকাষ্যা।"

ভক্তের প্রার্থনায় ভগবান ষেন বিপদে পিছিলেন। কি বলিবেন—-যদি বলেন 'হা' তাহা হইবে— তাহা হইলে একটি নির্মম হাদয়ের পরিচয় দেওয়া হয়। যদি বলেন 'না' তাহা হইতে পারে না—তাহা হইলে ভক্তের ইচ্ছা পূর্ণ করা হয় না।

চতুর চূডামণি তুই দিক বজায় রাখিয়া মধুর উত্তর দিলেন, বলিলেন—
"হরিদাস, তুমি পরম ভক্ত। তোমার যাহা মনের বাঞ্চা তাহা শ্রীকৃষ্ণ অবশ্রুই
পূর্ণ করিবেন। কিন্তু তোমার আমাকে ছাডিয়া যাওয়া উচিৎ হয় না। আমি
আছি জগতে, আমার যত স্থা তোমাদের লইয়াই।"

শ্রীভগবানের চাত্র্যপূর্ণ বাক্য শুনিরা শ্রীহরিদাস কহিলেন—"প্রভু, একি কথা বলিলেন? আমার শিরোমণি ভূল্য সহস্রজন আছেন থাঁহারা আপনার লীলার সহায়। তাঁহাদের কাছে আমি একটি পিপীলিকা। একটা পিঁপড়া মরিয়া গেলে জগতের ও কোন ক্ষতি হবে না—আপনার ও কোন ক্ষতি ইইবে না।"
ভক্তবাক্যে ভগবান নীরব হইয়া গেলেন। আর কোন উত্তর যেন খুঁজিয়া
পাইলেন না। উঠিয়া চলিয়া গেলেন।

প্রদিন প্রাতঃকালে শ্রীগোরস্থলর ভক্তবৃল্দ হ ইরিদাদের কৃটিরে উপস্থিত হইলেন। বলিলেন—"হরিদাদ, সমাচার কি ?" অর্থাৎ তোমার মনের ইচ্ছা কিছু বদলাইয়াছে কিনা, হরিদাদ বলিলেন—"প্রভু আমার কোন সমাচার নাই। আপনার যাহা ইচ্ছা তাহাই আমার দমাচার।" প্রভু তথন হরিদাদের কৃটিরাঙ্গনে কীর্ত্তন আরম্ভ করিয়া দিলেন। বক্তেশ্বর পণ্ডিত নর্ত্তক, আর গায়ক স্বরূপ গোদাই, বাস্থদেশ দার্কভৌম, রায় রামানন্দ প্রমুথ শ্রেষ্ঠ ভক্তগণ। শাস্থিত হরিদাদকে ভক্তগণ প্রদক্ষিণ করিয়া কীর্ত্তন করিতে লাগিলেন।

স্চত্র ভক্তরাজ হরিদাস প্রভূর শ্রীহন্ত ধরিয়া টানিয়। আপনার পার্থে ঠিক চক্ষের সম্মুখে বসাইলেন। প্রভূর বদনমণ্ডল প্রকৃতিত শতদল পরের মত। ভক্তর চক্ষু তুইটি যেন তুইটি তৃষ্ণার্ত শ্রমরের মত। শ্রমর তুইটি শতদলের মধুপান করিতে লাগিল। প্রভূ উপবিষ্ট হরিদাসের পার্থে। হরিদাস অতি ধীরে ধীবে শ্রীচরণ পদাটি জোব করিয়া নিজের হৃদয়পদ্মে চাপিয়া ধবিলেন। এইভাবে কিছুম্প নয়নের ও বক্ষের সাধ মিটাইয়া ভক্তবর হঠাৎ উচ্চৈঃস্বরে উচ্চারণ করিলেন—"শ্রীকৃষ্ণ চৈতত্ত"—উচ্চারণের সঙ্গে সক্ষে দেহ হইতে প্রাণপাথি বহির্গত হইনা গোল।

সকলে প্রত্যক্ষ করিল, মহাযোগেগরের মত ইচ্ছামাত্র দেহত্যাগ। এইরূপ ইচ্ছামৃত্যুর ঘটনা আর একবার ঘটিয়াছিল থাপর য্গে। কুরুক্ষেত্রের যুদ্ধের পর শরশযাায় শাণ্ডিত জীগ্রের জীবনের শেষ মৃহর্তে। তিনি শ্রীক্রফের বদনমগুল দেখিতে দেখিতে কাতর প্রার্থন। করিতে করিতে মৃত্যুবরণ করিয়া ছিলেন। হরিদাস ঠাকুরের অবস্থাটি দেখিয়া সকলের মনে পডিল ভাগবত শাস্ত্রে বর্ণিত ভীশ্রদেবের নির্যাণের কথা।

ভক্তবংসলতার ঘনীভূত মৃর্ত্তি শ্রীগোরাক স্থলর ভক্তরাজের দেহখানি নিজকোলে তুলিয়া লইয়া অঙ্গন ভরিয়া নাচিয়া বেডাইতে লাগিলেন কীর্ত্তনের সক্ষে সমান তালে প্রভূবে অত্যন্ত ক্লান্ত দেখিয়া স্থরূপ দামোদর প্রভূব সম্মুখ ভাগে করজোডে দাঁডাইলেন। প্রভূ নিরস্ত হইলেন। ভক্তবরের শ্রীদেহ বিমানে চড়াইয়া কীর্ত্তন করিতে করিতে সম্দ্রতীরে লইয়া ষাওয়া হইল। প্রভূ একই ভাবে সক্ষে নাচিতেছেন। কীর্ত্তনানন্দও চলিতেছে।

সমূদ্রতীরে নিয়া প্রভু ভজের দেহ নিজ শ্রীহন্তে স্থান করাইলেন। স্থান শেষ করাইয়া একটি মহামূল্যবান বাণী বলিলেন। বলিলেন—"আজি হইতে এই সমূদ্র মহাতীর্থ হইল।" সমূদ্র তো চিরকালই তীর্থ, কারণ সকল পবিত্ত নদী সমূদ্রে গিয়া মিলিয়াছে। আজ তীর্থ, মহাতীর্থ হইল শ্রীহরিদাসের অপ্রাক্তত দেহস্পর্শে। হরিদাস কথনও সমূদ্রে নামিষা স্থান করিতেন না— ভবের সমূদ্রজলে পা লাগিবে।

হরিদাসের অব্ব বাহিয়া জল পড়িতেছে। চরণ বাহিয়া বে জ্বল পড়িতেছে তাহা সকলে হাত পাতিয়া পান করিতে লাগিল। বাহুদেৰ সার্বিভৌম প্রমুগ ব্রাহ্মণ ভক্তেরাও। জগন্নাথের মন্দির হইতে প্রসাদী বন্ধ আসিল। তাহা প্রভু হরিদাসের অব্দে জড়াইয়া দিলেন ও প্রসাদী চন্দন মাখাইয়া দিলেন। শ্রীমুখে হরিবোল হবিবোল উচ্চারণ করিতে করিতে স্বরং ভগবান গৌরহরি আপন শ্রীহন্তে হরিদাসকে সমাহিত কবিথা অব্দে বালু দিরা ঢাকিলেন—তাহার উপর পিণ্ড বাধাইলেন। আবাব তাহা ঘিরিয়া ঘিবিয়া কীর্ত্তন চলিল। হবিধ্বনি কোলাহলে পৃথিবী যেন পূর্ণ হইথা গেল।

এইরিদাসের মহোৎসব

সমুদ্রতীরে লোকারণ্য। তুমুলভাবে কি। র্তুন চলিতেছে। ইহার মধ্যে হঠাৎ প্রভুর অন্তর্জান। কথন কোন দিকে গেলেন প্রভু, কেং লক্ষ্য করিত্তে পারিলেন না। প্রভু শ্রীমন্দিবেব সিংহত্বাবে ছুটিয়া আসিয়াছেন। আননন্দ্রাজারে অন্নব্যঞ্জন বিক্রয় হয়। পদারীদেব সন্মুখে দাঁডাইয়া নিজ বহির্বাসের অঞ্চল পাতিয়া প্রভু চাহিতেছেন। বলিতেছেন—"আমি আমাব হরিদাসের নির্বাণ মহোৎসব করিব। সকলে আমাকে মহাপ্রদাদ ভিক্ষা দেন।" কি কাঞ্চণোর দৃশ্য। ভক্ত বংসলতা যেন মৃত্তি ধবিষা দাঁডাইয়া আছে।

ভক্তগণ কবজোডে প্রভূকে গন্ধীবায পাঠাইয়া দিলেন। নিজেরা ভিক্ষা করিয়া করে করিয়া বহু প্রসাদার লইয়া গন্ধীরায আদিলেন। কাশীমিশ্র অনেক প্রসাদ পাঠাইলেন। ভক্তগণের পাতে প্রভূ নিজ হল্তে প্রসাদ পরিবেশন করিছে আরম্ভ কবিলেন। প্রভূ অগ্রে গ্রহণ না করিলে ত কেইই খাইবেন না। তাই স্বরূপের অন্থ্নায়ে প্রভূ বিদিলেন।

সেদিন প্রভূব ভিক্ষার নিমন্ত্রন ছিল কাশীমিখ্রের গৃহে। কাশীমিশ্র নিজেই

প্রসাদ লইয়া গভীরায় আসিলেন। সকল বৈষ্ণবগণ সব্দে প্রভু মহোৎসবে প্রসাদ নিতে বসিলেন। সকলে আকণ্ঠ প্রসাদ লইলেন। তাল্পর নিজ শ্রীহন্তে ভক্তগণকে মালাচন্দন পরাইয়া দিয়া বলিলেন—"আজিকার হরিদাসের এই বিজয়োৎসব যাহারা দর্শন করিয়াছে, যাহারা তাহার শ্রীআলে বাল্ক। দিয়াছে, যাহারা এই মহোৎসবে প্রসাদ লইয়াছে—সকলের অচিরে কৃষ্ণপাদপদ্ম প্রাপ্তি ঘটিবে। এই বর দিলাম।

নিজে পরম দৈত্তে ভক্ত বিরহে ব্যথিত-কণ্ঠে কহিলেন—"করণাময় রুক্ষ রূপা করিয়া আমাকে হরিদাদের মত ভক্তের সঙ্গ দিবাছিলেন। আজ সেই সঙ্গ ভঙ্গ হইল। ক্ষেত্র ইচ্ছাতেই হইল। হরিদাস যথন ইচ্ছা করিল আমাকে ছাডিয়া চলিয়া যাইবে—তথন আমার শক্তি হইল না তাহাকে রাথিয়া দেই। হরিদাস ছিল এই বিশ্বজগতের একটি মহারত্ব। তাহাকে হারাইয়া বিশ্বজগণ রত্ব হারা হইল।" মধুর বাণী শুনিয়া ভক্তবর্গ আনন্দ সমুদ্রে ভ্বিয়া গেলেন। জয় হরিদাস, জয় হরিদাস, জয় জয় হরিদাস ধানি দিতে দিতে সকলে গুহে গমন করিলেন।

হরিদাস ঠাকুরের কথা

ঠাকুর হরিদাসের অভ্তপূর্ব তিরোভাবের কথা বলা হ**ইল, তার পূর্বে** জীবন সম্বন্ধে কিছু বলা প্রয়োজন। গৌরস্থনর সেই সব কথা ভক্তসমক্ষে পঞ্চমুখে গাহিয়াছেন, যত বলেন তত সুখী হন।

> হরিদাসের গুণ কহিবে প্রভূ হৈলা পঞ্মুখ কহিতে কহিতে প্রভূর বাঢ়ে মহাস্থা।

খুলনা জেলায় বুঢ়ন গ্রামে মুসলমানের গৃহে হরিদাসের জন্ম। তার গুৰু কে জানা যায় না। কোখা হইতে ভক্তিসম্পদ লাভ করিলেন তাহা কাহাকেও বলেন নাই। অনেকে বলেন অধৈতাচার্য্য তার গুরু। কিন্তু আচার্য্যের সক্ষে মিলন হইবার পূর্বেই তিনি ছিলেন নামে প্রেমে মাতোয়ারা।

ষশোহর জেলার বেনাপোল গ্রামের বনের মধ্যে একটি কুত্র কুটরে তিনি বাস করিতেন। প্রাতঃস্নান, তুলসী সেবা ও নাম জপ, নামকীর্তন ইহাই ছিল ভজন। মাসে এককোটি নাম করিবেন ইহা ছিল তার ব্রত।

বনগাঁরের জমিদার রামচন্দ্রথান গাঁরের লোক তাকে ভক্তি না করিয়া

হরিদাসকে ভক্তি করে, ইহ। তার অসহ। লক্ষ্ণীরা নায়ী এক বারবনিতাকে পাঠাল হরিদাসের চরিত্র নষ্ট করিতে। লক্ষ্ণীরা পরপর তিন রাত গেল হরিদাসের কৃটিরে। তিনি সর্বদাই নামজপে নিমগ্ন। তার মতলব সাধনের সময়ই পাওয়া গেল না। বরং হরিদাসের মুখে নাম শুনিতে শুনিতে লক্ষ্ণীরা অমুতপ্ত হইয়া পায়ে কাঁদিয়া পিডল। হরিদাস তাকে মন্ত্র দিয়া নিজ ভজ্জন কৃটির তাহাকে ছাডিয়া দিয়া চাঁদপুব চলিয়া যান। লক্ষ্ণীরা হইল ভিখারিনী কৃষ্ণ দাসী। নিত্য তিনলক্ষ নাম জপ কবে।

হরিদাস মুসলমান হইয়া হিন্দুর আচার করে নালিশ গেল মুলুকপতির কাছে। মূলুকপতির হুকুম, হরিনাম ত্যাগ কর। নৈলে বাইশবাজারে বেত মারা হইবে। হরিদাস বলিলেন—"খণ্ড খণ্ড হয়ে দেহ যদি যায় প্রাণ। তভো আমি বদনে না ছডিব হরিনাম।" ধীর প্রশান্ত নীরব হয়ে বাইশবাজাবে বেতাযাত সহ্ করিলেন মরিলেনা। কোন হাহুতাশ করিলেন না। শুধু শ্রীহরিকে
বলিলেন যারা মারছে তাদের ক্ষমা করো। হরিদাসের মৃতকল্প দেহ জলে ফেলে
দিল। তিনি ভাসিয়া গিয়া ফুলিযায় উঠিলেন, আবার ভজন আরম্ভ করিলেন।

হরিদাদের গোফার গর্ত্তে এক সর্প। তার বিষের জ্ঞালায় সমাগত লোকদের দেহ জ্ঞালে। হরিদাদ সর্পকে বলিলেন "এ গোফায় হব তুমি থাক নয় আমি থাকি।" ভীষণ বিষধব সর্প। হরিদাদের কথা শুনিয়া বাহিব হইয়। চালিয়া গোকা। নবদ্বীপে সাতপ্রহরিখা ভাবের সময় প্রভুগৌরস্থানর দেখাইযাছিলেন—হরিদাদের পিঠের বেতের দাগগুলে। সবই তাব পিঠে। নীলার্টলে থাকাকালে গৌরস্থানর—সিদ্ধ বকুলে নিজ সান্নিধ্যে হরিদাদের থাকার ও প্রসাদের ব্যবস্থা করিষা দিয়াভিলেন। তাঁর সন্ধন্ধে প্রভু বলেছেন, "হরিদাদ ছিল পৃথিবীর শিরোমণি। তাহা বিন ব স্থান্য হইল মেদিমী।"

জগদানন্দের মান

পণ্ডিত জগদানন্দ মহাপ্রভুর অসীম প্রেমের পাত্ত। সকল ভক্তই প্রভুর শীচরণ সমীপে অবনত শিরে থাকেন। প্রভুর কোন কথার বা কার্য্যে অভিমান করিখার সামর্থ্য নাই। সেই সামর্থ্য জগদানন্দের আছে। তাই ভক্তসমাজ তাকে বলেন সত্যভামার অবতার।

' প্রভূব আদেশে লইয়া জগদানন নবছীপ ধামে গিয়াছেন। প্রভূ স্বয়ং

জননীকে প্রসাদী বস্তা দিয়াছেন, তাহা নিবেদন করিলেন। জগদানন্দ বলিলেন মা, মাঝে মাঝে প্রভু আহার করেন না। বলেন, "আমার নবদ্বীপ হইতে মায়ের রালা আকঠ ধাইয়া আদিলাম।" মাতা বলিলেন—"বাবা, মাঝে মাঝে প্রক্রপ দেখি। মনে হয় আমার নিমাই ধাইতেছে। শেষে স্বপ্ন বলিষা ভাবি। তোমার কথায় ব্ঝিলাম স্বপ্ন নয় সভাই।"

প্রভ্র শ্রীদেহ নবনী অপেক্ষাও স্থকোমল। তাহাতে তৈল মাথেন না।
কেমন যেন কক্ষ কক্ষ দেখা যায়। জগদানন্দের ইচ্ছা প্রভুর শ্রীঅঙ্গে তৈল
মাখাইবেন। শিবানন্দ সেনের গৃহে ক্ষেকদিন থাকিয়া মনের মত চন্দ্রনাদি
স্থগন্ধী তৈল তৈয়ারী করিয়া এক গাগবী ভরিয়া মাথায় করিয়া বহন করিয়া
নীলাচল আসিলেন। গোবিন্দের কাছে তৈলভাগু রাখিয়া ক্তিলেন—"নিত্য
প্রভ্র শ্রীঅক্ষে দিও।" গোবিন্দ প্রভুকে জানাইলেন—জগদানন্দ এক কলসী
স্থগন্ধী তৈল আনিয়াছেন আপনার জন্ত। শুনিয়া প্রভু অসন্তোষ প্রকাশ করিয়া
বলিলেন—সন্নাসীর তৈলে অধিকাব নাই। জগন্নাথ মন্দিরে দিয়া দেও।
সেখানে প্রদীপ জলিবে। জগদানন্দের পবিশ্রম সার্থক হইবে। তৈল সম্বন্ধে
প্রভ্র যে উক্তি তাহা গোবিন্দদাস জগদানন্দকে জানাইয়া দিলেন। জগদানন্দ
মৌন থাকিলেন—কিছু বলিলেন না।

দিন দশেক পব গোবিন্দ আবাব প্রভুকে তৈলের কথা বলিলেন। শুনিষা প্রভুকোধে বলিলেন—"'একজন মর্দ্ধনিষা রাখ, তৈল মর্দ্ধন করিতে। আমার হবে সর্বানাশ! ভোমাদের হবে পবিহাস!"

পরদিন সকালে প্রভুজগদানন্দকে কঠিলেন, "তোমাব আন' তৈল আমি ব্যবহার করিব না। উহা শ্রীমন্দিরে দেও—প্রদীপ জলিব।" জগদানন্দ তীব্রভাবে বলিলেন— 'কে বলিয়াছে আমি গোঁড হইতে তৈল আনিয়াছি।" কথা বলিয়াই ঘর হইতে তৈলের কলসী আনিয়া প্রভুব সামনে আফিনার মধ্যে ভাঙ্গিয়া ফেলিলেন। তৈলপাত্র ভাঙ্গিয়া নিজ গৃহে গিয়া কপাঁট খিল দিয়া ভইয়া থাকিলেন। একদিন তুইদিন একইভাবে গেল।

তৃতীয দিনে প্রভূ স্বয়ং জগদাননের ত্রারে আসির। বলিলেন—"আমি আজ তোমার এথানে ভিক্ষা লইব। উঠিয়া বন্ধন কর।" জগদানক উঠিয়া মথামথ রন্ধনাদি করিলেন। প্রভূ মধ্যাহে আসিলেন। চরণ প্রকালন করিয়া জগদানক বসিতে দিলেন ও আহার্য্য পাতে পরিবেশন করিতে লাগিলেন। প্রভূ বলিলেন—"তৃইটি পাত্রে অন্নব্যঞ্জন বাড়। তোমাতে আমাতে একক

ভোজন করিব।" জগদানন্দ ভাহাতে রাজী হইলেন না। বলিলেন—
"ত্মি আগে খাও।" খাইতে খাইতে প্রভূ বলিলেন—কি উত্তম পাক! আপনি
কৃষ্ণ খাইবেন বলিয়া ভোমার হস্তে এ উত্তম পাক করাইয়াছেন। জগদানন্দ
বলিলেন—যে খাইবে সেই পাককর্ত্তা। বলিতে বলিতে পণ্ডিত দিতে
লাগিলেন প্রভূর পাতে—প্রভূ ভয়ে ভয়ে খাইতে লাগিলেন আর বলিতে
লাগিলেন—"রাগ করিয়া রাধিলে রাল্লা বেশী ভাল হয়।" জগদানন্দের ভয়ে
অন্ত দিন হইতে প্রভূ আজ দশগুন আহার করিলেন। আর না পারিয়া প্রভূ
সবিনয়ে বলিলেন—"দশগুণ খাওয়াইছ, এখন সমাধান কর।" প্রভূ উঠিলেন।
গোবিন্দকে বসাইয়া রাখিলেন—যাহাতে জগদানন্দ প্রসাদ পায়, জগদানন্দ
বলিলেন—"গোবিন্দ, তুমি গিয়া প্রভূর চরণদেবা কর। বলিও আমি ভোজনে
বসিয়াছি। প্রভূ গোবিন্দকে আবার ফিরাইয়া দিয়া বলিলেন—"পণ্ডিত খাইতে
বসিলে তুমি আসিয়া আমার চরণ সেবা করিও।"

জগদানন্দের প্রেমবিবর্ত্ত বিশ্বজগতে অতুলনীয়।

প্রভু কলার শরলাতে শরন করেন দেখিয়া জগদানন্দ তুল। দিয়া একটি বালিশ তৈয়ার করিয়া দিলেন। প্রভু কিছুতেই তাহা গ্রহণ করিলেন না। রাগ করিয়া বিদ্রপের ভাষায় বলিলেন—

> এখন একথানি ভাল খাট আনহ পাডিতে। জগদানন্দ চাহে আমায় বিষয় ভূঞাইতে॥"

তথন স্বরূপ অনেকগুলি কদলীর শুদ্ধ পত্র আনিলেন। তাহা নথে চিডিয়া আরও স্ক্র করিলেন। তাহা প্রভূর বহির্বাদে ভরিয়া দিয়া তুইটি বালিশ করিলেন। প্রভূ তাহা গ্রহণ করিলেন।

> "তাতে শয়ন করেন প্রভু, দেখি সবে স্থা। জগদানন্দ মনে ক্রোধ, বাহিরে মহাতঃখী॥"

সন্ন্যাস জীবনে প্রভুর এইসব কঠোরতা অতীব শিক্ষাপ্রদ। শাস্ত্রের নিয়ম কথনো লজ্মন করেন নাই। কাহাকেও কিছু শিক্ষা দিতে হইলে আপনি আচরণ করাই উত্তম।

কালিদাসের প্রতি কুপা

প্রতিদিন প্রভূ জগরাথ দর্শনে যান। গোবিন্দ যায় প্রভূর সংখে জলের কর্মল লইয়া। সিংহ্ছারের উত্তর দিকে কবাটের আড়ে একটি গর্ভ আছে।

সেই গর্ব্তে প্রভূ নিত্য পাদ পক্ষালন করিয়া বাইস পাউস-বাইসটা সিঁড়ি পার। ছইয়া শ্রী মন্দিরে উঠেন ও জগন্ধাথ দর্শন করেন।

গোবিন্দকে; মহাপ্রভু নিষেধ করিয়া দিয়াছেন আমার পা ধোয়া জ্বল ধেন কেহ গ্রহণ না করে। অতি অস্তরত্ব ভক্তেরা ছল চাতৃরী করিয়া কথনও কথনও ঐ চরণামৃত গ্রহণ করে। অন্ত কেহ পায় না।

একদিন মহাপ্রভু শীচরণ প্রকালন করিতেছেনে কবাটের আড়ে। একজন বরস্ক ভক্ত আসিয়া হাত পাতিলেন। এক অঞ্চলি, চুই অঞ্চলি, তিন অঞ্চলি পাদোদক তিনি পান করিলেন। তারপর প্রভু তাহাকে নিষেধে করিলেন। অফুরে তুর্লভ শীচরনামৃত লাভ করিয়া সে কৃতার্থ হইল।

এই ভক্তটির নাম কালিদাস, রঘুনাথ দাসের খুড়া। এতবড় ভাগ্য সেলাভ করিল কোন স্কৃতির ফলে তাহা বলিতে ছি। কালিদাসের সংকল্প ছিল সকল বৈফবের অধরামৃত গৃহণ করিব। ব্রাহ্মণ হউক, শূদ্র হউক, ছোট হউক, বড় হউক কোন বিচার নাই। বৈফব পাইলেই তাহার উচ্ছিট খাইবেন তিনি। নীলাচলে যত বৈফব আছেন সকলের উচ্ছিট কালিদাস খাইয়াছেন। একজন মাত্র বাকী, সে হইল ঝড়ু ঠাকুর।

ঝড়ুপরম ভক্ত জাতিতে ভূঁই মালী। কিছুতেই সে নিজের উচ্ছিষ্ট কালিদাসকে দিবে না। কালিদাস প্রতিজ্ঞা করিয়াছেন—ঝড়ু ঠাকুরের উচ্ছিষ্ট খাবেনই। ঝড়ু ঠাকুর হাটিয়া চলিয়া গেলে কালিদাস সেই স্থান হইতে মাটি তুলিয়া গায়ে মাখিল।

কালিদাস, ঝডুও তাহার পত্নীকে আম তেট দিয়া আসিলেন। তাহারা আম খাইয়া আটি চুষিয়া গর্ত্তে ফেলিয়া দিল। কালিদাস আড়ালে লুকাইয়া ছিলেন। গর্ত্ত-ইতে আমের চোকা ও আটি আনিয়া চুষিতে লাগিলেন। চুষিতে চুষিতে প্রেমের উল্লাস হইল। সর্বজ্ঞ শিরোমণি জ্ঞানেন কালিদাসের বৈষ্ণবে কত প্রীতি। বৈষ্ণবের উচ্ছিষ্টে কত তাহার মনের নিষ্ঠা। এই গুণাল লইয়া প্রভু তাহাকে নিজ পাদোদক দিয়া কুপা করিলেন।

প্রভুক্ত কারাথ দর্শন করিয়া গস্তারায় আসিয়া ভোজন করিলেন। তৎপর. প্রভুর ইন্ধিতে গোবিন্দ কালিদাসকে প্রভুর শেষপাত্র দিলেন।

> বৈষ্ণবের শেষ ভক্ষণের এতেক মহিমা। কালিদাসে পাওয়াইল প্রভুর রূপা দীমা॥.

রঘুনাথ ভট্টের প্রতি কৃপা

তপন নিশ্রের পুত্র রঘুনাথ ভট্ট। গৌরস্থলর যথন বন্ধদেশ ভ্রমণে গিরাছিলেন তথন তপন মিশ্রের প্রতি কপা হইরাছিল। প্রভুর আদেশে মিশ্র কাশীতে বাস করিতেছিলেন। মহাপ্রভু যথন কাশীতে গেলেন তথন তপন মিশ্রের গৃহে নিতা ভিক্ষা করিতেন। সেই সময় তাহার পুত্র রঘুনাথ প্রভুর দর্শন স্পর্শন পাইয়া পত্ত হইয়াছে। এখন সকল কার্য্য ছাড়িয়া নীলাচলে প্রভুর শ্রীচরণ সালিধ্যে আসিলেন।

প্রভুরঘুনাথকে আলিকন করিয়া আপন করিয়া লইলেন। প্রভু বলিলেন, "ভাল হইল আইলা—দেখ কমল লোচন।" রঘুনাথ ভট্ট পাককার্য্যে অতি স্থানিপুণ—তাহার অমৃতসম রান্না প্রভুগ্রহণ করিতেন। ভট্ট আটমাস প্রভুর সান্নিধ্যে রহিলেন। বিদায় দিবার সময় প্রভু তিনটি কথা বলিয়া দিলেন— "বিবাহ করিও না। বৃদ্ধ পিতামাতার সেবা কর। বৈঞ্বের কাছে ভাগবত অধ্যয়ন কর।"

ভট্ট প্রভুর তিনটি আদেশ নিষ্ঠার সহিত পালন করেন। পিতামাতার কাশীপ্রাপ্তির পর উদাসীন হইয়া আবার প্রভুর নিকটে নীলাচলে আদিলেন। আবার অষ্টমাস থাকিলেন। তৎপর প্রভু আদেশ দিলেন "বৃন্দাবন যাও রূপ সনাতনের সঙ্গে থাকিবে। ভাগবত পডিবে। রুঞ্চনাম লইবে। রুঞ্চ রূপা পাবে।"

ভক্ত প্রভ্র আদেশ পালন করিলেন। রূপ সনাতনের সঙ্গ-ফলে একজন শ্রেষ্ঠ ভাগবত পাঠক হইলেন। পাঠে সান্ত্রিক বিকার হইত। তাহার কণ্ঠ ছিল কোকিলের মত। সঙ্গীতে অধিকার ছিল। এইসব মিলিয়া তাহার ভাগবত ব্যাখান মধুময় হইল। সকলই প্রভ্র অসীম করুণার শক্তিতে। মহাপ্রভ্র আদরের গোস্বামিগণের মধ্যে তিনি অভ্তমরূপে পরিগণিতে হইলেন।

গঙ্গপতির প্রতি কুপা

্মহারাজ প্রতাপক্ষদ্রের একান্ত ইচ্ছা শ্রীশ্রীগোরস্থলরকে দর্শন করেন তার ্মধুর নৃত্যকালিন অবস্থায় কিন্তু প্রভূতেই দেখা দেন না। রাজা সার্বভোম শ্রেষ্ট্র ভক্তগণকে বলিলেন—তোমরা আমাকে দর্শন করাও, প্রভূব অগোচরে। মধন প্রভু বাহ্জানশৃত হইয়ানৃত্য করেন তখন দর্শনের ভাগ্য দেও। এই মুক্তি ছির হইল।

দৈবে একদিন গোরহরি আপন মনে একাকী নৃত্য করিতেছেন। রাজা দংবাদ পাইয়া একাকী আড়ালে দাঁড়াইয়া দর্শন করিতে লাগিলেন। রাজা দেখিলেন অভুত ভাবাবেশ। শ্রীনয়নে অবিশ্রাম ধারাপাত হইতেছে। ক্ষনেক্ষনে কম্পা, স্বোনাঞ্চ বৈবর্ণ্য দেখা দিতেছে। ক্ষণে ক্ষণে ভীষণ ভাবে আছাড খাইয়া মাটিতে পডিয়া ধান। মানে মানে হঙ্কার গর্জন করেন। ক্থনও আকুল হইয়া বোদন করেন। সোণার দণ্ডের মত হাতত্তি উর্দ্ধে তুলিয়া কত ভঙ্গী করিয়া নৃত্য করেন।

এই প্রাণমনোহারী নৃত্য দর্শন করিয়া গজপতি প্রতাপক্ষল পরম আনন্দ লাভ করিলেন। কিন্তু একটি ব্যাপারে রাজার মনটা একটু কেমন কেমন হুইল। প্রভুর নাসিকায় দিব্যধার। বহিতেছিল। শ্রীম্থ হুইতে লালা পড়িতেছিল। ধূলায়, লালায়; নাসিকাধারায় সকল অঙ্গ ব্যপ্ত হুইয়াছিল। ইহা দেখিয়া রাজার চিত্ত কেমন একটা সন্দেহের উদয় হুইল।

রাজা গিয়া গৃহে শ্যন করিয়াছেন। নিজিতি হইয়া সংপ্র দেখিতেছেন। রাজা খেন মন্দিরে জগণাথের সম্থে গিয়াছেন দেখেন কি জগনাথের সর্বাহ্য ধ্লাময়। তুই চোখে গঞ্গাধারা। নাসিকায় জল পডে। ম্থের লালা ঝারে। এইসব মিলিয়া শ্রীদেহ ভিজিয়া যাইতেছে।

রাজা স্বপ্নেই ভাবিতেছেন জগনাথের একি খেলা। রাজা জগনাথকে স্পার্শ করিতে ইচ্ছা করিলেন। জগনাথ বলিলেন—তোমার দেহ কল্পরী কপূর গন্ধ বাসিত, আমার শরীর ধ্লালালাময়। ইহা স্পর্শ করা তোমার যোগ্য নহে। একটু পরেই রাজা দেখেন জগনাথের সিংহাসনেই ধ্লালালাময় প্রীচৈত্যভাদেব বসিয়া আছেন। স্প্র ভাকিল—

"আপনে শ্রীঙ্কপন্নাথ চৈতত্ত্ত গোসাঞি। রাজা জানিলেন; ইথে কিছু ভেদ নাই॥

শ্ৰীঅধৈত গৃহে ভিকা

একদিন শ্রীঅবৈতাচার্য্য প্রভূকে নিজ গৃহে ভিক্ষার্থ আমন্ত্রণ করিলেন।
। স্বরং অবৈত সীতাদেবীর সহিত রন্ধন করিলেন, গৌড়দেশ হইতে নীলাচলে

ষে সকল দ্রব্য প্রভূর জন্ম আনিয়াছিলেন তাহা সব পরিপাটী করিয়া রন্ধন করিলেন।

আচার্য্যের অস্তরের ইচ্ছা প্রভূ সকল দ্রব্য গ্রহণ করেন। প্রভূ যদি মোহস্ত সন্মাসী গোষ্ঠী সঙ্গে লইয়া আসেন তবে তো ভাগের ভাগ কিছুই খাবেন না। বৃদ্ধি প্রভূ একা আসেন তাহা হইলে আমার মনের কামনা সিদ্ধ হয়। এই কামনা পূর্ণ হইবার কোন সম্ভাবনা দেখা যাইতেছিল না।

হঠাৎ মধ্যাক কালে একটা ভীষণ ঝড়বৃষ্টি আরম্ভ হইল। অসম্ভব বাতাস বৃষ্টি শিলাপাত হইল। ঝড বন্ধায় কে কোনদিকে থাকিল তাহা ঠিক রইল না। অহৈতচার্য্য সকল সেবার দ্রব্য সাজাইয়া সবার ওপর তুলসী দিয়া প্রভূ যাহাতে একাকী আসেন সেইজন্ম ধ্যুন করিতে বসিলেন।

> "সত্য গৌরচন্দ্র অদৈতের ইচ্ছাময় একেশ্বর মহাপ্রভু হইলা বিজয়॥

আচাৰ্য্য প্ৰমাদন্দে প্ৰভুকে সেবা করাইলেন। অদ্বৈত যত দ্ৰব্য দিলেন স্বই প্ৰভু থাইলেন। আচাৰ্য্যে বাঞ্চা পূৱণ হইন্স। মধুর হাসিয়া প্ৰভু ৰলিলেন—

> "প্ৰভু বোলে আর কেন লুকাও আচার্যা যত ঝড বৃষ্টি সব তোমারি যে কার্য্য॥

সীতানাথ, তুমি হারিলা

শ্রীশ্রীগোরস্থলর নীলাচলে গন্তীরায় বসিয়া আছেন। শ্রীঅবৈছতাচার্য্য আসিয়া প্রভৃকে নমস্কার করিয়া সম্মুখে বসিলেন। প্রভৃ জিজ্ঞাসা করিলেন— আচার্য্য এখন কোথা হইতে আসিলা। আচার্য্য বলিলেন— জগন্নাথ জীউর মন্দির হইতে আসিলাম। শ্রীবদন দর্শন করিয়া পাঁচ সাত বার প্রদক্ষিন করিয়া তোমার কাছে আসিলাম।

শুনিয়াই প্রভু রসের বদনে মধুর হাসিয়া হাতে তালি দিয়া কহিলেন—

"আচার্য্য তুমি হারিলা হারিলা।"

আচার্য্য একটু বিশ্বিত হইয়া শুধাইলেন—"প্রভু কা হারাইলাম।" কোন সম্পত্তি তো নাই হারাব কি ।" প্রভু বলিলেন যখন তুমি প্রদক্ষিণ করিতে জগন্নাথের শিক্ষন দিকে গোলা তখন তো শ্রীবদন চন্দ্র দেখিতে পাইলা না। শ্রীবদন দর্শনের যে স্কৃতাতিশয় তাহা হইতে বঞ্চিত হইলা। আমি ষ্থন দেখি দেখিতেই থাকি। আর কোনদিকে চক্ষু যায় না।

> "আমি ষতক্ষন দেখি দেখি জগন্নাথ আমার লোচন আর না যায় কোথাত। কি দক্ষিণে কি বা বামে কিবা প্রদক্ষিণে আর নাহি দেখো জগন্নাথ মুখ বিনে।"

শুনিরা আচার্য্য গোদাঞি করজোড করিয়া কহিলেন এ ব্যাপারে তোমার কাছে চিরদিন হারিয়াছি, হারিব। তুমি যা বলিলে এ কথা বলার মত অধিকারী এই জগতে তুমি ছাড়া আর দ্বিতীয়টি নাই।

এ কথার অধিকারী আর ত্রিভুবনে সভ্য কহিলাও এই, নাহি ভোমা বিনে॥

নিভাই চাঁদের প্রতি আবেদন

একদিন শ্রীগোরস্কর নিভৃতে শ্রীনিতাই স্করকে ধলিলেন—শ্রীপাদ, তুষি শীঘা নবদীপে চলিয়া যাও। তুমি না গেলে আমার প্রতিজ্ঞান ই হেইয়া যায়। আমার প্রতিজ্ঞা জানতা—

> প্রতিজ্ঞা করিয়াছি আমি নিজনূপে। মুর্থ নীচ দরিদ্র ভাসাব প্রেমস্থবে॥

তুমিও যদি আমার মতো ম্নিধর্ম ধরিয়া নীলাচলে থাক, তাহা হইলে আমার প্রতিজ্ঞা কি উপায়ে পূর্ণ হইবে। তুমি যদি আমার বাক্য সত্য করিতে চাও তাহা হইলে অবিলয়ে গৌডদেশে বিজয় কর।

> মূর্থ নীচ পতিত হঃথিত যৃত জন ভক্তি দিয়া কর গিয়া স্বার মোচন !

আজ্ঞা শিরে ধারণ করিয়া শ্রীনিত্যানন্দ প্রভূ নিজ্ঞগণসহ গোডদেশে যাত্রা করিলেন। তার প্রিয়বর্গ রামদাস, গদাধর দাস; রঘুনাথ বেদওঝা, ক্লফদাস পণ্ডিত, পরমেশ্বর দাস, পুরন্দর পণ্ডিত—নিতাইগতপ্রাণ এই ভক্তগণ-শ্রীশ্রী-নিতাইটাদের সঙ্গে গোড দেশে বিজয় করিলেন। শ্রীনিতাইটাদ গৌর প্রচার আরম্ভ করলেন।

গৌড় দেশে নিত্যানল আসিলে গায়ক মাধব ঘোষ, গোবিল ঘোষ, বাস্ক

মোষ—তিন ভাই আসিয়া যোগ দিলেন। অবধৃত নিতাইচাঁদের নৃত্যকালে পদভরে ধবণী টলমল কবে। নাচিতে নাচিতে যার প্রতি শুভ দৃষ্টিপাত করেন "সে-ই প্রেমে ঢলিয়া পড়য পৃথিবীতে।"

> পবিপূর্ণ প্রেমরস প্রভূ নি ত্যানন্দ সংসার তবিতে কবিলেন শুভারস্ভ।

বাপ পুণ্ডরীক

নবদ্বীপ বামে যথন কালা বিলাদে মত্ত ছিলেন তথন একদিন গৌরছরি
"বাপ পুণ্ডরীক, বাপ পুণ্ডরীক" বাল্যা ডাকিবা ছিলেন। ভক্তগণ কেহ ঐ
ভাকেব অর্থ ব্রোন নাই। পরে ব্রিয়াছিলেন ব্যভান্থবাজার অবতাব
পুণ্ডরীক বিক্যানিবিকে প্রভু শ্রীবাবাব ভাবে বাপ বাপ বলিষা ডাকিযাছেন।

বিজ্ঞানিধিব নিবাস চটোগ্রাম জেলাব মেখল নামক স্থানে। তিনি প্রভুর আকর্ষণে নবদ্বীপ আসেন ও এক ভক্তগৃহে গোপানে থাকেন। মুক্নের বাজীও ঐ একই স্থানে। তিনি ।বজানিধিকে চিনিতেন। তিনি একদিন গদাবরকে লইয়া বিজ্ঞানিধিব দশনে গোলেন।

বিশ্বানিধিব বসন ভূষণ শ্যা দাননাসা মালা প্রগন্ধী আতবের ঘটা দেখিয়া গদাবরেব মনে অশ্রন্ধা হইন। গদাববেব অস্তব বৃঝিষা মৃকুন্দ একটা ভাগবতেব শ্লোক উচ্চাবণ কবিলেন—শ্লোকটি পুত্রা মাক্ষন লীলাব। লীলাকথা বলিয়া শুকদেব মন্তব্য কবিবাছেন। কক্ষণম্য প্রভূ পুত্রাব মত পাপীযসীকেও বৈক্ষেধি ধাজী গতি।দতে পাবেন। নাব পানপদ্ম ছাডা আব কাব শ্বণ শইব।

শ্লোক শুনিরা বিভানিধি ভাবোমাদ ইইলেন। "ক্বা দ্যালুং শ্বণং ব্ৰেজেম" বলিবা ধূলায় গদাইয়া কান্দিতে লাগিলেন। সময় এশ্বাময় সজ্জা ছিন্নভিন্ন হইয়া গেল। এতবড বৈষ্ণাৰ দেখিয়া গদাবৰ পূৰ্বাকৃত অশ্ৰদ্ধার জভ্ত অমৃতিশু হইলেন। প্ৰভূকে জানাইলেন, প্ৰভূ বলিলেন, "গদাবর পূণ্নীকেব শিষ্যাত্ব গ্ৰহণ কর।" গদাধৰ তাহাই কবিরাছিলেন।

নীলাচলে আসিয়া গদাধর বলিলেন, 'প্রভু আমি আমারি ইপ্তামশ্ব এক-জনকে বলিয়াছিলাম। তদবধি আমাব আরকিছু স্কৃতি হয় না। জুমি জাবার আমাকে সেই মন্ত্র দান কর। "প্রভু বলিলেন"—তোমার গুরু বিছানিধি শীঘ্রই আসিতেছেন। বাছা ক্রিতে হয় কাছাই করিবেন। বিতানিধি আসিলেন। "বাপ আইলা-বাপ আইলা" প্রভৃ সৌরছরি উল্লসিত হইলেন। প্রভ্র ইচ্ছার গদাধর পুনরার ইরমন্ব তাহার নিকট শুনিয়া লইলেন।

প্রেমনিধির শাস্তি

শীপুণুরীক বিজানিধি বৃষভান্থ রাজার অবতার। সদাধর শীরাধা ভাবময়। বর্ষাণে পিতা-কহা — নদীয়ায হাইলেন গুরু-শিয়া। ভত্তেরা বিজানিধিকে বলেন প্রেমনিধি। প্রেমনিধি স্বরূপ দামোদরের ব্রু, নবদ্বীপ হাইতে ব্রুজ। একদিন তুইব্রু জগনাথের 'ওঢ়ল ষ্ঠী' বাজা দর্শন করিতেছেনে। জগনাথকে সেবকরা অধাত পাণ্ডুয়া ব্রু প্রাইল দেখিয়া প্রেমনিধি দোষদৃষ্টি করিলেন।

রাত্রে স্বপ্নে জগনাথ বলরাম তৃইভাই আসিলেন। তৃইভাই প্রেমনিধির তৃইগালে তৃই চড দিয়া কহিলেন—

আমি ষে করিয়া আছি যাত্রার নিক্তন্ধ।

তাহাতেও ভাব অনাচারের সম্বন্ধ।

স্বপ্নেই প্রেমনিধি "অপরাধ ক্ষমা কর" বলিতে লাগিলেন। ঘুম ভাকিলে দেখেন শীহত্তের চডের দশা তুই গালে।

সকালে স্বরূপ দামোদর আসিয়া ডাকিলেন—এত বেলা ওঠনা কেন—চল জগল্লাথ দর্শনে যাই। শ্রীপ্রেমনিধি বলিলেন

> ভালদিন হৈলে মোর আজি স্প্ভাত। মুখ কপোলের ভাগ্যে বাজিল শ্রীহাত॥

পুণ্ডরীক প্রেমনিধির মত এই প্রেমভক্তির প্রভাব, কেহ কোনদিন কোনও কালে শোনে নাই। এই জন্মই তো স্বয়ং প্রভু গৌরচন্দ্র ইহাকে উচ্চকষ্ঠে— "বাপ বাপ" বলিয়া ডাকিতেন।

গোর গোরভক্তের মহিমা বিশ্বে জয়য়ুক্ত হউক।

দেবদাসীর গান

একদিন প্ৰভু ষমেশ্বর টোটা যাইতেছেন। হঠাৎ শুনিলেন শু**ৰ্কনী**বাগে স্থমধুর কণ্ঠে কেহ গীতগোৰিন্দ গান করিতেছে। দূরে গান **শুনিয়াই প্রভূ**র ভাবাবেশ হইল। জমনি যে গান করিতেছে তাথার সঙ্গে মিলিত হইবার জন্ম প্রভু বেগে ধাবমান হইলেন। সোজা চলিয়াছেন পথ বিপথ জ্ঞান নাই। পথে সিজের কাঁটা পায়ে ফুটল। গায়ে ফুটল, রক্ত বাহির হইল প্রভুর বোধ নাই। গীত-গোবিন্দের মধুর পদ প্রভুকে পাগল করিয়াছে।

গোবিন্দ পিছনে পিছনে ছুটিরাছে। ধাইরা গিয়া প্রভুকে ধরিরা কেলিলেন। বলিলেন, প্রভু, যিনি গান করিতেছেন উনি দেবদাসী। স্ত্রীলোক গান করিতেছেন শুনিয়া প্রভুর বাহজ্ঞান ফিরিল। প্রভু বলিলেন, "গোবিন্দ, জীবন রক্ষা করিয়াছ। স্ত্রীলোক স্পর্শ হইলে আমার মৃত্যু হইত।"

আদিবগ্যা নারী

একদিন গৌরস্থান জগন্ধাথ দেব দর্শন করিতেছেন। গরুড ভাস্তের পাছে দাঁডাইয়া প্রভু দেখেন। গরুড় ভাগবানের শ্রেষ্ঠ ভক্ত। ভক্ত লজ্মন করিরা প্রভু দেখেন না। গরুড় ভাস্ত ইইতে জগন্নাথ বিগ্রহের আসন বেশ দ্রে। এই ফাঁকা জায়গায় দাঁডাইয়া সহস্র সহস্র লোক দর্শন করে।

একজন উডিয়া বাসিনী মহিলা ভিডের মধ্যে জগন্নাথের বদন দেখিতে না পাইয়া গরুডের উপর চডিয়া এক পা প্রভুর স্কন্ধের উপর দিয়া জগন্নাথ দর্শন করিতে লাগিলেন। গোবিন্দ তাহা দেখিয়া আন্তেব্যন্তে সেই মহিলাকে সরাইয়া দিবার দেষ্টা করিতে লাগিলেন। প্রভু তথন গোবিন্দকে বলিলেন "উহাকে নামাইও না। আদিবস্থা এই স্ত্রীলোকটিকে কিছু বলিও না। করুক ধথেষ্ট জগন্নাথ দরশন।"

খানিকক্ষণ পরে সেই মহিলা ভূমিতে নামিলেন। মহাপ্রভুর পায়ে তিনি প্রণাম করিলেন। প্রভু বলিলেন—"এজ আজি জগন্নাথ মোরে নাহি দিলা।" ইহার দেহমন প্রাণ জগন্নাথে আবিষ্ট। আমার কাঁথের উপর পা দিয়াছে তাহা উহার জ্ঞান নাই।

> "অহো ভাগ্যবতী এই, বন্দি ইহার পায়। ইহার প্রসাদে এছে আমার বা হয়॥"

দিব্যোম্মাদ ভাব

্ৰকদিন মহাপ্ৰভু সমুদ্ৰে যাইতেছেন। দূর হইতে চটক পৰ্কত দেখিলেন। দেখিয়াই গোবৰ্জন গিরি বলিয়া ভ্ৰম হইল। তথনই সেইদিকে ছুটিলেন। প্রভূর মুখে একটি ভাগবভের শ্লোক। শ্লোকটিতে গোবর্দ্ধন গিরিরাজের মহিমা কীৰ্ত্তিত হইয়াছে।

অবস্থা দেখিয়া গোবিন্দ পশ্চাৎ ধাবমান হইলেন। কিন্তু কিছুতেই নাগাল পাইতেছেন না। প্রথমে প্রভু বায়ুগতিতে ছুটিয়াছেন। তারপর হঠাৎ স্তম্ভ ভাব আদিল। তথন আর চলিতে শক্তি নাই। পড়িয়া গেলেন।

প্রভুর শ্রীঅংগের প্রত্যেকটি লোমকূপে মাংস ব্রন্ধের আকার ধারন করিয়াছে। তাহার উপর কদম্ভুলের মত রোমাঞ্চ উঠিয়াছে। প্রত্যেকটি লোমকূপে রক্তের ধারা ঘামের মত প্রবাহিত হইতেছে। কণ্ঠে ধর ধর শব্দ। কান বর্ণ বা বাক্যের উচ্চারণ হইতেছে না। ত্ই চক্ষে গঙ্গার স্রোতের মত অশ্রুধারা ঝরিতেছে। শ্রীঅঞ্চ শন্ধের মত সাদ। হইয়া গিয়াছে। কদলী পত্তের মত কাঁপিতেছেন।

গোবিন্দ নিকটে আসিয়াছেন। কি করিবেন। দিশাহারা হইয়া করকের জল সর্কাঙ্গে দিঞ্চন করিতেছেন। বহির্বাস দিয়া সারা গায়ে বাতাস করিতেছেন। তথন স্বরূপ দামোদর, পণ্ডিত গদাধর, জগদানন্দ, রামাই, নন্দাই, পুরী-ভারতা, খঞ্জ ভগবানাচার্ঘ্য সকলেই সমুদ্রতীরে ছুটিয় আসিয়াছেন। প্রভুর শ্রীঅঙ্গে স্থদীপ্ত অই সাত্মিক ভাব অতি আশ্চর্য্য ভাবে ফুটিয়া উঠিয়াছে। দেখিয়া সকলে ক্রন্দন করিতে লাগিলেন।

ভক্তগণ আর কি করিবেন। সকলে উচ্চ কীর্ত্তন আরম্ভ করিলেন। কেহ কেহ শীতল জল দ্বারা শ্রীদেহ মার্জ্জন করিয়া দিতে লাগিলেন। বহুক্ষণ ধরিয়া কীর্ত্তন হইতে তাহার মধ্যে প্রভু 'হরিবোল' হরিবোল বলিয়া হন্ধার করিয়া উঠিয়া বসিলেন।

স্কলে আনন্দে হরিধানি করিলেন। প্রভু স্বরূপকে লক্ষ্য করিয়া কহিলেন —"গোবৰ্দ্ধন হইতে আমাকে এখানে কে আনিল ?'' ক্লফের মধুর লীলা (पिथिटिक भारेषा आवाद रादारेलाम। आमि शावकान शिवाहिलाम। গোবর্দ্ধনের চারিদিকে থেকু চরিতেছে। এক্রিফ বাঁশী বাজাইলেন। বেক্সধ্বনি শুনিয়া শ্রীরাধাঠাকুরানী ছুটিয়া আদিলেন। আহা! কি যে তাহার রূপ-কি যে তাহার ভাব বর্ণনা করা যায় না। গ্রীরাধাকে লইয়া গ্রীক্লফ এক গিরি-কল্বে প্রবেশ করিলেন। স্থাগণ ফুল তুলিতে গেলেন। সেই সময় তোমরা আমাকে ধরিয়া এখানে আনিলে। শ্রীক্তকের সীলা পাইয়াও দেখিতে পাইলান না। প্রাপ্ত রত্ন হারাইলাম। কি হঃখ!

ক্ষিক্যোক্সাক—(দীর্ঘাক্বডি ধারনে)

গন্তীরার ভিতর প্রকোষ্ঠে প্রভু শয়নে আছেন। স্বরূপ বহির্দারে শুইয়া আছেন। সমস্ত রাত্তিই উচ্চ করিয়া নাম সংকীর্ত্তন করিতেছেন। হঠাৎ কীর্ত্তনের আওয়ান্ধ না পাইয়া স্বরূপ কবাট খুলিলেন। দেখিলেন প্রভু ঘরে নাই। অথচ, তিনদিকে তিন কবাট বন্ধ আছে।

সকলে চিস্তিত হইয়া চারিদিকে খোঁজাখুঁজি করিতে লাগিলেন। অতি ব্যাক্লভাকে খুঁজিতে খুঁজিতে হঠাৎ পাইলেন সিংহদ্বারের উত্তর দিকে। একটি জায়গায় প্রভূপড়িয়া আছেন।

শ্রীদেহের কি অবস্থা বর্ণনা করিবার উপায় নাই। প্রভুর দেহ পাঁচ যাত হাত দীর্ঘ। চেতনাহীন দেহ। নাসিকায় খাস বহে না। এক একখানা হাত তিন তিনহাত লখা। অস্তি সন্ধি সকল ছিন্নভিন্ন হইয়া আছে। হাত পা কটীর আস্থি সন্ধিগুলি এক এক বিঘং কাঁক হইয়া গিয়াছে। উপরে চর্মমাত্র আছে। সন্ধিগুলি দীর্ঘ হইয়া রহিয়াছে। মুখে কেনালালা পড়িতেছে। উন্ধান্যনে প্রভু উন্ধানিকে চাহিয়া আছেন। সর্বাঙ্গে পূলক কদম্ব। দেখিয়া সকল ভক্তের প্রাণ বেদনায় কাঁদিয়া উঠিল। দেখিয়া সকল ভক্তের "দেহ ছাতে প্রাণ।" স্বরূপ গোসাঞি তখন উচ্চ করিয়া কীর্ত্তন আরম্ভ করিলেন। বহুক্ষনাম হৃদয়ে পশিলা। হরিরোল বলিয়া প্রভু গর্জ্জন করিয়া উঠিলেন। দেখিতে দেখিতে যথাযোগ্য পূর্ববং শরীর হইল।

দিব্যোম্বাদ ভাব—(কুম্বাণ্ডাকৃতি ধারনে)

শীশীপ্রভূ গৌরহরিব এখন সর্বাদাই উন্নাদের মত অবস্থা। কথনও কখনও প্রেমের আবেশে প্রলাপ উক্তি করেন। একদিন রায় রামানল ও স্বরূপেয় সঙ্গে প্রভূ ক্ষুক্তকথায় অর্দ্ধরাত্তি কাটাইলেন। যথন প্রভূ যে ভাবের উদয় হয়-সেই ভাবান্থর প্রোক বা পদাবলী, রায় রামানল গান করেন। কখনও চণ্ডীদাস, বিস্তাপতি, শ্রী গীতগোবিলের মধুর পদ শুনান। মাঝে মাঝে প্রভূ নিজেই শ্লোক বলেন। আবার বিলাপ করিয়া শ্লোকের অর্থ ব্যাখ্যান করেন।

আর্দ্ধরাত্তি কটিয়া গিয়াছে। প্রভূপয়ন করিয়াছেন। স্বরূপ, রামরায় স্থ স্থ পৃত্ বিশ্রাম করিতেছেন। গভীরার ত্রারে গোবিন্দ শয়ন করিয়াছেন। হঠাৎ প্রভূ ক্ষের বেম্নাদ শুনিরা ছুটিয়া বাহির হইয়া গিয়াছেন। তিন হয়ারের কবাট বন্ধ। বেমনি ছিল তেমনি আছে।

সিংহছারের দক্ষিণে তৈলদী গাভীগুলি থাকে। প্রভূ সেই পর্যান্ত ছুটিয়া গিয়া মুক্তিত হইয়া পডিয়াছেন। গোবিন্দ প্রভূর শব্দ না পাইয়া কবাট খুলিয়া শ্বরূপকে ডাকিলেন। তিনি ভক্তগণ লইয়া দেউটি জ্ঞালিয়া প্রভূকে জ্ঞান্সনান করিতে লাগিলেন।

কতকণ পর প্রভ্কে গিয়া পাইলেন। তৈলঙ্গী গাভীগণের মধ্যে প্রভ্ পড়িয়া আছেন। প্রভ্র অবস্থাটি কি অভ্ত। হাত পা পেটের মধ্যে চুকিয়া গিয়াছে। প্রভ্র দেইটি একটি কুমাণ্ড কলের আকার ধারণ করিয়াছে। শ্রীমৃথ বহিয়া ফেনা পড়িতেছে। স্কান্দে পুলকাবলী শোভা পাইতেছে। তুইটি চক্ বহিয়া অশ্রধার। প্রবাহিত হইতেছে। গাভীগুলি চারিদিকে খুরিয়া খুরিয়া প্রভ্র শ্রীঅক্রের মধুর গন্ধ গ্রহণ করিতেছে।

সকলের অনেক যত্ত্বে প্রভু প্রকৃতিস্থ ইইলেন না। প্রভুকে তুলিয়া গভীরায় আনা হইল। উচ্চৈঃস্বরে নামকীর্ত্তন আরম্ভ ইইল। অনেকক্ষণে প্রভুর চেডনা ফিরিয়া আসিল। চেডনা আসিলে হস্তপদ বাহির হইয়া আসিল। শরীর পূর্ববিৎ যথাযোগ্য হইল।

প্রভু কহিলেন, "স্বরূপ, তোমরা আমাকে কোথায় আনিয়াছ। আমি শামস্থলরের বের্প্রনি শুনিয়া বুলাধনে গিয়াছিলাম। ধ্রনি শুনিয়া শ্রীরাধা ঠাক্রাণী ক্ঞা ছুটিয়া আসিলেন। শ্রীকৃঞ্সহ ক্ঞগৃহে প্রধেশ করিলেন। তাহার পাছে পাছে আমি প্রবেশ করিলাম। কও লীলা বিহার, কত হাস্ত পরিহাস আস্থাদন করিলাম। ঠিক সেই সময় তোমরা সকলে কোলাহল করিয়া জোরপূর্বকে আমাকে এখানে লইয়া আসিলে। আহা! সেই ধ্রনি-সেই অম্তরাণী আর শুনিতে পাইলাম না। আমার কি তুর্ভাগ্য!"

দিব্যোম্মাদ ভাব—(জালিয়ার জালে)

আর একদিন প্রভূ আইটোটা হইতে সমৃদ্র দর্শন করিয়া ষমুনা প্রমে ছুটিলেন। কোনদিক হইতে কোনদিকে গেলেন ভক্তগণ কিছুই ঠিক করিতে পারিলেন না। প্রভূ কোথায় গেলেন-মন্দিরে গেলেন-অন্ত কোন দেবালয়ে সেলেন—গুণ্ডিচার দিকে গেলেন; চটক পর্ককে গেলেন কোনায়কের দিকে গেলেন—কোনদিকে কোথায় গেলেন—তবে কি সমৃদ্রে ঝাঁপ দিয়া পড়িলেন—প্রিয়গণ পাগলের মন্ত এদিক ওদিক প্রদিক অরেষণ করিতে লাগিলেন।

খুঁজিতে খুঁজিতে রাজিশেষ হইরা আসিল। সকলেই ভাবিলেন প্রভু অন্তর্জ্ঞান করিয়াছেন। সকলেই বিষাদে বিহবল। স্বরূপ জনকতক ভক্ত লইরা সমুদ্র তীরে পূর্বদিকে চলিতে লাগিলেন। হঠাৎ দেখেন এক জালিয়া কাঁধে জাল লইয়া আসিতেছে। সে হরি হরি বলিয়া কখনও হাসিতেছে কখনও কাঁদিতেছে কখনও নাচিতেছে। স্বরূপ তাহাকে জিজ্ঞাসা করিলেন—"এদিকে কোন মামুষ দেখিয়াছ?"

জালিয়া বলিল—না মায়ুষ দেখি নাই। জাল বাহিতে একটি মরা দেহ
আমার জালে উঠিয়াছে। তাহাকে দেখিয়া আমার মনে ভয় লাগিয়াছে। সে
একটা ভৃত হইবে। তাহার গায়ে আমার গা লাশ হইবার সঙ্গে স্ত
আমার মধ্যে চুকিয়া গিয়াছে। আমার শরীর কাঁপিতেছে—চঙ্গে জল
পড়িতেছে। কোন ব্রহ্মদৈত্য হইবে। কারণ চেহারাটি অভুত। দেহটা
দৈর্ঘে পাঁচ সাত হাত। এক একটি হাত তিন তিন হাত। অস্থি সন্ধিওলি
ছুটিয়া গিয়াছে। চামডা নডবড করিতেছে। মরার মত পড়িয়া আছে কিন্তু
মুখে গোঁ গোঁ শব্দ করিতেছে।

শ্বরূপ গোসাঞি ব্ঝিলেন—এ আর কেংই নহে। প্রভূই হইবেন। জালিয়াকে বলিলেন—"আমি ওঝা, ভূত ছাড়াইয়া দিব।" এই বলিয়া ভাহার পিঠে তিন চাপড মারিয়া বলিলেন "ভূত পালাইয়াছে। এখন দেখাইয়া দাও। যাহাকে তুমি জলে পাইয়াহ সে ব্রহ্মদৈত্য নয়—মহাপ্রভূ।" জালিয়া বলিল—না প্রভূ নহে। আমি তাহাকে বছবার দেখিয়াছি। এ ভাহার রূপ নহে। একটা বিক্বত আকার। "শ্বরূপ বলিলেন,—উহা তাহার প্রেমের বিকার। তুমি তাহাকে দেখাইয়া দেও।"

জালিয়া তথন মহাপ্রভৃকে দেখাইয়া দিল। অতি দীর্যক্তি। জলে দেছ খেতবর্ণ ধারণ করিয়াছে। ধরিয়া আনিবার উপায় নাই কারন অতি শিথিল। তথন সকলে মিলিয়া বহিবাদে শোয়ান হইল। বালুকা ছড়ান হইল। শুষ্ক কৌপীন প্রান হইল। সকলে মিলিয়া উচ্চিঃশ্বরে কীর্তুন আরম্ভ করিলেন।

কতক্ষণে প্রভুর কর্ণে কীর্ত্তনের ধ্বনি প্রবেশ করিল। ছঙ্কার করিয়া প্রভু গজ্জিয়া উঠিলেন। উঠিতেই শ্রীদেহ স্বাভাবিক হইল। তথন অর্ধ্বাহ্য দশায় প্রভু কথা বলিতে লাগিলেন। অর্ধ্বাহ্যদশায় প্রভু আকাশের দিকে তাকাইয়া প্রকাশোক্তি করেন—ভক্তগণ শুনিতে থাকেন।

্ আমি দেখিলাম ব্রজেক্স নন্দন স্থাগণ সঙ্গে জলক্রীড়া করিতেছেন। তীরে

খাকিয়া এক স্থী আমাকে জলক্রীড়ারল দেখাইতে লাগিলেন। দেখিলাম—
শ্রীকৃষ্ণ গোপীগণকে লইয়া ষম্নার জলে অবগাহন করিলেন। প্রথমে প্রস্পর
জল ফেলাফেলি করিতে লাগিলেন। কৃষ্ণ গোপীদের দেহে, গোপীরা কৃষ্ণের
দেহে জল ছুডিতে লাগিলেন। 'জলাজলির' প্র 'করাকরি'। প্রস্পর
হাত ধরিয়া টানাটানি, গোপী কৃষ্ণের, কৃষ্ণ গোপীর। "করাকরির প্র
'ম্থাম্থি' কৃষ্ণ-গোপীম্থে চুম্বন করেন, গোপী কৃষ্ণ ম্থে চূম্বন করেন।
"ম্থাম্থি"র পর হৃদাহ্দি। কৃষ্ণ নিজ বক্ষ গোপীর বক্ষে লগ্ন করেন। গোপী
নিজ বক্ষ কৃষ্ণ বক্ষে লগ্ন করেন।

শীকৃষ্ণ রাধাকে লইয়া অগাধ জলে নিয়া হাডিয়া দেন। শীরাধা শীকৃষ্ণের গলা ধরিয়া জলে ভাসেন। যত গোপী তত কৃষ্ণ লইয়া খেলা করেন। প্রত্যেক গোপীর পার্শে এক কৃষ্ণ। স্বর্ণ পদ্ম গোপী দেহ। নীল পদ্ম কৃষ্ণ দেহ। তাহাতে পুনঃ পুসঃ ঠেকাঠেকি হইতেছে।

গোপীগণের বক্ষোজ কৃষ্ণ স্পর্শ করিতে চাহেন। গোপী হাত দিয়া তাহা ঠেকাইয়া রাখেন। কি ষে অপরূপ দৃশু। রসের সমুদ্র ষেন উর্থলিয়া উঠে, একমনে এই লীলা দর্শন করিতেছিলাম। তথন তোমরা আমাকে ডাকিলে। আহা সব কোথায় চলিয়া গেল। আহা!

"কাঁহা যম্না বুন্দাবন, কাঁহা ক্লঞ্চ গোপীগণ, সেই স্থুওন্ধ করাইলা॥

मित्राचाम मगा—হ। হ। कृष्ण **जू**मि গোল কভি

প্রভূসর্কাণ বিরহিনী রাধারাণীর ভাবে বিভোর, গভীরার মধ্যে শারন করিয়া প্রভূর মন স্কাণ বিরহ তাপে জব্জ রিত। কেবল হাহাকার "কাঁহা কৃষণ; তুমি গেলি কতি।"

চক্ষে একবিন্দু নিল্রা নাই। কৃষ্ণ বিরহে ব্যাকৃল হইয়া গন্ধীরার ভিতরে মৃথ ঘষিতে থাকেন। মৃঘ, গাল, নাক ক্ষত বিক্ষত হইয়া যায়। রক্তোধারা বহিতে থাকে। কি যে ঘটিতেছে নিজে জানেন না।

যখন গোঁ গোঁ শব্দ করেন তখন স্বরূপ দীপ জালিয়া ঘরে আসিয়া দেখেন
— শ্রীবদনের কি মশ্মান্তিক দৃশ্য। প্রভূকে শরান করান। স্বরূপ জিজ্ঞাসা
করেন— "মুখের অবস্থা কি রূপে এমন হইল? প্রভূ বলেন "আমি উদ্বেশে

ঘরে রহিতে পারি না। ত্রার খুঁজিয়া পাই না। খুঁজিতে খুঁজিতে মুখা দেয়ালে চারিদিকে লাগে। তাই অমন অবস্থা। ক্ষত হইয়াছে। রক্ষ পড়িতেছে। তথন জানিতে পারি নাই।

স্বরূপ অনেক ভাবনা করিয়া এক বৃদ্ধি করিলেন। শঙ্কর পণ্ডিতকে প্রভ্রুর সংগে শোয়াইলেন। শঙ্কর প্রভ্রুর শ্রীচরণতলে শয়ন করিলেন। তাহার উপস্থ প্রভূ শ্রীচরণ প্রসারণ করিলেন। শঙ্করের নৃতন নাম হইল প্রভূর পাদোপাধান। শঙ্কর প্রভূর শ্রীচরণ সংবাহন করেন। প্রভূ একটু নিদ্রা গেলে শঙ্কর শ্রীচরণতলে শয়ন করেন। শঙ্করের গায়ের কাপড সরিয়া গেলে। প্রভূ উঠিয়া নিজের কাঁথা তাহার গায়ে জভাইয়া দেন। শঙ্করের ভয়ে প্রভূ আর যথন তথন উঠিয়া বাহিরে ঘাইতে পারেন না বা দেয়ালে মুখপদ্ম ঘ্রিডেপারেন না।

শিক্ষার্থক আস্থাদন

নীলাচল লীলায় বিপ্রলম্ভ রদের আস্বাদনই প্রধান। সর্ব্বদাই কৃষ্ণবিরহে বিহ্বল গোঁবস্থানর। দ্বরূপ আর রায় রামানন্দ সঙ্গে দিনরাত্র বসগাঁত আস্বাদন করেন। কি উপায় কৃষ্ণ পাব ইহাই সর্ব্বদা ভাবনা। কিছুতেই কৃষ্ণ পাব না এই নিরাশায় প্রভৃ মিয়মাণ। হঠাৎ মনে হইল—না, কৃষ্ণ পাবার উপায় তো আছে। ভাগবত শাস্ব ঘোষণা কবিয়াছেন—"যজৈঃ সঙ্কীর্তনপ্রায়ে ইজন্তি হি-স্থমেবসঃ।" সংকীর্ত্তন যজে যে কৃষ্ণের আরাধনা করে সেই স্থমেবঃ তাঁহার চরণ লাভ করে। ভাগবতের এই শ্লোক মনে পড়িতেই প্রভুর হ্রোদয় ইইল—তাহা হইলে কৃষ্ণ পাব, নিশ্চয়ই পাব। অতীব হর্ষায়িত চিত্তে স্বরূপ রামব্রায়কে সংস্থাধন করিয়া প্রভুব লিয়া উঠিলেন—

"হর্ষে প্রভু কহে শুন স্বরূপ রামরায় নাম সংকীর্ত্তন কলো পরম উপায়।"

নাম সংকীর্ত্তন ছারা সকল অনর্থের নাশ হয়।
নাম সংকীর্ত্তন ছারা সকল প্রকার শুভের উদয় হয়।
নাম সংকীর্ত্তন ছারা শ্রীক্তফের প্রেমের উল্লাস হয়।
এই কথা বলিয়াই একটি শ্লোক উচ্চারণ করিলেন—

'চেতোদর্পনমার্জনং ভবমহাদাবাপ্তি নির্বাপণং শ্রেয়ঃ কৈরবচাক্রিকাবিতরণং বিভাবধৃদ্ধীবনম্ আনন্দাদ্ধিবর্দ্ধনং প্রতিপদং পূর্ণামৃতাস্বাদনণং সর্ব্বাত্মস্পনং পরং বিজয়তে শ্রীকৃষ্ণসংকীর্ত্তনম॥

শীক্ষণকীর্ত্তন চিন্তরপ দর্পণের মার্ক্তনাকারী, মল নাশক। এই সংসার মহাদাবাগ্রির মন্ত তাপ দেয়। কৃষ্ণ কীর্ত্তন সেই তাপ নির্বাপন করে। কৃষ্ণ ফুটে চাঁদের আলোকে। কৃষ্ণ কীর্ত্তনের আলোক সকল প্রকার মঙ্গল রূপ কৃষ্দের প্রস্কৃতনে সহায়কারী। বিভারপ বধুর জীবন স্বরূপ কৃষ্ণ কীর্ত্তন। উহা আনন্দ সম্দ্রের বর্দ্ধক, নামের প্রতিটি অক্ষর অমৃতাস্বাদনদায়ক। সকল আত্মার স্বিশ্বতা আপাদক। সেই শীক্ষ্ণ কীর্ত্তন সর্বোপ্রি জয়যুক্ত থাকুক।

নামের শক্তিতে কৃঞ্প্রেম লাভ হয়। প্রেমামূতের আস্বাদন হয়। কৃষ্ণ প্রাপ্তি হয়। কৃষ্ণ দেবামৃত সাগরে নিমক্ষিত হওয়া থায়। এত শক্তি নামের —ব্লিতে ব্লিতে আর একটি শ্লোক শ্রীমৃথ হইতে উচ্চারিত হইল—

> নামামকারী বছধা নিজসর্বশক্তি স্বত্তাপিতা নিধমিতঃ শ্বরণে ন কালঃ। এতাদৃশী তব রূপা ভগবন্মমাপি, তুদ্দৈবমীদৃশমিহাজনি নামুরাগঃ॥

শ্রীহরির নাম অনেক। যাহার যে রকম ভাব ও বাঞ্চা সেই রকম ভাবের অনেক নামের প্রকাশ করিয়াছেন শ্রীহরি। প্রত্যেক নামেই সর্কাশক্তি অর্পন করিয়াছেন। নামে কালাকাল নিয়ম নাই। শুচি অশুচি বিচার নাই। যথন ইচ্ছা, যে ভাবে ইচ্ছা সেইভাবেই নাম করা যায়। তোমার এত কক্ষণা—তথাপি আমার ত্ভাগ্য এমন নামেতে আমার জীবকুলের অন্তরাগ হইল না। কিভাবে নাম করিলে নামের সকল ফল পাওয়া যায় তাহা বলিলেন তৃতীয় শ্লোকে—

ত্নাদপি স্থনীচেন তরোরিব সংইঞ্ন: অমানিনা মানদেন কীর্ত্তনীয়ঃ সদা হরিঃ॥

ভূণাপেক্ষা নীচ ছইয়া বৃক্ষের মতন সহিষ্ণু ছইয়া অপরকে মান দিয়া নিজে মান না চাহিয়া যে ব্যক্তি কৃষ্ণ কীর্ত্তন করে সেই কীর্ত্তনের সমগ্র ফল লাভ করে।

কহিতে কহিতে প্রভূব দৈন্তের উদয় হইল। কুঞ্চের নিকট শুদ্ধাভক্তি যাজ্ঞা করিতে লাগিলেন— ন ধনং ন জনং ন স্থল্বীং কবিতাং বা জগদীশ কাময়ে। মম জন্মনি জন্মনীখনে ভগতান্তক্তিরহৈতুকী অধি ॥

প্রভূ হরি হে—তোমার কাছে কিছুই চাই না। ধন জন যুবতী বা কাব্যামৃতাস্থাদন কিছুর প্রতিই কামনা নাই। কেবল শ্রন্ধা ভক্তি চাই। হে কৃষ্ণ রূপা করিয়া শুধু তাহাই দেও। নিজেকে সংসারী জীব ভাবিয়া প্রভূ অতি দৈন্তে দাস্তভক্তি কামনা করিতেছেন। প্রভূ বলিতেছেন—আমি তো তোমার নিত্যদাস। তোমাকে ভূলিয়া ভবসাগরে হাবুড়ুবু থাইতেছি। রূপা করিয়া আমাকে তোমার পদধ্লি সদৃশ কর। দান কর সেবা দেও।

> অন্নি নন্দতমুজ কিঙ্করং, পতিতং মাং বিষমে-ভবাষ্ধে। কুপন্না তব পাদপঙ্কজস্থিত-ধূলিসদৃশং বিচিস্তয় ॥

শীরুষ্ণপদে অনুরাগই জীবের শ্রেষ্ঠ সম্পদ। ঐ সম্পদ যাহার নাই সেই প্রকৃত দরিদ্র। আমার এই দরিদ্র জীবন ব্যর্থ কুষ্ণ প্রেমধন বিনা। হে কৃষ্ণ, তুমি আমাকে নাম কীর্ত্তন লালসা দান কর। প্রেম দান কর, ষাহাতে তোমার নাম গ্রহণে নয়নে ধারা বয়, কঠ গদগদ হয়, পুলকে অঙ্গ পরিপূর্ণ হয়—

নয়নং গলদশ্রধারয়া, বদনং গদ্গদক্ষয়া গিরা। পুলকৈনিচিভং বপুঃ কদা তব নাম গ্রহনে ভবিয়তি॥

বলিতে বলিতে প্রভুর চিত্তের বিরহ ক্ষুণ্ডি হইল। কই, পাই নাই তো
ক্ষেধন। কই সেজন্ম বেদনা কই, আতি কই ? হে পোবিন্দ, কবে তাহা
হইবে, কবে তোমার বিরহে একটি নিমেষ শত্যুগের মত মনে হইবে। কবে
তোমার অভাবে চক্ষ্ হইতে ব্ধাধারার মত অশ্রু ঝরিবে। কবে তোমা
হারা হইরা সমস্ত জণৎ শৃন্ত মনে হইবে।

যুগায়িতং নিমিষেন চক্ষা প্রার্ষায়িতম্। শৃক্তায়িতং জগৎ সর্বং গোবিন্দ বিরহেণ মে॥

এই সকল কথা বলিতে বলিতে গোরাচাঁদের চিত্ত ক্লঞ্চ বিরহে তুষানলের মত দগ্ধীভূত হইতে লাগিল। শ্রীগোরস্থান শ্রীক্লফই কিন্তু রাধাভাবে সমার্ত তমু। সর্বাদাই নিজেকে ক্লফহার। রাধা ভাবিতেছেন। বথন ক্লফ বিরহে অতি কাত্তর তথন বেন স্থাগণ প্রাপ্শ দিতেছেন—এমন হৃদ্যহীন শ্রামকে উপেক্লা কর, ত্যাগ কর। উত্তবে ক্ছিতেছেন ভাম্ম নিশ্নী— আদিয় বা পাদরতাং পিন

ন্থ কা কা বা বিদধাত লপ্টঃ

মং প্রাণনাথম্ভ স এব নাপরঃ।

আমি শ্রীক্তফের চরণ সেরিকা দাসী। তিনি আমাকে আলিগন করিয়া আত্মসাৎ কর্মন কংবা দর্শন না দিয়া অ্যমার দেহপ্রাণ তাপ-দক্ষই করুন. কিংবা বেখানে সেখানে বিচরণ করিয়া যার তার সঙ্গে বিহারে রত থাকুন—তাহাতে আমার কিছু যায় আসে না—বে সব কথা আমি মনের কোণেও স্থান দেই না। আমার অন্থ্যান একটি মাত্র মহাসত্য—''তি'ই মোর প্রাননাথ।" আর কেই নয়।—শুদ্ধপ্রেমের লক্ষণ শ্রীরাধার এই অপূর্ব্ব বচন শ্রীরোধার সাম্বাদনর জালাদন করিতেছেন। এই আস্বাদনের জুলনা নাই।

শ্বং গৌর হ্রির মত আর কে আছে। তাই শ্লোক্ষয় তাহাতেই মূর্ব।
নিরস্তর কাদিয়াও বলিতেন—আমার শ্রীক্ষেণ্ড এক বিন্দু প্রেম নাই। তবে কে
কান্দি তাঁহা নিজ সোভাগ্য লোককে জানাইবার জক্ত—এই রূপ কথা বলিবার
মত পুরুষ ঐ একটি ছাড়া নিখিল বিশ্বে আর কেহ নাই। সারা রাত্রি জাগরণ,
দেয়ালে ম্থঘর্ষণ উন্মাদের মত প্রধাবণ—এই দিব্য অবস্থা যাহা শ্রীগোরস্করের
স্বরূপে প্রকৃতিত হইয়াছে তাহা অভ্তপূর্ব্ব, অনস্থাদিত পূর্ব্ব, তুলনাবিহীন। শেষ
শ্লোকের মূর্ত্তি মাদনাখ্য মহাভাবময়ী শ্রীশ্রীরাধা ঠাকুরাণী স্বয়ং। তারই ভাবে
সম্পূর্ণ ভাবে আবরিত তত্ব বলিয়া শ্রীগোরাক স্করের শ্রীমৃথে ঐরপ কথা
উচ্চারিত হইয়াছে।

শীকৃষ্ণ উচ্ছেল রসের স্থ-সম্পদের মৃর্তি। আর আমি তার শ্রীপাদপদ্মের দাসীর অস্থাসী। তিনি আমাকে বক্ষে ধরিয়া আত্মসাং করুণ কিংবা অদর্শনে দেহমন প্রাণ কচ্জেরিত করুণ—তিনি আমার প্রণেশ্বর প্রাণসর্বস্থান। আমি নিজ তুঃখকে, তুঃখ ভাবিনা, তার স্থাই আমার স্থাবের মৃল নিদান। আমাকে সহস্র তুঃখ দিয়াও যদি তাহার স্থাহর, তবে সেই তুঃখ আমার সর্বাশ্রেষ্ঠ স্থা। তিনি কখনও আমাকে প্রাণেশ্বরী বলিলেও আমি অস্তরে জানি যে আমি তার শ্রীচরনের অধ্যা সেবিকা-দাসীর দাসী।

বিশুদ্ধ প্রেমের এই লক্ষণ এক্মাত্র শ্রীকাধাতেই বিরাজমান, সেই রাধাভারে ভাবিত মতি শ্রীগোরাক স্থন্দর এই সকল বাক্য উচ্চারণ করিয়া বিশ্বজগতের. মাঝে নির্মান বিশুদ্ধ প্রেমের সর্কোত্তম দৃষ্টাস্ত প্রকটন করিয়াছেন। মহাপ্রভুর সংক্ষিপ্ত লীলা কাহিনী ও শিক্ষার কথা বলা হইল। উপসংহারে তাহার দার্শনিক দৃষ্টিভঙ্গির কথা বলিব। দার্শনিক দৃষ্টির কথা সাধ্যতত্ত্ব ও সাধনতত্ত্ব এই তুইভাগে আলোচিত হইবে। এই অপ্ত ক্লোকে কেবল যে মহাপ্রভুর শিক্ষাই আছে তাহা নহে এই শিক্ষা মহাপ্রভুর নিজ্ঞ লীলাজীবন ও পার্যদেশনের লীলাজীবনের মধ্যে বাস্তবায়িত হইয়াছে।

প্রথম শ্লোকে হরিনামের মহামাহাত্ম্য কীর্ত্তিত। ইহার বাস্তব দৃষ্টান্ত জ্পাই । মাধাইর জীবনে। ইহারা হুই ভাই কিরপ ছিল—

> হেন পাপ নাহি, যাহা না করে তৃই জন। ডাকা চুরি মন্ত মাংস করয় ভক্ষণ।

নামের মহাশক্তিতে তাহাদের তৃই ভাইর সকল পাপতাপ দ্র হইরা গেল। চিত্ত দর্পণ স্থাজ্জিত হইল। অস্তরের দাবদাহন দ্র হইল। তাহাদের সম্ব্যে বলা হইরাছে—তারা হইল পতিত পাবন। মহাপতিকরা জীবপাবন হইল। ব্ঝা গেল তাহাদের "সর্বাত্মপনং" হইরাছিল। দ্বিতীয় শ্লোকের বক্তব্য কিভাবে নাম করিতে হয়। তূপের মত নীচু, রক্তের মত সহিষ্ণু, অমানী, মানদ হইতে হইবে, দৃগ্রাস্ত ঠাকুর হরিদাস।

দৈন্য বিনয়ের খনি ছিলেন ঠাকুর হরিদাস। যাহারা প্রহার করিয়াছিল তাহাদের তিনি মঙ্গলকামনা করিয়াছিলেন। সর্ব্বদাই তিনি নামানন্দে ডুবিয়া থাকিতেন। কীর্ত্তনীয়র সদা হরিঃ এই শিক্ষার তিনি মুর্ত বিগ্রহ।

"হরিনাম বিলা বধ্র জীবন" এই সত্য মৃক্তি পাইয়াছিল সন্মাসীর গুরু প্রবোধানন্দ সরস্বতীপাদের জীবনে। তাহার অগাধ জ্ঞান বন্ধ্যা ছিল। তাহা জীবন পাইল হরিনাম কীর্ত্তনের শক্তিতে।

তৃতীয় শ্লোকে "নামে সর্বাশক্তি আছে" এই বাক্যের মৃত্তি কাশীবাসী সন্মাসীরা। যারা ছিল নামে ভজনে ভক্তিযাজনে একেবারেই বহিম্থ তাহারা হইয়া গেল হরিনামে মাতোয়ারা।

চতুর্থ শ্লোকে অহৈতুকী ভক্তি ছাডা আর কিছু কামনা করি না, ধনজন, কবিতা, স্থলরী কিছুই কাম্য নহে—এই মন্তের মৃষ্টি জীরঘুনাঝ দাস গোখামী। পিতার বিপুল ধনৈখায়, স্থলরী যোডনী ভাগ্যা—কোন কিছুর প্রতিই তাহার একবিন্দু আকর্ষণ ছিল না। এই মত সর্ব্বত্যাগী ও নিষ্ঠাময় ভজনামুরাগী দাস গোহামীর মত আর দৃষ্ট হর না।

পঞ্ম শ্লোকে—হে নন্দনন আমি বিষম ভবসমূত্রে পতিক্ত—আমাকে

তোমার পাদপদ্মের ধৃলিকণার মত মনে করিয়া স্থান দেও। এই শ্লোকেক মূর্তি ঞ্রীপাদ সনাতন গোস্থামী। তিনি দন্তে তুণ ধরিয়া প্রভু পদে পত্তিত হইলেন প্রভু তাহাকে আলিকন করিয়া কহিলেন—"তোমা লগনি পবিজ্ঞ হইতে। প্রভু স্বয়ং বলিরাছেন, সনাতন তোমায় জ্রিতাপ নাই, তব্ তাহার বিনয় দৈন্ত ছিল অপরিসীম। "উত্তম হইয়া আপনাকে হীন করি মানে।" ইহার উজ্জ্বল দৃষ্টান্ত শ্রীসনাতন গোস্বামী। কবে গোবিন্দ বলিয়া নয়ন জলে ভার্মি—তার বিরহে জগং শৃন্ত দেখিব—এই ষষ্ঠ, সন্ত শ্লোকের বর্ণনার মূর্ত্তি স্বয়ং গৌরস্থন্দর। বর্ণার মেঘের মত সত চ—অশ্রধারায় ভাসমান, কৃষ্ণ-বিরহে সর্বাদা তুষানলে দহুমান, এই নিধিল বিশ্বে আর কোথায় কে আছে ?

গোরস্থন্দরের দার্শনিক দৃষ্টিভঙ্গি

সাধ্যতত্ত্ব সম্বন্ধে ভিন্ন ভিন্ন আচহোর ভিন্ন ভিন্ন অন্থভব আছে। মহাপ্রভুব হার্দটি আমাদের অন্থসন্ধানের বিষয়। উহা শ্রীচৈতক্ত চরিজামৃত শ্রীপ্রত্বে নানা স্থানেই ছড়ান রহিয়াছে। সর্বাপেক্ষা অনিক রুশৃঙ্খলভাবে উহা সজ্জিত আছে ঐ গ্রন্থের মধ্যলীলার অষ্টম পারক্তেদে রায় রামানন্দ সংবাদে। উক্ত পরিছেদে অবিলম্বনেই মহাপ্রভুর দার্শনিক দৃষ্টিভানিতে হইবে।

সাধ্যতত্ত্ব সহজে মহাপ্রভুর হার্দটি কি তাহাই খুজিতে হইবে। আমাদিগকে আর খুজিতে হইবে না। মহাপ্রভু নিজেই খুজিয়া রামরায়ের মৃধ্
হইতে বাহির করিয়াভেন। শাস্তে বেখানেই তুইজনের মধ্যে আলোচনা,
দেখানেই জ্যেষ্ঠ বাক্তি বক্তা, কনিষ্ঠ ব্যক্তি শ্রোতা। গুরু বলিবেন, শিশ্র শুনিবেন, শুক উপদেগ্রা. পরিক্ষাৎ উপদিপ্ত। শ্রীকৃঞ্জ দাতা অর্জুন গ্রাহীতা।
ইহাই স্বাভাবিক।

শ্রীরামানন্দ সংবাদে উক্ত স্বাভাবিক নীজির বৈপরীত্য দৃষ্ট হয়। এখানে কনিষ্ট ব্যক্তি বক্তা, স্বোচ বিক্তি জিজ্ঞাস্থ, শ্রোতা। ভক্ত বলিতেছেন, ভগবান ভনিতেছেন, এ যেন গীতার উন্টা পিঠ, ক্রুক্তেরে অন্তরের দিক, যিনি ভূকা মিটাইবেন, ভিনিই ভূকাতুর। যিনি ভাগ্রারী, তিনিই ভিখারী। এ এক গভীর রহস্য।

সাধন, ভজন, সাধ্যের অভিমুখে প্রধাবন, সাধ্যপ্রাপ্তি এ সকল কার্য্য মূলত: ভক্তেরই। ভগবানের নয়। প্রেমভক্তি বস্তুটি ভক্তেরই সম্পদ। এইকক ভক্তক্রপার ভক্তিলাভ, এই মর্শ্বে শান্ত্রীয় সিদ্ধান্ত দৃষ্ট হয়। বার সম্পদ কার অফ্ভবের সামগ্রী, আস্বাদনের বস্তু। তার মুখেই ত সেই কথা অধিকতক্ষ শ্রোত্তমনোভিরাম। ভক্তিরসে ভক্তেরই অপরোক্ষ অফুভৃতি, ভগবানের তোঃ অফুমিতি মাত্র। মধ্-মাধুরীর গুণগাথা মধ্কর মুখেই মধুরতম। যদি চন্মধুর আদি নিবাস—পদ্মকোষে।

কবিরাজ গোস্বামী অপর একটি দৃষ্টান্ত দিয়াছেন। জল সাগরেরই, দিয়াছেন সেংগাপনে সঞ্চার করিয়া মেঘকে। সেই সাগরই আবার শুক্তি কপাট খুলিয়া আখী নক্ষত্রের বৃষ্টির ফোঁটা পাইবার আশায় হা করিয়া আছে। উহা পাইলেই মুক্তাধন বাড়িবে সাগর সম্পদশালী হইবে, দেওয়া বস্তুই ফিরে পাওয়া, কিন্তু, লোভনীয় স্থানের সহিত।

গৌর-বারিধি, রামরায়-বারিদকে ভক্তি সিদ্ধান্ত-বারি উজার করিয়া-দিয়া আবার শৃত্য প্রদয়ে যাজ্ঞা করিতেছেন, পাইয়া লাভবান হইবেন এই লোভে। জলধি দেয় জল, পায় মৃক্তা, গৌর রূপানিধি সঞ্চার করিয়াছেন রূপা; গ্রহণ করিবেন ভক্তের আবাদিত ভক্তিরস সিদ্ধান্ত। দাতা শিরোমণি করপুট পাতিয়া রাম রামের কাছে ভিক্ষা চাহিলেন—

"পড শ্লোক সাধ্যের নির্ণয়।"

প্রভু কেবলমাত্র রামানদের অফুভৃতি শুনিতে চাহিলেন না। 'পড শ্লোক' বিলিয়া শাস্ত্রের বিদ্যান্তও জানিতে চাহিলেন। শাস্ত্রের বাণীর সংগে নিজ অফুভবকে মিলাইয়া বলিতে বলিলেন, কেন না, বিদ্দান্তভৃতি ও আপ্তবাক্য ইহার উপর আর প্রমাণ নাই।

বেমন জিজ্ঞাসার কৌশল, তেমনই উত্তরের চাতুর্য। উত্তরদাতা প্রশ্ন পাইবার সঙ্গে সঙ্গেরের সবথানি কথা বলিয়া শেষ করেন নাই। পদ্ম বেমন ক্রমে ফোটে, বাইরের পাপডি শক্ত, ক্রমে কোমল-তর; কিঞ্জাটি-সম্পূর্ণ ফুটিলে, বাহির হইয়া পডে, রায় মহাশয়ের উত্তরও সেইরূপ ধীরে আত্ম-বিকাশ করিয়াছে। বিকাশের ক্রমেতে শাস্ত্রে যে বিভিন্ন সাধ্যতত্ত্বের নির্দেশ আছে তাহাদের মধ্যে একটা নিবিড় যোগাবোগ ও পর্যায়ভেদ স্পষ্ট হইয়া উঠিয়াছে। এমন স্তর-সমাবেশ ও বিক্তাস-ভিন্ন শাস্ত্রে আর কোবাও দৃষ্ট. হয়না।

প্রথমে রামরায়—'স্থম আচরণকে' সাধ্য বলিয়া উল্লেখ করিলেন। "বর্ণা-শ্রমাচারবতা" ইত্যাদি বিষ্ণুপুরাণের শ্লোক ছারা নিজমত দৃঢ় করিলেন। ব্যক্তার ব্যক্তব্য এই যে, চারিবর্গ ও চারি আশ্রম নিয়ন্ত্রিত সমাজে যিনি হে ভূমিতে আছেন তিনি যদি সেই ভূমির নির্দিষ্ট কর্ত্তব্য যথাযথ পালন করেন, তাহা হইলে সমাজ শৃঙ্খলাও অনুগ্ধ থাকে, সমাজের মধ্যে মানুষের জন্মগ্রহদের উদ্দেশ্যও সফল হয়। ভগবানও প্রীত হন।

ভগবদাগীতাতেও দেখা যায় শ্রীভগবান অর্জ্জুনকে ক্ষরিয়চিত অধর্ম পালন করিতে পুন: পুন: নির্দেশ দিয়াছেন। "অধর্মে নিধনং শ্রেয়ং" বলিরা অধর্মের জয়গাথা গাহিয়াছেন। বহু শতাকী পূর্বে এক সময় গ্রীকজাতি দার্শনিক চর্চার অতি উন্নত ভূমিতে আরোহণ করিয়াছিল। গ্রীক দার্শনিক শ্রেষ্ঠ প্লেটোর (Plato) রিপাবলিক (Republic) গ্রন্থ বিশ্ববিখ্যাত। ঐ গ্রন্থে ধর্ম কি ইছা লৃইয়া দীর্ঘ বিচার আছে। বহু গবেষণার পরে শেষে সিক্ষান্ত হইয়াছে—সমান্ত শৃত্থালায় যার যে নির্দিষ্ট কর্ম তাহার যথায়থ প্রতিপালই ধর্ম।

বর্ত্তমান সময় বর্ণ-ধর্ম ও আশ্রম-ধর্ম নানাপ্রকারে ক্ষু হইয়া গিয়াছে।
তথাপি রামরায়ের সিদ্ধান্তের তাৎপর্য্য এইভাবে গ্রহণ করা যায় যে, নানাবিধ
ঘটনার ঘাত প্রতিঘাতে যে যেখানে গিয়া স্থিত হইয়াছে; সেইখানেই তার
ক্তিপয় নির্দিষ্ট কর্ত্তব্য আছে। যে কর্ত্তব্যগুলি সম্মুখে আসিয়া পড়িয়াছে তাহা
মুষ্ঠভাবে স্থনির্বাহ করাই তাহার লক্ষ্য হওয়া উচিত। রামরায়ের এই সাধ্য
ভূমিকে Socio-ehical summun Bonum বলা চলে।

রামরায়ের কথা শুনিয়া প্রভু "ইহ বাছ" বলিয়া মস্তব্য করিলেন এবং "আগে কহ আর" বলিয়া মহন্তর সাধ্যের কথা শুনিতে ইচ্ছা প্রকাশ করিলেন। "বাছা" অর্থ বাহিরের কথা। বাহিরের কথা বলিয়া দে সিদ্ধাস্তদে অগ্রাহ্য করা হইয়াছে এমন কিচ্ছু নয়। মন্দিরের বহিদার ত দ্বারই বটে, অতিক্রম করিতেই হইবে প্রবেশকারীর।

সামাজিক নৈতিক কর্ত্তবা তো করিতেই হইবে। কিন্তু কার্য্য করিলেই কার্য্য করা হয় না। "গহনা কর্মনো গতিঃ।" কর্ম অরুর্ম বিকর্ম বিচার বছই স্থকটিন। ফলাকাঞা যদি কর্মের প্রেরক হয়, কর্মের উদ্দেশ্য যদি থাকে 'বার্থ-সিদ্ধি, তাহা হইলে সে কর্ম যতই স্থলর হউক প্রকৃত ফলর নয়। কর্ম্ব্য পালনের মূলে ফলাকাঞা ও কর্ত্ত্তাভিমান থাকিতে পারে। স্থতরাং বে ভূমিকার দাড়াইলে কর্ম স্থষ্ঠ হয় তাহাই উন্নততর সাধ্যভূমি হইবে। পূর্ব্বে প্রেটোর কথা বলা হইরাছে তিনিও স্বধর্ম পালনকে চরম তত্ত্ব বলেন নাই, বলিয়াছেন ইহার পরও কিছু আছে। সেটি সে কি তাহা স্থলেষ্ট করেন নাই।

প্রভূব অন্তর ব্রিয়া রামরায় বলিলেন, "কৃষ্ণ কর্মার্পণ সাধ্যসার।" এই ক্রথা বলিয়া গীতার "য়ৎ করোষি যদখাসি" (৯২৭) ক্লোক প্রমাণ অক্লপ উপস্থাপন করিলেন। তাৎপর্য্য হইল এই ষে, কর্ম করিয়া শ্রীক্তকে অর্পণ করিলেই প্রকৃত কর্ম করা হয়। যে কর্মের ফলার্পণ ভগবচারণে হয় নাই, আত্মন্ত্রথার্থেই নিয়োজিত হইয়াছে, সে কর্ম ব্যর্থ, কৃকর্মের তুল্য। গীতাতেও আর্ক্রনকে তাহাই কহিয়াছেন, "কর্মে তোমার অধিকার, ফলে নহে। যাহা কর, যাহা থাও, যে যজ্ঞ কর, যে তপক্রা কর, সকল কর্মের ফলই আমাকে সমর্পন কর।"

শ্বধর্ম পালনাদি কার্য্য বদি ঈশ্বরোদেশ্রে সমর্পিতভাবে করা বায় তাহা হইলেই তাহা ঠিক ঠিক করা হয়। কর্মের ফল দ্বারা কর্মের বিচার নহে। ফলের বৃহত্ত ক্ষুত্রত্ব দ্বারা কর্মা বড় ছোট নহে। কর্মের বিচার কর্মার অন্তরের প্রেরণায়। ঐ প্রেরণায় বদি ঈশ্বরার্পণ বৃদ্ধি থাকে তাহা হইলেই কর্ম কর্মযোগ পদবাচ্য ও মহান হইয়া থাকে। সাধ্যের এই ভূমিকে Super ethical বলা ধায়। নীতির ভূমির মধ্যে নীতি অসম্পূর্ণ। নীতিকে ছাড়াইয়া আধ্যাত্মিক ভূমিকাতে গিয়াই নীতি সার্থকত। লাভ করে।

রামরায়ের সিদ্ধান্ত শুনিয়া প্রভু কহিলেন, "এছো বাছ আগে কছ আর।" প্রভু এই সাধ্যকেও বাছ তোরণ কহিলেন। যেন অন্দরের দিকে অগ্রসর হুইয়া উত্তর দিতে বলিলেন।

কর্মকল শ্রীভগবানে অর্পণ করিলেও অনেক সময় কর্তৃথাভিমান যায় না।
কর্ম করার কর্তৃথ ও অর্পন করার কর্তৃথ থাকিয়াই যায়। কর্মার্পণকারী ব্যক্তিরও
অহংকার-বিমৃচ অবস্থা ঘুচে না। যতক্ষণ অহং আছে ততক্ষণ অহম্বার থাকিবে।
যদি কোন কৌশলে অহংকে একেবারে নির্বাসিত করা যায়, তাহা হইলেই
ফলাসক্তি-ত্যাগী ও কর্ম-সন্ন্যাসী হওয়া যায়। তার ফলেই কর্মধােগ হয়।

অহস্বারকে নির্কাসন দেওয়া যাবে কোথায় ? যেখানে দেওয়া যাবে সেইখান হইতেই সে আবার ফিরিয়া আদিবে। একটি মাত্র স্থান আছে, যেখানে দিলে সে আর ফিরিবে না। রামানদ্দ জ্বানেন। জানিয়াই প্রভূর অন্তর বৃঝিয়া কহিলেন—"স্বধর্ম ত্যাগ সর্কাশাধ্যসার।" সংগে সংগে দীতার "সর্কাশান পরিত্যজা মামেকং শরণং ব্রঙ্গ" (১৮৮৬৬) শ্লোক উক্তারণ ক্রিলেন।

আত্ম নির্বাসনের স্থান হইল ভগবচ্চরণে। সেই স্থানে আপনাকে,স্ফর্শণ

করিয়া দিলে দে চিরতরে গেল। কর্ম করিয়া ফলার্পণ নছে, কর্ম করিবার পূর্বে আত্মার্পণ। পূর্ব-ভূমিকায় ফলদানের কথা ছিল। এখানে আত্মদানের কথা হইতেছে। নিজেকে যে দিয়াছে তার আর অধর্ম কি? অথাকিলে তো অধর্ম। সেই সর্বেশরে অ সমর্পনের ফলে অধর্ম আর নাই! অথবা অধর্ম ত্যাল করিবার ফলেই ধর্মকর্ম বা কর্ত্তব্যের বোঝা বা উপাধিবিহীন "অ"কে তাঁর পায়ে সমর্পন করা সম্ভব।

এই আত্মসমর্পণের (Self dedication) আদর্শ গীতার প্রম সংবাদ।
আত্ম না থাকার আত্মকর্ম নাই। এই কর্মছীনের কর্মই নিরবন্থ। বিশ্বনিয়স্তার
হাতে ক্রীড়নক হইয়া সে কর্ম করে। পাপ পুণ্য ধর্মাধর্ম ছয়ের অতীত হইয়া
তাহার কর্ম বিরাজমান থাকে। কর্ম সেথানে মরিয়া গেল, সেইখানেই সে
বাঁচিয়া বহিল।

এই সমর্পণের সাধ্যভূমিতে দাঁড়াইয়াও মহাপ্রভূ ''এহে। বাছ আগে কছ আর" ঘোষণা করিলেন। এই ভূমিকেও বহিছার বলিবার হেতু এই বে, সমর্পণিটি পূর্ণাক হইতে গেলে উহা জ্ঞানপূর্বক হওয়া প্রয়োজন। তিনিই ষে একমাত্র শরণা ইহা জানিয়াই শরণাগতি লইতে হইবে। ''সর্বধর্মান্ পরিত্যজ্য'' শ্লোকে তাহার কোন ইলিত নাই।

অধিকন্ত, শরণাগতি গ্রহণে কোনও আশা ভরসা বা লোভ লালসা হেতৃ থাকিলে পূর্ণাঙ্গতা হইবে না। উক্ত শ্লোকে ভরসা দেওয়া হইয়াছে—"অহং আং সর্ব্বপাপেভ্যো মোক্ষয়িয়ামি মা উচ্ট?'—হে অর্জ্ন, তুমি যদি সকল ধর্ম ছাড়িয়া আমার শরণাগত হও, তাহা হইলে আমি তোমাকে সকল পাপ হইতে মৃক্তি দিব। তোমার শোকের আর কোন কারণ থাকিবে না। যদি এই বাক্যের ভরসায় কেহ শরণাগতি গ্রহণ করে তাহা হইলে তাহার ঐ কার্য্য সর্ব্বাঞ্জন্থনর হইবে না।

আরও স্ক্র কথা এই যে, সব ছাড়িয়া শরণাগত হও এই উপদেশ শুনিয়া যিনি শরণাগতি লইবেন, তাঁর শরণাগতি অনবছ হইবে না। অন্তরের স্বতঃ আকর্ষণে হাঁহাদের আত্ম সর্বতোভাবে সম্পিত হইয়া যাইবে তাহাদের পক্ষেউপদেশের প্রয়োজনীয়তা থাকিবে না—ভরসা পাইবার আবশ্রকতা থাকিবে না। ব্রজে হাঁদের সর্বসমর্পণ হইয়াছিল তাঁদের পাপ প্ণার ভাবনা ছিল না, মুক্তি মোক্ষের আশা ছিল না। সেটি হইয়াছিল বে পরাক্ষ্তির বলে, প্রভু

প্রভুর অন্তরের আকৃতি অন্থত করিয়া রামরায় গন্তন্যের দিকে মৃ্ধ ফিরাইয়া আরেক পা অগ্রসর হইলেন। এ থেন শুক্ত পক্ষের চন্দ্রমা। প্রতিদিন এক কলা করিয়া বাড়িতেছে। রামরায় বলিলেন, "জ্ঞানমিশ্রা ভক্তি সাধ্য সার।" কথা বলিয়াই ভগবছক্তি শ্লোক পাঠ করিলেন—

> "ব্রহ্মভূতঃ প্রসন্নাত্মা ন শোচতি না কাজ্ফাতি সমঃ সর্কেষ্ ভূতেষ্ মন্তক্তিং লভতে পরাম্॥ (১৮।৫৪)

একমাত্র জ্ঞানভূমিতেই সর্বধর্ম কর্মের লয় হইতে পারে। "সর্বং কর্মালিয়ং পার্থ জ্ঞানে পরিসমাপ্যতে" জ্ঞান ভূমিতে একেবারে লয় পাইয়া ভক্তি ভূমিতে উহা আবার নবজন্ম পরিগ্রহ করিবে। ইহাই এই সাধ্য ভূমিকার হার্দ্ধ। এই জ্মান মিশ্রা ভক্তি" কহিলেন। এই স্তরে Complete Self Surrender সাধ্য বিছমান।

একমাত্র শেরণ্য তিনি, এই জ্ঞান হইলেই শরণাগতি জাগিবে। একমাত্র ভিক্তিই শরণ্যের দিকে টানিয়া লইয়া যাইবে। অন্য কোনও উপদেশ বা ভরসা-বাণী নহে। এই জ্ঞান-মিশ্রা ভক্তি ভূমিতে আরোহন করিলেই পূর্বোক্ত "স্বধিশান পরিত্যুক্তা" মন্ত্রের প্রতিপাত্য অবস্থাটি পূর্ণাক্তা প্রাপ্ত হইবে।

শ্রীলরামানন্দ গীতার দর্বোচ্চ শিথরে দাঁডাইয়া প্রভুর শ্রীম্থের দিকে চাহিলেন, গীতার উন্নততম সাধ্য-পীঠের দিকে দৃষ্টিপাত করিয়া স্থগন্তীর কঠে প্রভু গৌরহরি-বলিলেন—'এহো বাহু, আগে কছ আর।'' কেন, কি জন্ম প্রভু এমন কথা বলিলেন—এইবার বিবেচনা করিব।

সাধ্যত্ত্

গীতার সর্ব্বোচ্চ ভূমি জ্ঞান-মিশ্রা-ভক্তি। রামনল রায় তাছাই সাধ্যসার কহিয়াছেন। প্রভূ শ্রীগৌরাক স্থলের ঐ সাধ্যকে "এহো বাহু" বলিয়া জারও আগে শুনিতে চাহিয়াছেন। প্রভূব সঙ্গেতে স্থবসিক রামরায় বৃঝিতে পারিরাছেন যে, প্রভূ 'জ্ঞান-কর্মাগুনাবৃতং" উত্তমা ভক্তির কথা শুনিতে চাহিতেছেন।

রামরায় জানেন যে, সমগ্র মহাভার ৩ও তদস্তর্গতং ডগবদ্ গীতা রচনা শেষ করিয়াই বেদব্যাস চিত্তের প্রশান্তিলাভ করেন নাই। পরে নারদ ক্ষপায় শ্রীমন্তাগবত গ্রন্থ-প্রকট করিয়া পরমশান্তির সন্ধান লাভ করেন। রামরায় তাই গীতার সর্বোচ্চ সিঁড়িতে দাঁড়াইয়া ভাগবতের ত্র্যারে পদক্ষেপ করিলেন। ভাগবতের ব্রহ্মন্ত তির "জ্ঞানে প্রয়াসমৃদ্পাশ্র" ইত্যাদি শ্লোকের আশ্রয়ে দাঁড়াইয়া বলিয়া উঠিলেন—

"রায় **কহে জ্ঞানশৃ**ক্তা ভক্তি সাধ্যসার।"

জ্ঞানমিশ্রা ও জ্ঞানশ্যা এই তুইটি ভক্তি ভূমিকার পার্থকা ব্ঝিতে হইবে। শব্দ তুইটি শ্রবণ করিবার দক্ষে সঙ্গে আপাত তঃ মনে হয়, প্রথমটি হইতে দিতীয়টি কিছু লঘু। কারণ, প্রথমটিতে জ্ঞান আছে। দিতীয়টিতে নাই। একটি বস্তু কমিয়া যাওয়ায়, ভূমিটা তুর্বল হইয়া যাইবার কথা। রামরায় কি তবে অগ্রসর হইবার প্রচেষ্টার পশ্চাৎপদ হইলেন ?

এ আপাত প্রতীতি বস্তুতঃ যথার্থ নহে। জ্ঞানমিশ্রা ভক্তিতে, ভক্তির সংক্ জান আছে ইহাত ঠিকিই। কিন্তু জ্ঞানশ্রা ভক্তিতে সে জ্ঞান নাই তাহা নহে। এই না-থাকা, লুপ্ত হইয়া নহে, পূর্ণতায় পৌছিয়াই। জ্ঞানপূর্ণ অর্থ জ্ঞানের ক্রিয়াশ্রা। পূর্ণতায় পৌছিলেই জ্ঞান ক্রিয়াহীন হয়।

কলদী যতক্ষণ জলে পূর্ণ না হয় ততক্ষণই তার শব্দ থাকে। জ্ঞান যতক্ষণ চরমভূমিতে না যায় ততক্ষণই তার সত্তার অভিব্যক্তি থাকে। জ্ঞান যে আছে; ইহা যে বৃঝিতে পারা যাইতেছে ইহা হইতেই দ্বির জ্ঞানা গেল যে, জ্ঞান চরম দীমান্তে পৌছে নাই। পূর্ণ কলদী আর শৃষ্ঠ কলদী এই হইয়ে একটা দাদৃষ্ঠ আছে। উভয়েই শব্দহীন। একান্ত জ্ঞানহীনের ভক্তি আর জ্ঞানবানের ভক্তি হুইয়ে দাদৃষ্ঠ আছে। গাভীর বৎস-প্রীতি আর ব্রক্তমননীর গোপাল-প্রীতি ইহাদের মধ্যে অনেক দাদৃষ্ঠ।

ভগরানকে ভগবান জানিয়াই ভক্তি করিতে হইবে। একথা সত্য। কিছ ইহা অপেকা অধিকতর সত্য কথা হইল যে—যতকা তাঁহাকে ভগবান বলিয়া জানিতেছি, ততকা ভক্তি গাড় হইতেছে না। তিনি ভগবান, এই ঐশব্য বৃদ্ধি ভক্তিকে "শিথিক" করিয়া দিতেছে। মহাপ্রভূ শিথিক ভক্তির কথা ভনিতে চাহিতেছেন না।—গাড় ভক্তির জন্মই তাঁহার আকৃতি। জল অপেকা মাটি গাঢ়। মাটি অপেকা কাৰ্চখণ্ড গাঢ়তর। কাৰ্চখণ্ড অপেকা লোহখণ্ড গাঢ়তম। ইহার কারণ এই বে, জলে হাতখানি অবলীলাক্রমে প্রবেশ করান যায়, মাটিতে একটি শলাকা সজোরে প্রবেশ করানো যায়, কার্চে একটি তীক্ষ পেরেক খুব শক্ত আঘাতে প্রবেশ করান যায়, লোহখণ্ডে কিছুই প্রবেশ করান যায় না। অন্তবন্ধ প্রবেশ করিবার অবকাশ যেখানে যত কম, তাহা তত গাঢ়।

"তিনি ভগবান" এই বৃদ্ধিটি ভক্তির মধ্যে প্রবেশ করিবার অবকাশ যতক্ষণ আছে ততক্ষণ তাহা পাঢ়তম নছে। যে ভক্তির মধ্যে ভগবত্তাস্থসদ্ধান প্রবেশ করাইবার বিন্দুমাত্র ফাঁক নাই, তাহাই গাঢ়তম ভক্তি বা শুদ্ধাভক্তি। এই শুদ্ধাভক্তির দিকেই প্রভুর দৃষ্টি।

এখানে একটা সমস্থা দাঁডাইল। "স্বধর্মত্যাগ" ভূমি হইতে "জ্ঞানমিশ্রা" ভূমিতে আসিবার কালে বলা হইয়াছে যে, একমাত্র শরণ্য তিনি এই জ্ঞান হইতেই শরণাগতি আসিবে। ভক্তিই শরেণ্যের দিকে টানিয়া নিবে। জ্ঞান ভূমিকাতেই ভক্তির স্থিতি হইবে। এখন পুনরায় বলা হইতেছে যে, জ্ঞান থাকা পর্যান্ত ভক্তি শুদ্ধা হইবে না। জ্ঞান না থাকিলেও ভক্তি আসিবে না— আবার জ্ঞান থাকা পর্যান্তও ভক্তি স্বরূপে পৌছিবে না।

এ কথার সমাধান এই বে, জ্ঞান হইতেই ভক্তি (আরোপ সিদ্ধা ভক্তি)
দেখা দিবে, কিন্তু জ্ঞানশূলা হইয়াই আপনাকে শ্বরপতঃ প্রকাশ করিবে।
জ্ঞানশূণ্যা হইবে জ্ঞানকে সরাইয়া দিয়া নহে। নিবিড়তর ভাবে জ্ঞানকে আত্মসাৎ করিয়াই ভক্তি জ্ঞানশূণ্যা হইবে। জ্ঞান এত বেশী যে, না থাকার তুল্য।
জ্ঞানের পরাকাল্লায় জ্ঞানী জ্ঞানহীন শিশুসম।

কর্ম কর্মার্পণে পূর্ণতায় পৌছিয়া বিদায় লইয়াছে। তারপর জ্ঞান আসিয়াছে। পূর্ণতায় পৌছিয়া জ্ঞান এবার বিদায় লইতেছে। শুদ্ধাভক্তিকে সিংহাসনে প্রতিষ্ঠিত করিয়া যাইতেছে। জ্ঞানকর্মের-আবরণ শৃন্থা ভক্তিই উত্তমা ভক্তি। শুদ্ধা-ভক্তিতে কর্মজ্ঞানের অত্যস্তাভাব এই প্রতীতি প্রান্ত। কর্মজ্ঞান পূর্ণতমতায় আপনাদের বিসর্জ্ঞান দেয় শুদ্ধা ভক্তিতে। জ্ঞান কর্মের নদী ভক্তি সাগরে আসিয়া আপনাদের নামগোত্ত হারাইয়া ফেলে।

বে আপন নয় তার জন্মই কর্ম করি এবং করি বে তা জানি। বে আপন নয় তাকে জানি। জানি যে তাও জানি। যে অতি আপন তার জন্ম বা করি তা কর্ম নয়। তাকে বে জানি, তা জানা নয়। আমি বেমন আমারু দেহকে জানি। আমার দক্ষিণ হস্ত বেমন আমার বাম হস্তের সেবা করে। খোকাকে প্রতিবেশীরা ভালবাদে ভাল ছেলে বলিয়া—মা ভালবাদে ভার খোকা বলিয়া ভালছেলে বলিয়া নহে।

ভগবানকে ভগবান বলিয়া যার। ভক্তি করে তারা প্রতিবেশী। ক্লুক্কে আপনজন বলিয়া যারা ভালবাদে তারা ঘরের লোক। এই ঘরের লোকের মত তাঁকে পাওয়াই মহাপ্রভুর হার্দ্ধ। তাই জ্ঞান-মিপ্রাকে বাহ্ন বলিয়াছেন। এই ঘরোয়া ভক্তির খবর ভাগবতে। রামরায়ও তাই প্রভুর অন্তর বৃঝিরা গীতার জ্ঞানভক্তির সম্চয় ছাডিয়া ভাগবতের শুদ্ধভিত্তির ভূমিতে প্রবেশ করিতেচেন।

রামানন্দ ব্রহ্মপ্ততির যে শ্লোকটি তুলিয়াছেন, তাহার মধ্যে একটি অভিনব সক্ষেত আছে। শ্লোকটির ভাবার্থ এই যে—ব্রহ্মা বলিতেছেন, হে প্রভু বাহারা তত্ত্ত্তান লাভের চেষ্টা সর্ববিভাবে ত্যাগ করিয়া ভক্তসঙ্গে বাদ করিয়া কায়-মনোবাক্যে তোমার কথা শ্রবণ, মনন, উচ্চারণ করতঃ ভোমার মধ্রিমা আত্মাদনেই জীবন ধারণ করে, তুমি সর্বত্ত অজিত হইলেও এই ত্ত্তিভ্বনে এক-মাত্র তাহাদের হারই "জিত্ত" হইয়া থাকো।

"যে প্রায়শোগজিত জিতোগপ্যসি তৈশ্বিলোক্যাং।" ষিনি সর্ব্বান্ত অজিত তিনি এতাদৃশ তক্তের কাছে পরাজিত। এই কথাটির মধ্যেই অভিনব সংবাদটি রহিয়াছে। ভক্তির মারে ভগবান পরাজিত হন। কখন হন ? যতকাণ ভক্ত তাকে ভগবান বলিয়া জানে ততকাণ হন না। যখন তত্ত্বানে অকুসন্ধানশৃত অবস্থা আসে তথ্নই হন।

এইরূপ হইবার একটি বিশেষ কারণ আছে। ভগবান স্বীয় ভগবন্তার ভূমিতে থাকিলে ক্রাপে "পরাজিত" হইতে পারেন না। যদি কোন প্রকারে ভগবান আপনাকে হারাইয়া ফেলেন, ভগবন্ধ ভূমিতে না থাকেন তাহা হইলেই তাঁহার পরাজয় সন্তব। ভক্ত যতক্ষণ তাঁহাকে ভগবান বলিয়া জানেন ততক্ষণ তিনি ভগবানই থাকেন। আপনাকে ভূলিতে পারেন না। ইহা ভগবানের একটি বিশেষ স্বভাব।

আমাকে ত যে যে ভক্ত ভব্দে যে যে ভাবে।
তারে সে দে ভাবে ভজি এ মোর স্বভাবে ॥
এই কথাটিই গীতার "যে যথা মাং প্রদান্তত্তে" শ্লোকে ঘোষিত হইরাছে। ভক্ত যভক্ষা ভাঁহাকে ভগবান বলিয়া জানিতেছেন, তভক্ষা তিনি ভূলিভে গারি- তেছেন না ৰে তিনি ভগবান স্থতরাং কাহারও ছারা "ক্লিড" ছইবার সম্ভাবনা হইতেচে না।

জ্ঞান-মিশ্রা ভক্তি-ভূমিতে ভগবান। সর্ব্যাই অজিত, কুরাপি জিভ নহেন। তাই মহাপ্রভু "বাফ্" বলিয়াছেন। যেই মাত্র ভক্ত ভূলিয়া গেল যে তিনি ভগবান, তৎক্ষণাৎ তিনিও ভূলিয়া গেলেন যে তিনি ভগবান। অর্থাৎ তিনি আত্মহারা হইয়া গেলেন। তথনই তিনি ভক্তের ভক্তির অধীনতা স্বীকার করেন। স্তরাং জ্ঞান-শ্র্যা ভক্তিতেই-অজিত "জিত" হইয়া পাকেন। তাই প্রভুর অন্তর জানিয়া রামরায় জ্ঞানশ্র্যা ভক্তির কথা কহিলেন। এই জ্ঞানশ্র্যাতাতেই জ্ঞানের পরিপূর্ণতা। জ্ঞানের পরি-পূর্ণতায় কর্মের চরিতার্থতা। স্ত্রাং এই ভূমিকাতেই পূর্ব্ব স্থার স্তর্গ্রার সার্থকতা।

এইরপে ভাগবতীয় ভূমিতে প্রবেশ করিয়া রায় রামানন্দ মহাপ্রভুর শ্রীম্থের দিকে তাকাইলেন। রঙ্গনপদ্মে ঈগৎ হাসি ফুটল। বুষস্কর্ষানি একটুখানি দক্ষিণে হেলাইয়া প্রভু কহিলেন—"এহো হয়।"

জ্ঞান-শৃন্থা ভক্তিই যে উত্তমা ভক্তি এবং তাহাই যে সাধ্য এই সিদ্ধান্তে প্রভূ আপন সম্মতি জানাইলেন। সম্মতি জানাইয়াও "আগে কহ আর" বলিয়া আরও নিগুঢ়তর সাধ্যের কথা শুনিতে আগ্রহ প্রকাশ করিলেন।

রামরার উত্তর করিলেন, "প্রেমভক্তি সর্বসাধ্যসার।" জ্ঞানশৃন্থা ভক্তি
আর প্রেমভক্তি, কথা প্রায় একই। তবে কিঞ্চিৎ পার্থক্যও আছে। জ্ঞান-শৃন্থার
জ্ঞান নাই বটে। কিন্তু জ্ঞান যে নাই তার জ্ঞান আছে। অন্ধকার গৃহে যদি
চক্ষু খুলিয়া বলিয়া থাকি তাহা হইলে অন্ধকার যে আছে ইহা দেখিতে পাই।
অর্থাৎ কিছু যে দেখিবার নাই ইহা যেন দেখি। আর চক্ষ্ যদি বৃদ্ধিয়া থাকি
তাহা হইলে দেখিবার যে কিছুই নাই তাহাও দেখি না। জ্ঞান-শৃন্থতার
জ্ঞানাভাস আছিছ। প্রেমভক্তির ভূমিকায় তাহাও নাই।

আন্ধার গৃহে চক্ষ্ বৃজিয়া যেমন নিজের অন্তর্কেই দেখিতে চেষ্টা পাই, প্রেমজজ্বি ভূমিকাতেও সেইরপ ভাজিদেবীর অভ্যন্তরটি দর্শনলাভ করি। ক্যান-শৃত্যা ভজি পর্যন্ত ভজিদেবীর বাহিরের অন্ধ প্রত্যন্তলীই যেন ব্যক্ত হয় —তার অন্তরের দিকটা প্রেমভক্তির ভূমিকাতেই প্রকট হইয়া উঠে। ক্সান-শৃত্যায় ভক্তির ফুটস্ত ফুল দেখি। প্রেমভক্তিতে ফুটস্ত ফুলের অন্তরে মন-শুলাফানো সৌরভটি ভোগ করি।

🖔 শ্রেমভক্তির বৃকে লুকানো সেই সোরভটি হইল—কৃষ্ণতৃষা। 💐 কৃষ্ণকে

আস্বাদন করিবার জন্ত দাকণ ক্ষ্ধা প্রেমভক্তির ভূমিতে ব্যক্ত ইইয়া উঠে। এই তথ্যটি স্পরিকৃট করিবার জন্ত রায় মহাশয় অন্তর্কুল শ্লোক উচ্চারণ করিলেন—

নানোপচার-ক্বত পৃদ্ধনমার্ত্তবন্ধোঃ
প্রেম্বৈর ভক্ত ক্ষদয়ং স্থাবিজতং স্থাৎ।
যাবৎ ক্ষ্পন্তি জঠরে জঠরা পিপাসা
তাবৎ স্থায় ভবতো নম্ন ভক্ষ্যপেয়ে॥

খত উপচারেই পূজা হউক না কেন, হাদয়ের শুদ্ধ প্রেম যেরূপ শ্রীক্লফকে গলাইর্যা দিতে পারে, তেমন আর কিছুতেই পারে না। উদরে বলবতী ক্ষ্ধা পিপাসা খাকিলেই থাল পানীয় আনন্দদায়ক।

সত্য সত্যই ক্ষা তৃষ্ণা না থাকিলে সম্থস্থ স্থলর স্থলর থাত পানীয় কেবল দর্শনের সামগ্রী, রসনার তৃষ্ণিদায়কও নহে—শরীরের পৃষ্টিকারকও নহে। তদ্ধপ জ্ঞানশ্রা ভক্তি-ভূমিতে শ্রীক্ষের সোন্দর্য কেবল প্রশংসার সামগ্রী; আসাদনের বা সজ্যোগের নহে। ভোগ করিতে হইলে চাই ক্ষা। এই ক্ষাই প্রেমভক্তির প্রাণ, তাই প্রভূ আরও আগে শুনিতে চাহিলে রায় রামানল জ্ঞানশ্যার পর প্রেমভক্তির কথা বলিলেন।

প্রেমভক্তির সাধাভূমির আরও একটি বিশেষত্ব আছে, বাহা জ্ঞান শৃন্তা ভব্জি ভূমিতে নাই। জ্ঞানশূন্তা ভব্জি পর্যান্ত সাধ্যবন্ধ শান্ত্রবিধি মত চেষ্টা বা সাধন বারা লভ্য হতে পারে। শান্ত্রাক্ত পথে ও মতে আচরণ অষ্ট্রগানের ফলে উহার প্রাপ্তি হইতে পারে। কিন্তু প্রেমভক্তি বন্ধ কোন প্রকার প্রয়াসসাধ্য সামগ্রী নহে। উহা একান্তভাবেই প্রসাদ-লব্ধ। প্রচেষ্টায় নয়, রূপাতেই উহা লভ্য হইতে পারে।

এই ক্পাটির প্রকাশ অন্তরে লোভরূপে। মিষ্টান্ন ভাণ্ডারের সাঞ্চান মিঠাই থেমন চিত্তে লোভের উদয় করায় সেইরূপ শুক্তিফের নিরুপম সৌন্দর্য্য অন্তরে লোভ পৃষ্টি করে। শুক্তিগুর রূপের বর্ণনায় বৈষ্ণব মহাজনেরা লিখিয়াছেন—"প্রতি অঙ্গে পিরীতি পসার।" ঐ প্রীতি রসের পসরা এমনি চিত্তাকর্যভাবে স্থসজ্জিত যে, তদ্দর্শনে অন্তরে লোভের উৎপত্তি হয়! এই লোভই বস্তুকে মিলাইয়া দেয়।

কথাটি আরও স্পষ্ট করিরা বলা প্রয়োজন। বিপণিতে সাজান মিষ্টার, সক্ত সময় লোভ না-ও জন্মাইতে পারে। কিন্তু কেহ যদি মিঠাই ক্রন্ত করিরা আমাকে দেখাইয়া আমার সমূধে পুনঃ পুনঃ ভোজন করে, তখন তৎপ্রতি লোভ সংবরণ করা বেশ একটু কঠিন হইয়া পডে। সেইরূপ কোন ভক্ত বর্ষন রুফ মাধ্র্য আস্বাদন করে, আস্বাদন করিতে করিতে মন প্রাণ তাঁহার 'রুফ ভক্তি রসভাবিত হইয়া পড়ে, আনন্দ হিলোলে হ্রুদয় ত্লিতে থাকে, তর্ষন তদ্দনি বা মননে হ্রুদয়ে লোল্পতা জাগিয়া উঠা স্বাভাবিক। ঐ লোল্যই প্রেমভক্তির প্রাণ, ঐ লোল্পতাই বল্প-প্রাপ্তির পক্ষে "একলং মূল্যং"। একমাক্র দাম। ইহা ছাডা কোটি জন্মাজ্জিত আর কোন প্রকার স্কর্কুতিই নাই, যদারা পরাৎপর বল্প শ্রীক্তম্বের আস্বাদন হইতে পারে। অন্তরে এই তথ্যটিকে প্রকাশ করিবার জন্মই রামরায় আরও একটি শ্লোক উচ্চারণ করিলেন—

কৃষ্ণভক্তিরসভাবিতা মতিঃ, ক্রীয়তাং যদি ক্তোহপি লভ্যতে। তত্ত্র লোল্যমপি মূল্যমেকলং জন্মকোটি ফুকুতৈর্মলভ্যতে॥

শমতি স্ফক ইন্ধিত করতঃ আনন্দময় প্রভূমধুর হাস্ত করিলেন "এহো হয়।" কৃষ্ণ তৃষ্ণাময় প্রেমভক্তিই জীবের পরমসাধ্য হইতে আর সংশয় কি থাকিতে পারে? তথারি নিগৃঢ়তর রহস্ত আস্বাদন মানসে প্রভূ কহিলেন—

"রার, আগে কছ আর।"

কৃষ্ণ-তৃষ্ণাময়, প্রেমভক্তির পর প্রভ্ আর কি শুনিতে চাহিতেছেন, রসবেতা রামানন্দ তা অন্তরে অন্তভ্ত করিয়া উত্তর করিলেন—"রায় কহে দাশু প্রেম সর্বসাধ্যসার।" প্রেমভক্তি সরসীর মত। শ্রোত নাই, বিশিষ্ট কোন সম্বন্ধের অন্তভ্তি জাগিলেই সরোবরে প্রবাহ খেলে। শ্রোতিম্বনী হইয়া বহিয়া চলে, সম্বন্ধান্থ হয়া প্রেভক্তির রসনা প্রাপ্ত হয়, প্রেমভক্তি বীণার তার, সম্বন্ধের একনিষ্ঠতা তাহাতে ঝল্লার। প্রেমভক্তি মৃক, সম্বন্ধের বোধ তাহাকে মৃথ্র করে। দাস-প্রভ্ সম্বন্ধেই প্রেমভক্তির একটি বিশিষ্ট রূপ ফুটিয়া উঠে। ভক্তিবন নিরাকার, সম্বন্ধ তাহাকে রূপবান করে।

শান্ত প্রেমভক্তি দাস্তে আসিয়। রস সাগর ম্থে গতিশীলা হয়। গতি-মন্তাতে প্রেমভক্তির অশেষ বিচিত্রতা আত্মপ্রকাশ করে। সম্বন্ধ নিষ্ঠ প্রেম-ভক্তির কথা প্রভূ শুনিতে চান ব্ঝিয়া রামরায় ভাগবতের শ্লোক তুলিয়া এই ন ধ্যভূমিকে স্থাপন করিলেন—

> ষন্নাম শ্রুতিমাত্ত্রেণ পুমান্ ভবতি নির্মালঃ তন্ত্র তীর্থপদঃ কিম্বা-দাসানামবশিক্ততে॥

যাঁহার নামটি মাজ শ্রতিগত হইলে জিত্বন পবিজ হয়, যাঁহার প্রীচরনে সর্কতীর্থ সভত বিরাজমান, তাঁহাকেই যাহারা একমাজ প্রভূ বলিয়া নিজেকে তাঁহার দাসাফ্লাস স্বরূপে স্থিত করিয়াছেন তাহাদের প্রাপ্যবস্থ আর কি বাকী থাকিতে পারে? বস্তুতঃ জীবমাজেই স্বরূপ হইল কৃষ্ণাস। কৃষ্ণাশুই জীবের চরম পরম আক্ষানীয় বস্তু। ইহা পাইলে আর কিছু পাওয়ার বাকী থাকে না। প্রভূও তাই "এহো হয়" বলিয়া রায় মহাশয়কে সর্কতোভাবে সমর্থন করিলেন। সমর্থন করিয়াও "আগে কহ আর" বলিয়া গৃঢ়তর রহশ্যের আস্থাদন লালদে তৃষ্ণাতুরের মত রামরায়ের বদনপানে তাকাইয়া রহিলেন।

দাত্ত প্রেম সাধ্যসার বলিয়া শ্রীরামানন্দ শ্রীমন্তাগবতের একটি শ্লোক উচ্চারণ করতঃ শ্রীশ্রীপ্রভুর বদন পদ্মের প্রতি দৃষ্টিপাত করিলেন। শ্রীমন্তক ঈবং আন্দোলিত করিয়া রায়ের দিন্ধান্তের সম্মতিজ্ঞাপন পূর্বক শ্রীশ্রীপ্রভু কহিলেন—রায়, "এহো হয়।" তৎপর গভীরতর তত্ব শুনিবার আগ্রহে বললেন "আগে কহ আর", শ্রীশ্রীপ্রভুর অন্তর অবগত হইয়া রায় মহাশয় কহিলেন "স্থ্যপ্রেম সর্বসাধ্য সার।" দাত্র প্রেমের পর কেন প্রভু আরো "আগে" শুনিতে চাহিলেন এবং রামরায় কেন স্থ্য প্রেমের কথা বলিলেন ইহা—আলোচনার বিষয়।

পূর্বেবলা হইয়াছে, সম্বন্ধ জ্ঞান স্পষ্ট না হইলে প্রীতির রূপটি প্রস্টিত হয় না। সম্বন্ধের অন্তভ্তিই নিরাকার ভালবাদাকে রূপবান করে। রূপায়িত না হইলে প্রীতি প্রিয়ের স্থবিধানে পর্যাপ্ত হয় না। "তুমি প্রভূ আমি দাদ"—এই সম্বন্ধ্যানে প্রতিষ্ঠিত হওয়ায় কৃষ্ণ প্রীতির একটি বিশিষ্ট আকৃতি পরিব্যক্ত ইইয়া উঠিল।

"দাশু-প্রেম" কথাটিতে ইহা বুঝা বায় বে "আমি দাস, কৃষ্ণ প্রাত্ত্ব অক্তবে তাঁহাকে ভালবাসা। কৃষ্ণকে ভালবাসাই কিন্তু জীবেয় চরম সাধ্য নহে। ভালবাসিয়া তাঁর সেবা করা, সেবা করিয়া তাঁর স্থা বিধান করাই হাই জীবের প্রম প্রুষার্থ। নিজেকে সম্পূর্ণ বিসর্জন দিয়া প্রিয়ের স্থাতে ভ্রায়তা প্রাপ্তিই ইইল শেষ লক্ষ্য।

সেব্য সেবকের মধ্যে ব্যবধান যত অধিক হইবে সেবায় আত্মবিসর্জন তত বাধাপ্রাপ্ত হইবে। বড়ত্ব বৃদ্ধি যত প্রবল হইবে সেবাকার্য্যে সন্ধাচ তত বৃদ্ধিপ্রাপ্ত হইবে। সন্ধোচ, প্রীতির প্রসারতায় ক্ষুত্রতা আনিবে। সর্বাদীন সেবার সম্ভাবনা রহিত হইবে। বস্তুতঃ ব্যবধানের বোধ আত্মদানের পূর্ণভাত্ম পথে বাধক পরপে স্থিত রহিবে। দাস মনে করে ক্রম্ণ আমার প্রভু "কুম্ণ মোর প্রভু ত্রাতা জীবের হয় জ্ঞান।" প্রভু হইলেই তিনি ভূত্য অপেক্ষা অনেক বড়। বড়োর ও ছোটর মধ্যে ব্যবধান বেশ বৃহৎ। বড় যিনি, তার সেবাতে ছোট-জনের একটা সঙ্কোচভাব থাকিলে আত্মবিসর্জনটি সর্বাক্সন্দর হইতে পারে না।

অধিকন্ত, দাসের প্রকৃত কার্য্য সেবা করা নহে। আজ্ঞা পালনই দাসের সর্বপ্রধান কর্ত্তব্য। প্রভুর আজ্ঞা ষদি এমন হয় যে, তাহা তৎসরিধানে বাস পূর্ববিক সেবার বাধক, তাহা হইলে দাসকে আজ্ঞাপালনই করিতে হইবে, আজ্ঞালজ্মন পূর্ববিক মনের সাধ মতন সেবা করা চলিবে না। প্রীত্যাধিকে আজ্ঞালজ্মনেও ক্লফের স্থাতিশয় হইয়া থাকে। "প্রেমে আজ্ঞালজ্মলে হয় কোটি স্থথ পোষ।"

তবে সে প্রেম দাস্ত প্রেম নহে। ভৃত্যের আজ্ঞা লজ্মনের অধিকার নাই।
মহাবীর হৃহ্মানের দাস্ত-প্রেম। প্রভু শীরামের শীত্রণ কলিয়া পদস্বোর ভাগ্যই তাহার
অধিকার তাহার নাই। শীরামের শীচরণতলে বিদিয়া পদস্বোর ভাগ্যই তাহার
নিয়ত কাম্য। তাহাতেও বঞ্জি হইতে হয়, যদি প্রভু রাম আজ্ঞা করেন—
"ধাও হৃহ্মান, সীতার অনুসন্ধানে অগ্রসর হও।"

শ্রীক্লফের স্থধবিধানে ঐ সকল দাসোচিত বাধা যাহাতে বিন্মাত না থাকে এমন একটি উন্নততর প্রীতির ভূমিতে শ্রীরামরায়কে তুলিবার জন্ম মহাপ্রভুর অন্তরের আকৃতি। মন্দ্রী ভক্ত রামানন্দ প্রভুর অন্তরের আগ্রহে বৃকিতে পারিয়া বলিয়া উঠিলেন—"সখ্য প্রেম সর্বসাধ্য সার", এই কথা বলিয়াই রামরায় সখ্যপ্রেমের শ্লোক উচ্চারণ করিলেন শ্রীমন্তাগবত হইতে। মহারাজ্পরীক্ষিত প্রতি শ্রীশুক ম্থোক্তি "ইখং সতাং ব্রহ্মস্থামূভ্ত্যা," ইত্যাদি যাহারা শান্তরেসর তত্ত্বক ভক্ত, তাহাদের কাছে শ্রীক্ষণ্ণ মাত্র ব্রহ্মস্থামূভ্তিরূপে অম্ভ্রমান। যাহারা দাশ্রভাবগত ভক্ত, তাহাদের নিকট শ্রীকৃষ্ণ পরম আরাধ্যতম দেবতা রূপে বিরাজ্মান। যাহার। মায়াবদ্ধ অজ্বলোক, তাহাদের নিকট শ্রীকৃষ্ণ অতি সাধারণ নর শিশুরূপে প্রতীয়্মান। বৃন্দাবনের পূত চরিত্র ব্রহ্মবাক্ষণবের নিকট লীলারকী শ্রীকৃষ্ণ নিত্য অশেষবিধ ক্রীড়াকোত্তকর সংগী, ধেলার সাথী।

ব্রজ্ঞের বালকগণের প্রীকৃষ্ণে দখ্য প্রেম। প্রীকৃষ্ণ যে কক্ত রড় এই জ্ঞান ফ্রাহাদের নাই। প্রেমই ঐ জ্ঞানকে আর্ত করিয়া রাধিয়াছে। "ভূপি কোন বড়লোক তুমি আমি দম'' ইহাই হইল তাহাদের অস্তঃস্থলের অস্তৃতি।
দাম্মের ব্যবধান বোধ, বড়োজের জন্ম দক্ষাচ সধ্যপ্রেম ঘূচাইয়া দিয়াছে।
গোপবালকগণ শ্রীকৃষ্ণকে কাঁধে করিয়াছে, শ্রীকৃষ্ণের কাঁধে উঠিয়াছে। উচ্ছিপ্ত
কল ধাইয়াছে, ধাওয়াইয়াছে।

সধ্যরসকে বলা হইয়াছে বিশ্রম্ভ প্রধান। বিশ্রম্ভ শব্দের অর্থ অভেদ-মনন।
সধ্যরসের এমনই সামর্থ্য যে শ্রীক্রফের সঙ্গে স্থীদের একটা অভিন্নতার বোধ
জাগাইয়া দেয়। স্থার কাছে ভাহার নিজ দেহে ও ক্রফদেহে বিন্দুমাত্র ভেদ
বৃদ্ধি থাকে না। নিজ চরম নিজ গায়ে ঠেকিলে যেমন উদ্বেগের কারণ হয় না,
ক্রফ-গায়ে ঠেকিলেও সেইরূপ উদ্বেগ হয় না। আমার উদ্ভিষ্ট আমার মুখে
থাওয়াও যা ক্রফম্থে থাওয়াও তাই। এই ছই মুথে কোন ভেদ বৃদ্ধি ক্রফ
স্থার অন্তরে জাগে না। এই অভিন্ন মননই স্থা প্রেমের প্রাণম্বরূপ।

শীরামরারের উত্তরে শীশীপ্রভু পুলকিতাগ হইলেন, পরম উল্লাসভরে কহিলেন—"রায়, অহোত্তম।" ইহাই শ্রেষ্ঠ সাধ্য। এই প্রেমের উদয়ে আত্ম সম্বন্ধীয় সমস্ত ভাবনার সম্পূর্ণ নিরসন ঘটে, আত্ম বিস্ক্রন পূর্ণ হয় এবং ক্লফ স্থসাধন চিস্তাই এক ও অবিতীয় রূপে বিরাজমান থাকে।

সধ্য প্রেমের উত্তমত্ব স্থীকার করিয়া শুশ্রীপ্রভু সন্মিত বদনে শ্রীরামরায়ের দিকে চাহিলেন। নয়নের কোনে আরও নিবিডতর আস্থাদন লালসা ব্যক্ত করিয়া স্থিয় কঠে কহিলেন, "রায়, আগে কহ আর।" মন্দ্রীভক্ত প্রভুর অন্তর বৃঝিয়া কহিলেন,—"বাংসল্য প্রেম সর্ব্বাধ্য সার।"

কথাটি বলিতেই রামরায়ের শ্বরণে জাগিল শ্রীমন্তাগবতের মৃত্তক্ষণ ও দামবন্ধন লীলা। কারণ এই হুই লীলাতেই বাংসল্য প্রেমের পরাকাষ্ঠা অভিব্যক্ত হইয়াছে। এ লীলাকখা হইতে হুইটি শ্লোক উচ্চারণ করিলেন নিজ সিদ্ধান্তের অফুকুলে। তন্মধ্যে একটি মহারাজ পরীক্ষিতের উক্তি, অপরটি শ্রীক্ষকের উক্তি।

নিজম্থেই 'উত্তম' বলিয়া প্রভূ ''আবার আগে" শুনিবার আগ্রহ করিলেন কেন ? এই ডম্বটি ভাবনা করিতে হইবে। রামরায়ের উত্তরে দিক্ দর্শনীটি থাকায় আমাদের প্রভূব হার্দ্ধ কি তাহা ভাবনা করার স্বযোগ হইতেছে, নতুবা উত্তমের পর আর কি আছে তাহা ভাবনা করা অসম্ভব হইয়া পড়িত। প্রভূ স্বয়ং নিজ তৃষ্ণার পানীয় রামরায়ের নিকট হইতে আদায় করিয়া লইয়াছেন। "অস্তবৈ প্রেরণ কর জিহ্নায় কহাও বাণী।" প্রভূ স্বয়ং স্ববোগ করিয়া দিয়াছেন, বলিয়াই ভাবনা করা যাইতেচে। নতুবা এই সকল কথা এভই গৃঢ় ৰে,
"'বুঝিবে রসিকজন না বুঝিবে মুঢ়।"

প্রীতিরসের ভূমিটি এমনই অপূর্ব্ব বে, উহার আস্থাদন-মাধুর্ঘে কেবল বে ভক্তই আত্মহারা তাহা নয়, ভগবানও ভক্তের মাধুর্য্যের সাগরে আপনাকে হারাইয়া ফেলেন। এই আত্মহায়া অবস্থাটি ভক্ত ভগবানের প্রীতিতে চরমতা প্রাপ্ত হইয়া থাকে।

এই সধ্যরসে স্থা ক্লফকে নিজের স্মান মনে করে। ছোট মনে করিতে পারে না। ক্লফ কোন অস্তায় করিতে পারে, কোন ভূল করিতে পারে এমন ভাবনা স্থাদের আসে না। ক্লফকে শিক্ষা দেওয়া প্রয়োজন, উপদেশ দেওয়া দরকার, অস্তায় কর্মকরণ হেতু শাসন করা আবশ্যক এইরূপ চিস্তা-স্থারসের প্রিয়গণের হাদরে ক্রাপি জাগরিত হয় না। এই সকল ভাবসম্পদ বাৎসল্য রসের রম্বপেটিকাতে সংরক্ষিত।

শুদ্ধ বাৎসল্যরসে নিমজ্জিত নলরাজ ও যশোদা জগংপালককে বালক মনে করেন। ভূমাকে ক্ষুদ্র মনে করেন, স্বায়্ভ্কে ঔরসজাত পুত্র মনে করেন। আনাবিল গুণের মণিকে বছবিধ দোষ ফ্রাটির জন্ম তাডণ, ভর্ৎসন এমন কি রজ্জ্বারা উত্থলে বন্ধন পর্যান্ত করিয়া থাকেন। যথাকালে উপযুক্তরূপে শাসিত না হইলে, গোপাল পরিণত ব্যুসে অত্যন্ত চুর্দ্ধমনীয় হইয়া উঠিবে, স্মতরাং আমি জননী, তাহাকে শাসন করা আমার একান্ত কর্ত্ব্য এই ভাবনাই জননীকে কৃঞ্গাসনে উত্থাগী করে। এই অধিকার স্থারসের ভক্তের নাই।

বোমন আবেশ জনক-জননীর, ঠিক তেমন আবেশ বালগোপালের। বাৎসন্যরসের মহাবিষ্টতায় ভগবান আপনি ভগবত্ব হারা ইইয় বালক ক্রপে লীলা আন্ধানন করনে। নিজকত অভায়ের জন্ত লজ্জিত; শন্ধিত ও সৃষ্কৃতিত হন। শাসন তৎসন এড়াইবার জন্ত কথনও মিথ্যা-ভাষণ করেন, কথনও ফ্রন্ত পলায়নপর হন। এইরপে ভগবানের আপন হারা ভাবটি পরাকার্চা প্রাপ্তের্ম বাৎসল্য রসের উদ্বেলিত সাগরে।

অনন্ত কোটি ব্ৰহ্মার শিরোন্থিত মৃক্টের মনি কিরনে নিয়ত উদ্ধাসিত শীক্কফের পাদপীঠ। সেই শীক্ষফ গোষ্টের পথে গোপরাজ নন্দের পূশ্চাৎ পশ্চাৎ তাঁহার পাছক। শিরে ধরিয়া ছুটিতে থাকেন। এই বাৎস্ত্র্যা রসের মাধুর্য্য দর্শনে শুভঃই থলিতে ইছে। হয়—অহো। নুদ্রবাদ্ধের কি,ভাগ্যা।

্লীক্ষু মুদ্ধিক। ভক্ষণ করিয়াছেন। মারের জ্বেন্দ্রার ছবে ছারু গোপন

করিতে চাহেন। শেষে ম্থবিবরে বিশ্ব-জগৎ প্রকট করিয়া জননীকে দেখান। পরে মাতৃজ্ঞাত ভারোহণ করিয়া জন্তপান করেন। মাতৃজ্ঞাত হইতে আফুরজ্ঞার ধারা করন হইতে থাকে। গোপালের ম্থবিবরে ছুরের স্থান সন্থলান হয় না। গণ্ড বাহিয়া পড়ে। মাতা বন্ধাঞ্জলে ম্ছাইয়া দেন। যে-ম্থগহরের বিশ্ব-ব্রহ্মাণ্ডের স্থান হইল, দেখানে জন্ত ছুরের স্থান হয় না। এই নিরুপম মাধুর্যা দর্শনে মনে স্বাভাবিক জিজ্ঞাসা জাগে "অহো!" হরি ফার জন্ত পান করিয়াছেন, সেই যশোদা জননীর কি অনির্বচনীয় ভাগ্য। গোপাল ক্রোধ করিয়া জননীয় দ্বিভাণ্ড ভালিয়াছেন। অন্তায়ের শান্তি দিবার জন্ত জননী বন্ধন করিতে চেটা করিতেছেন। অনেকবার অক্ষম হইলেন, শেষে কুপায় সক্ষম হইলেন। নিজ কেশ বন্ধনের তুইগাছি পট্রভোরী ঘারা গোপালের কটিবেন্তন করিয়াছেন এবং কটিবন্ধ বালককে উত্থলের সংগে দৃঢ়ভাগে বাধিয়া রাথিয়াছেন। তৎকালীন নিরুপম সৌন্ধ্য দর্শন করিয়া, প্রীক্তকদের মন্তব্য করিতেছেন, মাতা আজ ম্ক্তিদাতাকে বন্ধন করিয়াছেন। এই ভাগ্য সংসারে আর কেহ পায় নাই।

বাৎসল্য প্রেমের মধুরিমা শ্রবণে মহাপ্রভু পরমানন্দ-মধু-সমুদ্রে নিমৰ্ক্তিত হইলেন। উৎফুল বদনে কহিলেন—রায় "এহোজন।" যে প্রেমে মুক্তিদাতা বন্ধন গ্রহণ করেন, সেই প্রেমই সাধ্যসার। পরিপূর্ণ সম্মতি জানাইয়াও অতঃপর আরও গৃঢ়তম অন্তঃপুরে প্রেশে করিবার বাসনায় কহিলেন—"আগেকহে। আর।"

প্রভুর মধুর দৃষ্টিভেদী হইতে অন্তরের লালদাটি ইদিতে ব্ঝিয়া লইয়া রামরায় কহিলেন, "কাস্তা প্রেম সর্ব্যাধ্যদার ।" এই দিদ্ধান্তকে দৃঢ়তর ভাবে
স্থাপন করিবার জন্ম ব্রজদর্শনে প্রেমাপ্র্ত চিত উদ্ধব মহাশয়ের কঠোজি একটি
ভাগবতের শ্লোক উচ্চারণ করিলেন।

শ্লোকে শ্রীউদ্ধব মহাশয় ব্রজ্ঞানরীগণের প্রমোৎকর্ষ বর্ণনা করিতেছেন। ব্রক্তান্ধনা গণের যে জাতীয় আস্বাদন রাসোংসবে প্রকট হইয়াছিল তাহা ভাষার অতীত। অন্য কাহারও পক্ষে তাহা সর্বতোভাবেই অলভ্য। স্বর্ণ কমলের মত অক্কান্তি বিশিষ্ট বৈকুঠেশ্বরী শ্রীলক্ষীদেবীরও ঐ জাতীয় আস্বাদন হয় নাই। অন্য কাহারও ত হয়-ই নাই।

লন্ধীদেবী যদিও শ্রীনারায়ণের বক্ষঃস্থলে সর্বাদা বিরাজ করেন, তথাপি ব্রজাগনাগণের মত আমাদনের চমৎকারিতা তাঁহার দৃষ্ট হয় না। পিনাসা-শ্রীন ব্যাক্তি সরসী সমীপে সূর্বাদা বসিয়া থাকিলেই বে স্থানিক স্কল পান করিতে পাইবে এমন কোন কথা নয়। বাহার সেরপ পিপাসা তার সেইরপ আন্ধাদনের ন্যুনাধিক্য। লক্ষীতে ব্রজগোপীকার মত প্রেমময়ী আকৃল পিপাসা দৃষ্ট হয় না।

লন্দ্রীর প্রেমে শ্রীনারায়নের প্রতি ঈশ্ব-বৃদ্ধি থাকায় তাহা সংকোচপূর্ণ।
গোপীকার শ্রীকৃষ্ণে ঈশ্ব-বৃদ্ধি থাকায় তাহাদের ভাব বিশুদ্ধ ও সংকোচ-শৃস্থ।
শ্রীলন্দ্রীরনারায়ণে তদীয়তা বৃদ্ধি। শ্রীনারায়নের বছ সেবিকার মধ্যে আমি:
একজন এই বৃদ্ধিতে প্রীতি তুর্বল। ব্রজাকনাগণের শ্রীকৃষ্ণে মদীয়তা বৃদ্ধি থাকার
শ্রীকৃষ্ণ আমারই, এই অমুভব প্রীতিকে পর্ম শক্তিশালী করে।

শ্রীলন্দ্রী শ্রীনারায়ণের অপেক্ষা করেন। গোপীকারা শ্রীক্তফের অপেক্ষা করেন না। বরং শ্রীকৃফাই তাহাদের অপেক্ষা করেন। সেই উদ্দেশ্যেই উদ্ধার্গ ভূমদণ্ড গৃহীতকণ্ঠ" কথাটি বলিয়াছেন। কথাটির তাৎপর্য্য এই বে, গোপীকারা শ্রীকৃফের কণ্ঠ ধারণ করে নাই। শ্রীকৃফাই ব্রজাঙ্গনাগণের কণ্ঠদেশ আশ্রম করিয়াছেন। তাহাদের প্রেমের প্রবল স্রোত্বেগে ভাসিয়া না ধান, এই জন্মই বেন তাহাদের কণ্ঠদেশকে অবলম্বন করিয়া রাসর্যে হাব্ডুর্ খাইতেছেন।

শ্ৰীক্ষীব গোস্বামী পাদ ও লিখিয়াছেন—

"রাগলীলা জয়ত্যেষা জগদেক মনোহরা যস্তাং শ্রীব্রজদেবীনাং শ্রীতোহপি মহিমাক্ষ্টঃ॥ জগতের একমাত্র মনোহারিনী শ্রীরাসলীলার জয় হউক। যে রাসলীলায় লক্ষীদেবী হইতে ব্রজদেবীর মাহাত্ম্য অধিকরূপে ব্যক্ত হইয়াছিল।

এই কাস্তাপ্রেমকে মহাপ্রভু "সাধ্যাবধি" বলিয়াছেন। যদি চ স্থা, বাৎসল্য ও কাস্তা প্রেম তিনই উত্তম, তগাপি কাস্তারতি সাধ্যের অবধি। ইহার কারণ বলিয়াছেন—"পূর্ব পূর্বে রসের গুণ পরে পরে হয়।"

শান্তরদের তৃইটি গুণ, রুষ্ণ-নিষ্ঠা ও রুষ্ণ ভিন্ন তৃষ্ণা ত্যাগ। দাশ্ররদে এই তৃইটি গুণ তো আছেই অধিকন্ত আছে সেবানিষ্ঠা, যাহা শান্ত ভক্তে নাই। সধ্যরদে দাশ্রের তিনটি গুনতো আছেই অধিকন্ত আছে অসংকোচে অভিন্ন মননে সেবা; যাহা দাশ্রে সন্তব নয়। বাৎসল্য রদে সধ্যরদের চারিটি গুণ তো আছেই, অধিকন্ত আছে মনতাধিক্যে তাড়ণ, ভর্ণমন; যাহা সধ্য রদে সম্ভব নয়। কান্তারতিতে বাৎসল্যের পাঁচটি গুণ তো আছেই অধিকন্ত আছে নিজালনানে কুর্মসেবা, যাহা বাৎসল্যে প্রকট ইইতে পারে না।

দাধ্য শব্দের অর্থ বিচারে প্রারম্ভেই বলা হইয়াছে দমগ্র জীবনের চরমতম

লক্যটিই সাধ্য—মহাপ্রভূ তাহারই নির্ণয় প্রবণ করিতে ইছা করিয়াছেন। এজকণে তাহা বলা হইল। অধর্ম পালন, কর্মাপন, ধর্মার্পন, ও জ্ঞানমিপ্র ডক্তি এই চারিটি কক্ষাকে বলিয়াছেন—'বাহু'। জ্ঞানশৃত্ত ভক্তি প্রেমডক্তি ও দাস্য প্রেম এই তিনকে বলিয়াছেন 'হয়' সথ্য প্রেম ও বাংসল্য প্রেমকে বলিয়াছেন 'উত্তম' কাস্তাপ্রেমকে বলিয়াছেন 'অবধি' প্রভূ কছে "এই সাধ্যবধি স্থনিক্র।"

চার, তিন, তৃই, এক এই দশটি ভূমি। ক্রমোর্দ্ধভাবে বেন দোলমঞ্চের ৰত সাজান। ভিত্তিতে চারিটি। সর্বউচ্চে একটি। পূর্ব্ব পূর্ব ভূমির পর পর ভূমিকায় সার্থকতা। পূর্ববর্তী ছয়টি জরের যাহা শাখত মাধূর্যা, তাহা দশম বা শিথর ভূমিস্থিত 'অবধি'তে পরিণতি প্রাপ্ত। পরিপক ফলে বেমন ৰূক্ষের শিকড়, কাণ্ড, শাখা পত্তের সার্থকতা, সাধ্যবধি কাস্তাপ্রেমে সেইরূপ কর্মা, ধর্মা, জ্ঞানভক্তি ও পরাভক্তির পরম চরিতার্থতা।

দর্বপ্রকার সাধন মার্গের লক্ষ্য আত্মোপলন্ধি—আত্ম স্বরূপে স্থিতি। পৌর-গত বৈশ্ববাচার্য্যেরা বলেন যে, কেবল জ্ঞান, কর্মযোগ লইয়া মুগ মুগ চেষ্টা করিলেও আত্মপোলন্ধি বা স্বরূপে স্থিতি লাভ হয় না। একমাত্র শুদ্ধ প্রেয়-ছুক্তি পথে শ্রীকৃষ্ণচরণে সম্পূর্ণভাবে আত্মসমর্পনেই আত্মোপলন্ধি পূর্ণতা লাভ করে, আপনাকে সম্পূর্ণরূপে পাওয়া যায়। প্রিয়তম শ্রীকৃষ্ণ সেবার্থে নিজেকে সম্পূর্ণভাবে বিলাইয়া দিয়াই স্বরূপে স্থিতি হইতে হইবে। অথবা, স্বরূপে স্থিত ইইলেই সেবায় সমর্পন পূর্ণাক্ষ হইবে। তুই একই কথা।

আত্মসমর্পন প্রমাত্মার সমীপেই সম্ভব। অংশের কাছে অংশতঃ সমর্পন হইতে পারে। পূর্ণাঙ্গ সমর্পন একমাত্র পূর্ণতম বিগ্রহ লীলাপুরাধোন্তমের নিকট সম্ভব হইতে পারে। অতএব সর্বতোভাবে আত্মদানের পাত্রটি একমাত্র ব্রজরাজনন্দন ছাড়া আর কেহ হইতে পারেন না।

ষেমন লোকিকে একই নারী পুত্রকে বাৎসল্যে ভালবাসে, স্থাকৈ স্থারসে ভালবাসে; স্বামীকে কান্তাপ্রেমে ভালবাসে। তিন স্থানে তাঁর জীবনের তিনটি অংশ ব্যক্ত হয়। কোথাও মাতা, কোথাও স্থা, কোথাও পদ্মী। মাতৃত্ব, স্থাত্ব, পদ্মীর এক অথও নারীত্বের তিনটা দিক মাত্র। এই তিনের কোনস্থানেই সে আপনার সমগ্র সন্তার অম্ভব করিতে পারে না। একপ করিতে হইলে এমন একটি প্রীতির পাত্র প্রয়েজন, বিনি পিতা, মাতা পুত্র প্রাতা স্থা স্থা, স্বামী যা কিছু স্ক্রেরপে স্থিত। একপ একটি স্ক্রিরসের পাত্র মিলিলে ভথায় আত্মবিস্ক্রনে সামগ্রিক ভাবে অথও আত্মোপলনি হইতে পারে।

কিছ এরপ একটি পাল বিশ্বজগতে কোণাও নাই। তাজেজনন্দন জীকক ছাড়া অধিলরসের অযুত ঘন বিশ্রহ আর দ্বিতীয়টি নাই। সম্পূর্ণভাবে পূর্ব প্রেমে আত্মলানের একমাত্র পাত্র তিনিই। আবার প্রত্যেক রসেই আত্ম নিবেদন স্থাংশিক। একমাত্র কাস্কাপ্রেমে পূর্ব পূর্ব সকল সকল রসের গুণ আছেড ভাবে বিশ্বমান থাকায় ঐ রসেই স্বালীন আত্মদান সম্ভব। স্ত্রাং কাস্তা প্রেমে গোপীকার কৃষ্ণচন্দ্রের স্বালীন সেবায় অথও আত্মোৎসর্গেই সাধ্যের অবধি অভিব্যক্ত।

আমার আমিত্ব পূর্ণাকভাবে ক্লফে সমর্পনে সর্ব্ধতোভাবে ক্লফনয় হইন্যা যায়।
তথন আমিট্র আর থাকে না। ক্লফই থাকেন। আবার ক্লফেয় স্থাবিধানের
জন্ত আমি তথন পূর্ণভাবেই বিভ্যমান থাকে। এইরূপে আমার সন্তার সম্পূর্ণ
লোপ ও সম্পূর্ণ স্থিতি একই কালে সম্ভব হয়। এই আপাত বিরোধী দার্শনিক
তত্তই গৌর পার্যাদগণের দান, অভিন্ত্যভেদাভেদবাদের অন্তত্তলে নিহিত।
কান্তা-প্রেমকে সাধ্যাবধি বলিয়া মহাপ্রভু "আরও আগে" শুনিতে চাহিলেন—

''প্ৰভু কহে এই সাধ্যাবধি স্থনিশ্চয়

क्रभा कित कर यमि आरग किছू रग्न।"

"অবধির" পর "আরও আগে" শুনিতে চাওয়ার আকৃতি কেন? সাধ্যের অবধির পর শ্রীগোরস্থলর সাধ্য-শিরোমণি শুনিতে চাহিলেন। সাধ্য শিরোমণি হইতেছেন শ্রীরাধাঠাকুরাণী। তিনি নিখিল গোপীকুলের মধ্যে সর্বশ্রেষ্ঠা। শতকোটি গোপী একত্র হইলেও শ্রীকৃষ্ণচন্দ্রকে আনন্দ দিতে শ্রীরাধার সমতৃল্য হয় না। রামানন্দ রায় জয়দেবের গীতগোবিদের শ্লোক প্রমাণ রূপ উপস্থাপন করিয়া ইহার প্রমাণ দিলেন।

শ্রীরাধাক্তফের বিলাস মাধুর্য্য প্রভু শুনিতে ইচ্ছা করিলেন। রামরায় নিজক্বত এক গীত গাহিলেন। প্রেমাম্বাদনের চমৎকারিতায় প্রভু রামানন্দের মুখ চাপিয়া ধরিলেন—আর বলিতে দিলেন না।

রামরায়ের গানটির তাৎপর্য এই বে শ্রীরাধারুক্ষের পরস্পরাকর্ষণ প্রথম পূর্বরোগ দিয়া আরম্ভ হয় তারপর তাহা বৃদ্ধি পাইতে পাইতে চরম পরিপাকে মহাভাব স্বন্ধপে পরিণত হয়। তথন বিলাদে এমন একটি অবস্থা হয় যে তাহাদের স্বধ্যে রমণ রমনী, পুরুষ নারী এই ভেদ ভাব অন্তর্গু হয়। গভীর প্রেম তাহাদিগকে একত করিয়া মিলাইয়া দেয়। তথন অভিন্তা প্রাপ্ত হয়। একীকৃত হয়।

নিধ্বনে মাজল তত্ন তত্ন ছিলন
টুটল চিরস্তন ভেদ
মনসিজ বিশিখ থিল জন্ম লাগল
তত্ন তত্ন লখই না ভেদ

এই বে চরম বিলাসে ভেদে অভেদাত্বভৃতি ইহাই মহাপ্রভুর বন্ধণ। তিনি অচিষ্টাভেদাভেদের ঘনীভ্ত বিগ্রহ। রামরারের এই গানে প্রভু ধরা পড়িরা যাবেন, এই ভয়ে বহুতে তার মুখ আচ্ছাদন করিয়া দিলেন।

শ্রীরাধারক পরস্পরের মাধ্যাস্থাদনে নিমগ্ন ও স্থদীপ্ত দান্তিক ভাবে দমালঙ্কত মহাভাবমাধ্রীর ঘনীভূত বিগ্রহই শ্রীকৃষ্ণতৈতন্তমহাপ্রভূ স্বরং ইনিই নিবিল সাধ্যের শিরোমনি। এই বিগ্রহটিও মিলন বৈচিত্র্য প্রভূ রামানন্দরায়কে দর্শন করাইয়াছিলেন।

সাধন ডম্ব

সাধ্যের শিরোমণি রাধাপ্রেম এই কথা গৌরস্থলরের সঙ্গে রায় রামানজের জালোচনায় প্রতিপান্বিত হইল। এখন যে উপায়ে ঐ সাধ্যবন্ধ লাভ করিন্তে হইবে, তাহাই সাধন। সেই বিষয় কিছু আলোচনা প্রয়োজন।

শ্রীগৌরহরির শিক্ষার জীবের শ্বরূপ হইতেছে "রুষ্ণ দাস", দাসের মধুৰ রসে অধিকার হয় না। সীতারামের মিলন হথের লেশমাত্র অমুধ্যানও হয়মান পক্ষে অদ্রপরাহত। এখন একটি কঠিন প্রশ্ন দেখা দিতেছে। রুষ্ণ দাস্তে স্থিত জীবের সাধ্যশিরোমনি রাধাপ্রেমান্থাদনে অধিকার হইবে কিরূপে? শ্রীগৌরস্কার জগতে আসিয়াছেন রাধাপ্রেমধন অকাতরে জীব জগতকে বিতরণ করিতে। যে বস্থতে যাহার অধিকার নাই তৎসন্নিধানে সেই বস্থা বিতরণের সার্থকতা কোথায়?

এই কথার উত্তর দিতে হইলে জীবের শ্বরণটি আরও গভীর ভাবে আলোচনা করিতে হইবে। জীব তটস্থা শক্তি। বহিরলা মারা শক্তির প্রভাবে সে বহির্দ্ধুখী হয়। অন্তরলা শ্বরপ শক্তির কমনায় দে অন্তর্দ্ধুখী হয়। অন্তরলা শ্বরপ শক্তির কমনায় দে অন্তর্দ্ধুখী হয়। শ্বরপ শক্তির আশ্রয়াম্পত্যেই জীবের জীবনের পূর্ণতম সার্থক্তার উপলব্ধি হয়। স্থতরাং রহস্তময় খবরটি হইতেছে এই যে, জীবের শ্বরণ তত্তত ক্ষেকাস হইলেও রসতঃ শ্রীরাধাদাস্ত। জীব শ্বরণাশক্তি শ্রীরাধার দাসী। রাধাদাস্ত

লাভেই জীবের পরম চরিতার্থতা। গৌরস্থলরের প্রির পার্বদ শ্রীরঘুনার দাস গোস্বামী প্রভৃতির ভঙ্গনে এই রহস্য স্থপরিস্ফুট।

জীবের রাধাদাসিত্বের খবরটি একটি কথার কথা মাত্র নহে। জীবের দাসন্থও থাকিবে মধুর রসের আন্ধাদনও থাকিবে কেবলমাত্র রাধাদাসীত্বের পরিচয়
ছারাই ইহা সম্ভব। শ্রীরাধার দাসীদের বলে সখী। স্থীগণের একটি বিশেষ
প্রকার-ভেদকে বলে মঞ্জরী। সখী বা মঞ্জরীর মধ্যে কিছিৎ ভেদ আছে।

সধীগণ রাধা কল্পতার পূব্দ পত্র স্থানীয়া। মঞ্জরীগণ লতার জীবনশক্তি বন্ধণ। লতার অন্ধ প্রত্যন্ধ হইলেও পত্রপুব্দের কিঞ্চিৎ নিজ স্থাতম আছে। পত্রপুব্দের স্থাতা ছাড়াও লতার সন্তার সন্তাবনা আছে। কিন্তু লতার জীবনী শক্তির লতাছাড়া বিভ্যমানতা নাই। অতএব শ্রীরাধাগোবিন্দের অন্তরন্ধ সেবার স্থাণ অপেক্ষা মঞ্জরীগণের অধিকার অনেক বেশী।

এই মঞ্জরীগণের আমুগত্যময় দাসীত্বেই জীবের প্রকৃত স্বরূপের পরাকাষ্ঠা অবস্থা বিরাজিত। তাই গোরস্থলর সনাতন শিক্ষায় রাগামুগা সাধনের রহস্যময় পদ্মাক্ষিয়াছেন।

> মনে নিজ সিদ্ধদেহ করিয়৷ ভাবন রাত্তি দিনে করে বজে ক্লফের সেবন,

সিদ্ধদেহ বলিতে মঞ্জরী-দাসী অভিমানবিশিষ্ট দেহ। এই দেহ জীবের সিদ্ধানন্দময় মাধুর্য ঘন দেহ। এই সাধনের তুইটি অঙ্গ, বাহু ও অস্তর।

"বাহ্য অস্তর ইহার তুইত সাধন।"

"বাহ্ সাধক-দেহে করে প্রবণ কীর্ত্তন" যাহার হৃদয়ে ক্ষান্ত্রাগ আছে এমন ভক্তের মুখে ব্রজের রাগান্ত্রিকা ভক্তির প্রেমময় লীলাকথা প্রবণ করিতে করিতে সেবাপাইবার জন্ম যদি কাহারও চিত্তে লোভের উদয় হয়, "সেই গোপীভাবামৃত যার লোভ হয়" সেই ব্যক্তিই মঞ্জনীদাস্যে ভজন করিতে পারে। বাহিরের সাধনে প্রিয়তম "আপন" হইবে। অন্তরের ভজনে আপনজনের সহিত সেবায় আম্পত্যময়ী তন্ময়তা আসিবে। মঞ্জনী চাহে শ্রীরাধার স্থা। শ্রীরাধা চাহেন ক্ষেত্রর স্থা। সাধক রাধাদাসী মঞ্জনী মাধ্যমে শ্রীকৃষ্ণের স্থা বিধান করিবে। আমুগত্যময়ী একাত্মতায় কিলোরীর সঙ্গে নবকিলোরের নিত্য মিলনানন্দ আপনি আত্মাদন করিবে। এইমিলনানন্দের ঘনীভূত স্থিতই গৌরাজস্কনর।

ৰাভৃতক্ত শিৱোমণি নিমাই চাঁদ

নিবন্তর ব্রজভাব সাগরে তন্ময় থাকিয়া ও গৌরাক্ত্মনর ক্ষমভূমি নদীয়া ও গর্ভধারিনী শচী জননীয় কথা ভূলেন নাই। অনন্ত সাধারণ মাতৃভক্তির আদর্শ ছিলেন প্রভূ গৌরহরি। প্রত্যেক বংসর পণ্ডিত জগদানন্দকে প্রভূ নবদ্বীপে পাঠাইয়া দেন। উদ্দেশ্য—জননীকে আখাস দিবেন।

জগদানন্দকে প্রভু শ্রীমুখে বলিয়াছেন—নবদ্বীপ বাও। মাকে নমস্কার দিও। আমার নামে মাতার পাদপদ্ম ধরিয়া দণ্ডবং করিও। করিয়া, কহিও —তুমি বাহাকে শ্ররণ কর, সে নিত্য আসিয়া তোমার শ্রীচরণ বন্দনা করিয়া দায়। যেদিন তোমার ইচ্ছা হয় তাহাকে আহার করাইতে সেইদিনই আমি মতি অবশ্য বাই। গিয়া মায়ের দেওরা দ্রব্যাদি আদরে গ্রহণ করি।

মাকে বলিও—আমি তাহার দেবা ছাড়িয়া সন্ন্যাসী হইয়াছি। আমি বাউল হইয়াছি। আমার ধর্মনাশ করিয়াছি। আমার এই মহা অপরাধ স্বননী বেন গ্রহণ না করেন। আমি সর্ব্বদা মায়েরই অধীন। মায়েরই পু্জা —মায়ের আদেশেই নীলাচলে আছি। যতকাল বাঁচিব এখানেই থাকিব।

জগদানন্দ যাইবার সময় তাহার হাতে প্রভূ মায়ের জন্ম উত্তম বন্ত্র
গাঠান। জগন্নাথের মহাপ্রসাদ পাঠান। সকল ভক্তদেরও পাঠান। মায়ের
দ্বন্ত বিশেষ করিয়া পৃথকভাবে অভিযন্তে উত্তম প্রসাদ পাঠান। জগদানন্দ
নদীয়াতে মাতাকে সকল কথা বলেন—মা, কোন কোন দিন প্রভূ আমাদের
দেওয়া প্রসাদ খান না, বলেন—"মাতা আজি থাওয়াইল আকণ্ঠ পুরিয়া।"
প্রভূ বলেন—"আমি যাই ভোজন করি মাতা জানেন না। বৃথিতে পারেন
না। আমি সাক্ষাতে যাই মা মনে করেন স্থা দেখেন।" জগদানন্দের কথা
জনিয়া শচীদেরী বলেন—বাবা জগদানন্দ, আমি যেদিন উত্তম ব্যঞ্জনাদি
ন্দ্রন করি সেদিন খুব ইচ্ছা হয় নিমাইকে ইহা থাওয়াইয়। তারপর দেখি
নিমাই থাইতেছে। কিন্তু নিজের চক্ত্বে বিশাস হয় না। "পাছে জ্ঞান
যে মুই দেখিক স্থান।" জগদানন্দের মুখে নিমাইয়ের কথা ভনিয়া মারের
বিশাস হইল, যাহা দেখেন তাহা সত্যই। নিমাইয়ের ভক্তি কথা ভনিয়া
দননী অভিতৃত হইলেন।

জগদানন্দ যতদিন নবৰীপ থাকেন ব্যাতদিন শচীদেবীর পার্থে বসিয়া প্রভুৱ ীলাখেলার কথা বলেন। ইহাতে মায়ের আনন্দের সীমা থাকে না। পূত্র বিবহু বদনা ভূলিয়া যান। প্রভু এইজন্তু প্রতিবৎসর তাহাকে নবৰীপ পাঠান।

जाहार्यम् जर्जा

ক্ষণানক পণ্ডিত বথন নবধীপ বান তখনই প্রীক্ষবৈতাচার্ব্যের সংগে দেখা। করেন। এইবার দেখা করিতে গেলে একটি অভূতপূর্ব্ব ঘটনা ঘটিল। ক্ষণানক্ষের মাধ্যমে আচার্য্যগোসাই মহাপ্রভূকে একটি প্রহেলী ভক্ক। পাঠাই-লেন। এরপ আর কোনদিনই করেন নাই। ভক্কাটিতে এই করটি কথা মাত্র—

বাউলকে কহিও লোক হইল আউল, বাউলকে কহিও হাটে না বিকায় চাউল ॥ বাউলকে কহিও কাজে নাহিক আউল, বাউলকে কহিও ইহা কহিয়াছে বাউল ॥

তর্জা শুনিরা জগদানন্দ হাসিলেন, নীলাচলে পৌছিয়া প্রভুকে জানাইলেন। মহাপ্রত্ব তর্জা শুনিয়া ঈষং হাস্য করিলেন। তারপর বলিলেন—"তার নেই আজ্ঞা।"

শ্বরূপ দামোদর তর্জ্জা ও প্রভুর উত্তর শুনিয়া জিজ্ঞাসা করিলেন—এই তর্জ্জার অর্থ কি? প্রভু উত্তর দিলেন—"আচার্য্য অতি উত্তম পৃক্ষক। তিনি অসীম শাল্রের বিধি বিধানে অতি নিপুন। উপাসনা করিতে হইলে সর্বাগ্রে দেবতাকে আবাহন করিতে হয়। পৃজা শেষ হইলে আবার দেবতাকে বিসর্জ্জন দিতে হয়।"

এই কথা বলিয়া প্রভূ আবার বলিলেন "তর্জার কি যে অর্থ আমিও বৃঝি নাই। মহাযোগেশ্বর অবৈত আচার্য্যই এইরূপ তর্জা বলিতে সমর্থ। ইহার কি অর্থ তাহা আমি বৃঝিতে পারি না।"

প্রভুর উত্তর শুনিয়া দকল ভক্তগণ বিশ্বিত হইলেন। স্বরূপ দামোদর বিমনা হইলেন। প্রভুর রুষ্ণ বিরহ বেদনা দেই হইতে দ্বিগুণ বর্দ্ধিত হইল।

এএিগোরস্থন্দরের অপ্রকৃট দীল।

এসব লীলার কভু নাহি পরিচ্ছেদ। 'আবির্ভাব' 'তিরোভাব' মাত্র কছে বেদ॥

শ্রীগোরহরির মহা আবির্ভাব ১৪০৭ শকে ফান্ধন মাসে পূর্ণিমা তিথিতে। সন্মাস গ্রহণ ১৪৩১ শকে মাঘ মাসে উত্তরায়ণ সংক্রান্তি দিবসে। তিরোভাব ১৪৫৫ শকে আঘাঢ় মাসে, সপ্তমী তিথিতে। লীলা জীবন ৪৭ বংসর ৪ মাস। কেছ কেছ একবছর পরেও বংগন। ব্দিনিই জগলাখদেব দর্শন করিতে বাইতেন। আজও দর্শনে বাহির হইয়াছেন। তৃতীয় প্রহর বেলায় কাশীমিখ্রের গৃহ হইতে বাহির হইয়াছেন। মন্দিরে প্রবেশ করিয়া জগলাখের প্রবিদনপানে চাহিবা নাজই মন্দিরের কপাটগুলি বন্ধ হইয়া গেল। কেন এমন হইল ? ইচ্ছাই একমাত্র কারণ।

ঞ্জিপরাথের শ্রীম্থারবিন্দ দর্শন করিতে করিতে প্রভূদীর্ঘশাস ছাড়ির। ক্ছিলেন।

> ক্বপাকর জগন্ধাথ পতিত পাবন কলিযুগ আইল এই দেহত শরণ।

এই কথা বলিয়াই প্রভু জগন্নাথদেবকে বুকে চাপিয়া ধরিয়া জ্ঞালিজন করিলেন। সেই ভাবেই ঞ্জিগন্নাথবিগ্রহে বিলীন হইয়া গেলেন।

> এ বোল বলিয়া সেই জিজগত রায়। বাহু ভিড়ি আলিকন তুলিল হিয়ায়॥ তৃতীয় প্রহর বেলা রবিবার দিনে। জগন্ধাথে লীন প্রভূ হইলা আপনে॥

লীলা গ্রন্থকারগণের মধ্যে একমাত্র শ্রীলোচনদাস শ্রীচৈতন্তমকল গ্রন্থে একেবারে শেষ অধ্যায়ে এই লীলার বর্ণনা দিরাছেন। আষাচ় মাদের সপ্তমী তিথিতে শ্রীজগন্নাথদেবের গুণ্ডিচা মন্দিরেই থাকা সম্ভব। রথ বিতীয়ার পরবর্ত্তী সপ্তমী যদি হয় তাহা হইলে দেদিন জগন্নাথদেব গুণ্ডিচা মন্দিরেই ছিলেন।

এই কথা ঠিক হইলে সচল অচল পুরুষোন্তমের মহামিলন গুণ্ডিচামন্দিরেই সংঘটিত হইয়াছিল। ঞীলোচন দাসজীর বর্ণনাও তাহাই বলে—

''গুঞ্জা বাড়ী মধ্যে প্ৰভূ হৈল অদৰ্শন''

একজন প্রত্যক্ষ দ্রষ্টার কথাও উল্লেখ ক্রিয়াছেন। গুলা বাড়ীতে একজন ব্রাহ্মণ পাণ্ডা ছিলেন। তিনি এই লীলা সাক্ষাৎ দর্শন করিয়াছেন।

"গুঞ্জা বাড়ীতে ছিল পাণ্ডা যে ব্ৰাহ্মণ।"

"সাক্ষাৎ দেখিল গৌর প্রভূর মিলন ॥"

মন্দিরের দরকাগুলি বন্ধ হওয়ায় বে সকল ভক্তগণ বাহিরে পড়িয়াছিলেন ভাছারা ঐ ব্রাহ্মণকে দেখিয়াছিলেন। তাহারা ঐ ব্রাহ্মণকে বলিলেন—

> বিপ্ৰে দেখি ভক্ত কহে শুনহ পড়িছা। ঘূচাহ কপাট প্ৰভু দেখিতে বড় ইচ্ছা।

তিনি কপাট খুলিলেন, ভক্তগণের আর্তি দেখিয়া। তিনি তাহাদিগেকা নিকট সকল কথা বলিয়া বলিলেন।

নিশ্চয় করিয়া কহি শুন ভক্তগণ!

স্থতরাং কোন সংশরের অবকাশ নাই। আমরা শুধু একটা কথা ভাবি। ধি আদিহখানিতে শ্রীগোরস্থলর মিলিয়া গেলেন রাজা প্রতাপরুদ্ধ সেই বিগ্রহখানিকে বিশেষ যত্ন সহকারে রাখিয়া দিলেন না কেন? নবকলেবরের সময় সেই দেহখায়ি রক্ষণ করিতে আদেশ দিলেন না কেন? ধদি দিতেন ভাহা হইলে আমরা হতভাগ্য জীবগণ সেই মিলিত বিগ্রহ দর্শন স্পর্শণ করিয়া ধন্ত ইতে পারিতাম।

শ্রীপ্রপ্রি জগদ্বরু স্থলর ভারতের বছতীর্থ পর্যটন করিয়াছেন। নীলাচল পামে কথনও যান নাই। কোন ভক্ত না যাইবার কারণ জিজ্ঞাসা করিলে। প্রভু অতীব গন্তীর ভাবে উদ্ভর দিয়াছিলেন—

"ওখানে গেলে এ দেহ গলে যাবে রে।"

এই বেদনাপূর্ণ ভাষাও প্রমাণ করে যে জ্রীলোচনদাসজীর বর্ণিত কাহিনী সভ্য। স্থতরাং অপ্রকট লীলার মধ্যে ভক্তগণের আস্বাদন ব্রজের পুরুষোত্তর ও নদীয়ার পুরুষোত্তমের মিলন মধুরিমা।

অকস্মাৎ গৌরস্থন্দরের বিরহে প্রিয় পর্যদগণের কি অবস্থা হইল ? তাহারা দিন দিন ক্ষীণ হইতে ক্ষীণতর হইতে লাগিলেন ঘন ঘন রূজস্বাস ফেলিক্ষে লাগিলেন। প্রাবণের ধারার মতো নয়নে অপ্রশাত হইতে লাগিল। প্রিয়তমের গুণ স্মরণ করিয়া আকুল ভাবে বিলাপ করিতে লাগিলেন। তাহাদের বিলাপ বাক্য কবি কর্ণপুরের ভাষায় বলি—

> হা গৌরাক প্রিয়তম হা হা হা প্রভো দীনবন্ধে। হা হা কটং নিজ-ধন-জ্বন-প্রাণ-জ্বাতি-স্বরূপ। ইথং ভূয়ঃ করুণ-করুণঃ ক্রন্দতাং বাক্প্রবন্ধ শিতধং ভিত্তীরপিচ শতধা হস্ত সঘঃ করোতি ॥১/১৫

হে প্রাণপ্রির, হে দীননাথ! হে প্রভো! হে গৌরাক! হে করুণাময়! তুমি আমাদের ধন জন প্রাণও জাতি ক্ষ্মপ হইয়া আমাদিগকে পরিত্যাপ ক্রিয়া কোথার গেলে? এই বিলাপের ক্ষ্ণে স্বর যাহাদের কর্ণে প্রবেশ করিল। ভাহাদেরও হ্রম্যভিত্তি শতধা বিদীর্ণ হইতে লাগিল।